আল আকসা রেষ্টুরেন্ট
প্রবাসে বাংলাদেশী খাবারের স্বাদ
আল আকসা পার্টিহল
পার্কচেষ্টারে বাঙ্গালী মালিকানায় সবচেয়ে বড় পার্টিহল ১০০-১৫০ জনের ধারণ ক্ষমতাসম্পন্ন
২১০৭ ষ্টার্লিং এভিনিউ, ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২
ফোন: ৭১৮-৯০৪-৭০৬১

হোয়াইট হাউসে কে যাচ্ছেন?

বাংলা পত্রিকা ডেস্ক: আগামীকালই (মঙ্গলবার, ৩ নভেম্বর) ফাইনাল। জানা যাবে আমেরিকানদের (বাকি অংশ ২১ পাতায়)


সাপ্তাহিক
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
বর্ষ ২৫ || সংখ্যা ০৬ || সোমবার || কার্তিক ১৮ || ১৪২৭ || রবিউল আঃ ১৬ || ১৪৪২ || Vol. 25 || Issue 06 || November 2 || 2020 || USA. FREE in NY, Other State $1

আলাদীন
Aladdin
২৯-০৬ ৩৬ এভিনিউ, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
Tel: 718-784-2554

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

সহিংসতার ভয়ে ম্যানহাটন ছাড়ছেন অনেকে





বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের নির্বাচনের দিন ও পরবর্তী দিনগুলোয় দাঙ্গা-হাঙ্গামা-লুটপাটের আশঙ্কা দেখা দিয়েছে। এর আগে কখনো নির্বাচন ঘিরে সহিংসতার এমন পূর্বাভাস পাওয়া যায়নি। গত ২৫ অক্টোবর ম্যানহাটনে ট্রাম্প সমর্থকদের সঙ্গে ট্রাম্পবিরোধীদের সহিংস সংঘর্ষ

মঙ্গলবার প্রেসিডেন্ট নির্বাচন

দেখে হতবাক হয়ে যায় আইনশৃঙ্খলা বাহিনী। ট্রাম্প সমর্থক ও তার বিরোধীরা নির্বাচনের মাঠে থাকার ঘোষণা দেওয়ায় উদ্বেগে নিউ ইয়র্কবাসী। সহিংসতার আগাম তথ্য রয়েছে পুলিশের কাছেও। এরই মধ্যে নিউইয়র্ক, পেনসিলভেনিয়ার (বাকি অংশ ৩১ পাতায়)



ফেসবুক অ্যাকাউন্ট হ্যাক হলে উদ্ধার করবেন যেভাবে

বাংলা পত্রিকা ডেস্ক: ফেসবুক অ্যাকাউন্ট হ্যাক হলে বিপত্তি ব্যবহারকারীরই। কারণ হ্যাকার অপরাধ করতে (বাকি অংশ ৯ পাতায়)

বাংলাদেশে অমানবিকতার ছায়া!

সাড়ে ৬ বছরে গণপিটুনিতে নিহত ৪৮৬



ঢাকা ডেস্ক: ধর্ম অবমাননার গুজব রটিয়ে আবু ইউনুস মোহাম্মদ শহীদুন নবী জুয়েল নামে এক ব্যক্তিকে পিটিয়ে হত্যা এবং পরে তার লাশ পুড়িয়ে ফেলা হয়েছে। হাজার হাজার মানুষের এ নৃশংসতাকে আদিম বর্বরতার সাথে তুলনা করে সামাজিক যোগাযোগমাধ্যমে হতাশা প্রকাশ করেছেন অনেকেই। বীভৎস এ (বাকি অংশ ৪৪ পাতায়)

এশিয়ায় ট্রাম্পের পক্ষে কারা

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের ইতিহাসে ডোনাল্ড ট্রাম্পই হয়তো একমাত্র প্রেসিডেন্ট, যিনি বহির্বিশ্বের সমর্থনের অতটা তোয়াক্কা করেন না। তার প্রধান মন্ত্র 'আমেরিকা ফার্স্ট'। আর এই নীতি সামনে রেখে গত চার (বাকি অংশ ৩১পাতায়)

ফ্রান্সে মুহাম্মদ (স.) কে অবমাননার পর যা বললেন জাস্টিন ট্রুডো



বাংলা পত্রিকা ডেস্ক: মত প্রকাশের ক্ষেত্রে সীমা লঙ্ঘন করা উচিত নয় বলে মন্তব্য করেছেন কানাডার প্রধানমন্ত্রী জাস্টিন ট্রুডো। তিনি বলেছেন, আমরা অবশ্যই মত প্রকাশের স্বাধীনতার পক্ষে। তবে মত প্রকাশের স্বাধীনতায়ও (বাকি অংশ ৩০ পাতায়)

যুক্তরাষ্ট্রে করোনা আক্রান্তের সংখ্যা ৯০ লাখ ছাড়িয়েছে

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রে করোনা আক্রান্তের সংখ্যা ৯০ লাখ ছাড়িয়েছে। জন হপকিন্স ইউনিভার্সিটির সেন্টার ফর সিস্টেমস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসএসই) এ তথ্য জানায়। সূত্র মতে, শুক্রবার স্থানীয় সময় ৩টা ২৪ মিনিটে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে (বাকি অংশ ৩০ পাতায়)

ইলেকটোরাল কলেজ পদ্ধতি কী ও কীভাবে কাজ করে

বাংলা পত্রিকা ডেস্ক: জনগণের সরাসরি বা প্রত্যক্ষ ভোটে যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচিত হন না। ইলেকটোরাল কলেজ নামে পরিচিত এক দল কর্মকর্তার পরোক্ষ ভোটে নির্বাচিত হন আমেরিকান (বাকি অংশ ১১ পাতায়)

প্রবাসী আয়ে অষ্টম স্থানে বাংলাদেশ

ঢাকা ডেস্ক: ২০২০ সালে ২০ বিলিয়ন ইউএস ডলারের প্রবাসী আয় আসতে পারে বাংলাদেশে। প্রবাসী আয় বাড়বে ৮ শতাংশ। এ ছাড়া প্রবাসী আয় প্রাপ্তির দিক থেকে বাংলাদেশ এ বছরও অষ্টম স্থানে থাকবে। গত শুক্রবার বিশ্ব রেমিট্যান্স পরিস্থিতি নিয়ে বিশ্বব্যাংকের (বাকি অংশ ৩০ পাতায়)

www.banglapatrikausa.com

APOLLO BROKERAGE INC
TLC INSURANCE
ব্ল্যাক কার সার্ভিস, গ্রীন ট্যাক্সি ও প্রাইভেট কার, বাড়ি ও বিজিনেস অতি বিশ্বস্ততার সাথে ও সহজ কিস্তিতে ইন্স্যুরেন্স করা হয়।
মানি ট্রান্সফার · ওয়েস্টার্ন ইউনিয়ন · ডিভিসি · নোটারী পাবলিক · মানি অর্ডার
Shamsher Ali
President & CEO
29-10 36th Avenue, Astoria, NY 11106
Tel : 718-472-9800, Fax :718-472-9801
E-mail: apollobrokerageinc@gmail.com
exitluxuryinc@gmail.com

CENTURY 21 AMERICAN HOMES
বাড়ি ক্রয়-বিক্রয়ের জন্য যোগাযোগ করুন
M: 917-749-4143
B: 718-446-1300
F: 718-452-2152
khanf04@yahoo.com
c21amhomes.com
Ferdous Khan
Real Estate Licensed Sales Assoricate
76-26 Broadway, Elmhurst, NY 11373

AMIN PHARMACY
29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611, Fax: (718) 786-6613
Contact: Pharmacist Dr. Monsur Chowdhury

CORE CREDIT REPAIR
www.cmscreditsolutions.com
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন ?
ক্রেডিট লাইনের কারনে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না ? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন।
Late Payments · Tax Liens · Charge Offs · Garnishment · Inquiries · Collections
Call us: 646-775-7008
Mohammed A Kashem
Credit Consultant
37-53, 72nd Street, Suite # 1
Jackson Heights, NY 11372
Email: info@cmscreditsolutions.com

আপনি কি সপ্তাহে ২,০০০ ডলার আয় করতে চান?
লারনার পারমিট, রোড টেস্ট এবং টিএলসি পরীক্ষা দিয়ে বার বার ব্যর্থ হয়েছেন?
তাহলে আজই যোগাযোগ করুন
6 WEEKS DDS · 5 WEEKS CLASS
R & R Driving School
471 McDonald Avenue (Basment), Brooklyn, 347-836-1279
(মহিলাদের জন্য মহিলা প্রশিক্ষক দ্বারা ড্রাইভিং শিখানোর ব্যবস্থা আছে)

SUNNATI HAJJ & UMRAH GROUP
IATA
Haji trusted since 2000
All Air Tickets Visa Services
SAUDIA · ETIHAD · KUWAIT · QATAR
Peace Tour
Tel: 718-739-3189
Cell: 347-527-6276, 347-750-3909
87-26, 175 Street, Apt. #1A, Jamaica, NY 11432
Email: sunnatihajj@gmail.com
Web: www.hajjmakkah.com

বাঙ্গালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Digital One Travel
JACKSON HEIGHTS NEW YORK
আমরা IATA · আমরা ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Email: digitalonetravel@gmail.com (কাবাব কিং এর পার্শ্বে, ডাইভারসিটি প্লাজা)
Phone: 917-396-4140, 917-592-7828
আমেরিকার যে কোন ষ্টেট থেকে বাংলাদেশে যাওয়ার জন্য ইন্টারনেটের চাইতে কম দামের গ্যারান্টি দিচ্ছি
সুপার সেভ $৬৪৯+
QATAR
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

KABIR CHOWDHURRY
স্বল্পমূল্যে Insurance!
Over 20 Years of Experience
Auto, Home, Business, Worker's Compensation & Disability
Quit the Last Dollar & 5 Points Reduction
(718) 626-0733
(718) 626-2321
crescentinsurance@gmail.com
(বিস্তারিত সেখুন ৯ পাতায়)
Crescent Insurance Brokegage Inc.
37-11 74 th Street # 2 Floor, Jackson Heights, NY 11372

BANGLA HOME CARE
BANGLA CDPAP SERVICES
LOVE WITH CARE IS HUMANITY"
বাঙালীর জন্যে বাঙালীর সেবা, মানুষ মানুষের জন্যে



Corporate Office
72-26 BROADWAY (2ND FL.)
JACKSON HEIGHTS, NY 11372

WE ARE HIRING HHA
HHA CERTIFICATE CLASS AVAILABLE

HHA সার্টিফিকেট এর মাধ্যমে আপনি ঘরে-বাইরে
যে কোন রোগীকে স্বাস্থ্য-সেবা দিতে পারেন।

- Highest Rate • Home Care Services
- CDPAP Services • MLTC Related Supports
- Medicaid Apply, Renewal & Code Removal



BROOKLYN OFFICE : 518 McDONALD AVENUE, BROOKLYN, NY 11218

FOR MORE INFO

718-708-9751 | 646-769-0966 | 718-415-3924 | 718-629-7169
718-414-7210 | 718-500-2388

E-MAIL: BANGLACDPAP.CLIENTS@GMAIL.COM

বাংলা পত্রিকা

৩-এর পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

The Weekly Bangla Patrika // Monday //November 2 // 2020



ব্যারিস্টার রফিক-উল হক ও সরওয়ার হোসেনের মাতার মৃত্যুতে


যুক্তরাষ্ট্র আ. লীগের শোক ও সমবেদনা প্রকাশ



নিউইয়র্ক (ইউএনএ): বাংলাদেশের প্রখ্যাত আইনজীবী, সাবেক অ্যাটর্নি জেনারেল ব্যারিস্টার রফিক-উল হক এবং কানাডা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি সরওয়ার হোসেনের মাতার মৃত্যুতে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে মরহুমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেছে। উল্লেখ্য, ব্যারিস্টার রফিক-উল হক গত ২৪ অক্টোবর শনিবার সকাল সাড়ে ৮টায় রাজধানী (বাকি অংশ ৩৭ পাতায়)

ক্রিকেটে প্রত্যাবর্তন উপলক্ষে নিউইয়র্কে সংবর্ধনা

আমার মতো ভুল যেন কেউ না করে : সাকিব







বাংলা পত্রিকা ডেস্ক: বলা হয়, সকালে পথ ভুল করা পথিক সন্ধ্যায় ঘরে ফিরলে তাকে সুন্দর দেখায়। তিন-তিনবার জুয়াড়ির প্রস্তাব পেয়ে আই-সিসিকে না জানানোর খেসারত দিতে হয়েছে সাকিব আল হাসানকে। এক বছরের জন্য নিষিদ্ধ হয়েছিলেন তিনি। শাস্তির মেয়াদ শেষ হয়েছে বুধবার (২৮ অক্টোবর)। বৃহস্পতিবার (২৯ অক্টোবর) থেকে তিনি মুক্ত। যুক্তরাষ্ট্র থেকে নভেম্বরের শুরুতে তার দেশে ফেরার কথা। বিসিবির আয়োজনে পাঁচ দলের টি ২০ টুর্নামেন্ট দিয়ে ক্রিকেটে ফিরবেন সাকিব। আর ক্রিকেটের এই বরপুত্র সাকিব আল হাসানের খেলার মাঠে প্রত্যাবর্তন উপলক্ষে মঙ্গলবার (২৭ অক্টোবর) তাকে ফুলেল শুভেচ্ছায় সংবর্ধিত করেছে নিউইয়র্কের বাংলাদেশী কমিউনিটি। সিটির উডসাইডস্থ কুইন্স প্যালেসে আয়োজিত এই সংবর্ধনার মূল উদ্যোক্তা ছিলেন শো টাইম মিউজিকের কর্নধার আলমগীর খান। সাকিবকে নিয়ে এটি ছিল তার চতুর্থ আয়োজন।

করোনাভাইরাস পরিস্থিতির কারণে স্বাস্থ্য বিধি মেনে কমিউনিটির বিশিষ্ট ব্যক্তিবর্গকে অনুষ্ঠানে আমন্ত্রণ জানানো হয়। ব্যতিক্রমী এই অনুষ্ঠানে ছিলো প্রশ্ন-উত্তর আর ক্রেস্ট বিতরণ। সাংবাদিক শামীম আল আমিনের সঞ্চালনায় অনুষ্ঠানে অন্যান্যের মধ্য বক্তব্য রাখেন শো টাইম মিউজিকের কর্নধার আলমগীর খান আলম, বিশিষ্ট চিকিৎসক ডা. চৌধুরী সারওরুল হাসান, বিশ্ব বাংলা চ্যানেলের চেয়ারম্যান আকাশ খান, বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকার প্রতিষ্ঠাতা সাধারণ সম্পাদক আবদুর রহিম বাদশা, বিশিষ্ট ব্যবসায়ী এনওয়াই ইন্সুরেন্সের সিইও শাহ নেওয়াজ, যুক্তরাষ্ট্র শ্রমিক লীগের সভাপতি কাজী আজিজুল হক খোকন, কমিউনিটি অ্যাক্টিভিস্ট আহ-সান হাবিব, আবদুর রশিদ বাবু, সঙ্গীত শিল্পী সেলিম ইব্রাহিম, লিটু আনাম প্রমুখ। অনুষ্ঠানে উপস্থিত প্রবাসীরা সাকিল আল হাসানকে বিভিন্ন বিষয়ে প্রশ্ন করেন এবং তিনি তার উত্তর দেন এবং পরে বিভিন্ন জনের হাতে প্ল্যাক তুলে দেন।

অনুষ্ঠানে সাকিব আল হাসান তার বক্তব্যের শুরুতেই একটু স্মৃতি চারণ করে বলেন যে, যুক্তরাষ্ট্রে আমি অনেকবার এসেছি, অনেকের সাথেই দেখা-কথা হয়েছে। কিন্তু করোনার কারণে আমরা অনেককেই হারিয়েছি। আমি তাদের মাগফেরাত কামনা করছি। আর যারা করোনায় আক্রান্ত তাদের সুস্থতা কামনা করছি। তিনি বলেন, এখন আমরা যার সুস্থ আছি তারা যেনো যার যার অবস্থান থেকে সুস্থ থেকে করোনার বিরুদ্ধে যুদ্ধ জয় করতে পারি। তিনি বলেন, বারবার নিউইয়র্কে আসার পর আপনার আন্তরিকতা, ভালোবাসায় আমি মুগ্ধ। বিশেষ করে এজন্য তিনি অনুষ্ঠান আয়োজক আলগীর খান আলমকে বিশেষ ধন্যবাদ জানান।

সাকিব আল হাসান বলেন, আমাদের সবাইকে মিলে বাংলাদেশকে আরো এগিয়ে নিয়ে যেতে হবে। এজন্য আমি আমার লেবেল থেকে আর আপনাদেরকে যার যার লেবেল থেকে কাজ করতে হবে। তিনি বলেন, সাকিব আল হাসান জানান, আগামী ৪ নভেম্বর দেশে ফিরবো ইনশাল্লাহ। বাংলাদেশ ক্রিকেট বোর্ডের (বিসিবি) সঙ্গে তার সার্বক্ষণিক যোগাযোগ রয়েছে। বিসিবি'র নির্দেশ অনুযায়ী নিয়মতান্ত্রিক উপায়েই দ্রুত ক্রিকেটে ফেরার আশা রাখছি। তিনি বলেন, টি টোয়েন্টি বিশ্বকাপসহ সামনের দিনগুলোতে বাংলাদেশ বিশ্ব ক্রিকেটে ভালো করবে বলেই বিশ্বাস রাখি। বলেন, বাংলাদেশের ক্রিকেটকে আন্তর্জাতিক অঙ্গনে আরও উজ্জ্বল করার চেষ্টা করব। নিজের যতটা সম্ভব সেরা খেলা উপহার দিয়ে যাব। আগামী দিনগুলোতে ভালো খেলার প্রতিশ্রুতি পুনর্ব্যক্ত করে সাকিব সবার দোয়া কামনা করেন।

অনুষ্ঠানে এক প্রশ্নের উত্তরে সাকিব আল হাসান বলেন, 'ভালো লাগছে। দোয়া করবেন, যেন দেশের জন্য ভালো খেলতে পারি। সেই চেষ্টা সব সময়ই থাকবে।' প্রবাসীরা শুভকামনা জানিয়ে বলেন, 'সাকিব দেশে ফিরবেন বীরের বেশে।' তিনি বলেন, 'আমার মতো ভুল যেন কেউ না করে।'

এক প্রশ্নের জবাবে সাকিব আল হাসান বলেন, গত এক বছরে পরিবারকে সময় দিয়েছি। খেলায় ব্যস্ত থাকায় প্রথম সন্তানকে সময় দিতে পারিনি। কিন্তু দ্বিতীয় সন্তান সেটা পেয়েছে। তিনি বলেন, বাসায় বেবিসিটিং করেছি। আর অবশ্যই ক্রিকেটকে মিস করেছি।

উল্লেখ্য, নিষিদ্ধ থাকার সময় সাকিব খুব বেশি ম্যাচ মিস করেননি। এক বছরে দেশের হয়ে ৩৬ ম্যাচে মাঠের বাইরে থাকার কথা ছিল তার। কিন্তু মার্চের মাঝামাঝিতে করোনা মহামারী আকার ধারণ করায় খেলা বন্ধ হয়ে যায়। এ সময়ে বাংলাদেশ মাত্র চার টেস্ট, তিনটি ওয়ানডে ও সাতটি টি-২০ খেলেছে।

নভেম্বরে পাঁচ দলের টি-২০ টুর্নামেন্ট দিয়ে মাঠে নামছেন সাকিব। এ বছর অক্টোবর-নভেম্বরে শ্রীলংকা সফরে দ্বিতীয় টেস্টে ফেরার কথা ছিল তার। কিন্তু কোয়ারেন্টিন জটিলতায় তা বাতিল হয়ে যাওয়ায় এ বছর আর জাতীয় দলের জার্সিতে দেখা যাবে না তাকে।

নতুন বছরে অর্থাৎ জানুয়ারীতে ঘরের মাঠে ওয়েস্ট ইন্ডিজের বিপক্ষে সিরিজ পর্যন্ত অপেক্ষায় থাকতে হবে সাকিবকে। নিষেধাজ্ঞার এক বছরের বেশির ভাগ সময় যুক্তরাষ্ট্রে পরিবারের সঙ্গে কাটিয়েছেন সাকিব। গত মার্চে দ্বিতীয় সন্তানের জন্মের সময় থেকে সেখানে আছেন তিনি। গত ২ সেপ্টেম্বর শ্রীলংকা সফরকে সামনে রেখে দেশে ফিরেছিলেন। কিন্তু সিরিজ স্থগিত হয়ে যাওয়ায় যুক্তরাষ্ট্রে ফিরে আসেন তিনি।

আরো উল্লেখ্য, গত এক বছর খেলা থেকে দূরে থাকলেও করোনাকালে সাকিব আল হাসান সাহায্যের হাত বাড়িয়ে দিয়েছেন মানবতার সেবায়। নিলামে তুলেছেন নিজের বিশ্বকাপের ব্যাট। নিজের নামে 'সাকিব আল হাসান ফাউন্ডেশন' গঠন করে সু-বিধাবঞ্চিতদের মাঝে খাবার বিতরণ ছাড়াও চিকিৎসকদের জন্য দিয়েছেন উন্নত মানের পিপিই-মাস্ক। এছাড়া সেবামূলক একটি প্রতিষ্ঠানকে অ্যাম্বুলেন্স অনুদান দিয়েছেন।





ক্রিকেট আম্পায়ার মোজাম্মেল হকের বিদায় সংবর্ধনা



নিউইয়র্ক (ইউএনএ): মা-মাটি আর পরিবারের টানে দীর্ঘ প্রবাস জীবন শেষে দেশে ফিরে গেলেন ক্রিকেট অ্যাম্পায়ার মোজাম্মেল হক। তার বিদায় উপলক্ষ্যে কুইন্সের একটি রেষ্টুরেন্টে বিপিএল অফ ইউএসএ'র পক্ষ থেকে এক বিদায় সংবর্ধনার অয়োজন করা হয়। অনুষ্ঠানে বিপুল সংখ্যক ক্রিকেট অনুরাগী ও ক্রিকেট সংগঠক উপস্থিত ছিলেন। ব্যতিক্রমী ও অনাড়ম্বর আয়োজনে গত ২২ অক্টোবর বৃহস্পতিবার আয়োজিত সংবর্ধনা (বাকি অংশ ৩৭ পাতায়)



বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

Editor : **Abu Taher**

Tel: 718-482-9923, 718-482-1169
Fax: 718-482-9935

সম্পাদকীয়

মুক্তিযোদ্ধা যাচাই-বাছাই
ছেঁটে ফেলতে হবে ভুয়াদের নাম

গণ প্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রণালয় গেজেটভুক্ত প্রায় ৫৫ হাজার মুক্তিযোদ্ধার সব ধরনের তথ্য পুনরায় যাচাই-বাছাইয়ের সিদ্ধান্ত নিয়েছে। উদ্যোগটি প্রশংসনীয়।

জানা যায়, এসব মুক্তিযোদ্ধার বেশিরভাগই ২০০২ থেকে ২০১৪ সাল পর্যন্ত কোনোরকম যাচাই-বাছাই ছাড়াই তালিকাভুক্ত হয়েছিলেন। এ ক্ষেত্রে বিদ্যমান জাতীয় মুক্তিযোদ্ধা কাউন্সিলের (জামুকা) আইন লঙ্ঘিত হয়েছে। তাই নতুন করে যাচাই-বাছাইয়ের জন্য ওই তালিকার মুক্তিযোদ্ধাদের নাম সংশ্লিষ্ট জেলা-উপজেলা ও মহানগর কমিটির কাছে পাঠানো হবে।

উল্লেখ্য, গেজেটভুক্ত মুক্তিযোদ্ধা হতে হলে উপজেলা যাচাই-বাছাই কমিটির সুপারিশ থাকতে হয়। এই কমিটির সুপারিশসহ প্রস্তাব অনুমোদনের জন্য তা উপস্থাপন করতে হয় জামুকার বৈঠকে। জামুকার সম্মতিসাপেক্ষে সংশিষ্ট ব্যক্তির নাম গেজেটভুক্ত হয়। কিন্তু দেখা গেছে, বিভিন্ন সময় উপজেলা কমিটির যাচাই-বাছাই শেষে যে সংখ্যক ব্যক্তির নাম মুক্তিযোদ্ধা হিসেবে উঠে এসেছে, তার চেয়ে অনেক বেশিসংখ্যক ব্যক্তি গেজেটভুক্ত হয়েছেন। ২০০২ সালে জামুকা প্রতিষ্ঠিত হওয়ার পর এ পর্যন্ত অর্ধলক্ষাধিক ভুয়া মুক্তিযোদ্ধা গেজেটভুক্ত হয়েছেন।

এমনও দেখা গেছে, কেউ একটা আবেদন লিখে জমা দিয়েছেন, তিনিও মুক্তিযোদ্ধা বনে গেছেন। কাজেই সঠিক যাচাই-বাছাইয়ের মাধ্যমেই মুক্তিযোদ্ধার তালিকা চূড়ান্ত করা প্রয়োজন।

স্বাধীনতার প্রায় অর্ধশত বছরের সামনে দাঁড়িয়েও প্রকৃত মুক্তিযোদ্ধাদের একটি তালিকা তৈরি করতে না-পারা দুঃখজনক। মুক্তিযোদ্ধারা জাতির শ্রেষ্ঠ সন্তান। সর্বোচ্চ সম্মান ও মর্যাদা তাদের প্রাপ্য। কোনো ব্যক্তিগত চাওয়া-পাওয়ার কারণে নয়, একটি স্বাধীন-সার্বভৌম রাষ্ট্র এবং শোষণমুক্ত সমাজ প্রতিষ্ঠার লক্ষ্যে তারা জীবনবাজি রেখে যুদ্ধ করেছিলেন।

এমনকি অনেক প্রকৃত মুক্তিযোদ্ধা সনদ পর্যন্ত নেননি। অথচ মুক্তিযুদ্ধে অংশ না নিয়েও অনেকে কারচুপির মাধ্যমে মুক্তিযোদ্ধা হিসেবে নাম লিখিয়েছেন। তারা নিশ্চয়ই গর্হিত কাজ করেছেন। এমনকি প্রশাসনের সর্বোচ্চ স্তরে অবস্থানকারী কিছু কর্মকর্তা পর্যন্ত ভুয়া মুক্তিযোদ্ধা সনদ নিয়েছিলেন চাকরিতে দু'বছর বেশি থাকার জন্য।

এ পরিপ্রেক্ষিতে দীর্ঘদিন থেকেই জনদাবি রয়েছে, মুক্তিযোদ্ধাদের তালিকা থেকে অমুক্তিযোদ্ধাদের বাদ দিতে হবে। অর্থাৎ, বিধিবহির্ভূতভাবে যারা গেজেটভুক্ত হয়েছেন, তাদের চিহ্নিত করে অমুক্তিযোদ্ধা আখ্যা দিতে হবে। দেরিতে হলেও মুক্তিযোদ্ধা মন্ত্রণালয় সেই সিদ্ধান্ত নিয়েছে; আমরা একে স্বাগত জানাই। তবে অমুক্তিযোদ্ধাদের চিহ্নিত করার ক্ষেত্রে খেয়াল রাখতে হবে-প্রকৃত মুক্তিযোদ্ধারা যেন এ প্রক্রিয়ায় বাদ না পড়েন। তেমনটি ঘটলে সেটা হবে অত্যন্ত দুঃখজনক। মুক্তিযুদ্ধে অংশ না নিয়ে যারা মুক্তিযোদ্ধার তালিকায় অন্তর্ভুক্ত হয়েছেন, তাদের অবশ্যই তালিকা থেকে ছেঁটে ফেলতে হবে।

এই প্রবাসের ভুয়া মুক্তিযোদ্ধা রয়েছেন বলে জানা যায়। তাদের নিয়েও কমিউনিটিতে নানা সমালোচনা হচ্ছে। অমরা চাইবো দেশের মতো প্রবাসেও মুক্তিযোদ্ধা নামধারী ভুয়া ব্যক্তিদেরও সনাক্ত করে তাদের ব্যাপারেও ব্যবস্থা নেয়া হোক।

ট্রাম্প যুগের অবসান হতে যাচ্ছে কি?

তারেক শামসুর রেহমান

কাল মঙ্গলবার ৩ নভেম্বর যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন। এ নির্বাচনের মধ্য দিয়ে এটা নিশ্চিত হয়ে যাবে যে প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প দ্বিতীয়বারের মতো প্রেসিডেন্ট হিসেবে থাকতে পারবেন, নাকি হোয়াইট হাউস একজন নয়া প্রেসিডেন্ট পাবে। জনমত জরিপ ডেমোক্র্যাট দলীয় প্রার্থী জো বাইডেনের পক্ষে থাকলেও বিষয়টি শেষ পর্যন্ত সুপ্রিমকোর্ট পর্যন্ত গড়ায় কিনা, তা নিয়ে সন্দেহের সৃষ্টি হয়েছে। কারণ ডাকযোগে দেয়া ভোটের ফলাফল নিয়ে প্রশ্ন তুলেছেন স্বয়ং প্রেসিডেন্ট ট্রাম্প। এবং বিষয়টি শেষ পর্যন্ত সুপ্রিমকোর্ট পর্যন্ত গড়াতে পারে, এমন একটি ইঙ্গিতও তিনি দিয়েছেন। ডেমোক্র্যাটদের আপত্তি উপেক্ষা করে তিনি সুপ্রীমকোর্টে বিচারপতি অ্যামি কোনি ব্যারেটের মনোনয়ন দিয়েছিলেন। সিনেটে তা কনফার্মও করেছে। এর অর্থ হচ্ছে, সুপ্রিমকোর্টে এখন বিচারপতিদের দলীয় অবস্থান ৬-৩।

অর্থাৎ ৬ জন রিপাবলিকান মতাদর্শ অনুসারী (যার মাঝে ৩ জন মনোনয়ন পেয়েছেন ট্রাম্পের শাসনামলে), আর ৩ জন ডেমোক্র্যাট মতাদর্শের অনুসারী। এর অর্থ হচ্ছে, ডাকযোগে দেয়া ভোট নিয়ে যদি ট্রাম্প প্রশ্ন তোলেন, তাহলে তা সুপ্রিমকোর্টে যাবে এবং সেক্ষেত্রে সিদ্ধান্ত ট্রাম্পের অনুকূলে যেতে পারে।

নিউইয়র্ক টাইমসের মতে, ভোটারদের প্রায় ৭৫ শতাংশ ভোট এবার 'পোস্টাল ব্যালটের' মাধ্যমে সম্পন্ন হবে। যুক্তরাষ্ট্রে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট দেয়া একটা কমন প্র্যাকটিস। ২০১৬ সালের নির্বাচনে ৩৩ মিলিয়ন ভোটার পোস্টাল ব্যালটের মাধ্যমে তাদের ভোট দিয়েছিল। এ সংখ্যা এবার ৮০ মিলিয়নে উন্নীত হতে পারে। সমস্যাটা এখানেই তৈরি হয়েছে। ১ অক্টোবর ট্রাম্প এক টুইট বার্তায় পোস্টাল ব্যালটে জালিয়াতি হতে পারে বলে আশঙ্কা করছেন। যদিও ফেডারেল নির্বাচন কমিশনার এ আশঙ্কা উড়িয়ে দিয়েছেন। ইতোমধ্যে মনটানাতে গভর্নর স্টিভ বুলক একটি আইনে স্বাক্ষর করেছেন, যেখানে এ রাজ্যের প্রতিটি কাউন্টিতে পোস্টাল ব্যালটের মাধ্যমে ভোট প্রদানের নির্দেশ তিনি দিয়েছেন। ট্রাম্প প্রশাসনের পক্ষ থেকে এটা চ্যালেঞ্জ করা হলেও কোর্ট গভর্নরের সিদ্ধান্তের পক্ষেই রায় দিয়েছেন। ফলে পুরো নির্বাচন প্রক্রিয়া সুপ্রিমকোর্টের রায়ের ওপর নির্ভরশীল হয়ে যেতে পারে। সুতরাং নির্বাচন নিয়ে যে শঙ্কা, তা দূর হয়নি। সুপ্রিমকোর্টে বিচারপতি অ্যামি কোনি ব্যারেটের সিনেটে মনোনয়ন 'কনফার্ম' হওয়ায় এবং তিনি শপথ নেয়ায় এ শঙ্কা এখন আরও বেড়েছে।

এখানে একটা কথা বলা ভালো, বিভিন্ন ইস্যুতে ট্রাম্প ও বাইডেনের মধ্যে বেশ মতপার্থক্য রয়েছে। যেমন করোনাভাইরাস। সারা বিশ্বে এ ভাইরাসে প্রায় ১২ লাখ মানুষ মারা গেলেও (যুক্তরাষ্ট্রে মৃতের সংখ্যা ২ লাখ ৩৫ হাজার ১৮০) ট্রাম্প এই মহামারীকে তুচ্ছ-তাচ্ছিল্য করেছেন। 'চীনা ভাইরাস' বলেও তিনি করোনাভাইরাসকে চিহ্নিত করেছেন। তিনি মাস্ক ব্যবহার করেন না। আর বাইডেন বলেছেন, তিনি নির্বাচিত হলে তার প্রথম কাজ হবে মহামারী মোকাবেলা করা। কর্মসংস্থান ও অর্থনীতির ক্ষেত্রে ট্রাম্পের নীতির কোনো ফল পাওয়া যায়নি। কর্মসংস্থান বাড়েনি। বেকারের সংখ্যা বৃদ্ধি পেয়েছে। জো বাইডেনের বক্তব্য হচ্ছে- করোনাভাইরাসের তাৎক্ষণিক ধাক্কা সামাল দিতে যত অর্থের প্রয়োজন হয়, তত অর্থ তিনি দেবেন। এর মাঝে রয়েছে ছোটখাটো ব্যবসা প্রতিষ্ঠানকে ঋণ এবং পরিবারগুলোকে নগদ অর্থ সাহায্য প্রদান। ক্ষতিগ্রস্ত পরিবারকে প্রতি মাসে ২০০ ডলার ও শিক্ষার্থীদের ১০ হাজার ডলার ঋণ মওকুফেরও প্রতিশ্রুতি তিনি দিয়েছেন। পরিবেশবান্ধব জ্বালানির জন্য দুই ট্রিলিয়ন ডলার বিনিয়োগ এবং আমেরিকান পণ্য ক্রয়ের জন্য ৪০০ বিলিয়ন ডলার দেয়ার প্রতিশ্রুতিও তিনি দিয়েছেন। চীনের ওপর থেকে নির্ভরতা কমিয়ে নিজেদের পণ্য টিকিয়ে রাখা হচ্ছে ট্রাম্পের নীতি। এ কারণেই তিনি চীনা পণ্যের ওপর অতিরিক্ত শুল্ক আরোপ করে ইতোমধ্যে চীনের সঙ্গে এক ধরনের 'বাণিজ্যযুদ্ধ' শুরু করেছেন। এ ব্যাপারে বাইডেনের নীতি খুব স্পষ্ট নয়। পররাষ্ট্রনীতির ক্ষেত্রে ট্রাম্পের অবস্থান 'আমেরিকা ফার্স্ট'। তার নীতি দক্ষিণ চীন সাগরে তথা ইন্দো-প্যাসিফিক অঞ্চলে চীনবিরোধী একটা অ্যালায়েন্স তৈরি করছে। আমেরিকান উপ-পররাষ্ট্রমন্ত্রী স্টিফেন ই বিগানের সাম্প্রতিক নয়াদিল্লি ও ঢাকা সফর এর বড় প্রমাণ। অন্যদিকে জো বাইডেন বিশ্বে আমেরিকার নেতৃত্ব পুনঃপ্রতিষ্ঠা করতে চান। ন্যাটোর সঙ্গে সম্পর্ক বৃদ্ধি করে গণতান্ত্রিক দেশগুলোর সমন্বয়ে একটি আন্তর্জাতিক জোট করতে চান তিনি। ট্রাম্প যুক্তরাষ্ট্রে



অভিবাসন কমিয়ে আনতে চান। আর জো বাইডেনের নীতি অনেকটা প্রো-অভিবাসন।

জাতীয় স্বার্থের সঙ্গে সম্পর্কিত এসব ইস্যুতে ট্রাম্প ও বাইডেনের মধ্যে পার্থক্য থাকলেও ভোটাররা ট্রাম্পের ব্যক্তিগত আচরণ, ব্যক্তিগতভাবে প্রতিপক্ষকে আক্রমণ করা, ক্ষমতার অপব্যবহার করা, ট্যাক্স না দেয়া ইত্যাদিতে বেশি প্রভাবিত হয়েছেন- যে কারণে জনমত ট্রাম্পের বিরুদ্ধে চলে গেছে। তবে শেষ কথা বলা যাবে না এখনই। নির্বাচনের ফলাফল ঘোষণা পর্যন্ত আমাদের অপেক্ষা করতে হবে। ইতোমধ্যে 'ব্যাটেল গ্রাউন্ড' স্টেটগুলোর ব্যাপারে পর্যবেক্ষকদের আগ্রহ বেড়েছে। যেমন- নিউ হ্যাম্পশায়ার, পেনসিলভানিয়া, ওহাইও, ভার্জিনিয়া, নিউ ক্যারোলিনা, ফ্লোরিডা, আইওয়া, উইসকনসিন, মিনেসোটা ইত্যাদি। ইতিহাস ঘেঁটে দেখা গেছে, এ রাজ্যগুলোতে অনেক ভোটারই কোনো একটি দলের কট্টর সমর্থক নন এবং প্রার্থীদের নীতিমালা ও আগামী চার বছরে প্রার্থীদের পরিকল্পনার বিচারে তারা শেষ মুহূর্তে ভোট দেন। ভোটাররা শেষ মুহূর্ত পর্যন্ত অপেক্ষা করেন ভোটের জন্য। ফলে এই 'ব্যাটেল গ্রাউন্ড' স্টেটগুলোর যে কোনো একটি শেষ মুহূর্তে যে কোনো একজন প্রার্থীর পক্ষে হেলে যেতে পারে, যা নির্বাচনের ফলাফলকে প্রভাবিত করতে পারে। এ রাজ্যগুলোকে 'সুইং স্টেট'ও বলা হয়। অনেকেই স্মরণ করতে পারেন, ২০১৬ সালের নির্বাচনে এ 'সুইং স্টেট'গুলোর ফলাফলেই প্রেসিডেন্ট ট্রাম্প বিজয়ী হতে পেরেছিলেন। এবারেও তেমন কিছু ঘটতে পারে বলে অনেকে মনে করছেন।

পাঠক মাত্রেই জানেন, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনে সাধারণ মানুষ ভোট দেন বটে; কিন্তু প্রেসিডেন্ট নির্বাচিত হন নির্বাচকমন্ডলীর ভোটে। সিনেট ও প্রতিনিধি সভার সদস্যদের সমন্বয়ে এ নির্বাচকমন্ডলী গঠিত হয়। প্রতিটি রাজ্যের নির্বাচকমন্ডলীর সংখ্যা আলাদা আলাদা। যেমন, ক্যালিফোর্নিয়া আর নেভাদা রাজ্যের নির্বাচকমন্ডলীর সংখ্যা আলাদা। কোনো রাজ্যে বেশি, কোনো রাজ্যে কম। পেনসিলভানিয়ায় নির্বাচকমন্ডলীর ভোট ২৩টি, আবার ডেলাওয়ারে মাত্র ৩টি। সবচেয়ে বেশি নির্বাচকমন্ডলীর ভোট ক্যালিফোর্নিয়ায়-৫৪টি, নিউইয়র্কে ৩৩টি। মজার ব্যাপার হচ্ছে, কোনো প্রার্থী কোনো রাজ্যে বিজয়ী হলে সে রাজ্যে যে ক'টি নির্বাচকমন্ডলীর ভোট রয়েছে, তার পুরোটা তিনি পেয়েছেন বলে গণ্য করা হয়। এক্ষেত্রে যে প্রার্থী হেরে যান, তিনি নির্বাচকমন্ডলীর কোনো ভোট পান না। নির্বাচকমন্ডলীর ভোটের সংখ্যা ৫৩৮। জিততে হলে পেতে হবে ২৭০টি ভোট। নয়া প্রেসিডেন্ট দায়িত্ব গ্রহণ করবেন ২০২১ সালের জানুয়ারীতে।

১৪টি 'ব্যাটেল গ্রাউন্ড' স্টেটের কথা আলোচনায় এসেছে। সর্বশেষ জনমত জরিপে দেখা যায় জর্জিয়া, আইওয়াতে জো বাইডেন ট্রাম্পের থেকে কিছুটা পিছিয়ে আছেন। টেক্সাস রিপাবলিকান স্টেট হিসেবে পরিচিত। ২০১৬ সালে এই স্টেটে ট্রাম্প ৯.১ পয়েন্টে এগিয়ে ছিলেন। এবারে দেখা গেল বাইডেন এগিয়ে আছেন। গবেষণা প্রতিষ্ঠান রিয়াল ক্লিয়ার পলিটিক্সের তথ্যানুযায়ী, ২০১৬ সালের প্রেসিডেন্ট নির্বাচনে অ্যারিজোনা, ফ্লোরিডা, জর্জিয়া, আইওয়া, মিশিগান, নর্থ ক্যারোলিনা, ওহাইও, পেনসিলভানিয়া, টেক্সাস ও উইসকনসিনে ট্রাম্প বিজয়ী হয়েছিলেন। সর্বশেষ জরিপ অনুযায়ী, এখন পর্যন্ড় এসব সুইং স্টেটের মাঝে শুধু জর্জিয়া ও আইওয়াতে ট্রাম্প এগিয়ে আছেন।

কিন্তু তারপরও কথা থেকে যায়। নির্বাচকমন্ডলীর ভোটে ট্রাম্প যদি হেরে যান, তাহলে তিনি শান্তিপূর্ণভাবে ক্ষমতা হস্তান্তর করবেন কিনা তাকে এ প্রশ্ন করা হয়েছিল। তিনি জবাব দিয়েছেন এভাবে- 'ডাকযোগে ভোট না দিলে তার বিজয় নিয়ে এ প্রশ্ন উঠত না।' ভয়টা হচ্ছে এখানেই যে, ভোটের ফলাফল তার পক্ষে না গেলে তিনি বিষয়টি নিয়ে সুপ্রিমকোর্টে যেতে পারেন। আর সুপ্রিমকোর্টে তার সমর্থকের সংখ্যা বেশি থাকায় কোর্ট তার পক্ষে রায় দিলে আমি অবাক হব না। প্রসঙ্গক্রমে এখানে বলা ভালো, যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচনের ইতিহাস ২৩১ বছরের, ১৭৮৯ থেকে ২০২০ পর্যন্ড় (স্বাধীনতা ঘোষণা ১৭৭৬ সালের ৪ জুলাই)। যুক্তরাষ্ট্রের প্রথম প্রেসিডেন্ট ছিলেন জর্জ ওয়াশিংটন (১৭৮৯-১৭৯৭)। তিনি ছিলেন ফেডারেলিস্ট পার্টির মনোনীত প্রার্থী। জর্জ এডামসও ছিলেন ফেডারেলিস্ট পার্টির প্রার্থী (১৭৯৭-১৮০১)। কিন্তু তৃতীয় প্রেসিডেন্টের (টমাস জেফারসন, ১৮০১-১৮০৯) শাসনামল থেকে ১৮২৯ সাল পর্যন্ত ডেমোক্র্যাট-রিপাবলিকান পার্টি একসঙ্গে একক প্রার্থী হিসেবে চার টার্মে ক্ষমতায় ছিল। সপ্তম প্রেসিডেন্ট এন্ড্রু জ্যাকসনের (১৮২৯-১৮৩৭) সময় থেকেই ডেমোক্র্যাট পার্টি আলাদাভাবে প্রেসিডেন্ট নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করে আসছে। রিপাবলিকান পার্টির প্রথম নির্বাচিত প্রেসিডেন্ট ছিলেন আব্রাহাম লিঙ্কন (১৬তম প্রেসিডেন্ট, ১৮৬১-১৮৬৫)। সেই থেকে প্রেসিডেন্ট নির্বাচন দুটি বড় দল ডেমোক্র্যাট ও রিপাবলিকান পার্টির মধ্যে সীমাবদ্ধ। প্রথমদিকে অবশ্য তৃতীয় একটি পার্টি উইগ পার্টির অস্তিত্ব ছিল। উইগ পার্টির প্রথম নির্বাচিত প্রেসিডেন্ট ছিলেন উইলিয়াম হেনরি হ্যারিসন (৯ম, ১৮৪১), যদিও নির্বাচিত হওয়ার পরও তিনি ক্ষমতা পরিচালনা করতে পারেননি। ট্রাম্প হচ্ছেন যুক্তরাষ্ট্রের ৪৫তম প্রেসিডেন্ট। তিনি রিপাবলিকান দলের সদস্য।

সারা বিশ্ব এখন তাকিয়ে আছে ৩ নভেম্বরের নির্বাচনের দিকে। এ নির্বাচনের মধ্য দিয়ে যুক্তরাষ্ট্রের রাজনীতিতে ট্রাম্প-পরবর্তী যুগের সূচনা হয় কিনা, সেটাই দেখার বিষয়।

লেখক: প্রফেসর ও রাজনৈতিক বিশ্লেষক

e-mail: tsrahmanbd@yahoo.com

নামাজের সময়-সূচী

অক্টোবর	২	৩	৪	৫	৬	৭	৮
ফজর	৫.১৪	৫.১৬	৫.১৭	৫.১৭	৫.১৯	৫.২০	৫.২০
সূর্যোদয়	৬.৩০	৬.৩১	৬.৩২	৬.৩২	৬.৩৫	৬.৩৬	৬.৩৬
জোহর	১১.৪০	১১.৪০	১১.৪০	১১.৪০	১১.৪০	১১.৪০	১১.৪০
আসর	৩.০৭	৩.০৬	৩.০৫	৩.০৫	৩.০৩	৩.০২	৩.০২
মাগরিব	৪.৪৯	৪.৪৮	৪.৪৬	৪.৪৬	৪.৪৪	৪.৪৩	৪.৪৩
এশা	৬.০৬	৬.০৫	৬.০৪	৬.০৪	৬.০২	৬.০১	৬.০১

আমেরিকার এবারের নির্বাচন নানা কারণে গুরুত্বপূণ



খোরশেদ খন্দকার

আমেরিকার দীর্ঘদিনের গণতন্ত্র বাঁচানোর জন্য এবারের নির্বাচন খুবই গুররুত্বপূর্ণ। ২০২০ সালের নির্বাচন যুক্তরাষ্ট্রের ইতিহাসে একটি ব্যতিক্রমধর্মী নির্বাচন হতে চলেছে। স্বাভাবিক নির্বাচনের মতো মহামারীর কারণে ভোটাররা ইচ্ছামতো ভোটকেন্দ্রে যেতে পারছেন না। ভোট যেমনই হোক, ভোটকেন্দ্রে গিয়ে বুথে ভোট প্রদান করার তৃপ্তিই আলাদা। করোনা মহামারীর কারণে আমেরিকান নাগরিকদের মেইলিং ভোট দেয়ার আগ্রহ পরিলক্ষিত হচ্ছে। আবার একটি চক্র মেইলিং ভোটগুলো নষ্ট করার অপচেষ্টা চালাচ্ছে। তবে আমি বিশ্বাস করি, নির্বাচন সুষ্ঠুভাবেই হবে। যুক্তরাষ্ট্রের গৃহযুদ্ধের সময়ও নির্বাচন ঠিক সময়ে ঠিকভাবেই হয়েছিল।

প্রেসিডেন্ট ট্রাম্প প্রথমদিকে করোনা মহামারীকে 'চায়না ভাইরাস' বলে গুরুত্ব না দেয়ার কারণে ইতোমধ্যে দুই লাখ ২৫ হাজার আমেরিকানের মৃত্যু হয়েছে। সব শেষে ট্রাম্প নিজেই করোনা আক্রান্ত হয়ে হাসপাতাল থেকে হোয়াইট হাউসে ফিরে এসে বলেছেন: করোনাকে ভয় করো না; তিনি করোনা থেকে অনেক কিছু শিখেছেন। করোনা আক্রান্ত হয়েছেন-এ জন্য ঈশ্বরকে ধন্যবাদ দিয়েছেন। তিনিই একমাত্র বিশ্বের শ্রেষ্ঠতম ব্যক্তি, যিনি করোনা আক্রান্ত হয়ে মাত্র ৪ দিনের মধ্যে নিজে নিজেই সুস্থতা দাবি করে বিশ্বরেকর্ড সৃষ্টি করেছেন। আশঙ্কার বিষয় হল, ইউরোপসহ আমেরিকায় পু-নরায় করোনা সংক্রমণ বেড়ে চলেছে; আর এ কারণেই এবারে মেইলিং ভোটই সবার জন্য নিরাপদ মনে করি।

প্রার্থী হিসেবে জো বাইডেন ও ট্রাম্পের মধ্যে যথেষ্ট পার্থক্য রয়েছে। মূলত: প্রেসিডেন্ট ট্রাম্প আর ভাইস প্রেসিডেন্ট জো বাইডেনের মধ্যে পার্থক্য হল, ট্রাম্প একজন পেশাদার ব্যবসায়ী; জো বাইডেন একজন সুদক্ষ রাজনীতিবিদ। একজন ব্যবসায়ী ব্যবসায়ে সফল হতে পারেন; কিন্তু রাষ্ট্র পরিচালনার ক্ষেত্রে কখনও সফল হতে পারেন না- যার প্রমাণ প্রেসিডেন্ট ট্রাম্প নিজেই।

রাজনীতিবিদ হিসেবে বাইডেন রাষ্ট্র পরিচালনায় সফল হবেন- এটি আমাদের বিশ্বাস। আমরা জানি, আমেরিকান রাজনীতিবিদরা সহজে মিথ্যা কথা বলেন না। কিন্তু প্রেসিডেন্ট ট্রাম্পের আচরণ ও মিথ্যা বলার কারণে আমেরিকানরা ট্রাম্প থেকে মুখ ফিরিয়ে নিয়েছে।

মানুষ ভুলে যায়নি, ২০১৬ সালে ট্রাম্প প্রেসিডেন্ট হিসেবে মেয়াদের ৩ বছর শেষে ফ্যাক্ট চেকার ডেটাবেজ বিশ্লেষণ করে ওয়াশিংটন পোস্ট জানিয়েছিল ট্রাম্প ৩ বছরে প্রকাশ্যে যেসব কথা বলেছেন, তার মধ্যে ১৬ হাজার ২৪১টি মিথ্যাচার, অবাস্তব ও বিভ্রান্তিতে ভরপুর ছিল।

ট্রাম্প প্রথম তিন বছরের মধ্যে ২০১৯ সালে সবচেয়ে বেশি মিথ্যা বলেছেন। ২০১৯ সালে নাকি তার মিথ্যা বলার সংখ্যা ছিল ৮ হাজার ১৫৫টি। এর আগের ২ বছরে মোট মিথ্যা ছিল ৮ হাজার ৬৮৮টি-প্রতিবেদনে এমনটিই বলা হয়েছে।

এমন একজন প্রেসিডেন্টকে আমেরিকান জনগণ বিশ্বাস করে না, আস্থা রাখে না পুনর্নির্বাচিত করতে। তাছাড়া প্রেসিডেন্ট ট্রাম্প একজন শীর্ষ ব্যবসায়ী হিসেবে ট্যাক্স দেন ৭৫০ ডলার মাত্র। অথচ নিউইয়র্কে রাস্তার একজন ফুডভেন্ডার ব্যবসায়ী তার চেয়ে বেশি ট্যাক্স দেন।

ট্রাম্পের সময়েই আমেরিকায় রাজনীতি শুরু হয়েছে ধর্ম ও বর্ণ নিয়ে। আমেরিকান গণতন্ত্র, ধর্মনিরপেক্ষ, বর্ণবৈষম্য, মানবাধিকার সারা বিশ্বের জন্য মডেল। এ দেশে এসে সেই ধর্মনিরপেক্ষতার সুফল আমরা নিজেরাও ভোগ করেছি। করোনাভাইরাস শুরু হওয়ার আগমুহূর্ত পর্যন্ত আমরা ম্যানহাটন মিডটাউন মেডিসন স্কয়ার গার্ডেন সংলগ্ন খ্রিস্টানদের একটি গির্জায় জুমার নামাজ আদায় করতাম। যদিও এখন মহামারীর কারণে তা বন্ধ রয়েছে। এমন একটি ধর্মীয় স্বাধীনতার দেশে প্রেসিডেন্ট ট্রাম্প ২০১৬ সালে ক্ষমতায় এসে প্রথম পদক্ষেপেই যে কাজটি করেছেন, তা হল মুসলিমদের সেখানে নিষিদ্ধ করা। তার এসব কর্মকান্ডে ইসরাইলও উৎসাহিত হয়েছে এবং এ ধারাবাহিকতায় মুসলমানদের তীর্থস্থান পবিত্র জেরুজালেম থেকে ফিলিস্তিনিদের উচ্ছেদ করা হয়েছে। ২০০০ সালে নাইন-ইলেভেনের ঘটনার পর কিছুটা ধর্মীয় বিদ্বেষ ছড়ালেও ২০১৬ সালে প্রেসিডেন্ট ট্রাম্প ক্ষমতায় আসার পর মানুষের মাঝে ঘৃণা, আতঙ্ক, বিভেদ আরও বাড়িয়ে দিয়েছেন। শুধু ট্রাম্পের অপরিপক্ব রাজনীতির কারণে আজ বিশ্ব রাজনীতিও চ্যালেঞ্জের মুখে। বর্ণবৈষম্য ও হোয়াইট সুপ্রিমেসির থাবায় আমেরিকার মূল চেতনা ও গণতন্ত্র আজ ভীষণ ঝুঁকির মধ্যে পড়েছে। ৩০ কোটি আমেরিকান জনগোষ্ঠীর সামনে আগামী ৩ নভেম্বরের নির্বাচন এক কঠিন চ্যালেঞ্জ। 'Black Live Matter' আন্দোলনে সব শ্রেণির মানুষ রাস্তায় নেমে সমর্থন জানিয়েছে। জর্জ ফ্লয়েডের হত্যার মধ্যদিয়ে দেশজুড়ে বিক্ষোভ অব্যাহত থাকলেও ট্রাম্প এখনও কোনো দুঃখ প্রকাশ করেননি এবং সমাধানের কোনো পথ দেখাননি। বর্ণবাদের পুরো দায় প্রেসিডেন্ট ট্রাম্পকেই নিতে হবে। আসন্ন নির্বাচনে কে জিতবেন-ট্রাম্প না জো বাইডেন-এ প্রশ্নটাই এখন সবচেয়ে গুরুত্বপূর্ণ ও আকাংখিত। প্রথমত, ভাইস প্রেসিডেন্ট জো বাইডেন প্রো-ইমিগ্র্যান্ট। প্রেসিডেন্ট ট্রাম্প এন্টি-ইমিগ্র্যান্ট। ট্রাম্পের ইমিগ্র্যান্টবিরোধী অবস্থানের কারণে এশিয়া, ইউরোপ, আফ্রিকা ও মেক্সিকো থেকে আসা সব ইমিগ্র্যান্ট আতঙ্কের মধ্যে দিনযাপন করতে বাধ্য হচ্ছে। ওবামার 'ডাকা' কর্মসূচিও কোনোরকম আলোর মুখ দেখছে না ট্রাম্পের কঠোর অবস্থানের কারণে। ট্রাম্প নির্বাচিত হলে ইমিগ্র্যান্টদের এ দেশে বসবাস করা অনিশ্চিত হয়ে পড়বে। তাদের চিকিৎসা ও শিশুদের পড়ালেখার ভবিষ্যৎ হুমকির মুখে পড়বে।



তাই একটি হিংসা-বিদ্বেষমুক্ত আমেরিকা গড়ে তোলার লক্ষ্য আমেরিকার বিশাল জনগোষ্ঠী ট্রাম্পমুক্ত আমেরিকা চায়। বাইডেন খেটে খাওয়া মানুষের পক্ষে কথা বলেন; অপরদিকে ট্রাম্প ধনীদের স্বার্থ দেখেন আর আমেরিকাকে দ্বিধাবিভক্ত করে সারা বিশ্ব থেকে একঘরে করে রাখেন।

আমার বিশ্বাস, জো বাইডেন আমেরিকানদের মধ্যে একতা ও বিশ্বব্যাপী কূটনৈতিক সম্পর্ক আরও জোরদার করে আমেরিকার গণতন্ত্রের হারানো ভাবমূর্তি আবারও ফিরিয়ে আনবেন। আমি নিজেও একজন গর্বিত রেজিস্টার্ড ডেমোক্র্যাট; তাই বলব-আমেরিকার এ দুঃসময়ে জো বাইডেনের মতো একজন অভিজ্ঞ রাজনীতিবিদ দরকার।

২০১৬ সালের মতো রাশিয়ার হস্তক্ষেপের সুযোগ থাকলে হয়তো ডোনাল্ড ট্রাম্পই জিতবে। কিন্তু এমন কিছু না হলে বাইডেনেরই জয় হবে শেষ পর্যন্ত। বাংলাদেশিসহ অন্য অভিবাসীরাও এবার বাইডেনকে জয়ী হিসেবে দেখতে চান।

লেখক: আওয়ামী লীগ নেতা ও সদস্য, ডেমোক্রেটিক পার্টি ন্যাশনাল কমিটি, যুক্তরাষ্ট্র



মনোরম ও শান্ত শহর মেলবোর্ন



হাবিব রহমান

মেলবোর্নের এভালন এয়ারপোর্ট থেকে গোল্ড কোস্টের বিমান ছাড়লো কাঁটায় কাঁটায় সকাল ১০.১০ মিনিটে। টানা ২ ঘন্টার উড়ানে আমাদের যখন কোলানগাটা এয়ারপোর্টে নামিয়ে দিলো তখন সময় বারোটা বেজে দশ। গোল্ড কোস্ট অস্ট্রেলিয়ার কুইন্সল্যান্ড রাজ্যের উপকূলীয় শহর। শহরটি রাজ্যের রাজধানী ব্রিসবেনের প্রয়া ৬৬ কিলোমিটার (৪১ মাইল) দক্ষিণ-দক্ষিণপূর্ব এবং নিউ সাউথ ওয়েলসের রাজ্যের উত্তর সীমান্তের কাছেই অবস্থিত। গোল্ড কোস্ট অস্ট্রেলিয়ার ৬ষ্ঠ বৃহত্তম শহর ও এটি অস্ট্রেলিয়ার বৃহত্তম অ-রাজধানী শহর এবং কুইন্সল্যান্ডের দ্বিতীয় বৃহত্তম শহর

অনুসন্ধানকারী জন অক্সলি দ্বারা সমুদ্র সৈকতে আবিষ্কারের আগে ১৮২৩ সাল পর্যন্ত গোল্ড কোস্ট অঞ্চলটি ইউরোপীয়দের মধ্যে উপেক্ষিত ছিল। এই অঞ্চল থেকে লাল সিডারের সরবরাহ ১৯ শতকের মাঝামাঝি সময়ে সকলকে আকর্ষণ করে। পরে ১৮৮৫ সাল থেকে ভ্রমণের স্থান হিসেবে গোল্ড কোস্ট খ্যাতি অর্জন করে।

বর্তমানে শহরটি ব্রিসবেনের পরে অস্ট্রেলিয়ার দ্বিতীয় জনবহুল এলাকা। গোল্ড কোস্ট তার চমৎকার জলবায়ু সাথে পর্যটন গন্তব্য, সার্ফিং সৈকত, সুউচ্চ ভবন, থিম পার্ক, নাইটলাইফ, এর জন্য অধিক পরিচিত। শহরটি ২১ তম কমনওয়েলথ গেমস আয়োজন করেছিল, যা ২০১৮ সালের ৪ এপ্রিল থেকে ১৫ এপ্রিল পর্যন্ত চলেছিল।

এয়ারপোর্টের ঝামেলা মিটতে বেশী সময় লাগলোনা। তবে বাইরে আসার পরই বাঁধলো বিপত্তি। হোটেলের গাড়ী আমাকে রিসিভ করার কথা থাকলেও কাউকে প্লাকার্ড উচিয়ে দাঁড়িয়ে থাকতে দেখা গেলোনা। যাত্রীদের ভীড় কমে গেলে লাগেজ ঠেলে খুঁজতে বেরোলাম নীল বৃত্তের মাঝখানে স্মল লেটারের সেই 'আই' সাইনটাকে। যেটা বিদেশে আমার সবচেয়ে বড় আশ্রয়স্থল। সারা ইউরোপেই এই চিহ্নটা ইনফরমেশন সেনিটারের প্রতীক। এরা সব রকমের সহায়তা করে টুরিস্টদের।

অল্প দূরেই পাওয়া গেলো ইনফরমেশন সেন্টারের অফিসটা। রিসেপসানের মেয়েটাকে এড্রেসটা দেখাতেই চট জলদি যোগাযোগ করলো হোটেলের সাথে। সেখান থেকে জানানো হলো একটু দেরী হয়েছে গাড়ী পাঠাতে। আমি যেন ইনফরমেশন সেন্টারের সামনেই অপেক্ষা করি। হোটেলের লোকজন এসে আমাকে খুঁজে নেবে।

আমি কাউন্টারের মেয়েটিকে ধন্যবাদ জানিয়ে সামনে একটা বেন্চএসে বসে পড়লাম।

শেরাটন হোটেল আমার পছন্দের একটি। দেশে এবং বিদেশে কোথাও গেলেই এদের আতিথ্য গ্রহন করি। গোল কোস্টে এদের দ্বায়িত্বহীনতা আমাকে পীড়া দিচ্ছিলো। আতিথ্যের পাশাপাশি এই হোটেলটির নিজস্ব প্রাইভেট বীচ, হাঁটা দূরত্বে সী ওয়ার্ল্ড, শপিং সেন্টার দেখতে হলে অনেক সময় প্রয়োজন। সিডনি যেমন অস্ট্রেলিয়ার বাণিজ্যিক রাজধানী, তেমনি মেলবোর্নকে হলো সাংস্কৃতিক রাজধানী আর পর্যটন রাজধানী বলা হয় এই গোল কোস্ট কে। শুধু বাইরের দেশ থেকে নয় অস্ট্রেলিয়ার প্রতিটি প্রান্তের জনগন এখানে ছুটে আসে বিনোদনের জন্য। এখানে আছে অনেকগুলো ক্যাসিনো। যেজন্য অনেকে একে অস্ট্রেলিয়ার লাসভেগাস বলেও আখ্যা দেয়। গোল্ড কোস্টের সবচেয়ে বড় আকর্ষন এর দীর্ঘ সমুদ্র সৈকত। বড় বড় হোটেলগুলোর বেশীরভাগ এই বীচের পাশে। বলা যায় বীচ কে কেন্দ্র করেই গড়ে উঠেছে গোল্ড কোস্টের পর্যটন ব্যবস্থা।

সমুদ্রের তীর ঘেষে তৈরি শেরাটন গ্রান্ড মিরেজ রিসোর্টিতে ২৯৫টি রুম। অনেক উপরে একটা চমৎকার রুম দিলো আমাকে। সামনে ব্যালকনিতে আরামদায়ক চেয়ার পাতা শুয়ে শুয়ে সমুদ্র দেখার জন্য। সামনের নীল সমুদ্র



ইত্যাদি আকর্ষন দেখেই বেছে নিয়েছিলাম।

মিনিট পাঁচেকের মধ্যেই হোটেলের গাড়ী এসে আমাকে পিক করলো। সাথে থাকা একজন তরুণ দেরী হওয়ায় বার বার দু:খ প্রকাশ করে লাগেজ গুলি দ্রুত গাড়ীতে উঠিয়ে রওয়ানা হলো হোটেলের দিকে।

সমুদ্রের পাড়ঘেষে চমৎকার রাস্তা ধরে গাড়ী চলছিলো। আগেই জেনেছিলাম অস্ট্রেলিয়া অমন একটি দেশ যা ঘুরে মুহুরতেই মনটা ভালো করে দিলো।

রুমে একটু বিশ্রাম নিয়ে নেমে এলাম নীচে। লবিতেই অনেক টুরিস্ট কোম্পানীর অফিস। বড় বড় সাইন লাগানো অফিসের বাইরে। কোথায় কোন আকর্ষন, ফি কত ইত্যাদি ইত্যাদি। হঁট এয়ার বেলুনে চড়া, হেলিকপ্টার ভ্রমণ, জাহাজে চড়ে তিমি মাছ দর্শন, নগর পরিভ্রমণ সহ আরো কত কি!

টিকিট কাটলাম জাহাজে চড়ে তিমি দর্শনের। সারা বছর পৃথিবীর নানা দেশে ঘুরে বেড়াই অথচ তিমি দর্শন হয়নি। আমি থাকি যুক্তরাষ্ট্রে। এখানেও ম্যাসাচুসেটস অঙ্গরাজ্যের কেপ কডে তিমি দর্শনের ব্যবস্থা আছে। কয়েকবার উদ্যোগ নিয়েও আর যাওয়া হয়নি। তাই এবার সুদুর অস্ট্রেলিয়ার এই গোল্ড কোস্টে এসে সে শখ মিটাতে হলো।

গাইডের সাথে একটু পরেই একটা মাঝারি আকারের জাহাজে চড়ে বসলাম। তিমি দেখতে হলে আমাদের যেতে হবে গভীর সমুদ্রে। কিছুটা ভয় কাজ করলেও এডভেনঞ্চারের কাছে ভয় নতি স্বীকার করলো। জাহাজ ছুটে চললো গভীর সমুদ্র অভিমুখে।

জাহাজ ছাড়তেই গাইড শুরু করলো তার বিদ্যা বিতরণ। অবশ্য রাগ করে লাভ নেই। এটাই তার চাকুরি। এই গলা বাজি করেই তার অন্ন সংস্থান করতে হয়। তাছাড়া সবাই যে হোম ওয়ার্ক করে আসে তা নয়। তারা গন্তব্য সম্পর্কে জানতে আগ্রহী থাকে।

গাইড জানালো, তিমি মাছ মুখ বড় করে খাদ্য গ্রহণ করে। সে সময় মুখে ঢুকে পরা পানি দুই চোয়াল দিয়ে বের করে দেয়। সে পানি উপরে উঠে একটা বিশাল ফোয়ারার মত। গাইডের বলার পর প্যাক্টিকাল দৃশ্যটা দেখাতেই যেন আমাদের জাহাজের সামনে একটা বিশাল তিমি ভেসে উঠলো। সবাই ক্যামেরা নিয়ে শুরু করলো ক্লিক ক্লিক করে ছবি তোলা।

জাহাজ আরো এগিয়ে গেলো সামনে। বেশ কয়েকটি ছোট ছোট তিমি দলের সাক্ষাত পেলাম আমরা। গাইড জানালো প্রমাণ আকারের একটা নীল তিমি প্রায় ৯৮ ফুট লম্বা হয়ে থাকে। ওজন প্রায় ১৮০ টন। এখন পৃথিবীতে ১০ হাজারের বেশি নীল তিমি নেই বলে গবেষকদের দাবী।মোটামুটি তৃপ্তি করে তিমি দর্শন সমাপ্ত করে ফিরে এলাম হোটেলে।

অস্ট্রেলিয়ার গোল্ড কোস্ট এমন এক স্থান যেখানে বছরের ২৫০ দিন থাকে গ্রীস্ম কাল। জুপিটার নামের সর্ববৃহৎ ক্যাসিনোটি ২৪ ঘন্টা খোলা থাকে। সার্ফারস প্যারাডাইস সবচেয়ে বড় বীচ, যার বালি সাদা পাউডারের মত মিহি, কিউ-১ ভবনটি অস্ট্রেলিয়ার উচ্চতম, পুরো গোল্ড কোস্ট শহরটি এর উপর থেকে দেখা যায়। গোল্ড কোস্টকে বলা হয় অস্ট্রেলিয়ার থিম পার্কগুলোর রাজধানী। এখানেই রয়েছে পৃথিবীর সবচেয়ে দ্রুততম, বৃহত্তম এবং ভয়ংকর রাইডের পার্ক। তা ছাড়াও আছে বিখ্যাত সী ওয়ার্ল্ড। আমাদের মাত্র ৩ দিনের গোল্ড কোস্ট ভ্রমণে কোনটা ছেড়ে কোনটা দেখবো ভেবে পাচ্ছিলাম না। তবে কাল সকালে আমাদের তরুণ গাইড আসলে তার সাথে পরামর্শ করেই বাকী পরিকল্পনাটা সাজাবো ভেবে নিয়ে রাতের মত হোটেলে ফিরে আসলাম।

সন্ধ্যার একটু পর বীচে খোলা আকাশের নীচে ডিনার করতে নেমে এলাম। আলোকোজ্জ্বল বীচে সারি সারি সীফুডের দোকান। স্কুইড, লবস্টার, গ্রিলড স্নাপার ফিস, রকমারী ঝিনুক, আরো কত কী! কিন্তু আমার সীফুডে এলার্জি হয়। তাই লোভ সংবরণ করে গ্রীন স্যালাড, ফিস সুপ, আর চিংড়ীর একটা আইটেম নিয়ে ডিনার সেরে ফিরে এলাম হোটেলে।

লেখক: সাংবাদিক। সিইও, বাংলা ট্যুর।

ডেমক্র্যাটদের ৯২ বছর রিপাবলিকানদের ৯১ বছর

(শেষের পাতার পর)

২শো ৩০ বছরের। আমেরিকার প্রথম নির্বাচন হয় ১৭৮৯ সালের ৩০ এপ্রিল। দেশের প্রাচীন দল রিপাবলিকান, এই দল দেশটির ড্রাইভিং সীটে আছে ৯১ বছর, তারা বিভিন্ন মেয়াদে দেশটিকে পরিচালনা করেছে। তাদের চেয়ে আগে প্রতিষ্ঠিত এবং বেশী সময় ক্ষমতায় ছিলো আরো প্রাচীন একটি দল। আমেরিকার ড্রাইভিং সীটে ছিলো তারা আরো দীর্ঘ সময়। বিভিন্ন মেয়াদে দলটি ৯২ বছর আমেরিকাকে পরিচালনা করেছে। অভিবাসীবান্ধব এই দলটির নাম ডেমক্রেটপার্টি। এমন বাস্তবতায় আগামীকাল অনুষ্ঠিত হতে যাচ্ছে যুক্তরাষ্ট্রের বহুপ্রতীক্ষিত প্রেসিডেন্ট নির্বাচন। কোন দল যাচ্ছে ক্ষমতায় কে হচ্ছেন পরবর্তী প্রেসিডেন্ট।

ডেমক্রেট দলের জনক হচ্ছেন দু'জন। এই দুই নেতার একজনের নাম হচ্ছে আন্দ্রে জেকসন এবং অপরজন মার্টিন ভেন বোরেন। ১৮২০ সালে প্রতিষ্ঠিত হয় নির্বাচনমুখী তৃণমুলের সংগঠন ডেমক্রেট। ওয়াশিংটনডিসিতে দলটির প্রধান কার্যালয়। বিশ্বমহলে অভিবাসী বান্ধব দল হিসেবে ডেমক্রেটদের রয়েছে আলাদা পরিচিতি। আমেরিকার প্রাচীন রাজনৈতিক দল ডেমক্র্যাটদের ইতিহাস ১৯৭ বছরের আর রিপাবলিকানদের ইতিহাস ১৬৬ বছরের, ফলে ডেমক্র্যাটদের চেয়ে জনপ্রিয় হচ্ছে রিপাবলিকান। কারন তাদের বয়স কম হলেও দেশ শাসনের ইতিহাস প্রায় ডেমক্র্যাটদের সমান। রিপাবলিকানদের জন্মের আগেই ডেমক্র্যাটদের ৫জন প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন। ডেমক্র্যাটদের ব্যানারে এ পর্যন্ত ১৫ জন ব্যক্তি আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। এর বিপরীতে রিপাবলিকানদের ব্যানারে আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন ১৮জন ব্যক্তি। ক্ষমতার রাজনীতির দৌড়ে ডেমক্র্যাট রিপাবলিকান পার্টি সমান সমান। রিপাবলিকান পার্টির বর্তমান প্রেসিডেন্ট আলোচিত-সমালোচিত ডোনাল্ড ট্রাম্প কোন ব্যতিক্রম ছাড়া মেয়াদপূর্ণ করায় তাদের দেশ শাসনের ইতিহাস হলো ৯১ বছরের। আর ডেমক্র্যাট পার্টির দেশ শাসনের ইতিহাস হচ্ছে ৯২ বছরের। এই পরিসংখ্যানের ফলে রাজনীতির বিশ্ববিশ্লেষকরা আমেরিকা নিয়ে বিস্মিত হওয়ার কথা, বিশ্বের ছোট বড় সকল দেশের রাজনীতির শীর্ষনেতাদের শিক্ষার অনেক উপাদান রয়েছে আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচনের দুশো বিশ বছরের ইতিহাস থেকে।

ডেমক্রেট দলের প্রতিষ্ঠাতা আন্দ্রে জেকসন আমেরিকার সপ্তম প্রেসিডেন্ট নির্বাচিত হন ১৮২৯ সালের ৪মার্চ, ক্ষমতা ত্যাগ করেন ১৮৩৭ সালের ৪ মার্চ। এরপর এই দলের প্রেসিডেন্ট নির্বাচিত হন ডেমোক্রেট দলের অপর প্রতিষ্ঠাতা মার্টিন ভেন বোরেন, ১৮৩৭ এর ৪ মার্চ দায়িত্বগ্রহণ করে ১৮৪১ সালের ৪ মার্চ তিনি দায়িত্ব হস্তান্তর করেন। এই দুজন যথাক্রমে দেশের ১২তম এবং ১৩তম নির্বাচনে জয়ী হন ডেমোক্র্যাট পার্টি থেকে। আবার ডেমোক্র্যাট দল থেকে প্রেসিডেন্ট নির্বাচিত হন জেমস কে পল্ক। তিনি ১১তম প্রেসিডেন্ট হিসেবে ১৮৪৫ সালের ৪ মার্চ দায়িত্ব গ্রহন করে ১৮৪৯ সালের ৪ মার্চ ক্ষমতা হস্তান্তর করেন। ১৮৫২ সালে আমেরিকার ১৭তম প্রেসিডেন্ট নির্বাচন অনুষ্ঠিত হয়,এই নির্বাচনে ফের জয় পায় ডেমোক্র্যাট পার্টি, প্রেসিডেন্ট নির্বাচিত হন ফ্রাংলিন পিয়ের। ২৫তম নির্বাচনে জয়ী হন ডেমোক্র্যাটদলের গ্রোবারক্লিবলেন্ড। দেশের ১৪তম প্রেসিডেন্ট হিসেবে ৪ মার্চ ১৮৫৩ সালে দায়িত্ব গ্রহন করে ১৮৫৭ সালের ৪ মার্চ দায়িত্ব হস্তান্তর করেন। পরের মেয়াদে আবারো জয়ের ধারায় থাকে ডেমক্রেট, ১৫তম প্রেসিডেন্ট নির্বাচিত হন জেমস বোচানান, তিনি ১৮৫৭ সালে দলের অপর প্রেসিডেন্টর কাছ থেকে দায়িত্ব গ্রহন করেন ১৮৫৭ সালের ৪ মার্চ আর দায়িত্ব হস্তান্তর করেন ১৮৬১ সালের ৪ মার্চ, তবে দলের নয় রিপাবলিকান পার্টির প্রতিষ্ঠাতা আব্রাহাম লিংকনের কাছে। চার বছর আবার ফিরে আসে ডেমোক্র্যাট দল, ১৭তম প্রেসিডেন্ট নির্বাচিত হন আন্দ্রেজনসন। তিনি ১৮৬৫ সালের ৪ মার্চ দায়িত্ব গ্রহন করেন ১৮৬৯ সালের ৪ মার্চ দায়িত্ব হস্তান্তর করেন রিপাবলিকানদের হাতে। চার মেয়াদে সাড়ে ১২ বছর ক্ষমতায় থাকে রিপাবলিকান পার্টি, পালাবদলের ধারাবাহিকতায় আবারো ক্ষমতায় ফিরে আসে ডেমোক্র্যাট দল। ২৫তম নির্বাচনে জয়ী হন ডেমোক্র্যাট দলের গ্রোবারক্লিবলেন্ড। ২২তম প্রেসিডেন্ট হিসেবে ১৮৮৫ সালের ৪ মার্চ তিনি দায়িত্ব গ্রহন করেন, চার বছর পর ১৮৮৯ সালে ৪ মার্চ তিনি দায়িত্ব হস্তান্তর করেন। এক মেয়াদ বিরতি দিয়ে আবার ২৪তম প্রেসিডেন্ট নির্বাচিত হন একই ব্যক্তি, ১৮৯৩ সালের ৪ মার্চ দায়িত্ব গ্রহন করে ১৮৯৭ সালের ৪মার্চ দায়িত্ব হস্তান্তর করেন গ্রোবার ক্লিবলেন্ড। এরপর ১৬ বছর ক্ষমতার বাইরে থাকে ডেমোক্র্যাটরা।

আমেরিকার ৩৩তম নির্বাচনে ২৮তম প্রেসিডেন্ট হিসেবে আমেরিকার ড্রাইভিংসীটে ফিরেন উডরোউইলসন। তিনি ১৯১৩ সালের ৪মার্চ দায়িত্ব গ্রহন করেন এবং ৮বছর পর ১৯২১ সালের ৪মার্চ দায়িত্ব হস্তান্তর করেন। আবারো তিন মেয়াদে ১২বছরের জন্য ক্ষমতার বাইরে চলে যায় ডেমক্রেটরা। দেশের ৪১তম নির্বাচনে বিজয়ী হন ডেমোক্র্যাট প্রার্থী হেরি এস ট্রুম্যান। দেশের ৩৩তম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব গ্রহন নেন তিনি এই ডেমোক্র্যাট প্রেসিডেন্ট ৮ বছর পর ১৯৫৩ সালের ২০ জানুয়ারী দায়িত্ব হস্তান্তর করেন। দেশের ৩৫ এবং ৩৬তম প্রেসিডেন্ট ডেমোক্র্যাট দলের। জন এফ কেনেডির পর নির্বাচিত হন লিনডন বি জনসন। ট্রাজেডি হচ্ছে জন এফ কেনেডি মাত্র ২বছর ১০ মাস দায়িত্বপালন করেন। ৩৫ তম এই প্রেসিডেন্ট ২০ জানুয়ারী ১৯৬১ দায়িত্ব গ্রহন করেন এবং ২২ নভেম্বর ১৯৬৩ সাল পর্যন্ত ক্ষমতায় ছিলেন। পরবর্তীতে একই দলের লিনডন ৩৬তম প্রেসিডেন্ট হিসেবে ১৯৬৩ সালের ২২ নভেম্বর দায়িত্ব গ্রহন করেন, ১৯৬৯ সালের ২০ জানুয়ারী তিনি ক্ষমতা হস্তান্তর করেন। দুই মেয়াদ বিরতি দিয়ে আবারো জিমি কার্টারকে বিজয়ী করার মাধ্যমে আমেরিকার ক্ষমতায় ফিরে আসে ডেমক্রেট দল। ৩৯তম প্রেসিডেন্ট হিসেবে জিমি কার্টার দায়িত্ব গ্রহন করেন ১৯৭৭ সালের ২০ জানুয়ারী ৪ বছর পর ১৯৮১ সালের ২০ জানুয়ারী তিনি ক্ষমতা হস্তান্তর করেন। আবারো ১২ বছরের জন্য ক্ষতার বাইরে চলে যায় ডেমোক্র্যাট। পালাবদলের ধারাবাহিকতায় দেশের ৫৩তম নির্বাচনে ৪২তম প্রেসিডেন্ট নির্বাচিত হন বিল ক্লিনটন, দীর্ঘ ৮বছর ক্ষমতায় থাকেন তিনি। ১৯৯৩ সালের ২০ জানুয়ারী দায়িত্ব গ্রহন করে ২০০১ সালের ২০ জানুয়ারী ক্ষমতা ছাড়েন ক্লিনটন। এরপর ৮ বছর ক্ষমতার বাইরে ডেমোক্র্যাট, ইতিহাসের ধারাবাহিকতায় কখনো ক্ষমতায় আবারো কখনো বাইরে এর শেষ সংযোজন হিসেবে বারাক ওবামার মাধ্যমে ফিরে ডেমোক্র্যাট ৫৬তম নির্বাচনে জয়ের মাধ্যমে। এই নির্বাচনে ৪৪তম প্রেসিডেন্ট জয়ী হন ওবামা। তিনি ২০ জানুয়ারী ২০০৯ সালে দায়িত্ব গ্রহণ করেন এবং এই বছর ২০১৭ সালের ২০ জানুয়ারী রিপাবলিকান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এর কাছে ক্ষমতা হস্তান্তর করেন ওবামা। ডোনাল্ড ট্রাম্প মেয়াদ পূর্ণ করলে রিপাবলিকানদের আমেরিকা শাসনের ইতিহাস হবে ৯১ বছরের যা ডেমোক্র্যাটদের চেয়ে এক বছর কম।

আমেরিকার প্রাচীন রাজনৈতিক দল ডেমোক্র্যাটদের ইতিহাস ১৯৭ বছরের আর রিপাবলিকানদের ইতিহাস ১৬৬ বছরের ফলে ডেমক্রেটদের চেয়ে জনপ্রিয় হচ্ছে রিপাবলিকান। কারন তাদের বয়স কম হলেও দেশ শাসনের ইতিহাস প্রায় ডেমক্রেটদের সমান। রিপাবলিকানদের জন্মের আগেই ডেমক্রেটদের ৫জন প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছিলেন। ডেমোক্র্যাটদের ব্যানারে এ পর্যন্ত ১৫ জন ব্যক্তি আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন। এর বিপরীতে রিপাবলিকানদের ব্যানারে আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচিত হয়েছেন ১৮জন ব্যক্তি।

আমেরিকার রাজনীতিতে আরেকটি দলের অস্থিত্ব পাওয়া যায়। দলটির নাম হুইগ। দলটির জন্ম ১৮৩৩ সালে এবং বিলুপ্তি হয় ১৮৫৪ সালে। এই পার্টির প্রথম প্রেসিডেন্ট উইলিয়াম হেনরি দেশের ১৪তম নির্বাচনে বিজয়ী হন। তিনি মাত্র একমাস দায়িত্ব পালন করে তার দফতরেই মৃত্যুবরন করেন। ১৮৪১ সালের ৪ মার্চ দায়িত্ব নেন উইলিয়াম হেনরি এবং একই সালের ৪ এপ্রিল মারা যান। একই দলের জন টেলর পুনঃনির্বাচনে বিজয়ী হন। ৪ এপ্রিল ১৮৪১ থেকে ৪ এপ্রিল ১৮৪৫ সালে দায়িত্ব হস্তান্তর করেন হুইগ প্রেসিডেন্ট জন টেলর। আমেরিকার ১৬তম প্রেসিডেন্ট নির্বাচন এবং পূনঃনির্বাচনে বিজয়ী হন হুইগ-পার্টিও প্রার্থীরা। ১২তম প্রেসিডেন্ট নির্বাচিত হন হুইগ পার্টির জেচারিটেলর, মাত্র ১৪মাস পর নিজ দফতরে মারা যান তিনি, পুনর্নির্বাচনে এই দলের মিলার্ড ফিলমোর নির্বাচিত হন। ১২তম প্রেসিডেন্ট হিসেবে দায়িত্ব নেন হুইগ এর জেচারি টেলর, তিনি ১৮৪৯ সালের ৪ মার্চ দায়িত্ব গ্রহণ করেন,১৮৫০ সালের ৯ জুলাই মৃত্যুবরণ করেন। পরবর্তীতে ১৩তম প্রেডিন্ট হিসেবে এই দলের মিলার্ড ১৮৫০ এর ৯জুলাই দায়িত্ব নেন এবং ১৮৫৩ সালের ৪ মার্চ দায়িত্ব হস্তান্তর করেন। হুইগ নামের দলটি ১৮৫৪ সালে বিলুপ্ত হয়।

বাংলাদেশ কম্যুনিটিতে এখন সবচেয়ে বিশ্বস্ত ট্রাভেল এজন্সি

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া



SUPER WINTER SALE

আমরা IATA অনুমোদিত

ফোন: 718-721-2012

উমরাহ্ স্পেশাল

★ হোটেল ★ ভিসা ★ ট্রান্সপোর্টেশান

KUWAIT AIRWAYS

Emirates السعودية SAUDIA QATAR AIRWAYS القطرية TURKISH AIRLINES

আমাদের অফিস শুধুমাত্র এস্টোরিয়ায়

Digital Travel Astoria

ডিজিটাল ট্রাভেলস এস্টোরিয়া

2578, 31st Street, Astoria, NY 11102

সাবওয়েতে N ও W ট্রেনে 30th Avenue Station

Cell: 917-459-7181

website: www.digitaltraveltour.com

We are on Facebook

জুনোভাই ভাই : একজন সাহসী মুক্তি যোদ্ধার কথা



আতিকুর রহমান সালু

ভোর বেলাতেই জুনো ভাইয়ের (হায়দার আনোয়ার খান জুনো) মেয়ে পুতুলের মেসেজটা পেলাম। সহযোদ্ধা জুনো ভাই আর নেই, ইন্না লিল্লাহি.....রাজিউন।

জানতাম তিনি গুরুতর অসুস্থ, তবু বিশ্বাস করতে কষ্ট হচ্ছিল! বিধির বিধান খন্ডাবে কে? এটাইতো নিয়ম। সবাইকে একদিন যেতে হবে এই দুনিয়ার মায়া কাটিয়ে! কেউ আগে কেউ পরে! আমার ছোটো মেয়ে আনিকা চলে গেছে সেই না ফেরার দেশে মাত্র ১৬ বছর বয়সে! আমেরিকার ভার্জিনিয়াতে গাড়ী দুর্ঘটনার কারণে হাসপাতালে ভর্তী হওয়ার পর চিকিৎসাধীন অবস্থায় ২০০৬ সালের ৩১ জুলাই। আমি তখন ঢাকায়। অনেকের সাথে রণো ভাই ও জুনো ভাই এলেন দেখা করে সমবেদনা জানাতে। এযেন কাকতালীয় ঘটনা!

আমেরিকায় আমাদের নিউজার্সীর বাসায় অনেক আগে জুনো ভাই ও চপল ভাবী এসেছিলেন এবং পরে রণো ভাইও এসে এক রাত ছিলেন। আমার ছোট মেয়ে আনিকা, জুনো ভাই ও ভাবীকে গান গেয়ে শুনিয়েছিল! মনের আয়নায় ভেসে ওঠে কত ছবি কত কথা! ১৯৬২ ও '৬৩-এর আইয়ুব খানের সামরিক শাসন ও শরিফ শিক্ষা কমিশন বিরোধী সংগ্রাম, ঐতিহাসিক ১১ দফা আন্দোলন, সতীর্থ আসাদের শহীদ হওয়ার ঘটনা, '৬৯ এর গণ অভ্যুত্থান ও সুমহান মুক্তিযুদ্ধের ছবি! ১৯৭২ সনে বাংলাদেশ হওয়ার পর ঐতিহাসিক পল্টন ময়দানে বিপ্লবী ছাত্রইউনিয়নের বিশাল সম্মেলন অনুষ্ঠিত হয়েছিল। সেখানে সারা দেশ থেকে আনুমানিক ২০ হাজার ছাত্রছাত্রী যোগদান করে। হুজুর মওলানা আব্দুল হামিদ খান ভাসানী সেই সম্মেলন উদ্বোধন করেন। জুনো ভাই ছিলেন তখন সভাপতি আর আমি ছিলাম সাধারণ সম্পাদক। ঐ সম্মেলনেই আমি সভাপতি নির্বাচিত হই। রণো ভাইয়ের ছোট ভাই হ'ল জুনো ভাই। দু'জনের বন্ধুত্বের তুলনা নেই! কতবার তাদের বাসায় যে গেছি তার হিসেব নেই। খালাম্মার আতিথেয়তার তুলনা মেলা ভার!

একবার দিনাজপুরে আমাদের সভায় যাওয়ার কথা, ভোর বেলার রেলে। শীতের দিন। আমরা ঘুমে। খালাম্মা ডাকছেন এই রণো, জুনো, সালু ওঠো, তোমরা। ....গাড়ী পাবেনা। গরম পানি করে রেখেছি, নাস্তা রেডি।

....একদিন, দু'দিন নয়, দিনের পর দিন, মাসের পর মাস ও বছরের পর বছর তিনি হাসি মুখে আমাদের জ্বালাতন সহ্য করেছেন! খালাম্মা যেন ছিলেন ম্যাকসিম গোরকীর মা! খালুজানও ছিলেন খুউব-ই অমায়িক।

কাকরাইলের ও ৩২ নং এর ধানমন্ডির বাসায় কতবার গেছি। সবকিছুই এখন স্বপ্নের মতো মনে হয়! দিন কি ভাবে কেটে যায় দিন?

'.....সময় যেন নদী
.....কুল কুল বয়ে চলে নিরবধি'।

ছাত্র ইউনিয়নের সভা ও সম্মেলন উপলক্ষ্যে দেশে কত জায়গায় গেছি আমরা! তিনি আমাদের টাঙ্গাইলের বাসাতেও গেছেন। গেছেন মওলানা ভাসানীর সংগে দেখা করতে। ১৯৬২ এ তৎকালীন ঢাকা বিশ্ব বিদ্যালয়ের আমতলা থেকে একটি পরিবার যাত্রা শুরু করেছিল শোষন মুক্ত সমাজ কায়েম করার স্বপ্ন বুকে নিয়ে....., মত পার্থক্য ও বিভাজনেও সম্পর্ক ছিল বন্ধুর মত! এখনও তা' অমলিন।

আশাবাদী আমি, নতুন প্রজন্ম তারা বাকি কাজটুকু সমপন্ন করবে। আমরা তো কারণে-অকারণে রেগে যাই। অবাক ব্যাপার, জুনো ভাইকে আমি কোনদিন রাগতে দেখিনি! তিনি ছিলেন অতি বিনয়ী, সজ্জন ও নিরহংকার ব্যক্তিত্ব। ঢাকায় যতবার গেছি একাধিকবার দেখা করেছি। বেঁচে থাকলে আবার হয়তো যাব, কিন্তু জুনো ভাইকে আর পাবো না। ....জুনো ভাইকে 'মিস করবো, খুউব-ই মিস করবো।'

তিনি আমাদের মনের মনিকোঠায়, তিনি চিরকাল বেঁচে থাকবেন। আমি আমার ব্যক্তিগত ও পরিবারের পক্ষ থেকে জুনো ভাই'র পরিবারের প্রতি গভীর সমবেদনা জানাই।

আল্লাহ তায়ালা আমাদের সবাইকে ক্ষমা করুন এবং জুনো ভাইকে জান্নাতবাসী করুন।

লেখক: কবি, লেখক, পরিবেশবিদ ও সোস্যাল অ্যাকটিভিষ্ট। বর্তমানে যুক্তরাষ্ট্রের নিউজার্সী অঙ্গরাজ্যে বসবাসরত।

EFFICIENT MEDICAL CARE DHAKA DENTAL P.C.

ডা. বর্ণালী হাসান এমডি ও ডেন্টিস্ট মাহফুজুল হাসান ডি.ডি.এস
দুটি অফিসের মাধ্যমে দীর্ঘদিন ধরে চিকিৎসা সেবা দিয়ে আসছেন


DR. MAHFUJUL HASAN D.D.S


DR. BORNALI HASAN MD

উভয় অফিসে এপয়েন্টমেন্টের জন্য আমাদের সাথে যোগাযোগ করুন

চিকিৎসা সেবায় আগ্রহী ব্যক্তিরা যেকোন একটি অফিসে যোগাযোগ করতে পারেন। প্রায় সব ধরনের মেডিকেইড, প্রাইভেট এবং ইউনিয়ন ইনসিওরেন্স গ্রহণ করা হয়।

মেডিকেইড, ফিডালিস কেয়ার, হেলথ ফার্স্ট ও এ্যাফিনিটি ইনসিওরেন্সের গ্রাহকেরা তাৎক্ষণিক ভাবে দাঁতের চিকিৎসা নিতে পারেন।

আমাদের শাখা দু'টি

JAMAICA
170-09 Hillside Ave. Jamaica, NY 11432
Tel: (718) 291-2710 (MEDICINE),
(718) 480-8877 (DENTAL)

SUNNY SIDE
40-14 Green Point Ave. Sunnyside, NY 11104
Tel: (718) 392-2858 (MEDICINE),
(718) 779-1300 (DENTAL)

General Dentist :
Dr. Hatim Gandhi, D.D.S
Dr. Frederik Fisher, D.D.S

ম্যানহাটনে বাংলাদেশী এটর্নী



- ইমিগ্রেশন
- রিয়েল এস্টেট
- এক্সিডেন্ট
- ল্যান্ডলর্ড-টেনেন্ট
- ব্যাংক্রাপসি
- ডিভোর্স সহ বিভিন্ন

সমস্যার আইনগত সহায়তার জন্য যোগাযোগ করুন।

মোহাম্মদ এ. আজিজ Esq
এটর্নী এট ল'
For Appointment: (917)-434-3338
Tel: 212-695-0055, Fax: 212-695-0056, Email: azizbbu@yahoo.com
421 7th Avenue, Suite# 905, New York, NY 10001

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com

কলম্বিয়া ইউনিভার্সিটি ল' গ্রাজুয়েট, লন্ডন ইউনিভার্সিটি থেকে ব্রিটিশ ফরেন ও কমনওয়েলথ

অফিসের অধীনে শেভনিং স্কলার ও হিউম্যান রাইটস-এ মাস্টার্স, ঢাকা ইউনিভার্সিটি থেকে আইনে অনার্স ও মাস্টার্স (১ম শ্রেনী), বিসিএল (জুডিশিয়াল) এর সদস্য, বাংলাদেশে প্রাক্তন সিনিয়র সহকারী জজ আইন মন্ত্রণালয়ের সিনিয়র সহকারী সচিব ও বাংলাদেশ সরকারের প্রাক্তন মাননীয় আইন মন্ত্রীর কাউন্সিল অফিসার হিসেবে ৮ বছর এবং নিউইয়র্কের বিভিন্ন ল'ফার্মের অভিজ্ঞতাসম্পন্ন এ্যাটর্নী।



অশোক কুমার কর্মকার
এ্যাটর্নী এট ল'

আমেরিকায় যে কোন নতুন ব্যবসায় ন্যূনতম বিনিয়োগের মাধ্যমে Treaty (E-2) ভিসার অধীনে এদেশে ব্যবসা করার সুযোগ পেতে পারেন এবং পরবর্তীতে গ্রীন কার্ড পাওয়ার যোগ্য হতে পারেন।

তাছাড়া ১ মিলিয়ন বা ন্যূনতম ৫ লাখ ডলার বিনিয়োগ করে EB-5 ভিসার অধীনে আপনি আপনার পরিবার ও সন্তান-সন্ততিসহ গ্রীন কার্ড পেতে পারেন।

বৈধভাবে এদেশে আপনার বিনিয়োগের অর্থ আনয়নে আমাদের সাথে পরামর্শ করতে পারেন।

দেশে কোন কোম্পানীর মালিক/পরিচালক হলে আপনি ও আপনার পরিবার থ ঠরংধ'র সুবিধা নিতে পারেন এবং দু'বছর পর গ্রীন কার্ডের আবেদন করতে পারেন।

আপনি কি বিনিয়োগের মাধ্যমে নিজের যোগ্যতায় খুব দ্রুত গ্রীন কার্ড পেতে চান?

* আপনার সার্বিক আইনী (ইমিগ্রেশন, এসাইলামসহ সর্বপ্রকার রিয়েল এস্টেট ক্লোজিং, পার্সোনাল ইনজুরি, মেডিকেল ম্যালপ্র্যাকটিস, ডিভোর্স, পারিবারিক রিগ্যালাইজেশনসহ সকল ধরনের) সমস্যার সমাধানে যোগাযোগ করুন (সোম-শনিবার)।
* আমেরিকায় বসে আমাদের ঢাকা অফিসের মাধ্যমে খরচ ও সময় বাঁচিয়ে আপনি বাংলাদেশে আপনার যে কোন মামলা পরিচালনা, সম্পত্তি ক্রয়-বিক্রয়সহ যে কোন আইনী সমস্যার সমাধান সহজেই করতে পারবেন।
* আপনার সম্পত্তি ব্যবস্থাপনায় (Property Management) আমাদের ঢাকা অফিস আপনাকে সহায়তা করতে পারে।

Law Offices of Ashok K. Karmaker, P.C.
Queens Main Office: Queens Office: 143-08 Hillside Avenue, Jamaica, NY 11435
Tel: (212) 714-3599, (718) 408-3282. Fax: (718) 408-3283, Email: ashok@ashoklaw.com, Web: www.ashoklaw.com
Tel: (718) 662-0100, Fax: (347) 305-8383, Email: info.klpllc@gmail.com, Web: www.k-lpllc.com
Dhaka Office: US-Bangladesh Global Law Associates Ltd.
Dream Apartment, Apt.C2, Hse 3G, Road 104, Gulshan Circle 2, Dhaka 1212, Bangladesh, Tel: 011-880-2-8833711

BISMILLAH HALAL LIVE POULTRY MEAT & FISH MARKET
বিসমিল্লাহ হালাল লাইভ পোল্ট্রি, মিট এন্ড ফিস মার্কেট



New Price বিশাল মূল্যহ্রাস

রেড/ব্লাক চিকেন $3.25/lb

১০টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ৩টি ফ্রি
৬টি কালার (রেড/ব্লাক) চিকেন কিনলে ১টি ফ্রি (৩টি রেড হার্ড চিকেন ফ্রি)
৩টি হার্ড চিকেন $12.99 (১টি রেড হার্ড চিকেন ফ্রি)

আমাদের আরও রয়েছে কবুতর, কোয়েল, চাকার, টিটি মুরগী ও রাজা মোরগ, বাদি হাঁস, হাঁস ও কোয়েলের ডিম



প্রতিদিন জবেহ করা হালাল মাংসের মধ্যে রয়েছে-
রেগুলার গোট $4.49/lb বেবি গোট $6.49/lb



বিমানে আসা তাজা মাছসহ আমাদের এখানে পাবেন লাইভ ফিস
এছাড়াও আমাদের এখানে সুলভ মূল্যে পাওয়া যাবে বাংলাদেশের যাবতীয় ব্লকের মাছ

বোয়াল, আইড়, কোরাল, পাবদা, স্টার বাইন, লং বাইন, চিতল, কাতলা, বাছা ও শোল



লাইভ তেলাপিয়া	$3.49/lb
লাইভ বাফেলো	$3.49/lb
আমেরিকান ইলিশ	$1.99/lb
দেশী রুই	$1.79/lb
Herring Fish (চাপিলা মাছ)	$2.49/lb
Porgy	$1.49/lb

লাইভ ক্যাটফিস, স্যালমন, স্ট্রাইপ ব্যাস, সীব্যাস, স্মেল্ট, হ্যারিং, শ্রিম্প, বাংলাদেশী গলদা চিংড়ি এবং ইলিশ মাছ

স্পেশাল

রেশমী বাসমতি রাইস	$ 17.99
আমিন বাসমতি রাইস	$ 17.99
আমিন পারবয়েলড রাইস	$ 9.99
ডোনার বাসমতি রাইস	$ 18.99
বাহার বাসমতি রাইস	$ 13.99
সুলতানা বাসমতি রাইস	$ 12.99
কচুর লতি (৩ প্যাক)	$4.99
৩ প্যাক কেসকি মাছ	$4.99
১ ডজন ডিম	.99¢
আয়োডাইজ সল্ট (২টি)	.99¢

ফ্রি ডেলিভারী মিনিমাম ৫০ ডলার

EBT & Foodstamp
Open 7 Days: 8:00am to 7:30pm
Direction: R, Q, V train to Northern Blvd

37-15, 55th Street, Woodside, NY 11377 (Bet. 37&38 Ave)
718.205.7200 917.295.4011



যুক্তরাষ্ট্র জাপা'র সহ সভাপতি হারিস উদ্দিন আহমেদের স্ত্রী নিলুফা ইমিগ্রেন্ট হলেন

নিউইয়র্ক: যুক্তরাষ্ট্র জাতীয় পার্টির সহ সভাপতি ও কেন্দ্রীয় সদস্য এডভোকেট হারিস উদ্দিন আহমেদের স্ত্রী নিলুফার সামসুর নাহার যুক্তরাষ্ট্রের ইমিগ্রেন্ট হয়ে নিউ-ইয়র্ক আগমন করেছেন। বাংলাদেশ সরকারের টেলিগ্রাফ ডিভিশনের সিনিয়র একাউন্টস অফিসার (অব) নিলুফার সামসুর নাহার তার একমাত্র মেয়ে ডা. নাবিলা নুসরাতকে সাথে নিয়ে গত ২৮ অক্টোবর বুধবার সন্ধ্যা ৭ ঘটিকায় ইমিগ্রেন্ট হয়ে বাংলাদেশ থেকে তার্কিস এয়ার যোগে জেএফকে এয়ারপোর্টে এসে পৌছলে তাদেরকে ফুলের তোড়া দিয়ে বরণ করেন নেয় জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখার সভাপতি ও কেন্দ্রীয় সদস্য হাজী আবদুর রহমান এবং সাধারণ সম্পাদক ও কেন্দ্রীয় সদস্য আবু তালেব চৌধুরী চান্দু।

উল্লেখ্য, এডভোকেট হারিস উদ্দিন আহমেদ দীর্ঘ ২৪ বৎসর পর স্ত্রী ও মেয়ের সঙ্গে মিলিত হলেন, তাদেরকে এতোদিন পর নিজের কাছে পেয়ে আনন্দে ও আবেগে আপ্লুত হয়ে পড়েন। তার ২ সন্তানের মধ্যে বড় ছেলে বাংলাদেশ বিমান বাহিনীর (অবঃ) ক্যাপ্টেন বর্তমানে ইউ-এস বাংলা এয়ারলাইন্সের ক্যাপ্টেন হিসেবে কর্মরত আছেন। ছোট মেয়ে ডা. নাবিলা সুলতানা বাবা-মার সাথে নিউইয়র্কেই বসবাস করছেন। তারা প্রবাসী সকলের দোয়া কামনা করেছেন।-প্রেস বিজ্ঞপ্তি।

ফেসবুক অ্যাকাউন্ট হ্যাক হলে উদ্ধার করবেন যেভাবে

(প্রথম পাতার পর)

অ্যাকাউন্টটি ব্যবহার করতে পারে। হ্যাক হলে ফেসবুক একাউন্টটি উদ্ধার করবেন যেভাবে:

১) প্রথমেই এই লিঙ্কে যান http://www.facebook.com/hacked

২) একটি পেজ আসবে, এখান থেকে "My account is compromised" এই বাটনে ক্লিক করুন।

৩) হ্যাক হওয়া একাউন্টটির তথ্য চাইবে এখানে। উল্লেখ করা ২ টি অপশনের যেকোন একটির ইনফরমেশন দিন। দিয়ে ক্লিক করুন সার্চ এ ক্লিক করুন-

৪) আপনার প্রদত্ত তথ্য সঠিক হলে আপনার একাউন্টটিই দেখাবে এখানে

৫) এখন "This is My Account" এ ক্লিক করুন।

৬) ক্লিক করার পর আপনার বর্তমান অথবা পুরাতন পাসওয়ার্ডটি চাইবে।

এখানে আপনার পুরাতন পাসওয়ার্ডটি দিয়ে "Continue" করুন। আপনাকে একটা কনফার্মেশন মেসেজ দিবে। তার পরে কন্টিনিউ করে পরের স্টেপগুলি পার করুন। সাধারণত পরের স্টেপে আপনার কাছ থেকে একটা নতুন পাসওয়ার্ড চাওয়া হবে। পরের ফর্মগুলো ঠিক ঠাক পূরণ করলে ফেসবুক থেকে একাউন্ট আবার ফেরত পেয়ে যাবেন।

৭) হ্যাকার যদি ইমেইল অ্যাড্রেস, ফোন নম্বরসহ লগইন করার জন্য প্রয়োজনীয় তথ্য পরিবর্তন করে থাকে তবে Need another way to authentication? -> Submit a request to Facebook এ ক্লিক করলে ফেসবুক প্রোফাইলটি উদ্ধারের জন্য প্রয়োজনীয় তথ্য ও আইডি সরবরাহের ফর্ম পূরণের মাধ্যমে হ্যাকড অ্যাকাউন্ট উদ্ধার করা সম্ভব।

সোশ্যাল মিডিয়া হ্যাকিংয়ের শিকার হলে আপনি সশরীরেও সিআইডির সাইবার পুলিশ সেন্টারে গিয়ে অভিযোগ জানাতে পারেন।

দীর্ঘ লাইনে আর অপেক্ষা নয়

আপনি লাইনে থাকতেই প্রেসক্রিপশন তৈরী

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।

বিনামূল্যে ব্লাড সুগার মনিটর

২৫% ছাড় কুপন সহ যে কোন পণ্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়

ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

FARKCHESTER FAMILY FARMACIA & SURGICAL, INC.
FARKCHESTER FAMILY PHARMACY & SURGICAL, INC.



নিউইয়র্ক লটারী খেলার ব্যবস্থা রয়েছে



আমরা বাংলায় কথা বলি

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহণ করে থাকি।

❑ প্রতিদিন সর্বোচ্চ কমমূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়, ❑ সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ্ কেয়ার, প্রসাধন সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ্ এন্ড বিউটি কেয়ার ❑ ফটোকপি ৫ সেন্ট, ❑ ফ্যাক্স সার্ভিস, ❑ ৯৯ সেন্ট-এ উপহার কার্ড, ❑ ফিল্ম প্রসেসিং

PARKCHESTER FAMILY PHARMACY
১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড (জে এন্ড কে বুফের পাশে) ব্রঙ্কস, নিউইয়র্ক-১০৪৬২ (347) 851-2688
আমাদের অন্য কোন শাখা নেই
আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসক্রিপশন সংগ্রহ করে থাকি।



এটর্নী শাকিল এইচ কাজমী

ইমিগ্রেশন ও আপনি

আমেরিকার অবস্থানরত বাংলাভাষাভাষী প্রত্যেকেই কোন না কোনভাবে ইমিগ্রেশনের সাথে জড়িত। বিশাল জনগোষ্ঠীর কিছের সুবিধার্থে ইমিগ্রেশন বিভাগে "ইমিগ্রেশন ও আপনি" শিরোনামে প্রতি সপ্তাহে বাংলার ইমিগ্রেশন বিশেষজ্ঞ আইনজীবীদের দেশী সাংবাদিকদের এবারও করছি। এই ক্ষেত্রে বিশেষজ্ঞ শাকিল হোসেন কাজমী। শাকিল কাজমী লিভিংরুট ম'স্কুল অফিসের উপর পড়াশোনার করেছেন। তিনি ক্যালিফোর্নিয়া স্টেট বার এসোসিয়েশন, আমেরিকান বার এসোসিয়েশন এবং ইমিগ্রেশন ল' ইন্সটিটিউট এসোসিয়েশনের সদস্যও।

ইমিগ্রেশন ও আপনি বিভাগ থেকে আপনাদের সবার জন্যে রইলো ইংরেজী নববর্ষের শুভেচ্ছা ও ধন্যবাদ।

আশাকরি আপনারা সবাই সুস্থ ও নিরাপদে আছেন। আপনাদের মঙ্গলময় জীবনই আমাদের কাম্য আর তাই ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমরা আপনাদের সাহায্যের জন্যে প্রস্তুত। এই বিভাগ আপনাদের জন্যে। এ কারণে এই বিভাগের মাধ্যমে আপনার এতটুকু হলে আমরা আনন্দিত হবো।

প্রতি সপ্তাহের মতো এ সপ্তাহেও আপনাদের পাঠানো চিঠিগুলো আমাদের হাতে এসে পৌছেছে। আপনাদের পাঠানো চিঠি থেকে পর্যায়ক্রমে আমরা তার উত্তর দিয়ে থাকি।

নিউইয়র্ক থেকে মিতালী হকের প্রশ্নঃ

আমার বোন গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে এসেছিলো। তারপর বাংলাদেশে তার বিয়ে হয়। কিন্তু বিয়ের বিষয়টি এম্বেসীকে জানানো হয়নি। এরপর আমার বোন এদেশে এসে থাকার পর আবার বাংলাদেশে গেছে। আমার বোনের এবারের বাংলাদেশে অবস্থানের মেয়াদ এক বছর পেরিয়ে গেছে। তাই আমার জানার ইচ্ছা আমার বোনটি স্বাভাবিকভাবে ইচ্ছা করলে আবার এদেশে চল আসতে পারবে? সে কি ঢাকা ইউএস এম্বেসীতে গিয়ে প্রয়োজনে রি-এন্ট্রির জন্যে আবেদন করতে পারবে? আমার বোন তার স্বামীকে এদেশে আনতে চায়। এসব বিষয়ে আপনার পরামর্শ পাবার প্রত্যাশায় রইলাম। এমন প্রশ্ন আগেও দেখেছি বলে আজ আমিও লিখলাম।

মিতালী হকের প্রশ্নের উত্তরঃ

একজন গ্রিনকার্ডধারী তার স্পাউসের জন্যে আবেদন করতে পারেন। তবে গ্রিনকার্ডধারীরা বিনা অনুমতিতে এক বছরের কম সময় এদশে বাইরে অবস্থান করতে পারেন। এক বছর বা তার বেশি সময় এদশের বাইরে অবস্থান করলে গ্রিনকার্ড নষ্ট হয়ে যেতে পারে। ইমিগ্রেশন ইউএস এর প্রবেশ প্রত্যাখ্যান করতে পারে।

তবে রি-এন্ট্রির ব্যাপারে যা বলতে চাই সেটা হচ্ছে একজন গ্রিনকার্ডধারী ইউএস এর বাইরে গিয়ে একবছর বা তার বেশি সময় অবস্থান করতে চাইলে দুই বছরের জন্যে অনুমতি সাপেক্ষে রি-এন্ট্রি লাভ করা যেতে পারে। কিন্তু গ্রিনকার্ডধারীকে এদেশের বাইরে যাবার আগেই এখান থেকেই তাকে রি-এন্ট্রির জন্যে আবেদন করতে হবে।

এই রি-এন্ট্রির আবেদনের সময় আবেদনকারীকে অবশ্যই এদেশে উপস্থিত থাকতে হবে। এ ব্যাপারে বিস্তারিত জানার জন্যে প্রয়োজনে একজন এটর্নির সাথে সাক্ষাতে গিয়ে কথা বলা যেতে পারে।

আপনি আপনার বোনের বিষয়ে আরো যা জানতে চেয়েছেন সে ব্যাপারে স্পস্ট করে করে সবকিছু উল্লেখ করতে হবে। যা হয়তো সাক্ষাতে আলোচনা ক রার সময় আপনি উল্লেখ করতে পারবেন। এসব ব্যাপারে সুস্পষ্ট করে কিছু বলতে চাইলে এ সম্পর্কে প্রাসঙ্গিক আরো কিছু তথ্য জানা দরকার।

একজন গ্রিনকার্ডধারী তার স্পউসের জন্যে ইমিগ্রেশনের আইন অনুযায়ী আবেদন করতে পারেন। কিন্তু সেই আবেদনকারী স্পাউসকে অবশ্যই এদেশে যথাযথ গ্রিনকার্ডধারী হিসেবে এদেশে বসবাস করতে হবে।

নিউইয়র্ক থেকে আবু হামিদের প্রশ্নঃ

আমি আজ এই চিঠিটি লিখছি আমার এক বন্ধুর জানতে চাওয়ার প্রেক্ষিতে। আমার বন্ধুর চাচা একজন ইউএস সিটিজেন। তিনি আমার বন্ধুর বাবার জন্যে অর্থাৎ তার ভাইয়ের জন্যে আবেদন করেছিলেন। এই আবেদনে ঐ ভাইয়ের সন্তানেরাও অন্তর্ভূক্ত ছিলেন। কিন্তু ঘটনা হচ্ছে আমার বন্ধুর বাবা অর্থাৎ আবেদনকারীর ভাই মারা গিয়েছেন। সে কারণে জানতে চাওয়ার বিষয় হচ্ছে এখন ঐ আবেদনের অবস্থা কেমন হবে?

আবু হামিদের প্রশ্নের উত্তরঃ



প্রথমেই আমাদের জানা থাকা দরকার যে একজন সিটিজেন এবং গ্রিনকার্ডধারী কাদের জন্যে আবেদন করতে পারেন।

একজন গ্রিনকার্ডধারী তার স্পাউস এবং অবিবাহিত সন্তানের জন্যে আবেদন করতে পারেন।

গ্রিনকার্ডধারীর সন্তানদের আবার দুটি ক্যাটেগরী আছেঃ

১। ২১ নিম্ন এবং

২। ২১ উর্ধ বয়সের সন্তান।

২১ নিম্ন বয়সের সন্তানেরা ২-এ এবং ২১ উর্ধ বয়সের সন্তানেরা ২-বি ক্যাটেগরিতে পড়ে।

একজন ইউএস সিটিজেন তার নিম্নে উল্লেখিত আত্মীয়দের জন্যে আবেদন করতে পারেঃ

স্পাউস (স্বামী/স্ত্রী)

সন্তান (২১ নিম্ন/২১ উর্ধ)বিবাহিত ও অবিবাহিত

মা-বাবা এবং

ভাইবোন

ইমিগ্রেশন আইন অনুযায়ী ইউএস সিটিজেন তার ভাইয়ের জন্যে আবেদন করতে পারেন। তবে একজন ইউএস সিটিজেনের স্পাউস, মাবাবা এবং ২১ নিম্ন অবিবাহিত সন্তানেরা প্রথম প্রেফারেন্সে পড়েন বলে এই ক্যাটেগরীর পড়েন বলে এই ক্যাটেগরীর আত্মীয়দের অপেক্ষা করতে হয়না।

তবে ইউএস সিটিজেনের ভাইবোনেরা চতুর্থ প্রেফারেন্সে পড়েন।এই ক্যাটেগরীর অপেক্ষার সময় আনুসাঙ্গিক দশ বছরের বেশি। আপনার বন্ধুর চাচা তার ভাইয়ের জন্যে আবেদন করেছিলেন।

এখন দুঃখজনক ঘটনা হচ্ছে আপনার বন্ধুর বাবা ছিলেন বেশি-ফিশিয়ারী এবং তিনি মারা গেছেন। এর ফরে অর্থাৎ বেনিফিশিয়ারীর মৃত্যুর কারণে আবেদনেরও মৃত্যু ঘটেছে। ঐ আবেদনের প্রেক্ষিতে আবেদনের অন্তর্ভূক্ত আর কেউ এদেশে আসার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হবেন না।

কুইন্স থেকে ইমতিয়াজুল খানের প্রশ্নঃ

আমি কিছুদিন হয় পারমানেন্ট রেসিডেন্ট কার্ড পেয়েছি। সেকারণে বাংলাদেশে গিয়ে আমার পছন্দের একজন মেয়েকে আমি বিয়ে করতে চাচ্ছি। এখন আমার জানার বিষয় হচ্ছে একজন গ্রিনকার্ডধারী হিসেবে বাংলাদেশে গিয়ে বিয়ে করার পর আমার স্ত্রীকে এখানে আনার ব্যাপারে আমি উপযুক্ত হবো কিনা? আর গ্রিনকার্ড নিয়ে ঝামেলাহীনভাবে দেশে গিয়ে কতদিন অবস্থান করতে পারব?

ইমতিয়াজুল খানের প্রশ্নের উত্তরঃ

একজন পারমানেন্ট রেসিডেন্ট তার স্পাউস এবং অবিবাহিত সন্তান-এর জন্যে আবেদন করতে পারেন। আপনি একজন পারমানেন্ট রেসিডেন্ট সেজন্যে আপনি আপনার বিবাহিতা স্ত্রীর জন্যে আবেদন করার ব্যাপারে উপযুক্ত বলে বিবেচিত হবেন।

পিটিশনার যদি ইউএস এর গ্রিনকার্ডধারী হন তবে শুধু আই-১৩০ রিলেটিভ পিটিশান ফাইল করতে পারেন। আর বেনিফি-শিয়ারী যদি ইউএস সিটিজেন হন আর বেনিফিশিয়ারী যদি বাংলাদেশী হন হবে আই-১৩০ পিটিশান ফাইলের দরকার নেই।

ইউএস সিটিজেনের স্পাউস হবার কারণে বিয়ের পরেই তার স্ট্যাটাস এডজাস্টমেন্টের জন্যে ফাইল করা যাবে।

গ্রিনকার্ডধারীর স্পাউস (স্বামী/স্ত্রী) দ্বিতীয় প্রেফারেন্সে পড়েন। আর আপনি একজন গ্রিনকার্ডধারী তাই আপনি দেশে একবছরের কম সময় সেখানে অবস্থান করতে পারেন কোন অনুমতি ছাড়াই। আপনার যদি এক বছর বা তার বেশি সময় থাকার পরিকল্পনা থাকে তবে দুই বছরের অনুমতি নিয়ে দেশে গিয়ে অবস্থান করতে পারেন। তবে এতে করে গ্রিনকার্ড পাবার পাঁচ বছর পর সিটিজেনশীপের জন্যে উপযুক্ত বলে বিবেচিত হলেও আপনাকে আবারো একাধারে ক্রমাগত পাঁচ বছর এদেশে অবস্থান করতে হবে।

প্রয়োজনবোধে আপনি একজন অভিজ্ঞ ইমিগ্রেশন এটর্নীর সাথে কথা বলে আপনার প্রশ্নের সমাধান সম্পর্কে জেনে নিতে পারেন।

আর একটি কথা আমরা প্রায় সবসময় বলে থাকি আর তা হচ্ছে যে আপনার যদি নিয়মিত আমাদের এই বিভাগ পড়েন তবে তা থেকে হয়তো আপনার প্রশ্নের জবাব সম্পর্কে ধারণা নিতে পারবেন।

সর্বশেষ আবারো আপনাদের সুস্থ ও সুন্দর জীবনের প্রত্যাশায় আজকের মত এখানেই শেষ করছি। ইমিগ্রেশন বিষয়ে যে কোন প্রয়োজনে আমাদের সাথে যোগাযোগের ঠিকানা: ২২৫ ব্রডওয়ে (৩৮ তলা), নিউইয়র্ক ১০০০৭।

ফোন: ২১২-৫১৩-৭৪৭৪

ফ্যাক্স: ৯১৪-৪৬২-৩৯৯০

ই-মেইল: kazmiandreeves@gmail.com এ লিখে ই-মেইল করলে অবশ্যই 'বাংলা পত্রিকার জন্য' কথাটি উল্লেখ করবেন।

অনুবাদঃ হুসনে এ. বেগম।

Law Offices of Kazmi & Reeves



225 Broadway, (38th Floor) New York, NY 10007. Tel: (212)513-7474 , Fax: (914) 462-3990
517 East Main Street, Middle Town, New York 10940. Tel: (845)341-0726, Email- kazmiandreeves@gmail.com

Tel: 212-513-7474, Fax: 914-462-3990

*** Immigration Cases & Appeals * Bankruptcy Cases**
*** Accident & Personal Injury Cases * Divorce, Separation, Child Custody & Support Cases * Business & Commercial Litigation * Real Estate Transactions * Corporation & Partnership Matters.**

এপয়েন্টমেন্ট করে পরামর্শের জন্য আমাদের অফিসে আসতে পারেন।

যৌথভাবে আমাদের রয়েছে ৩৫ বছরের বেশী অভিজ্ঞতা

আপনাদের সুবিধার্থে আমাদের নতুন অফিস এখন ম্যানহাটান ডাউন টাউনের প্রাণকেন্দ্রে এন, আর, ই এবং ২, ৩, ৪ এবং ৫ ট্রেনের সন্নিকটে। ই ট্রেনে ওয়ার্ল্ডট্রেড সেন্টার, ২ ও ৩ ট্রেনে প্লেসপার্ক এবং ৪ ও ৫ ট্রেনে ব্রুকলীন ব্রীজ, আর ও এন ট্রেনে সিটি হলে নামতে হবে।

আইনজীবী ফী আলোচনা সাপেক্ষে কিস্তিতে পরিশোধের ব্যবস্থা রয়েছে।

আপনি আইন সম্পর্কে তেমন কিছু জানেন না- ইমিগ্র্যান্ট ও সুযোগ সুবিধার দেশে আইনানুগ ব্যবস্থার মাধ্যমে জীবন ঝামেলামুক্ত করুন।
অধিকার প্রতিষ্ঠার মাধ্যমে শিকড় প্রথিত করে সার্বিকভাবে কমিউনিটিকে এগিয়ে নিন।

সেই আদিকাল থেকেই নারীর প্রতি বৈরী আচরণ চলে আসছে



রেহানুজ্জামান

একদিকে করোনা মহামারীর তান্ডব আর অন্য দিকে দুর্নীতিবাজদের দৌরাত্ম্য কোনটা রেখে কোনটা নিয়ে লিখব ভেবে পাচ্ছিনা। তার উপর আরেকটি ভাইরাস সমাজের গোদের উপর বিষফোঁড়ার মত চেপে বসেছে তাহলো অমানুষদের পশুবৃত্তি দ্বারা ধর্ষণ নামক ভাইরাসের আক্রমণ, যে ভাইরাস যুবসমাজের মননে, মস্তিষ্কে, শিরা-উপশিরায় সংক্রমিত হয়েছে। সেই আক্রমণে মানুষ তথা পশু পক্ষিরাই লজ্জিত ও মর্মাহত হচ্ছে।

গত বৎসর ডিসেম্বরে চিনের উহান প্রদেশ থেকে করোনা ভাইরাস নামের যে ভাইরাসের জন্ম নিয়েছিল, ভূমিষ্ট হয়েই সেখানে ভাইরাস ঝড়ে লন্ডভন্ড করে সে তার ডালপালা প্রসারিত করতে থাকে এবং দেশ থেকে দেশান্তরে ছড়িয়ে পড়তে থাকে। এই ভাইরাস যে দেশেই হানা দিয়েছে সেখানেই মানুষের জীবনের উপর হুমকি হয়েই দেখা দিয়েছে, আতংকিত করে তুলেছে। মানুষের জীবনকে অশান্ত করে তুলেছে জীবন মৃত্যুর সন্ধিক্ষণে দাঁড় করিয়ে দিয়েছে। যখনই একে একে মানুষ মৃত্যুর কোলে ঢলে পড়তে থাকে। তখনই জীবনকে নিয়ে মানুষের উপলব্ধি ঘটে, আহ! ছোট এ জীবন কত যে মূল্যবান! জানামতে দুই শত তেরোটি দেশে করোনা ভাইরাস ছড়িয়ে পড়েছে এবং বিশ্বে চার কোটি লোক করোনা ভাইরাসে আক্রান্ত হওয়ার খবর এখন পর্যন্ত জানা যায়। প্রথম আলোর তথ্য মতে বিশ্বে মৃত্যুর সংখ্যা ১১লক্ষ ১২হাজার ৫শত ৩৫জন। যে দেশ করোনা ভাইরাসে সংক্রমিত হয়েছে সে দেশেই সংক্রমিত হয়ে কমবেশি মানুষের মৃত্যু ঘটেছে। এখানে রথি-মহারতি কেউ বাদ যায়নি, সংক্রমিত হয়ে অনেক ধরাসায়ী হয়েছেন।

করোনা মহামারী থেকে বাংলাদেশ ও বাদ যায়নি গত গত ৮ মার্চ থেকে বাংলাদেশে করোনা ভাইরাস সংক্রমিত হতে থাকে। বিশ্বের বিভিন্ন দেশের চিত্র দেখে এ ভাইরাস নিয়ে দেশের বিশিষ্ট ব্যক্তিবর্গ এমন কি, বাংলাদেশ নিয়ে আশংকা করেছিল এতো ঘনবসতিপূর্ণ দেশে করোনা ভাইরাস দেখা দিলে নিশ্চিত কয়েক লক্ষ মানুষের মৃত্যু ঘটবে।

আল্লাহর অশেষ কৃপায় সেই অবস্থা বাংলাদেশে হয়নি। এখন পর্যন্ত অন্যান্য অনেক দেশের তুলনায় বাংলাদেশের অবস্থা ভালোই আছে। এবং অন্যান্য দেশের তুলনায় মৃত্যুর হার ও অনেক কম। যখনই মরণব্যাধি ভাইরাস বা রোগজীবাণু, মহামারী আকারে রূপ নেয় তা হয় দেশভিত্তিক নয়তো বিশ্বব্যাপী ছড়িয়ে পড়ে। যদিও করোনা ভাইরাস নিয়ে বিতর্ক সৃষ্টি হয়েছিল এই ভাইরাস মনুষ্য সৃষ্টি ভাইরাস তা কিন্তু আজও প্রমাণিত হয়নি। মহামারীজনিত ভাইরাসে বা রোগ জীবাণুতে মানুষের হাত থাকতে পারেনা এটা প্রকৃতি সৃষ্ট। করোনা ভাইরাসের প্রতিষেধক আজ না হয় কাল কোন একদিন আবিষ্কার হবে। মানুষ কঠিন এ পরিক্ষা থেকে উত্তির্ন হবেই। আমার এ লেখার শুরুতেই উল্লেখ করেছিলাম কোনটা রেখে কোনটা নিয়ে আলোচনা করব। যেহেতু ভাইরাসের কারণে দেশের অর্থনৈতিক অবস্থা ভাল থাকার কথা নয়। অর্থনৈতিক অবস্থাতে বিশ্বের সবকটি দেশে করোনা ভাইরাস আঘাত হেনেছে ঠিকই এখানে সরকারের করণীয় হল দক্ষ হস্তে মোকাবিলা করা। কোন কৈফিয়ত থাকলে সরকারের কাছে কৈফিয়ততের জবাব ও আছে। করোনা মহামারীর মতো দুর্নীতির মহামারী বৈশ্বিক না হলেও বাংলাদেশের জন্য মহামারীর মত রূপ নিয়েছে।



দুর্নীতির মহামারীর এ দৈত্য সমাজের রন্ধ্রে রন্ধ্রে মরণব্যাধির মতো বাসা বেধে সমাজকে খুড়ে খুড়ে খেয়ে নিঃশেষ করে দিচ্ছে। সরকার দাবী করে বলতে পারবেনা রাষ্ট্রে দুর্নীতি মুক্ত এমন কোন প্রতিষ্ঠান অক্ষত আছে। রাষ্ট্রের মন্ত্রণালয়ের যতসব শাখা প্রশাখা আছে সব শাখা প্রশাখাতেই দুর্নীতি নামক মহামারীতে আক্রান্ত হয়ে পড়েছে। স্বাধীন বাংলাদেশের নাগরিক হিসেবে স্বাধীনতার স্বাদে আহ্লাদিত হয়ে নির্বিঘ্নে চলাফেরা নির্বিঘ্নে দৈনন্দিন জীবনের কাজ সম্পন্ন করার কথা। সেখানে মানুষকে পদে পদে রাষ্ট্রীয় সেবকদের দ্বারা উৎকোচ উপঢৌকনের জন্য বাধাগ্রস্ত হতে হয়, অপমানিত লাঞ্চিত হতে হয়। 'জাতির জনক' বঙ্গবন্ধু সেই দুর্নীতিবাজদের কবল থেকেও রেহাই পাননি। তিনি ঠিকই দুঃখ করে বলেছিলেন- সাত কোটি জনগণের জন্য বরাদ্দকৃত কম্বলের মধ্যে আমার কম্বল গেল কই। সেই দুর্নীতিবাজদের বংশধর আজও বহাল তবিয়তে আছে।

বিগত কয়েক বছরের দুর্নীতিবাজদের পাহাড়সম পরিসংখ্যানে লুটেরাদের তালিকা অনেক ফুলেফেঁপে উঠছে। এই তালিকায় যাদের নাম উঠে এসেছে তাদের সবাই কোন না কোনভাবেই সরকারের সাথে সম্পৃক্ততার প্রমাণ পাওয়া যায়। প্রমাণ সহ হাতেনাতে ধরা ও পড়েছে এর প্রমাণ জনগণের কাছে আছে। এমনকি অনেক দলীয় পদে থেকে বহাল থেকে ও জনগণের রক্ষিত হাজার হাজার কোটি টাকা দুর্নীতি করে নিজেদের আখের গুছিয়েছে। দুর্নীতিবাজ দৈত্যদের ছোঁয়ায় ভল্টের স্বর্ণ তামা হয়ে গিয়েছে, সরকারি কোষাগারের রক্ষিত অর্থ উদাও হয়ে গিয়েছে, বড়পুকুরিয়ায় হাজার হাজার টন কয়লা নাই হয়ে গিয়েছে,রটের বদলে বাশ দিয়ে ব্রীজে কালভার্টের কাজ, বিল্ডিংয়ের কাজ সম্পন্ন হয়েছে।

আগেকার আমলের শুনা কথা পুকুর চুরি, এখনকার আমলে পুকুর চুরি নয় সাগর চুরি হয়। কারণ সাধারণ মায়নের চাকুরীজীবিরা হাজার হাজার কোটি টাকার মালিক কি আর পুকুর চুরি করে হতে পারে? সাহেদ, শাবরিনা, পাপিয়া, মালেক, সম্রাট, শামিম, এনাম, বাবু'রা কি রাষ্ট্র ও সরকারের লোকদের সম্পৃক্ততা ছাড়া এতো রিষ্ট পোষ্ঠ হওয়া কি সম্ভব! তাদের হাত এতো দূর প্রসারিত হওয়া কি সম্ভব! হ্যাঁ সম্ভব কারণ তারাতো সরকারের ঔরসজাত সম্পদ।

দুর্নীতি এই মহামারীর প্রতিষেধক সরকারকে আবিষ্কার করতে হবে এবং দুর্নীতির দৈত্যের শিকড়সমেত মূল উৎপাটন করতে হবে। তানা হলে সরকারের ভাল কাজ ম্লান হয়ে যাবে কোন কাজের গুরুত্বই বহন করবেনা। এখন আবার আরেক মহামারী 'ধর্ষণ' বিষফোঁড়ার মত দেখা দিয়েছে। মাছের যেমন পচন শুরু হয় মাথা থেকে সমাজের ও পচন শুরু হয় যুব সমাজের মাথা থেকে।

পচনশীল সমাজের চিত্রের লক্ষণ দেখা দিয়েছে বর্তমান বাংলাদেশের সমাজ ব্যবস্থায়। যে যুব সমাজ আগামী দিনের ভবিষ্যৎ সেই যুবসমাজের একাংশ আজ পথভ্রষ্ট, দিকভ্রান্ত হয়ে অন্ধকারে হাবুডুবু খাচ্ছে। আলোর পথ থেকে সরে গিয়ে পথের দিশা খুজে পাচ্ছেনা। কলেজ বিশ্ববিদ্যালয়ের ছাত্ররা পথচলা নারী দেখলেই থমকে দাঁড়ায়, ইভটিজিং করে, উত্যক্ত করে, নাজেহাল করে, ত্যক্ত বিরক্ত করে আনন্দ উপভোগ করে। যে ছাত্ররা ইভটিজিংকারিদের প্রতিরোধ করার কথা, প্রতিশোধ নেওয়ার কথা তারাই আজ মাস্তানীতে অবতীর্ণ।

সিলেট এমসি বিশ্ববিদ্যালয় কলেজ ছাত্রাবাসে নববধূর সাথে যে পাষবিক নির্যাতনের ঘটনা ঘটে গেল, তারা কারা তারাইতো ঐ কলেজেরই ছাত্র ছিল। তাদের নিজস্ব শিক্ষা প্রতিষ্ঠানকে তারাই অপবিত্র করল কলংকিত করল। কারণ তাদের মধ্যে প্রকৃত ছাত্রত্বের আচরণ মন মানসিকতা অভাব ছিল। তাহারা বিভিন্ন দল উপদলীয় ছাত্র রাজনীতির আধিপত্যর লড়াইয়ে, সন্ত্রাসী কর্মকান্ডে, মাস্তানীতে, মাদকে, গাজা, ইয়াবা, ফেন্সিডিলে আসক্ততায় ছাত্রদের এই অধঃপতনের মুল কারণ হয়ে দাঁড়িয়েছে। এবং অধ্যায়ণ বিমুখতার কারণ হয়ে দাড়িয়েছে। এই যদি হয় ছাত্রদের কান্ড তাদের দ্বারা সমাজ ও রাষ্ট্র কি আশা করতে পারে!

বিগত তিন দশক পূর্বে এই চিত্র বাংলাদেশের সমাজ ব্যবস্থায় এতো ভয়াবহ রূপে ছিল কিনা তা ইতিহাস ঘেটে জানতে হবে। আধুনিক এ সমাজে দাড়িয়ে আমরা কি দেখতে পাচ্ছি! মানুষ সভ্যতার শীর্ষ শিখরে উঠে আবার পতনমুখী হচ্ছে ক্রিয়ার প্রতিক্রিয়ার কারণে নাকি!

নারী নির্যাতনের ঘটনা কিন্তু নতুন নয় সেই আদিকাল থেকেই নারীদের প্রতি বৈরী আচরণ চলে আসছে। নারীদের জন্য আজও বাসযোগ্য পৃথিবী হয়ে উঠেনি। নারী ঘরে বাহিরে কোথাও নিরাপদ নয় ।নারী হত্যা খুন, গুম, অপহরণ, আগুনে পুড়িয়ে, এসিড মেরে ঝলসিয়ে দিয়ে, পরকিয়া প্রেমের বলি হয়ে মৃত্যুর ঘটনা ঘটছে। এটা কি কোন সুস্থ, সুন্দর সমাজের প্রতিচ্ছবি হতে পারেনা। নারকীয় হত্যাকান্ডের ঘটনা কোন না কোন জেলা উপজেলায় প্রতিদিনই সংগঠিত হচ্ছে। যে নারী শশুড় বাড়ীর স্বামীর ছায়তলকে নিরাপদ আশ্রয়স্থল মনে করে সেখানেই নারীরা সবচেয়ে বেশী নির্যাতিত, নিপিড়ীত নিষ্পেষিত হচ্ছে। যৌতুক নামক ব্যধির কারণে কত নারী স্বামী, শশুড়, শাশুড়ীর হাতে বলিদান হচ্ছে। লাশ হয়ে বাপের বাড়ি ফিরছে। এমসি কলেজের গণধর্ষণের কারণে দেশ যখন আন্দোলনে উত্তাল তখন সরকারের টনক নড়েছে।

ইতিপূর্বে তনুর মতো কত মেয়ে ধর্ষণের শিকার হয়ে পরিত্যক্ত লাশের মত ঝোপঝাড়ে পড়ে থাকতে দেখা গেছে। আশার কথা জনগণের দাবির মুখে সরকার ধর্ষণের সর্বোচ্চ শাস্তি মৃত্যুদন্ড সংসদে অনুমোদন করেছে। সরকারকে সাধুবাদ জানাই। এখন থেকে নারী স্বাধীনতা, নারী অধিকার যেনো নিশ্চিত হয় সরকারের কাছে সেই দাবী আশা করি।

নিউইয়র্ক।

ইলেকটোরাল কলেজ পদ্ধতি কী ও কীভাবে

(প্রথম পাতার পর)

প্রেসিডেন্ট। কলেজ শব্দটি বলতে একদল লোককে বোঝায় যারা নির্বাচকের ভূমিকা পালন করেন। তাদের সবার কাজ প্রেসিডেন্ট ও ভাইস প্রেসিডেন্ট নির্বাচন করা। প্রত্যেক চার বছর অন্তর অন্তর, নির্বাচনের কয়েক সপ্তাহ পরে ইলেকটোরাল কলেজের নির্বাচকরা একত্রিত হন তাদের দায়িত্ব পালন করার জন্য।

যুক্তরাষ্ট্রের সংবিধান অনুযায়ী এই পদ্ধতিতেই একজন প্রেসিডেন্ট নির্বাচিত হন যা কেন্দ্রীয় সরকার ও রাজ্য সরকারের আইনের জটিল এক সমন্বয়ের মাধ্যমে তৈরি করা হয়েছে।

তাত্ত্বিকভাবে বলা যায়: প্রার্থীদের মধ্যে সারা দেশে যিনি সবচেয়ে বেশি ভোট পান ইলেকটোরাল কলেজ তাকেই প্রেসিডেন্ট হিসেবে নির্বাচন করে থাকে। কিন্তু সবসময় যে ঠিক এরকম হয় তা নয়।

কীভাবে কাজ করে ইলেকটোরাল কলেজ?

ইলেকটোরাল কলেজ পদ্ধতিতে প্রত্যেকটি রাজ্যের হাতে থাকে কিছু ভোট। কোন রাজ্যের কতোজন ইলেকটোর বা নির্বাচক থাকবেন সেটা নির্ভর করে ওই রাজ্যের জনসংখ্যার ওপর। সবচেয়ে বেশি জনসংখ্যা ক্যালিফোর্নিয়া রাজ্যে। ফলে এই রাজ্যে ইলেকটোরের সংখ্যা সর্বোচ্চ, ৫৫। ছোট ছোট কিছু রাজ্য এবং ডিস্ট্রিক্ট অফ কলাম্বিয়ার আছে তিনটি করে ভোট। আলাস্কা এবং নর্থ ড্যাকোটা রাজ্যের হাতেও তিনটি করে ভোট।

প্রেসিডেন্ট নির্বাচনের দিন প্রার্থীরা সারা দেশে ভোটারদের কাছ থেকে যেসব ভোট পান সেগুলোকে বলা হয় পপুলার ভোট এবং ইলেকটোরাল কলেজের ভোটকে বলা হয় ইলেকটোরাল ভোট। কোনো একটি রাজ্যে যে প্রার্থী সবচেয়ে বেশি পপুলার ভোট পাবেন তিনি ওই রাজ্যের সবগুলো ইলেকটোরাল ভোট পেয়ে যাবেন। উদাহরণ হিসেবে বলা যায়, টেক্সাস রাজ্যে রিপাবলিকান প্রার্থী যদি ৫০.১% ভোট পান, তাহলে ওই রাজ্যের ৩৮টি ইলেকটোরাল ভোট তাদের পকেটেই যাবে। ইলেকটোরাল কলেজের মোট ভোটের সংখ্যা ৫৩৮।

মাইন ও নেব্রাসকা এই দুটো অঙ্গরাজ্য বাদে বাকি সবগুলো রাজ্যের ইলেকটোরাল ভোট যোগ দিলে যে প্রার্থী ২৭০টি বা তারও বেশি ভোট পাবেন তিনিই প্রেসিডেন্ট নির্বাচিত হবেন। মোট ইলেকটোরাল ভোট ৫৩৮ এর অর্ধেক ২৬৯ এবং জয়ী হয়ে হোয়াইট হাউজে যাওয়ার জন্যে আরো একটি ভোট এভাবেই ২৭০টি ভোট পেতে হবে একজন প্রার্থীকে প্রেসিডেন্ট নির্বাচিত হওয়ার জন্য।

MITU DISABILITY CENTER



ROMJAN (Consultant)
646-730-8416



JABBAR SHARIFF
Attomey & Counselor at Law

IF YOU ARE SICK, YOU CAN GET
$500-$2500 PER MONTH

State Disability (TANF) Federal Disability (SSI, SSDI)

Citizenship Without Exam N-648 Waiver

Personal Injury ● Divorce ● Bankruptcy ● Immigration
Car, Home, Life Insurance (No Broker Fee) Real State
Buy Sale Lone Modification Physical Therapy by Doctor

আপনি যদি অসুস্থ হন তাহলে
মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

* ষ্টেট ডিসএ্যাবিলিটি * ফেডারেল ডিসএ্যাবিলিটি
* পরীক্ষা ছাড়া আমেরিকার সিটিজেন।
এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
ইমেগ্রেশনের বিষয় সাহায্য করা হয়।

37-47 73 ST. #215, JAKSON HEIGHTS NY 11372

TEL: 718-701-2666

DR. SADI ALAM, DPM
Foot Specialist

পায়ের বাংলাদেশী রোগ বিশেষজ্ঞ চিকিৎসক

Jamaica Office: 168-32 Highland Ave, Jamaica, NY 11432

Hollis:
196-22 Hillside Ave, Hollis, NY 11423

Jackson Heights Office:
7017 37th Ave, Jackson Heights, NY 11372

Brooklyn Office:
686 McDonald Ave, Brooklyn, NY 11218

Alam Podiatry, P.C.

Ozone Park Office:
530 Conduit Blvd, Brooklyn, NY 11208

Bronx Office:
3099 Bainbridge Ave, Bronx, NY 10467

Parkchester Office:
1381 Castle Hill Ave, Bronx, NY 10462

FOR APPOINTMENT
Phone: 347-509-4470 | Fax: 646-845-1861 | www.alampodiatry.com

WE ACCEPT ALL MAJOR INSURANCE PLANS
PLEASE ASK YOUR DOCTOR FOR REFERRAL



নির্বাচন প্রস্তুতি তহবিল সংগ্রহ

শেষের পাতার পর)

পার্ক-এর রকাওয়ে হললে আয়োজিত অনুষ্ঠানে কাউন্সিল ডিস্ট্রিক্ট ৩৭ থেকে বিভিন্ন কমিউনিটির নেতৃবৃন্দসহ স্থানীয় কমিউনিটির মানুষ যোগ দিয়ে মিসবা আবদিনকে সমর্থন জানান। উল্লেখ্য, কোভিড-১৯ এর সকল বিধি ও সতর্কতা মেনে মাত্র ৫০ জনের জন্য এই আয়োজনে পৃথক পৃথক দুই ধাপে প্রায় ১০০ অতিথি যোগ দেন।

অনুষ্ঠানের শুরুতে পবিত্র কোরআন তেলাওয়াত করেন তরুণ হাফিজ জসিম উদ্দিন এবং পবিত্র বাইবেল ও গীতা থেকে পাঠ করেন যথাক্রমে ওয়াল্টার ক্যাম্পবেল ও পন্ডিত কৃষ্ণা তেওয়ারী। এরপর 'দি প্লেজ অব এলিজেন্স' পাঠ ও পরিচালনা করেন ব্যাকডিস এর অ্যাক্টিং চেয়ারম্যান ও বোর্ড সেক্রেটারী মিস্টার ওয়াল্টার ক্যাম্পবেল।

ফান্ডরেইজিং ও নেটওয়ার্কিং অনুষ্ঠানে উপস্থিত সকলে কমিউনিটির উন্নয়নে ২০২১ সালের কাউন্সিল নির্বাচনে মিসবা আবদীনকে জয়ী করার কারণ আলোচনা এবং বাংলাদেশীসহ সকল ইমিগ্রান্ট ও মাইনোরিটি কমিউনিটির শক্তিশালী ভয়েস হিসেবে মিসবা আবদীনের কোনো বিকল্প নেই বলে উল্লেখ করেন।

অনুষ্ঠানে মিসবা আবদীন বলেন, আমেরিকার নির্বাচন পদ্ধতি খুব ভালো এবং শক্তিশালী ও এদেশে নির্বাচনের জন্য এলাকার ভোটারদের সমর্থন ও তাদের অর্থে নির্বাচন সুন্দর ও স্বচ্ছভাবে অনুষ্ঠিত হয়। বক্তারা বলেন, তিনি গত ৩৮ বছর যাবৎ এদেশে আছেন এবং তার পরিবার, আর ভাই-বোন সকলে কমুনিটির মানুষদের সাহায্যের জন্য সবসময় এগিয়ে এসেছেন ও এখন কমিউনিটির সকল মানুষদের জন্য তিনি যে সকল কাজ করছেন তা তার বন্ধু বান্ধব ও পরিবারের সকলে সমর্থন করেন ও তিনি আরো উল্লেখ করেন অনুষ্ঠানে উপস্থিত শ্রদ্ধার ও স্নেহের সকলের পরামর্শ ও ইচ্ছায় তিনি নির্বাচনে সকলের মুখপাত্র হিসেবে কাজ করবার জন্য নির্বাচনে অংশ নিচ্ছেন এবং ২০২১ সালের নির্বাচনে তার সফলতার জন্য সকলকে দোয়া ও সহযোগিতা করার অনুরোধ জানান।

অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন অ্যাটর্নি মাইক স্কালা, ব্রুকলীন বোরো প্রেসিডেন্ট পপ্রার্থী এডওয়ার্ড কাহারি, জর্জ কে ক্যাম্পবেল স্কলারশিপ ফাউন্ডেশন এর কো-ফাউন্ডার মিস্টার ওয়াল্টার ক্যাম্পবেল, বাংলাদেশ সোসাইটির সাবেক সাধারণ সম্পাদক ফখরুল আলম, বাংলাদেশী আমেরিকান কমিউনিটি ডিভেলপমেন্ট এন্ড ইয়ুথ সার্ভিসেস-এর সিওও জীন রেনেই, সিটিলাইন ওজোন পার্ক সিভিলিয়ান প্যাট্রোল-এর প্রেসিডেন্ট ইকবাল আলী, ওজোন পার্ক সিভিক এসোসিয়েশন এর স্যাম এসপোসিতো, চাইনিজ কমিউনিটি প্রতিনিধি মিস্টার লু, গ্যানেসে কমিউনিটি প্রতিনিধি গোপাল ভূপাল, ড. রং সিং, ত্রিনিদাদিয়ান কেভিন কাল্লু, বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকার সাবেক প্রেসিডেন্ট মনজুর আহমেদ চৌধুরী ও মহিউদ্দিন দেওয়ান, জ্যামাইকা বাংলাদেশ ফ্রেন্ডস সোসাইটির সভাপতি ফখরুল ইসলাম দেলোয়ার সহ কমিউনটির ব্যবসায়ী ও নেতৃবৃন্দ।

অনুষ্ঠান শেষে সকলে বাংলাদেশের হালাল খাবার ও তিন দেশের গান পরিবেশিত হয়। শিল্পীদের মধ্যে ছিলেন জ্যামাইকা-কিংস্টন থেকে রেগেই শিল্পী ইযাঙ্কস, গায়ানা থেকে শ্রী গোপাল এবং বাংলাদেশের ইয়ং ক্রেইজ মুজাহিদ যিনি মুজা নামে সমধিক পরিচিত। -প্রেস বিজ্ঞপ্তি।

বঙ্গবন্ধুর সহচর মোস্তফা আল্লামা

(শেষের পাতার পর)

জেনারেল এমএজি ওসমানীর পিএ এবং মোস্তফা আল্লামা গোল্ডকাপ টুর্নামেন্টের প্রবর্তক মোস্তফা আল্লামা ইন্তেকাল করেছেন (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)।

মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭৭ বছর। মিশিগানের ডেট্রয়েট শহরের কেলী স্ট্রীটের বাসা থেকে ডেট্রয়েট পুলিশ শনিবার গভীর রাতে ঘরের দরজা ভেঙে তাঁর লাশ উদ্ধার করে। তবে তাঁর মৃত্যুর কারণ এখনও জানা যায়নি। মোস্তফা বাসায় একাই থাকতেন এবং দীর্ঘ এক যুগেরও বেশী সময় ধরে তিনি যুক্তরাষ্ট্রে বসবাস করছিলেন। তাঁর কোন স্ত্রী সন্তান নেই। প্রায় একদশক আগে ডেট্রয়েটে বিয়ে করলেও এই বিয়ে বেশীদিন টেকেনি। হ্যামট্রামিক বায়তুল মামুর মসজিদের সাথে তিনি

সম্পৃক্ত ছিলেন।

তাঁর দীর্ঘ দিনের সহচর ও মসজিদ কমিটির সভাপতি ইবাদুর রহমান জানান, গত কয়েক দিন ধরে তাঁকে দূর্বল দেখাচ্ছিল। গত ২৯ নভেম্বর বৃহস্পতিবার থেকে তিনি মসজিদে আসছেন না। এদিন তিনি রোজদার ছিলেন। পরিচিত একজন

ইফতারি দিতে গিয়ে অনেক ডাকাডাকি করেও তিনি বাসার দরজা খুলেননি। শুক্রবারের জুমা'র নামাজে আসেননি। তাই তাঁদের সন্দেহ হলে শনিবার রাত ৯টায় মসজিদ কমিটি থেকে তারা খোঁজ নিতে তাঁর বাসায় যান। অনেক ডাকাডাকির পর কোন সাড়া শব্দ না পেয়ে পুলিশ এসে দরজা ভেঙে তাঁর লাশ উদ্ধার করে।

বর্ণাঢ্য জীবনের অধিকারী মোস্তফা আল্লামা সিলেটের গোলাপগঞ্জ উপজেলার দিলগ্রামে এক সম্ভ্রান্ত

মুসলিম পরিবারে জন্মগ্রহন করেন। অত্যন্ত অমায়িক ও বন্ধুবৎসল মোস্তফা আল্লামা সকলের কাছেই ছিলেন প্রিয়পাত্র। তাঁর মৃত্যুতে প্রবাসী বাংলাদেশী কমিউনিটিতে শোকের ছায়া নেমে এসেছে।

রোববার এশার নামাজের পর ডেট্রয়েটের মসজিদুন নুর-এ তাঁর নামাজে জানাজা সম্পন্ন হয়। তাঁর মরদেহ মিশিগানে দাফন করা হবে বলে জানা গেছে।



এন মজুমদারের প্রতি হিস্পানিক ও

(শেষের পাতার পর)

রয়েছেন আলোচনায়। বাংলাদেশী কমিউনিটি ছাড়াও অন্যান্য কমিউনিটির ভোটারের পছন্দের তালিকায় রয়েছেন তিনি। সম্প্রতি তাকে প্রতি সমর্থন জানিয়েছে হিসপানিক এবং আফ্রিকানরা। এই দুই কমিউনিটির লীডাররা গত ৩১ অক্টোবর আনুষ্ঠানিকভাবে তাদের সমর্থন জানানিয়েছেন। ঐদিন দুপুর বেলা টায় পার্কচেস্টারের হোয়াইটপ্লেইন রোডে সিটি কাউন্সল ডিস্ট্রিক্ট ১৮-তে বসবাসরত হিসপানিক এবং আফ্রিকান লীডাররা সিটি কাউন্সিল মেম্বার প্রার্থী মোহাম্মদ এন মজুমদারকে তাদের সমর্থন জ্ঞাপন করেন। এ উপলক্ষে আয়োজিত সংহতি সভায় বক্তব্য রাখেন হিস্প্যানিক বিজনেসে লীডার ইনগ্রিড ওরতেগা, কারমেন মরালিস আফ্রিকান লীডার জুলি আহানা, রেডার মরগান, সভায় স্ব স্ব কমিউনিটির ভোটারদের প্রতি এন মজুমদারকে ভোট দেয়ার জন্য আহ্বান জানান।

শরীরচর্চা ও ইসলাম

(শেষের পাতার পর)

রয়েছে। এ জন্য শারীরিক পরিশ্রম, সাঁতার কিংবা কুস্তিগিরি কৌশল রপ্ত করাপ্রাচীনকাল থেকে চলে আসছে। একই ধারাবাহিকতা ছিল নবী-সাহাবির যুগেও। পবিত্র কোরআনে মুমিনদের দৈহিক ও সামরিক শক্তির অনুশীলন করতে নির্দেশ দেওয়া হয়েছে। (সুরা : আনফাল, আয়াত : ৬০)

রাসুল (সা.) বলেন, 'দুর্বল মুমিনের চেয়ে শক্তিশালী মুমিন আল্লাহর কাছে বেশি পছন্দনীয়।' (মুসলিম, হাদিস : ২৬৬৪)

এ ছাড়া হাঁটাহাঁটি করা শরীরচর্চার একটি মাধ্যম। আমাদের প্রিয় নবীজি (সা.) দ্রুত হাঁটতেন। আবার কখনো কখনো দৌড় প্রতিযোগিতাও করতেন। আবু হুরায়রা (রা.) বলেন, 'আমি নবীজির চেয়ে দ্রুতগতিতে কাউকে হাঁটতে দেখিনি।' (তিরমিজি, হাদিস : ৩৬৪৮)

দৌড় দেওয়া শরীরচর্চার একটি মাধ্যম। মহানবী (সা.) আয়েশা (রা)-এর সঙ্গে দৌড় প্রতিযোগিতায় অংশগ্রহণ করেছেন। আয়েশা (রা.) নিজেই বলেছেন, 'নবী করিম (সা.) দৌড়ে আমার সঙ্গে প্রতিযোগিতা করলেন। তখন আমি আগে বেরিয়ে গেলাম। পরে যখন আমার শরীর ভারী হয়ে গেল, তখন রাসুল (রা.) আমার সঙ্গে দৌড় প্রতিযোগিতা করে আমাকে হারিয়ে দিলেন এবং তিনি বলেন, এবার আগেরবারের বদলা নিলাম।' (মুসনাদ আহমদ ও আবু দাউদ)

কুস্তি ও শারীরিক কসরত করাও ইসলামের দৃষ্টিতে বৈধ। নবী করিম (সা.) রুকানা নামক এক নামকরা কুস্তিগিরের সঙ্গে লড়েছিলেন। সে ছিল খুবই বলিষ্ঠ। মহানবী (সা.) একাধিকবার তাকে পরাজিত করেছিলেন। (আবু দাউদ)

সুস্থ দেহের জন্য শারীরিক পরিচর্যার পাশাপাশি হাসিখুশি থাকা ও মানসিক প্রফুলতার বিশেষ ভূমিকা রয়েছে। নবীজি (সা.) নিজেও অত্যন্ত সদালাপী ও হাস্যোজ্জ্বল মুখশ্রীর অধিকারী ছিলেন। সাহাবিরা বলতেন, আমরা রাসুল (সা.)-এর চেয়ে হাসিখুশি আর কাউকে দেখিনি। (তিরমিজি, হাদিস : ৩৬৪১)

ঘরে-বাইরে সবার সঙ্গে তিনি এতটাই মিশুক ছিলেন যে সবাই ভাবত নবীজি আমাকে সবচেয়ে ভালোবাসেন। শিশুদের আদর করতেন, চুমু খেতেন। সাহাবিদের সঙ্গে তাঁর আচরণ ছিল বন্ধুত্বপূর্ণ। আর পরিবারের লোকদের কাছে ছিলেন সবার মধ্যমণি। তিনি বলেছেন, মুমিন বান্দা সদালাপী হয়। ওই ব্যক্তির মধ্যে কোনো কল্যাণ নেই, যে মানুষের সঙ্গে অন্তরঙ্গ হয় না, আর অন্যরাও তার সঙ্গে অন্তরঙ্গতা প্রদর্শন করে না। (মুসনাদে আহমাদ, হাদিস : ২২৮৪০)

পরিচ্ছন্ন ও পরিপাটি থাকুন। কেননা পবিত্রতা ঈমানের অঙ্গ। আর পরিপাটি থাকা আল্লাহ পছন্দ করেন। সুস্থ দেহ ও মনের জন্য উভয়টি অতি গুরুত্বপূর্ণ। অপরিচ্ছন্ন ও এলোমেলো পরিবেশ রোগব্যাধি ছড়ায়। আর ধীরে ধীরে এর প্রভাব মন ও মস্তিষ্ক আচ্ছন্ন করে ফেলে। তাই নবীজির হাদিসে এ বিষয়ে বিশেষ সতর্ক করা হয়েছে। আবু হুরায়রা (রা.) থেকে বর্ণিত, তিনি বলেন, রাসুল (সা.) বলেছেন, পাঁচটি বিষয় মানুষের স্বভাবজাত প্রকৃতি। ১. খতনা করা, ২. নাভির নিম্নের অবাঞ্ছিত লোম পরিষ্কার করা, ৩. গোঁফ কাটা, ৪. নখ কাটা, ৫. বগলের লোম উপড়ে ফেলা। (বুখারি, হাদিস : ৫৮৮৯)

আশপাশ পরিচ্ছন্ন রাখার প্রতি ইসলামে বিশেষভাবে তাগিদ দেওয়া হয়েছে। রাসুল (সা.) ইরশাদ করেন, 'তোমরা নিজেদের আশপাশ পরিচ্ছন্ন রাখো।' (তিরমিজি, হাদিস : ২৭৯৯)

তেমনি মিসওয়াক ও সুগন্ধি ব্যবহার প্রিয় নবীজির জন্য বিশেষ বৈশিষ্ট্য ছিল। এগুলো স্বাস্থ্যকর পরিবেশ গঠনের মৌলিক বিষয়।

বাড়ী ক্রয়ে ৩০

(শেষের পাতার পর)

মর্টগেজ গ্রহণ অতীতের মতো এখনো জনপ্রিয় আছে। কিন্তু আপনি যখন বাড়ি ক্রয় করবেন তখন এই মর্টগেজ আপনার জন্য কি সঠিক অপশন?

প্রতিটি মর্টগেজ ঋণের ক্ষেত্রেই হোক সে ১০, ১৫ বা ৩০ বছরের জন্য। সবগুলোতেই যেমন কিছু চ্যালেঞ্জ আছে, সেই সাথে কিছু ভালো দিকও আছে। তবে এগুলোর মধ্যে আপনার জন্য কোনটি সেরা হবে সেটা নির্ভর করে আপনার পরিস্থিতির ওপর। সাধারণত যে মর্টগেজ ঋণগুলো কম সময়ের জন্য যেমন ১০ বা ১৫ বছরের জন্য সেগুলোর ইন্টারেস্ট রেইট তুলনামুলকভাবে ২০ বা ৩০ বছরের মর্টগেজ ঋণের ইন্টারেস্ট রেইট থেকে কিছুটা কম। সেই সাথে আপনি যদি ডলার মূল্যে সবকিছু বিবেচনা করেন তবে ১৫ বছরের মর্টগেজ ঋণে আপনাকে যে ইন্টারেস্ট প্রদান করতে হবে তা হবে ৩০ বছরের মর্টগেজ ঋণে আপনি যে ইন্টারেস্ট প্রদান করতেন তার অর্ধেক মাত্র। এসব বিষয়ে আমরা আপনাকে সাহায্য করতে পারি। প্রয়োজনে ৭১৮-৫০৭-লোন (৫৬২৬) এই নম্বারে যোগাযোগ করুন।

ঘরোয়া অনুষ্ঠান

(শেষের পাতার পর)

লাখ ৯৯ হাজার ৭৩৮ জন। উল্লেখ্য, বিশ্বে যুক্তরাষ্ট্রে করোনা ভাইরাসে আক্রান্ত ও মৃতের হার সবচেয়ে বেশি।

এদিকে নিউইয়র্কের করোনা পরিস্থিতি স্থিতিশীল হওয়ার পরপরই বিভিন্ন কমিউনিটিতে বিশেষ করে বাংলাদেশী কমিউনিটিতে পারিবারিক অনুষ্ঠান বৃদ্ধি পাওয়ায় কমিউনিটির সচেতন মহলে উদ্বেগ-উৎকণ্ঠা বৃদ্ধি পেয়েছে। ইতিমধ্যেই একাধিক বিয়েল অনুষ্ঠান সহ জন্মদিন বা বিবাহ বার্ষিকী অনুষ্ঠান সহ বিভিন্ন রাজনৈতিক ও সামাজিক অনুষ্ঠান আয়োজন লক্ষ্য করা গেছে। আর এসব অনুষ্ঠানে কোন কোন ক্ষেত্রে নিয়মিত মাস্ক ব্যবহার না করা এবং সামাজিক দূরত্ব না মানার অভিযোগ পাওয়া গেছে।

এব্যাপারে টাইম টেলিভিশন-এর জনপ্রিয় 'টাইম এক্সক্লুসিভ' অনুষ্ঠানে সাপ্তাহিক পরিচয় সম্পাদক নাজমুল আহসান বাংলাদেশী কমিউনিটির প্রতি দৃষ্টি আকর্ষণ করে বলেন, করোনাভাইরাস পরিস্থিতির চলমান সঙ্কটকালে স্বাস্থ্যবিধি পুরোপুরো মানা না হলে বিপদের আশংকা রয়েছে। তিনি বলেন, যতদিন না ভ্যাকসিন আবিষ্কার না হচ্ছে এবং তা বাজারে না পাওয়া যাচ্ছে ততদিন সতর্কতা অবলম্বন জরুরী। বিমেস করে মাস্ক, গ্লভস ও হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার এবং সামাজিক দূরত্ব মেনে চলা উচিৎ।

ফ্লোরিডার জনপ্রিয় চিকিৎসক ডা. মোহাম্মদ আতিকুজ্জামান বলেন, আমরা অনেক অগে থেকেই করোনাভাইরাস প্রকোপ বৃদ্ধির দ্বিতীয় ওয়েভ-এর কথা বলে আসছিলাম। এখন সেটাই লক্ষ্য করছি। তাই সতর্কতার কোন বিকল্প নেই।

সিন্ডিকেটদের দৌড়াত্ম ভাঙার উপায় কি!

(শেষের পাতার পর)

চান না। বাসায় বসে যার যার মোবাইল ট্যাব ল্যাপটপ থেকে জুম বা কোন প্রযুক্তিতে সংযুক্ত হন। কানের সাথে তার ঝুলিয়ে যেন অন্তরীক্ষের উদ্দেশ্যে কথা বলেন। কখনও ছবি ঝাপসা বা ঝিরঝির। এই পরিষ্কার তো এই ফেটে গেল। অডিও অস্পষ্ট। কখনও আইরনি বা মেটালিক। ইকো। একটা অতিশয় বিরক্তিকর ব্যপার। সময় নষ্ট করে এই উপদ্রব সহ্য করার কোন অর্থ হয় না। তার ওপর ইদানীং যে সব টকারকে আনা হচ্ছে এবং তারা যে মহা মহা মূল্যবান জ্ঞান বিতরন করছেন ওসব শোনার চেয়ে ফেসবুকে ঢুকলে এদিকওদিক কিছু খবরাখবর পাওয়া যায়। যাদের কথা শোনা যেতো বা যুক্তিসঙ্গত মনে হতো এদের অনেককেই ইদানীং দেখা যায় না। হয় এদের কেউ কেউ নিজে থেকেই আসেন না অথবা নিষেধাজ্ঞার আওতায় আছেন। তারপরও হঠাৎ হঠাৎ দুই একজনের চেহারা দেখলে কিছুক্ষণ থামি।

তবে একটি পুরনো চ্যানেলে প্রতিদিন মধ্যরাতে বিভিন্ন সংবাদপত্রের শিরোনাম নিয়ে প্রচারিত একটি লাইভ অনুষ্ঠান নিয়মিত দেখার চেষ্টা করি। এখানে পরের দিনের আট দশটা দৈনিকের প্রধান প্রধান শিরোনামগুলো পড়ে শোনানো হয়, মোটামুটি প্রিন্ট মিডিয়ার চিত্রটা পেয়ে যাই। আগে আমার এক বন্ধু এটি উপস্থাপনা করতেন। বেশ কিছুদিন আর একজনকে দেখি, হয়তো উনি চ্যানেলেরই স্টাফ। অনেক কষ্ট করে ভুল বা অশুদ্ধ উচ্চারণ, মাঝেমাঝে ধাক্কিয়ে ধাক্কিয়ে পড়া- এসব যাও সহ্য করি কিন্তু ইংরেজী শিরোনাম পড়ার সময় কানে আঙ্গুল দিতে হয়। খুবই নিরেট একজন ভদ্রলোক। কিন্তু আমি নিশ্চিত স্কুলে ওনাকে দ্রুতপঠন বা শুদ্ধ উচ্চারণের পাঠ দেওয়া হয় নাই! তবে অনএয়ারের আগে একটু রিয়ার্সাল করে নিলে হয়তো পরিস্থিতির উন্নতি হতে পারে। যাই হোক, ১৫/২০ মিনিটের এই অনুষ্ঠানে মতামত দেয়ার জন্য একজন করে 'বিশেষজ্ঞ' আনা হয়।প্রধানত: হাতেগোনা কয়েকজন লোককেই ঘুরেফিরে দেখা যায়, যাদের অধিকাংশই চামচা চাটুকার অন্ধ দলদাস। সবচেয়ে ফানি ব্যপার হচ্ছে, এমনও দেখা গেছে যাকে আনা হয়েছে ভদ্রলোক হয়তো পেশায় ডাক্তার, তার কাছে বিশ্বের তাবৎ সাবজেক্ট-রাজনীতি অর্থনীতি আমেরিকার নির্বাচন তালিবান খেলাধুলা নারী নির্যাতন রোহিঙ্গা সমস্যা সিরিয়া সংকট বিষয়ে 'বিশেষজ্ঞ মতামত' জানতে চাওয়া হচ্ছে। যেন ওই হটসীটে বসামাত্র ভদ্রলোক সর্ববিষয়ে দিগগজ পন্ডিত হয়ে গেছেন! এই হাস্যকর অংশটুকু আর দেখা হয় না। তবে সেদিন অফট্র্যাকের একজন অতিথিকে দেখে রিমোটটা নামিয়ে রাখি। কারন পেটেন্ট কয়েকজনের বাইরে এই লোককে সেদিন নতুন মনে হলো। ভদ্রলোক একজন পরিচিত ব্যবসায়ী নেতা। কথা বলতে শুরু করলে কিছুটা ভিন্নতার গন্ধ পাওয়া যায়। লাল্টুপাঞ্জু বা অন্ধ দলদাস টাইপের না। পুরোটা শুনি। তার দু'টি পয়েন্ট আমার পছন্দ হয়।


তিনি প্রশ্ন রাখলেন চালসহ বিভিন্ন পণ্যমূল্য বেড়ে যাওয়া নিয়ে আমরা যে এত কথা বলি, কিন্তু এসব পণ্যের নির্দ্ধারিত মূল্য কোনটা? বলা হয় চালের মূল্য বেড়েছে বা কমেছে, কোন মূল্য থেকে বাড়লো বা কমলো! চালের কোন মূল্য কি বেঁধে দেয়া আছে? যে দামে বিক্রি হয় তা নির্ধারণ করে কে বা কারা! বেশ যুৎসই লাগলো অবজার্ভেশনটি। আমাদের দেশে আবহমান কাল ধরে পণ্যমূল্য নির্ধারন করে আসছে ব্যবসায়ী বা তাদের সিন্ডিকেটগুলো। সাধারণ নিয়মে যেটা হওয়া উচিত- শিল্প বা আমদানীকৃত পণ্যের উৎপাদন, ট্যাক্স ভ্যাট পরিবহন, ভোক্তা পর্যন্ত পৌঁছুতে মাঝখানের ফড়িয়া বা দালালদের কমিশন বা লাভ এবং মালিকের মুনাফার একটা হিসাব বের করে পণ্যের বিক্রয়মূল্য ঠিক করা। কৃষিপণ্যের ক্ষেত্রেও একই কথা। প্রান্তিক পর্যায়ে উৎপাদন ব্যয়, পরিবহন, স্টোরেজ, কৃষকের মুনাফা, ট্যাক্স ভ্যাট এবং পাইকার ফড়িয়া বিভিন্ন পর্যায়ের বিক্রেতাদের লাভ ইত্যাদী যোগ করে ভোক্তা পর্যন্ত- যাকে বলা হয় খুচরা মূল্য, সেটা নির্ধারন করা। এই কাজটা করার দায়িত্ব সরকারের। অথচ এটা করে থাকে ব্যবসায়ীরা। তারা ইচ্ছামত লাভের অংক কষে। যদি সিন্ডিকেট না থাকতো বাজারে 'বেশী বিক্রি কম লাভের' একটা প্রতিযোগীতা থাকতো। তাতে ভোক্তা পর্যায়ে জিনিষের দাম কম হতো। কিন্তু বাংলাদেশের ব্যবসায়ীরা অতি চালাক। তারা জানে সিন্ডিকেট না থাকলে পাবলিকের ঘাড় মটাকানো যায় না। এ কারনে মূল্য কখনও কমে না। বরঞ্চ নানা মওকায় বাড়িয়ে দেয়। একবার বেড়ে যে পর্যন্ত ওঠে সিন্ডিকেট চেষ্টা করে ওটাই স্থায়ী করে রাখতে। আর এভাবেই বাজারে প্রতিটা জিনিষের দাম সব সময়ই বাড়তির দিকে।


আমাদের দেশে বাজার ব্যবস্থাপনা বা পণ্যমূল্য নির্দ্ধারণে সরকারের কোন ভুমিকা বরাবরই অনুপস্থিত। অথচ টিসিবির প্রতিটা পণ্যের মূল্য যেভাবে বেঁধে দেয়া এবং সেই মুল্যে বিক্রয় নিশ্চিত করা হয় বাজারের সকল ভোগ্যপণ্যের দামও সরকারই নির্ধারন করে দিতে পারে। তা না থাকায় হঠাৎ হঠাৎ আলু পেঁয়াজের মত কোন জিনিষের দাম বেড়ে গেলে সিপাই-সান্ত্রী নিয়ে বাজারে বাজারে যে মোবাইল কোর্টগুলো পরিচালনা করা হয় জরিমানা করা হয় তার আইনগত ভিত্তি নিয়েও প্রশ্ন উঠতে পারে। বলা হয় বেশী মুল্যে বিক্রি- তো সঠিক মূল্যটা কোনটা! চালের কথা ধরি। একমাত্র ওএমএসের চাল ছাড়া বাজারে প্রাপ্ত কাটারি পাইজাম ইরি নাজিরশাইল মিনিকাট ইত্যাদী নামে নানা জাতের যে চাল আছে কোনটার খুচরা মূল্য কি সরকার কর্তৃক বেঁধে দেয়া! সরকার যদি মূল্যই বেঁধে না দিয়ে থাকে তাহলে কিসের ভিত্তিতে বলা যাবে বেড়েছে বা কমেছে! একটা সূচক তো থাকতে হবে। যে সূচকটা আছে তা ব্যবসায়ীদের বেঁধে দেয়া। কাজেই হিসাবে বলে এটা বাড়বে কি কমবে এটাও তাদের ব্যপার। এখানে সরকার বাগড়া দেবে কোন যুক্তিতে!

হ্যাঁ বলতে পারতো ধরতে পারতো মারতে পারতো যদি প্রতিটা জিনিষের দাম সরকার কর্তৃক বেঁধে দেয়া থাকতো। একটা জনকল্যানধর্মী সরকারের এটাই কাজ। জনসাধারন যাতে স্বল্প এবং নির্দ্ধারিত মূল্যে জিনিষপত্র কিনতে পারে তা নিশ্চিত করা। টিসিবি একটা সরকারি প্রতিষ্ঠান। মূলত: সিন্ডিকেটগুলোর দৌড়াত্মের রাশ টেনে ধরতে এই সংস্থাটি বেশীমূল্যে পণ্য কিনে কম মূল্যে বিক্রি করে। এতে বছরে প্রায় হাজার কোটী টাকা গচ্চা। এর দরকার পড়ে না। যেহেতু এটিও একটা ব্যবসা প্রতিষ্ঠান এর পরিচালনার ভারও ব্যবসা বোঝে বা কোন ব্যবসা এক্সপার্টের হাতে থাকা উচিত। আমলা দিয়ে প্রশাসন চলে ব্যবসা চালানো যায় না। আমি ব্যবসায়ী নেতার এই অভিমতের সাথে একমত। টিসিবিকেই শক্তিশালী করে যদি তাদের ওপর পণ্যমূল্য নির্দ্ধারন এবং তা মনিটরিংয়ের দায়িত্ব দেয়া যায় তাতেও সিন্ডিকেটগুলোর রাম রাজত্ব কিছুটা ভাঙবে। মানুষ বাজারে গিয়ে কিছুটা স্বস্তি পাবে।

জনগনের সরকার শুধু মুখে বললে হয় না, কিছু কাজের কাজ করে দেখাতে হয়। ফাঁকা আওয়াজ শুনতে শুনতে মানুষ এখন বিরক্ত!


Sultan's Dine
সুলতান ডাইন سلطان داين
SULTAN 001
বাংলা পত্রিকা
The Weekly Bangla Patrika
25% off
অফারটি পেতে পত্রিকাটি সাথে আনুন
যে কোন সামাজিক ও পারিবারিক অনুষ্ঠান,
ক্যাটারিং, টেইক আউট, ডাইন ইন-এর বিশ্বস্ত নাম
অভিজ্ঞ ম্যানেজমেন্ট ও
শেফ-এর তত্বাবধানে পরিচালিত
সুলতান ডাইন-এ পাবেন সত্যিকারের স্বাদ। দোসা, থালি, বেঙ্গলি রিচ ফুড, স্পেশাল কাচ্চি বিরিয়ানি, মোরগ পোলাও, বিফ রেজালা, চিকেন টিক্কা বিরিয়ানি, আফগানি কাবাব, তান্দুরি কাবাব। পাবেন স্পেশাল ডিশ বিয়ে বাড়ির রোস্ট পোলাও। পাবেন পুরান ঢাকার খাবার সাথে ট্রেডিশন বোরহানি।
শতভাগ হালাল খাবার আমরা পরিবেশন করে থাকি।
● নিরিবিলি পরিবেশ ● রয়েছে পার্কিংয়ের সু-ব্যবস্থা।
সর্বনিম্ন ১৫ ডলারে দেয়া হয় ফ্রি ডেলিভারি।
Phone: (718) 846-2513
E-mail- sultansdineny@gmail.com
110-23 Jamaica Avenue, Richmond Hill, NY 11418
সকাল ১০টা থেকে রাত ১০টা পর্যন্ত সপ্তাহের ৭দিনই খোলা আমাদের রেস্টুরেন্ট।


ভ্রমণ সেবার জগতে একটি বিশ্বস্ত ও নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
রহমানিয়া ট্রাভেল সার্ভিসেস
Rahmania Travel Services
Best Service Is Our Goal
Hajj & Umrah Specialist
দেশে যাওয়ার পথে অল্প খরচে ওমরাহ্‌র সুযোগ নিন
ওমরাহ্ ভিসা ও হোটেলের ব্যবস্থা করে থাকি
Emirates
KUWAIT
IATA
QATAR
Biman BANGLADESH AIRLINES
TURKISH AIRLINES
SAUDIA
বাংলাদেশসহ পৃথিবীর যেকোন দেশে ভ্রমণের জন্য আমরাই
দিচ্ছি সর্বনিম্ন মূল্যে টিকিট বিক্রয়ের নিশ্চয়তা
১০০% সীট কনফার্ম করার পর টিকিট বিক্রয় করে থাকি
Placid Express
WORLDWIDE MONEY TRANSMITTER
Mowlana M K Rahman Mahmud
President & CEO
Tel: 718-205-3270
718-205-2677
Cell: 646-322-1654
718-205-3271
দ্রুত ও বিশ্বস্ততার সাথে বাংলাদেশসহ পৃথিবীর
৩০টি দেশে অর্থ পাঠানোর সু-ব্যবস্থা
37-15 73rd Street, Suite 203 (Bangladesh Plaza) Jackson Heights, NY 11372,
Email: rahmaniatravel@yahoo.com


ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব
কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!
আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:
● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সার্পোট/ কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/ স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য
● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।
ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।
All Service Provided by Attornys Admittied in State & Federal Court,
CPA, P.E, Architect and Licensed Professionals.
72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com



সাহিত্য সাময়িকী

ফেরা

ফারুক মাহমুদ

সন্দেহবাহিত রোগড় পুড়ামুখোড় সহজে কি ছাড়ে!
সে যেন রসিক পাখি, গান গায়, বসে থাকে দাঁড়ে

যত বলি, 'ও হে পাখি, ঘোরো বন থেকে বনে
কেন এত বিষ ঢালো আমার এ আধপোড়া মনে!'

সুরের (?) আগুনে পাখি দিতে থাকে প্রবল বাতাস
উচাটন মন নিয়ে কেটে যায় মাস পরে মাস.....

সন্দেহবাহিত রোগ দূর হবেড় একটি পথ্য আছে
মানুষে বিশ্বাস রাখো, প্রেম চাও মানুষের কাছে

শত্রু দৃশ্যমান নয়

ফারুক ফয়সল

চোখ বুজে শুয়ে থাকাই কি ঘুম?
শয্যায় নিঃসাড় পড়ে থাকায় কি বিশ্রাম পরিপূর্ণ হয়?
শুয়ে শুয়ে ভাবি, ভাবতে থাকি, নানা সমীকরণ মস্তিস্কের কোষে।
শরীর হয়তো আরাম পায়, অস্থির মনের তাতে বিরাম হয় কি?

এই কি নিদ্রা, নাকি তন্দ্রার ভিতরে আরো কষ্ট, আরো যন্ত্রণা,
পাঁচ দশকের অভিনয়জীবন ছিল শন কনারির। 'দ্য আনটাচেবলস' চলচ্চিত্রে একজন আইরিশ পুলিশের ভূমিকায় অভিনয়ের জন্য ১৯৮৮ সালে অস্কার পুরস্কার পান তিনি। নাইট উপাধি পান ২০০০ সালে। নিজের নব্বইতম জন্মদিন তিনি পালন করেছেন গত আগস্টে। যুক্তরাজ্যের এডিনবরায় ১৯৩০ সালের ২৫ আগস্ট তাঁর জন্ম। যে চরিত্র তাঁকে সর্বাধিক খ্যাতি এনে দিয়েছে, সেই বন্ড সিরিজের সাতটি চলচ্চিত্রে অভিনয় করেছেন কনারি। বন্ড চরিত্রে সর্বপ্রথম তিনি অভিনয় করেন ১৯৬২ সালে। ১৯৮৩ সালে শেষ বন্ড চরিত্রে তাঁকে দেখা যায়। তাঁর অভিনীত বিখ্যাত চলচ্চিত্রের মধ্যে আরো আছে 'দ্য হান্ট ফর রেড অক্টোবর', 'হাইল্যান্ডার', 'ইন্ডিয়ানা জোনস', 'লাস্ট ক্রুসেড', 'দ্য রক'। অভিনেতা থেকে প্রযোজকের খাতায়ও নাম লিখিয়েছেন তিনি।

অভিনয় দিয়ে দর্শকদের হৃদয় জয় করে নিলেও সব সমালোচকের কাছে গ্রহণযোগ্য ছিলেন না শন কনারি। চরিত্রে খানিকটা নির্মমতা আর অবজ্ঞার ভাব থাকায় সমালোচকদের অনেকেই তাঁকে পছন্দ করতেন না। তাঁর অভিনীত চলচ্চিত্রের পর্যালোচনায়ও এর ছাপ পড়তে দেখা গেছে।

ক্যারিয়ারে সফল এই অভিনেতার একটি স্বপ্ন অপূর্ণই রয়ে গেছে। স্কটল্যান্ডের স্বাধীনতার পক্ষে সোচ্চার শন কনারি ২০১৪ সালে এক সাক্ষাৎকারে বলেছিলেন, স্কটল্যান্ড যুক্তরাজ্য থেকে আলাদা হয়ে গেলে তিনি বাহামার বাড়ি ছেড়ে স্কটল্যান্ডে ফিরবেন। সেই স্বপ্ন বুকে নিয়েই বাহামার বাড়িতে শুয়ে শনিবার (৩১ অক্টোবর) পৃথিবী ছেড়েছেন তিনি।

শন কনারির মৃত্যুর পর এক বিবৃতিতে ছেলে জেসন বলেন, 'আমার বাবাকে যাঁরা চিনতেন ও ভালোবাসতেন, তাঁদের সবার জন্য এ এক দুঃখের দিন। আর অভিনেতা হিসেবে তাঁর যে অসাধারণ গুণ বিশ্ববাসী উপভোগ করেছে, সেই বিশ্ববাসীর জন্য এ এক বেদনাবিধুর বিয়োগ।'

সূত্র : বিবিসি।

মহানবীকে (সাঃ) ব্যাঙ্গ

ফরাসি ব্রান্ডের দামি ঘড়ি ফেলে দিলেন নুসরাত ফারিয়া!

বিনোদন ডেস্ক: ইসলাম ও মহানবীকে (সাঃ) নিয়ে ব্যাঙ্গ-বিদ্রুপ করায় বিশ্বব্যাপী ফ্রান্সের পণ্য বয়কট ও বিক্ষোভ চলছে। বিতর্কের কেন্দ্রবিন্দুতে স্বয়ং ফ্রান্সের প্রেসিডেন্ট এমানুয়েল ম্যাক্রোঁ। তার বিরুদ্ধে ইসলাম ধর্ম ও হযরত মুহাম্মদকে (সাঃ) অপমানের জেরে ক্ষোভে ফুঁসছে মুসলিম বিশ্ব। প্রতিবাদ



জানিয়ে বেশ কয়েকটি আরব বাণিজ্য সমিতি ফরাসি পণ্য বর্জনের ঘোষণা দিয়েছে। সেই ডাকে সাড়া দিয়েছে বাংলাদেশও। বিশ্বের অনেক মুসলিম তারকারাও ফরাসি পণ্য বর্জন করে অন্যদেরকেও উৎসাহিত করছেন।

এবার ফরাসি পণ্য বর্জনের আহবান জানালেন ঢাকাই সিনেমার জনপ্রিয় অভিনেত্রী নুসরাত ফারিয়া। সেই সঙ্গে জানালেন তিনি ফরাসি ব্রান্ডের একটি দামি ঘড়িও ফেলে দিয়েছেন। শুক্রবার (৩০ অক্টোবর) এক ফেসবুক স্ট্যাটাসে এই অভিনেত্রী লেখেন,'আমি আমার (ফরাসি ব্যান্ডের) কার্টিয়ে ঘড়িটি ফেলে দিচ্ছি।' এরপর হ্যাশট্যাগের মাধ্যমে ফরাসি পণ্য বর্জনের ডাক দিয়েছেন ফারিয়া। তার এই সিদ্ধান্তকে সাধুবাদ জানিয়েছেন হাজার হাজার ফলোয়ার। অনেকে আবার সে পোস্টে 'হা হা' রিয়্যাক্টও দিয়েছেন।

অভিনেত্রী নুসরাত ফারিয়া বর্তমানে ব্যস্ত আছেন 'পাতালঘর' নামের একটি সিনেমার শুটিং নিয়ে। পাশাপাশি ৭ নভেম্বর থেকে ওয়েব ফিল্ম 'যদি... কিন্তু... তবুও'র শুটিংয়ে অংশ নেওয়ার কথা আছে তার।

ফ্রান্সের পণ্য বয়কট করে

সমালোচিত হয়ে যা বললেন ফারিয়া

অপর খবরে প্রকাশ, মহানবীকে (সা) বিদ্রুপ করে কার্টুন প্রকাশ ও এ ঘটনায় ফরাসি প্রেসিডেন্ট ইমানুয়েল ম্যাক্রোঁর ইসলামবিদ্বেষী মন্তব্যের জেরে উত্তাল মুসলিমবিশ্ব। দেশে দেশে ফরাসি পণ্য বয়কটের হিড়িক চলছে। বাংলাদেশের দেখা যাচ্ছে একই চিত্র। সামাজিক যোগাযোগমাধ্যমে হ্যাশট্যাগ বয়কট ফ্রান্স প্রোডাক্ট ট্রেন্ডিং চলছে। সেই পথ অনুসরণ করে শনিবার ভোরের দিকে নিজের অফিসিয়াল ফেসবুক পেজে ফরাসি পণ্য বয়কটের ঘোষণা দেন হালের জনপ্রিয় চিত্রনায়িকা নুসরাত ফারিয়া। শুধু বয়কটই নয়, নিজের ব্যবহৃত ফ্রান্সের তৈরি বিলাসবহুল ঘড়িটিকেও ফেলে দিয়েছেন বলে জানান।

এ স্ট্যাটাসের পর পরই চারিদিক থেকে ইতিবাচক ও নেতিবাচক মন্তব্য আসতে থাকে। নেটিজেনদের থেকে যেমন প্রশংসা পেয়ে যাচ্ছেন তেমনি সমালোচনাতেও ডুবছেন। অবশেষে সেসব সমালোচকদের একহাত নিলেন নুসরাত। শনিবারই বিকালে ফের আরেকটি স্ট্যাটাস দেন নুসরাত ফারিয়া। সেখানে লেখেন- 'কেন একটি সহজ বিষয়কে এতটা জটিল করে তুলতে হবে? যদি কারোর কথা আমার অনুভূতিতে আঘাত করে তবে কি সেটা জানানোর অধিকার নেই? নাকি অভিনেত্রী বলে আমার কোনো মতামতই থাকতে পারে না? আমার ধর্ম আমার বিশ্বাস এবং আমার সহ্যসীমার বাইরে চলে যায় এমন কিছু নিয়ে কথা বলার ২০০ ভাগ অধিকার আমার আছে।'

বিয়ে করছেন 'কুচ কুচ হোতা হ্যায়' ছবির সেই ক্ষুদে অভিনেতা

বিনোদন ডেস্ক: শাহরুখ খান ও কাজল অভিনীত সাড়া জাগানো বলিউড সিনেমা 'কুচ কুচ হোতা হ্যায়' মুক্তির ২২ বছর হয়ে গেল। সেই ছবিতে শাহরুখ-কাজলের প্রেম-রসায়ন এখনও সিনেপ্রেমীদের হৃদয়ে দোলা দেয়। তবে ছবিটিতে চমৎকার অভিনয় করে নজর কেড়েছিল বেশ কয়েকজন শিশুশিল্পী। এদের মধ্যে ছোট্ট সরদার চরিত্রে পারজান দস্তুর অন্যতম। পুরো সিনেমাতে 'তুসি না যাও' সংলাপ আওড়ানো সেই শিশুটি এতোবছরে যুবকে পরিণত।

জানা গেছে, বিয়ে করতে চলেছেন 'কুচ কুচ হোতা হ্যায়'-এর সেই ছোট সরদার। সবকিছু ঠিকঠাক থাকলে ২০২১ সালের ফেব্রুয়ারীতে বিয়ের বন্ধনে আবদ্ধ হতে যাচ্ছেন তিনি। প্রেমিকা ডেলনা শ্রফকে বিয়ে করতে যাচ্ছেন তিনি। সোশাল মিডিয়ায় নিজেই জানালেন এসব তথ্য।

প্রেমিকা ডেলনা শ্রফের বিষয়ে ভারতের গণমাধ্যমে পারজান বলেন, 'বেশ অনেক বছর ধরে আমরা দু'জন দুজনকে চিনি। বিয়ের বিষয়ে পারিবারিকভাবে আমাদের কথা হয়েছে। পরিবারের সম্মতিতে চলতি বছরেই বিয়েটা হয়ে যাওয়া কথা ছিল। কিন্তু করোনার কারণে তা আর হয়ে উঠেনি। সবাই আমাদের জন্য সৃষ্টিকর্তার কাছে প্রার্থনা করবেন।'

প্রসঙ্গত, পারজান 'কুচ কুচ হোতা হ্যায়' ছাড়াও 'কাহো না পেয়ার হ্যায়', 'মহব্বাতিন', 'জুবাইদা', 'কাভি খুশি কাভি গম' এবং 'ব্রেক কে বাডে'র মতো ছবিতে অভিনয় করেছেন তিনি। বলিউডে শিশুশিল্পী হিসেবে বেশ জনপ্রিয়তা পেয়েছে এই পারজান দস্তুর।


তথ্যসূত্র: বলিউডলাইফ ডট কম



যুক্তরাষ্ট্র আ. লীগের উদ্যোগে তৈয়বুর রহমান টনির শোকসভায় বঙ্গবন্ধুসহ মৃত্যুবরণকারী দলীয় নেতা-কর্মীদের জন্য দোয়া



লীগ সাধারণ সম্পাদক মাহমুদ হোসেন, যুগ্ম সম্পাদক নুরুল তালুকদার নাহিদ, ফ্লোরিডা ষ্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুজিবুর রহমান, ফিলাডেলফিয়া



ট্রাই কাউন্টি আওয়ামী লীগের সভাপতি আবুল খায়ের মাহমুদ, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা কফিল চৌধুরী, নিউইয়র্ক আইনজীবি পরিষদের সভাপতি মোর্শেদা জামান, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের সাবেক আন্তর্জাতিক সম্পাদক শাখাওয়াত বিশ্বাস, যুবলীগ নেতা শাহ সেলিম, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক লীগের যুগ্ম সম্পাদক সৈয়দ কিবরিয়া, প্রচার সম্পাদক মোহাম্মদ আলম, যুক্তরাষ্ট্র ছাত্রলীগ নেতা জেড এ জয়, জাহাঙ্গীর এইচ মিয়া, শহিদুল হক রাশেদ, হুমায়ুন কবির, মুক্তিযোদ্ধা যুব কমান্ড কেন্দ্রীয় কমিটির সদস্য সহিদুল ইসলাম, উপদেষ্টা মোহাম্মদ জহিরুল ইসলাম, সাধারণ সম্পাদক মুক্তিযোদ্ধা যুব কমান্ড প্রমুখ সহ বিপুল সংখ্যক নেতাকর্মী নিউইয়র্ক সহ বিভিন্ন অঙ্গরাজ্য থেকে যোগ দেন।

নিউইয়র্ক (ইউএনএ): নিউইয়র্কে **বাংলাদেশী** কমিউনিটির পরিচিত মুখ, বিশিষ্ট রাজনীতিক, সংগঠক ও ক্রিকেটার এবং যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপ প্রচার সম্পাদক তৈয়বুর রহমান টনির মৃত্যুতে দোয়া মাহফিল ও শোকসভা করেছে। ভিডিও কনফারেন্সের মাধ্যমে গত ২৮ অক্টোবর বুধবার সন্ধ্যায় আয়োজিত মরহুম তৈয়বুর রহমান টনির দোয়া ও শোক সভায় সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের সভাপতি ড. সিদ্দিকুর রহমান। সভা পরিচালনা করেন সংগঠনের ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আব্দুস সামাদ আজাদ। টনির শোক সভায় 'জাতির জনক, বঙ্গবন্ধু শেখ মুজিবর রহমান ও তাঁর পরিবারের সদস্যসহ মৃত্যুবরণকারী দলীয় নেতা-কর্মী বিশেষ করে যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা ওয়াহিদুর রহমান নূরুল ইসলাম অনু, ফৈয়জ আলী, সিরাজ উদ্দিন আহমেদ, কামাল আহমেদ, নজমুল ইসলাম, বেলাল তরফদার, জসিম উদ্দিন মিঠু সহ যারা ইতিপূর্বে ইন্তেকাল করেছেন তাদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের মানবাধিকার বিষয়ক সম্পাদক মিসবাহ আহমেদ সহ অসুস্থ সকল দলীয় নেতা-কর্মীদের সুস্থ্যতা কামনা করা হয়। দোয়া পরিচালনা করেন বাইতুল ইসলাম জামে মসজিদ ও ইসলামিক সেন্টারের ইমাম ও খতিব মাওলানা রহমত উল্লাহ। খবর ইউএনএ'র।

সভায় যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের যুগ্ম সম্পাদক নিজাম চৌধুরী, সম্পাদকমন্ডলীর সদস্য যথাক্রমে মহিউদ্দিন দেওয়ান, আব্দুল হাসিব মামুন, হাজী এনাম, কৃষিবীদ আশরাফুজজামান, মনজুর খান, দেওয়ান বজলু, মোহাম্মদ সোলায়মান আলী, আব্দুল মালেক, কার্যকরী সদ্য শাহানারা রহমান, নিউইয়র্ক মহানগর আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ইমদাদ চৌধুরী, কানেকটিকাট ষ্টেট আওয়ামী লীগের সভাপতি জেহাদুল হক জেহাদ, সাধারণ সম্পাদক হুমায়ুন আহমেদ চৌধুরী, পেনসেলভেনিয়া ষ্টেট আওয়ামী লীগের সভাপতি বীর মুক্তিযাদ্ধা আবু তাহের ও সাধারণ সমম্পাদক আবু সাঈদ খান। বোষ্টন আওয়ামী লীগের সভাপতি ইউসুফ চৌধুরী ও সাধারণ সম্পাদক ইকবাল হোসেন, নিউইয়র্ক ষ্টেট আওয়ামী লীগের সহ সভাপতি শেখ আতিক, নি-উইয়র্ক মিশিগান ষ্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মোহাম্মদ আবু মুসা, জর্জিয়া ষ্টেট আওয়ামী লীগ সাধারণ সম্পাদক নুরুল তালুকদার নাহিদ, ফ্লোরিডা ষ্টেট আওয়ামী লীগের সাধারণ সম্পাদক মুজিবুর রহমান, ফিলাডেলফিয়া ট্রাই কাউন্টি আওয়ামী লীগের সভাপতি আবুল খায়ের মাহমুদ, যুক্তরাষ্ট্র আওয়ামী লীগ নেতা

সভাপতি ড. সিদ্দিকুর রহমান তার বক্তব্যে মরহুম তৈয়বুর রহমান টনির অকাল মৃত্যুতে গভীর শোক ও সমবেদনা প্রকাশ করে বলেন, আমাদের টনি এতো মেধানির্ভর ছিল যা আগে বুঝতে পারিনি। তার সম্পর্কে অনেক কিছুই জানতাম না, যা মৃত্যুর পর জেনেছি। তিনি মরহুম টনির বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং বৈশ্বিক মহামারির সময় সকল বেদনাবোধ ভুলে দলীয় নেতা-কর্মীদের এক সাথে কাজ করার আহবান জানান।

উল্লেখ্য, ঢাকার জিগাতলার বাসা থেকে পুলিশ গত ২৫ অক্টোবর শনিবার তার মরদেহ উদ্ধার করে। তার অকাল ও আকস্মিক মৃত্যুর খবরে কমিউনিটিতে শোকের ছায়া নেমে আছে। তার দেশের বাড়ী বাগেরহাট জেলার মোড়েলগঞ্জ উপজেলা।

নিউ ইয়র্ক ভ্রমণকারীদের জন্য করোনা নেগেটিভ টেস্ট বাধ্যতামূলক

বাংরা পত্রিকা রিপোর্ট: গোটা বিশ্বে করোনায় আক্রান্তের সংখ্যা ৪ কোটি ৫৬ লাখ এবং মৃতের সংখ্যা ১২ লাখ ছাড়িয়ে গেছে। আর আমেরিকায় ৯১ লাখেরও বেশি করোনায় আক্রান্ত এবং ২ লাখ ৩০ হাজার করোনায় মারা গেছেন। অন্যদিকে আমেরিকার ১৪টি স্টেটে করোনার মাত্রাতিরিক্ত সংক্রমণসহ ৩১ টি স্টেটে করোনার সংক্রমণ বৃদ্ধি পাওয়ার পরিপ্রেক্ষিতে নিউ ইয়র্ক স্টেট গভনর্র এন্ড্রু ক্যুমো নিউ ইয়র্ক ভ্রমণকারীদের জন্য নতুক করে কতিপয় শর্তারোপ করেছেন। নিউ ইয়ক্রের আশপাশের কানেকটিকাট, নিউ জার্সী এবং পেনসিলভেনিয়া ছাড়া বাকি সকল স্টেটের নিউ ইয়র্ক ভ্রমণ করতে আগ্রহীদের ভ্রমণ শুর ের ৩ দিন পূর্বেই কোভিড-১৯ নেগেটিভ সার্টিফিকেট সংগ্রহ করতে হবে।

অবশ্য নতুন নির্দেশে গভনর্র ক্যুমো নিউ ইয়র্ক ভ্রমণকারীদের জন্য পূর্বের ১৪ দিনের কোয়ারেন্টাইন শর্ত বাতিল করেছেন। এখন থেকে আগমনের ৩ দিন পূর্বের এবং ত্যাগের ৩ দিন পরের কোভিড-১৯ নেগেটিভ শর্ত কার্যকর হবে।

৪৫ নিখোঁজ শিশু উদ্ধারে ওহাইও স্টেটে ঐতিহাসিক অভিযান

বাংরা পত্রিকা রিপোর্ট: পুলিশ বাহিনী, ইউএস মার্শাল এবং বিভিন্ন সংস্থা মিলিয়ে সর্বমোট ৫০ এজেন্সীর সমন্বয়ে গঠিত বিশেষ বাহিনী মানবপাচারকারী দুষ্টচক্রের আস্ড়ানায় ঐতিহ-াসিক অভিযান চালিয়ে সর্বমোট ৪৫ জন নিখোঁজ শিশুকে এবং জিম্মি হিসেবে আটক রাখা ১০৯ ব্যক্তিকে জীবন্ড় উদ্ধার করেছে। ওহাইও স্টেট জেনারেল ড্যাভিড ইয়স্ট ৩০ অক্টোবর বলেন, ওহাইওর ইতিহাসের এই অবিস্মরণীয় অটাম হোপ শীর্ষক অভিযানে ইউএস মার্শালস এবং এজেন্সী সদস্যগণ মানবপাচার, ড্রাগ ব্যবসাসহ নানাবিধ জঘণ্য অপরাধে জড়িত ১৭৭ জনকে গ্রেপ্তার করা হয়েছে।

ইয়স্ট আরও জানান, দুষ্টচক্রের অভয়ারণ্য হিসেবে পরিচিত লিন্ডেন, সালভ্যান্ট এবং পার্সন্স এভিনিউর নির্দিষ্ট এলাকায় এ সাঁড়াশি অভিযান চালানো হয়েছে। গ্রেপ্তারকৃত ১৫৭ জনের বিরুদ্ধে চোরাইপথে মানব আমদানি, আমদানিকৃত ভিনদেশীদের দেহব্যবসাসহ নানাবিধ অসামাজিক কাজে লাগানোর অভিযোগ দায়ের করা হয়েছে। বাকিদের বির ুদ্ধে ড্রাগ ব্যবসা,অবৈধ আগ্নেয়াস্ত্র কেনা-বেচার অভিযোগ দায়ের করা হয়েছে।



সৌদি হজ্ব মন্ত্রণালয় হতে লাইসেন্স প্রাপ্ত।

আমেরিকার একটি নির্ভরশীল এবং বিশ্বস্ত প্রতিষ্ঠান

আরাফা হজ্ব গ্রুপ ২০২০

১৯৯৭ সাল থেকে আমেরকা হতে সাফল্যের সাথে হজ্ব কাফেলা পরিচালনা করছি।
আরবী ভাষায় আমাদের দক্ষতা রয়েছে এবং ধর্মীয় বিভিন্ন পবিত্র স্থান সম্পর্কে রয়েছে স্বচ্ছ ধারণা ও পরিচিতি।

ভিআইপি গ্রুপঃ $৮,৯০০

প্রতি রুমে ৪জন
মক্কাঃ ৫ স্টার হোটেল (ক্লক টাওয়ার) ১১ দিন
সাথে বুফে সকালের নাস্তা ও রাতের খাবার
মদিনাঃ ৫ স্টার হোটেল (আনয়ার আল-মদনি মুভেনপিক) ৩দিন
সাথে বুফে সকালের নাস্তা ও রাতের খাবার
যাওয়াঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ২৫ জুলাই, ২০২০ (শনি) জেদ্দা
আসাঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ০৯ আগস্ট, ২০২০ (বনি) মদিনা



এক্সপ্রেস গ্রুপঃ $৭,৭০০

প্রতি রুমে ৪জন
মক্কাঃ ৩ স্টার হোটেল-১১দিন
(৩-৪ মি, হাঁটার দূরত্ব) সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
মদিনাঃ ৩ স্টার হোটেল-৩দিন
সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
যাওয়াঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ২৫ জুলাই, ২০২০ (শনি) জেদ্দা
আসাঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ০৯ আগস্ট, ২০২০ (বনি) মদিনা

ডিলাক্সা গ্রুপঃ (৪০ সালাত) ঃ $৭,৫০০

প্রতি রুমে ৪জন
মক্কাঃ ৩ স্টার হোটেল-১৯দিন
(৩-৪ মি, হাঁটার দূরত্ব) সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
মদিনাঃ ৩ স্টার হোটেল-৮দিন
সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
যাওয়াঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ১৮ জুলাই, ২০২০ (শনি) জেদ্দা
আসাঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ১৫ আগস্ট, ২০২০ (শনি) মদিনা

কাস্টমস গ্রুপঃ (৪০ সালাত) ঃ $৭,৭০০

প্রতি রুমে ৪জন
মক্কাঃ ৩ স্টার হোটেল-১১দিন
(৩-৪ মি, হাঁটার দূরত্ব) সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
মদিনাঃ ৩ স্টার হোটেল-৮দিন
সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
যাওয়াঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ২৫ জুলাই, ২০২০ (শনি) জেদ্দা
আসাঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ১৫ আগস্ট, ২০২০ (শনি) মদিনা

ইকোনমি গ্রুপঃ (৪০ সালাত) ঃ $৫,৯৫০

প্রতি রুমে ৪জন
মক্কাঃ ইকোনমি হোটেল-২০দিন
(১৫ মি, হাঁটার দূরত্ব) সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
মদিনাঃ ইকোনমি হোটেল-৮দিন
সাথে বুফে সকালের নাস্তা, দুপুর ও রাতের খাবার
যাওয়াঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ১৭ জুলাই, ২০২০ (শুক্র) জেদ্দা
আসাঃ রয়েল জর্ডানিয়ান এয়ারলাইন্স ১৫ আগস্ট, ২০২০ (শনি) মদিনা

ট্যাক্স, হজ্ব ফি ও কোরবানী বাবদ জনপ্রতি অতিরিক্ত ৬০০ ডলার পরিশোধ করতে হবে। ভেক্সিনেশন ফি অন্তর্ভুক্ত নয়
(হজ্ব শেষে আপনি ইচ্ছ করলে বাংলাদেশ, পাকিস্তান অথবা ইন্ডিয়া ঘুরে আসতে পারবেন, অতিরিক্ত চার্জ ৬০০ ডলার)

আজিজিয়ায় রাখা হবে না শিফ্টিং হবে না

আরাফা ট্রাভেলস্ এন্ড ট্যুরস্, ইন্ক

হজ্ব এবং ওমরাহ'র জন্য একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান

Tel: 718-777-8744 • Cell: 917-446-5188
70-50 Broadway, Jackson Heights, NY 11372
arafahajj55@yahoo.com • www.arafahajjusa.com

- প্রতি গ্রুপের জন্য রয়েছে শীতাতপ নিয়ন্ত্রিত বাসের ব্যবস্থা।
- উপমহাদেশীয় খাবারের সুব্যবস্থা আছে।
- প্রতিটি গ্রুপের সাথে অভিজ্ঞ গাইড থাকবেন।
- বিজ্ঞ আলেম দ্বারা বদলী হজ্বের সুযোগ আছে।

CONTACT
Burhan Uddin (Atlanta): Ph: 678-772-2599 Mohammed Bawa Yusof (Indiana): Ph: 260-206-7275
Syed Chowdhury (Michigan): Ph: 586-873-6890 Rasheed Al Rabbi (Virginia): Ph: 703-867-2201

বাংলা পত্রিকা'র ২৪ বছর পূর্তী ও টাইম টেলিভিশনের ৭ম বর্ষে পদার্পণে আন্তরিক

শুভেচ্ছা





আলহাজ্ব সোলাইমান ভূইয়া

বিশিষ্ট রাজনীতিবিদ ও ব্যবসায়ী
ফোনঃ ৯১৭-৪১৬-৫৯৩৯

Four Brough Construction Corp.

৩৩ বৎসরের সিটি, স্টেট ও প্রাইভেট যে কোন কন্সট্রাকশন, রিনোভেশন ও মডার্নাইজেশনে অভিজ্ঞতাসম্পন্ন বাংলাদেশী কন্সট্রাকশন প্রতিষ্ঠান

Immigrant Elder Home Care LLC

হোম কেয়ার



ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন

$২১ প্রতি ঘন্টা

নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।

কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।

আজই যোগাযোগ করুন:

গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮

Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813

Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549

Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813

Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308

Buffalo Office
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162

MAKE AMERICA CARE AGAIN

ইলেকশন ডে
৩ নভেম্বর



MAKE AMERICA
CARE AGAIN
BIDEN
HARRIS
2020

বহির্বিশ্বে যুক্তরাষ্ট্রের ইমেজ মহিমান্বিত এবং
ইমিগ্র্যান্টদের অধিকার পুনঃপ্রতিষ্ঠা
করতে নির্বাচনে



ডেমোক্র্যাটদের
বিজয়ী করুন

Fahad Solaiman
Community Leader, NY

জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখা যথা সম্মানের সাথে উপজেলা দিবস পালন করেন

নিউইয়র্ক: উপজেলা দিবস উপলক্ষে জাতীয় পার্টি যুক্তরাষ্ট্র শাখার এক আলোচনা সভা গত ২৩ অক্টোবর শুক্রবার সন্ধ্যায় জ্যাকসন হাইটস্থ পালকী পার্টি সেন্টারে অনুষ্ঠিত হয়। সংগঠনের সভাপতি ও কেন্দ্রীয় সদস্য হাজী আব্দুর রহমান এর সভাপতিত্বে এবং সাধারণ সম্পাদক ও কেন্দ্রীয় সদস্য আবু তালেব চৌধুরী চান্দুর পরিচালনায় সভায় আরো উপস্থিত ছিলেন জাপার সিনিয়র উপদেষ্টা সৈয়দ শওকত আলী, জাপার উপদেষ্টা গিয়াস মজুমদার, উপদেষ্টা মাহাবুবুর রহমান চৌধুরী, সিনিয়ার সহ সভাপতি ও কেন্দ্রীয় সদস্য জসিম উদ্দিন চৌধুরী, সহ-সভাপতি ও কেন্দ্রীয় সদস্য এডভোকেট হারিস উদ্দিন আহমেদ, সহ-সভাপতি ডা. সেলিম হায়দার, যুগ্ম-সাধারণ সম্পাদক আসেফ বারী টুটুল, যুগ্ম সাধারণ সম্পাদক ও কেন্দ্রীয় সদস্য মোঃ লুৎফর রহমান, সাংগঠনিক সম্পাদক ওসমান চৌধুরী, মহিলা সম্পাদিকা জেসমিন আকতার চৌধুরী, যুব সম্পাদক শফিউল আলম, কোষাধ্যক্ষ জিএম ইলিয়াস। সভায় বক্তারা বলেন, '৬৮ হাজার গ্রাম বাঁচলে বাংলাদেশ বাচঁবে' বলেই বাংলাদেশে ৪৬০টি উপজেলা ব্যবস্থার প্রবর্তন করেন রাষ্ট্রপতি হুসেইন মুহাম্মদ এরশাদ। 'উপজেলা দিবস' ২৩ অক্টোবর বাংলাদেশের উন্নয়নের ইতিহাসে একটি গুরুত্বপূর্ণ দিন। মরহুম রাষ্ট্রপতি হুসেইন মুহাম্মদ এরশাদের জন্যই দিনটি বাংলাদেশের ইতিহাসে চির স্মরনীয় হয়ে থাকবে। এই দিনে তৎকালনী মহামান্য রাষ্ট্রপতি হুসেইন মুহাম্মদ এরশাদ এর একটি সিদ্ধান্তে বদলে দেয় সারা বাংলাদেশের স্বাধীনতার পরবর্তী ক্ষতবিক্ষত বাংলার রূপ। এক রাত্রের সিদ্ধান্তে প্রশাসনকে বিকেন্দ্রীকরণ করে ৬৪টি জেলাকে ৪৬০টি উপজেলায় রূপান্তরিত করেন।



বক্তারা বলেন, পল্লীবন্ধু এরশাদ প্রস্তাবিত ৪৬০টি উপজেলার ফলশ্রুতিতে প্রশাসনই শুধুগ্রামের মানুষের কাছে যায়। উন্নয়নের বিজয়ের কাঠি চলে গিয়েছিলো গ্রামে। জনগনের দোড় গোর বিচার ব্যবস্থা পৌছে গেছে। প্রতিটি উপজেলায় একটি করে স্বাস্থ কমপ্লেক্স স্থাপন করেন। পল্লীবন্ধু উপজেলা করে গ্রামে গ্রামে রাস্তা ঘাট পুল কালভার্ট দালান-কোটা নির্মাণের ফলে ৬৮ হাজার গ্রাম লাভ করেছে শহরের আমেজ। প্রতিটি ইউনিয়নে একটি করে কুটির শিল্প স্থাপন করেছিলেন প্রয়াত রাষ্ট্রপতি হুসাইন মুহাম্মদ এরশাদ। এর জন্যই তিনি পল্লী বন্ধু হুসাইন মুহাম্মদ এরশান নামে পরিচিতি লাভ করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.




SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না




Free Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
• ব্রেইন ইনজুরি
• এলিভেটর একসিডেন্ট
• স্কুল লায়াবিলিটি
• খেলার মাঠে দূর্ঘটনা
• বার্থ ইনজুরি
• নির্মাণ কাজে দুর্ঘটনা
• পিছলে পড়ে গেলে
• লেড পয়জনিং
• কুকুর কামড়ালে
• ডাক্তারের ভূল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন



Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
www.surdezperezlaw.com

TODAY'S DENTAL
86-30 Broadway, 2nd Fl, Elmhurst, NY 11373.
Corner of Broadway & Justice Ave
Tel: 718-760-5500



আমরা সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করে থাকি।



দাত ও মাড়ির সর্বাধুনিক সুচিকিৎসার জন্য



আপনাদের সেবায়
ডাঃ কাজী জাফরি সাত্তার
ডাঃ এ. এ. আব্দুল কাদের ডিডিএস (ইউনিক ডেন্টাল)
আমরা বাংলায় কথা বলি



REQUEST A FREE CONSULTATION
718-760-5500
HOW TO REACH US
Top of Grand Ave Station
By Train - M, R Train
By Bus - Q 53, Q 58, Q 60 Queens Blvd.

LAW OFFICE OF ALBERT GHUNNEY
ATTORNEY AT LAW
ACCIDENT/INJURY, SLIP & FALL
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, সিটিজেনশীপ, এসাইলাম ও ওয়ার্ক পারমিট রিনিউ।
ডিভোর্স, চাইল্ড সাপোর্ট, কাস্টডি, এলিমনি। ইনকর্পোরেশন এন্ড বিজনেস ট্যাক্স
বাংলাদেশ থেকে B1/B2/F1/M1/J1 ভিসা প্রসেস
সহযোগিতার জন্য যোগাযোগ করুনঃ
ইমিগ্রেশন সার্ভিস-এ ১০ বছরের অভিজ্ঞ বাংলাদেশী ল'ইয়ার
MURAD HOSSAIN MSS, LLB (DU), LLM USA, DTL UK
347-891-8958, h_m_murad@yahoo.com
37-22 73rd Street, (1F), Jackson Heights, NY 11372

জ্যাকসন হাইট্স কাজী অফিস
সম্পূর্ণ নিরিবিলি পরিবেশে নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্টার্ড কাজীর মাধ্যমে শরিয়ত সম্মতভাবে বিবাহ সম্পন্ন সহ নিউইয়র্ক সিটি'র 'ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়।
বিস্তারিত তথ্যের জন্য ঃ ৭১৮-৬১৮-৪০৯৩
৪১-২২ ৭৫ স্ট্রিট, ১ম তলা, এলমহার্স্ট, নিউইয়র্ক ১১৩৭৩



গান শিখুন
বাংলাদেশ কমিউনিটির সঙ্গীত অঙ্গনে অতি পরিচিত মুখ
সবিতা দাস
উচ্চাঙ্গ সঙ্গীতসহ সব ধরনের নৃত্য, গান ও তবলা শিক্ষা দেয়া হয়। বাংলা শিক্ষা ফ্রি
বহ্নিশিখা সঙ্গীত নিকেতন
৩৫-১৮, ৩৩ স্ট্রীট, এস্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৬
যোগাযোগঃ (৭১৮) ৭২১-৩৬৫১, ৭১৮-৮১০-৬৮৫৮

মুসলিম
কাজী অফিস
ISLAMIC MARRIAGE SOLEMNIZER (NYC/S. REGISTERED)



ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো ও নিউইয়র্ক সিটির ল' অনুযায়ী ম্যারেজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।
মাওলানা ক্বারী মোহাম্মদ রহমতউল্লাহ মজিদী
এম, এম, বিএস-সি (অনার্স) এম,এস-সি (ভূগোল)
খতিব : ম্যানহাটন ডাউনটাউন ক্যানাল স্ট্রীট জুমা মসজিদ
ইমাম : বায়তুল ইসলাম মসজিদ এন্ড কমিউনিটি সেন্টার, ব্রুক্স
ম্যারেজ রেজিষ্টার : নিউইয়র্ক স্টেট, ইউএসএ।
পরিচালক : এম, সেতারা ট্রেড ইন্টারন্যাশনাল লিঃ (বাংলাদেশ)। বাংলাদেশ থেকে হজ্ব ও ওমরার বুকিং চলছে।
গ্রুফ ভিত্তিক/বাসায় গিয়ে 'বিশুদ্ধ কোরআন শিক্ষা' দেওয়া হয়।
যোগাযোগঃ ৬৮-১৫, ৩৮ এভিনিউ, ২য় তলা, উডসাইড, নিউইয়র্ক ১৩৭৭ (৭- ট্রেন, ৬৯ সাবওয়ে-এর অর্থরুক উত্তরে)
ফোনঃ 347-612-7397, 718-565-8219

INSURANCE
New/ Renewal

❖ AUTO, HOME, BUSINESS, BLACK CAR, GREEN CAB
❖ FOOD-FRUITS VENDOR, LIABILITY
❖ COMMERCIAL VAN, STORE LIABILITY.
❖ CONSTRUCTION, WORKERS COMP. & DISABILITY.



BEST PRICE AND SATISFACTION GUARANTEED

TDS Insurance Brokerage Corp.
Tel : 718-483-9310, Fax : 718-483-9311
BROOKLYN OFFICE
118 Beverley Rd. Brooklyn, NY 11218

প্রবাসী আয়ে অষ্টম স্থানে

(প্রথম পাতার পর)

প্রকাশিত 'কভিড-১৯ ক্রাইসিস থ্রো মাইগ্রেশন লেন্স' শীর্ষক হালনাগাদ প্রতিবেদনে এই পূর্বাভাস তুলে ধরা হয়েছে।

বৈশ্বিক অর্থনীতি যেখানে চলতি বছর সংকুচিত হবে, সেখানে প্রবাসী আয়ও স্বাভাবিকভাবে কমবে। তবে বৈশ্বিক মহামারি সত্ত্বেও এ বছর বাংলাদেশ, পাকিস্তান ও মেক্সিকোর প্রবাসী আয় বাড়বে। বছরের দ্বিতীয় প্রান্তিকে এই দেশগুলোর প্রবাসী আয় কমেনি এবং তৃতীয় প্রান্তিকে প্রবাহ বেড়েছে। এই তিন দেশ কেন ব্যতিক্রম তার কারণ হিসেবে প্রতিবেদনে বলা হয়েছে, বাংলাদেশে ঈদ ও বন্যার কারণে তৃতীয় প্রান্তিকে প্রবাসী আয়ের প্রবাহ গত বছরের একই সময়ের তুলনায় ৫৩.৫ শতাংশ বেড়েছে। প্রতিবেদনে আরো বলা হয়েছে, বছরের দ্বিতীয় প্রান্তিকে অর্থনীতির শ্লথগতির কারণে যাঁরা টাকা পাঠাননি, তাঁরা যেমন তৃতীয় প্রান্তিকে টাকা পাঠিয়েছেন, তেমনি মহামারির কারণে আনুষ্ঠানিক চ্যানেলে টাকা পাঠানোর প্রবণতা বেড়েছে।

প্রতিবেদনে বলা হয়, করোনার কারণে বিভিন্ন দেশে এখনো ভ্রমণ নিষেধাজ্ঞা আছে। এই অবস্থায় আনুষ্ঠানিক চ্যানেলগুলোর পাশাপাশি অনানুষ্ঠানিক চ্যানেল দিয়েও প্রবাসী আয়ের প্রবাহ সচল থাকবে। এ অঞ্চলের অপর দেশ ভারতের প্রবাসী আয়ে আগের বছরের চেয়ে ৯ শতাংশ কমে যাবে; যদিও পরিমাণের দিক থেকে তারা যথারীতি শীর্ষে থাকবে।

প্রতিবেদন অনুযায়ী, চলতি বছর দক্ষিণ এশিয়ার প্রবাসী আয় গত বছরের তুলনায় ৪ শতাংশ কমতে পারে। আর ২০২১ সালে পরিস্থিতি আরো খারাপ হতে পারে। ওই বছর প্রবাসী আয় কমতে পারে ১১ শতাংশ। বৈশ্বিক প্রেক্ষাপটে চিত্রটা খারাপ। সার্বিকভাবে ২০২১ সালের শেষ নাগাদ বিশ্বে প্রবাসী আয় কমবে ১৪ শতাংশ।

বিশ্বব্যাংকের এপ্রিলের প্রতিবেদন অনুযায়ী, ২০১৯ সালে প্রবাসী আয়ের পরিমাণের দিক থেকে শীর্ষ ১০ দেশের মধ্যে বাংলাদেশ অষ্টম স্থানে রয়েছে। প্রথম স্থানে আছে ভারত (৭৬ বিলিয়ন ডলার), দ্বিতীয় স্থানে চীন (৬০ বিলিয়ন ডলার), তৃতীয় স্থানে মেক্সিকো (৪১ বিলিয়ন ডলার)। তবে মোট দেশজ উৎপাদনের (জিডিপির) অনুপাতে বাংলাদেশ দক্ষিণ এশিয়ার দেশগুলোর মধ্যে চতুর্থ (জিডিপির ৬.২ শতাংশ)। এ ক্ষেত্রে ২৩ শতাংশ নিয়ে প্রথম স্থানে আছে নেপাল, ৯.১ শতাংশ নিয়ে দ্বিতীয় স্থানে আছে পাকিস্তান, ৮.২ শতাংশ নিয়ে তৃতীয় স্থানে শ্রীলঙ্কা।

যুক্তরাষ্ট্রে করোনা আক্রান্তের সংখ্যা ৯০ লাখ ছাড়িয়েছে

(প্রথম পাতার পর)

৯০ লাখ সাত হাজার ২৯৮ জনে। মোট মৃতের সংখ্যা দুই লাখ ২৯ হাজার ২৯৩ জন। দেশটির ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে সবচেয়ে বেশি লোক করোনায় আক্রান্ত হয়েছে। এ সংখ্যা নয় লাখ ২৫ হাজার ৫০৯ জন। এর পরের অবস্থানে টেক্সাস অঙ্গরাজ্য। এখানে মোট আক্রান্তের সংখ্যা নয় লাখ ১৯ হাজার ৬৬১ জন। ফ্লোরিডায় আক্রান্তের সংখ্যা সাত লাখ ৯৯ হাজার ৭৩৮ জন। উল্লেখ্য, বিশ্বে যুক্তরাষ্ট্রে করোনা ভাইরাসে আক্রান্ত ও মৃতের হার সবচেয়ে বেশি।

ফ্রান্সে মুহাম্মদ (স.) কে অবমাননার পর যা বললেন জাস্টিন ট্রুডো

(প্রথম পাতার পর)

সীমাবদ্ধতা আছে। এ ক্ষেত্রে সীমা লঙ্ঘন করা উচিত নয়। অকারণে নির্বিচারে কাউকে আঘাত করাও উচিত নয়।

সম্প্রতি ফ্রান্সের পত্রিকায় হজরত মুহাম্মদ (স.) কে অবমাননা করে ব্যঙ্গচিত্র প্রকাশের বিষয়ে প্রশ্ন করা হলে তিনি এ মন্তব্য করেন।ট্রুডো বলেন, অন্যদের প্রতি সম্মান জানাতে হবে। আমরা সমাজ ও পৃথিবীতে যাদের সঙ্গে সব কিছু ভাগাভাগি করে থাকছি, তাদের নির্বিচারে এবং অপ্রয়োজনে আঘাত করা মোটেও উচিত নয়।

তিনি বলেন, জনাকীর্ণ কোনো সিনেমা হলে গিয়ে উচ্চস্বরে চিৎকার করার অধিকার আমাদের নেই। এর একটা সীমা আছে। আমরা যেসব কথা বলি, অন্যদের প্রতি যে আচরণ করি, বিশেষ করে সেসব সম্প্রদায় ও জনগোষ্ঠী যাদের ভয়াবহ বৈষম্যের শিকার হওয়ার অভিজ্ঞতা রয়েছে তাদের প্রতি এর প্রভাব সম্পর্কে আমরা নিজেদের কাছে দায়বদ্ধ।

ফ্রান্সে সন্ত্রাসী হামলার নিন্দা জানিয়ে।ট্রুডো বলেন, এটি অযৌক্তিক এবং আমাদের ফরাসি বন্ধু যারা খুব কঠিন সময়ের মধ্য দিয়ে যাচ্ছেন তাদের পাশে দাঁড়িয়ে এই কর্মকাণ্ডের প্রতি তীব্র নিন্দা জানাই।

বাংলাদেশী মেডিকেল গ্রুপ



ডাঃ আতাউল ওসমানি
এম.ডি
ফ্যামিলি মেডিসিন বিশেষজ্ঞ
৭১৮-৬৩৬-০১০০

Brooklyn
20 Arlington Place
(Across the Fulton St.)
(Betw. Bedford & Nostrand Ave)
Brooklyn, NY 11216
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

Jackson Heights
70-17 37th Avenue
(Betw. 70 & 71st Street)
East Side of BQ Express Way
Jackson Heights, NY 11372
Tel: 718-363-0100
Fax: 718-636-0112

আমরা সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করে থাকি

উইকেন্ড মাক্তাব ও আফটার স্কুল

আল্লাহ্‌র অশেষ মেহেরবাণীতে নিউইয়র্কের সাউথ জ্যামাইকায় আপনার সন্তানের ধর্মীয় শিক্ষার জন্য আল-মানসুর কালরচারাল সেন্টারে সুব্যবস্থা হয়েছে, তাই পাবলিক স্কুলগামী ৯৮ভাগ মুসলিম শিক্ষার্থীকে আফটার স্কুল ও উইকেন্ড মাক্তাবের মাধ্যমে প্রয়োজনীয় জাগতিক শিক্ষার পাশাপাশি অত্যাবশ্যকীয় ধর্মীয় শিক্ষালাভের সুযোগ করে দেয়াই আমাদের লক্ষ্য ও উদ্দেশ্য।

ফুলটাইম হিফ্‌জুল কোরআন ক্লাস

ইহা একটি পূর্ণাঙ্গ সিলেবাস সম্বলিত ৫ বছরের কোর্স যেখানে কায়দা-কোর্‌আন শিক্ষার পাশাপাশি দোয়া, আক্বীদা, আখ্‌লাক, ফিক্‌হ ও হাদীস এবং ইসলামিক ইতিহাস শিক্ষা দেয়া হয়।

সামার ক্লাস
সামার ভ্যাকেশনের সাথে সামঞ্জস্য রেখে সম্পূর্ণ একটি সিলেবাস।
সপ্তাহে ৪ দিন, জুলাই ০২-আগস্ট ৩০।
সকাল ১০:৩০ - দুপুর ১:৩০

বৈশিষ্ট্য সমূহঃ
বিজ্ঞ আলেমদের তত্ত্বাবধানে পরিচালিত
অভিজ্ঞ শিক্ষক মন্ডলী
সিলেবাস ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
শিক্ষাদানের ভাষা ইংরেজী
সেমিষ্টার ভিত্তিক শিক্ষা ব্যবস্থা
ছেলে মেয়েদের আলাদা সুব্যবস্থা
ভর্তি চলছে!

সম্মানিত সচেতন অভিভাবক! আপনার সন্তানের ধর্মীয় অনুভূতি জাগরণে আপনাকেই নিতে হবে সঠিক সিদ্ধান্ত, আর তা বাস্তবায়ন ও সার্বিক সহযোগিতায় আমরা দৃঢ় প্রতিজ্ঞাবদ্ধ।

পরিচালক ঃ শায়েখ মুফ্‌তি মোহাম্মদ আব্দুল্লাহ্‌
প্রাক্তন ইমাম, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট কারেকশনাল সার্ভিস।

Al-Mansoor Cultural Center
Learning • Reflecting • Celebrating • Inspiring
ভর্তি চলছে
Tel: 718-475-0904
646-545-1943
646-545-7924
107-57 154 Streeet, Jamaica, NY 11433

ম্যানহাটন ছাড়ছেন অনেকে

(প্রথম পাতার পর)

ফিলাডেলফিয়া নগরী, শিকাগো, ওয়াশিংটন ডিসি, মিনিয়াপোলিস ও সিয়াটলসহ বড় নগরীগুলোতে সহিংসতা মোকাবিলায় পুলিশ প্রস্তুতি নিয়েছে। বড় বড় নগরীতে ব্যবসা প্রতিষ্ঠানগুলোতে সতর্কতামূলক প্রস্তুতি নিতে দেখা যাচ্ছে। নিউইয়র্কের মেয়র বিল ডি ব্লাজিও নির্বাচনের পর বিভিন্ন গ্রুপের দীর্ঘস্থায়ী বিক্ষোভ সমাবেশ হবে বলে আশঙ্কা করছেন। নিউইয়র্কে ব্যবসায়ীরা দোকানের কাচ ও দরজায় কাঠ লাগিয়ে দিচ্ছেন। লুটপাট ঠেকানোর প্রস্তুতি নিতে দেখা গেছে দামি ব্র্যান্ডের দোকানগুলোতে। ওয়ালমার্ট তার স্টোরগুলো থেকে আগ্নেয়াস্ত্র সরিয়ে নিচ্ছে। ওয়ালমার্ট কর্তৃপক্ষ জানিয়েছে, এ নির্বাচনের ফলাফল ঘিরে সহিংসতা হতে পারে, এই আশঙ্কায় তারা এটা করেছেন। গত সপ্তাহে আর্মড কনফ্লিক্ট লোকেশন ও ইভেন্ট ডেটা প্রজেক্ট এবং মিলিশিয়া ওয়াচের যৌথভাবে প্রকাশিত গবেষণায় বলা হয়েছে, নির্বাচনকে কেন্দ্র করে ব্যাটেলগ্রাউন্ড স্টেট পেনসিলভেনিয়া, জর্জিয়া, মিশিগান ও উইসকনসিনে সশস্ত্র সংঘাতের ঝুঁকি রয়েছে। হামলার আশঙ্কা রয়েছে ম্যানহাটনের ট্রাম্প টাওয়ারে। টাইমস স্কয়ার সংলগ্ন এলাকায় অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। ম্যানহাটন থেকে বেশ কিছু আবাসিক লোকজনকে নগরী ছেড়ে যেতে দেখা গেছে। ৩ নভেম্বর নির্বাচনের পর পরিস্থিতি বুঝে তারা শহরে ফিরবেন। শেষতক নির্বাচন শান্তিপূর্ণ হবে কিনা এবং ফলাফল ব্যাপকভাবে গৃহীত হবে কিনা এ নিয়ে ভাবছেন ভোটাররা। ইউএসএ টুডে ও সাফোক বিশ্ববিদ্যালয়ের চালানো এক যৌথ জরিপে দেখা গেছে, চারজন ভোটারের মধ্যে তিনজনেরই আশঙ্কা নির্বাচন ঘিরে সহিংসতা চলবে। শুধু একজন ভোটারের দৃঢ় বিশ্বাস নির্বাচন শান্তিপূর্ণ হবে, তাও ডেমোক্র্যাট প্রার্থী জো বাইডেন যদি বর্তমান প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে হারিয়ে দিতে পারেন।

ফ্লোরিডার পিটার্সবুর্গের এক রেজিস্টার্ড নার্স এ জরিপে অংশ নেন। ৭২ বছর বয়সী এই নার্স বলেন, 'এ মুহূর্তে খুব চাপা উত্তেজনা বিরাজ করছে। আমি আমার পুরো জীবনে এমন ভীতিকর পরিস্থিতি দেখেছি ১৯৬২ সালে জন এফ কেনেডির প্রেসিডেন্ট হওয়ার সময় এবং কিউবার ক্ষেপণাস্ত্র সংকট মুহূর্তে।' এ ছাড়া নির্বাচনের ভুয়া খবর ছড়িয়ে সহিংসতা হতে পারে বলে উদ্বেগ জানিয়েছেন ফেসবুক প্রতিষ্ঠাতা মার্ক জুকারবার্গ। যুক্তরাষ্ট্র প্রশাসনকে সতর্ক করে তিনি বলেন, 'ভোট নিয়ে যথেষ্ট উদ্বেগে আছি। যুক্তরাষ্ট্রের ভোটারদের মধ্যে মেরুকরণ হয়ে গেছে। চূড়ান্ত ফল বের হতে কয়েক দিন এমনকি কয়েক সপ্তাহও লাগতে পারে। এ অবস্থায় সামাজিক অস্থিরতা সৃষ্টির সম্ভাবনা থেকে যাচ্ছে।' ক্যালিফোর্নিয়ায় ফেসবুকের সদর দফতর থেকে জানানো হয়েছে, ২০২০ সালের নির্বাচনের আগে রাজনৈতিক বিজ্ঞাপন নিয়ে কড়াকড়ি করা হয়েছে। সংস্থা লক্ষ্য রাখছে, কেউ যেন এমন কোনো বিজ্ঞাপন না দেয়, যাতে সামগ্রিকভাবে নির্বাচন প্রক্রিয়াকেই ছোট করা হয়। পাশাপাশি নাগরিকদের ভোটদানে নিরুৎসাহ করে, এমন প্রচার বা পোস্টের বিরুদ্ধেও তড়িঘড়ি ব্যবস্থা নেওয়ার কথা বলেছেন জুকারবার্গ।

অন্যদিকে, যুক্তরাষ্ট্রের ভাগ্য পাল্টে দিতে পারেন দরিদ্র ও নিম্নআয়ের মানুষেরা। শেষ মুহূর্তে ভোটের জন্য দরিদ্র ও নিম্নআয়ের মানুষের কাছে হাত পেতেছেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ও প্রতিদ্বন্দ্বী জো বাইডেন। রিপাবলিকান ও ডেমোক্রেটরা। দরিদ্র ভোটারদের ভোটকেন্দ্রে আনার চেষ্টা করছেন। এজন্য প্রায় ২০০ জাতীয় গ্রুপ তৈরি করেছেন তারা। মোবাইলে মেসেজ পাঠানো ছাড়াও প্লাকার্ড ও পোস্টারে আর্থিকভাবে অসচ্ছল ভোটারদের কাছে ভোট চাইছেন দুই প্রেসিডেন্ট প্রার্থী। দ্য গার্ডিয়ানের খবর, যুক্তরাষ্ট্রে দরিদ্র ভোটারের সংখ্যা প্রায় ৪ কোটি ও নিম্নআয়ের ভোটার রয়েছেন প্রায় ১৪ কোটি। প্রচারকর্মীরা বলছেন, দরিদ্র ও নিম্নআয়ের মানুষগুলোর ভোট নির্বাচনের ফলাফল পাল্টে দেওয়ার জন্য যথেষ্ট। ডেমোক্রেট শিবির তাদের প্রচারণায় ট্রাম্পকে 'ধনীদের প্রেসিডেন্ট' বলে প্রচার করেছে। নিম্নআয়ের মানুষদের ভবিষ্যৎ আর্থিক সুরক্ষা ও স্কিমের অঙ্গীকার নিয়ে জোরেশোরে প্রচার চালাচ্ছে তারা। প্রচারণার শেষ পর্যায়ে দরিদ্রদের ভোট পেতে মরিয়া রিপাবলিকানরাও। বিশ্লেষকদের মতে, প্রায় ১৫টি অঙ্গরাজ্যে দরিদ্র ও নিম্নআয়ের ভোটারদের ভোট গুরুত্বপূর্ণ হয়ে উঠতে পারে। ২০১৬ সালের একটি পরিসংখ্যানে দেখা যায়, সে বছর ৩ কোটি ৪০ লাখ দরিদ্র ভোটার ভোট দেননি। এই ভোটগুলো না পড়ায় ট্রাম্প প্রেসিডেন্ট হয়ে হোয়াইট হাউসে জায়গা করে নেন। তাই এ বছর ডেমোক্রেটরা দরিদ্র ও নিম্নআয়ের ভোটারদের কেন্দ্রে আনার ব্যাপারে ব্যাপক উৎসাহ দেখাচ্ছে।

ব্যাপক সহিংসতার আশংকা

নির্বাচনের আগে নতুন আগ্নেয়াস্ত্র কিনেছেন ৫০ লাখ আমেরিকান

এদিকে এই প্রথমবারের মতো রেকর্ড পরিমাণে প্রায় ৫০ লাখ আমেরিকান আগ্নেয়াস্ত্র কিনেছেন। এ বছর শুধু মার্চেই বিক্রি হয়েছে অন্তত ২০ লাখ ব্যক্তিগত অস্ত্র। ২০১২ সালের পর যুক্তরাষ্ট্রে এক মাসে সবচেয়ে বেশি অস্ত্র বিক্রির রেকর্ড এটি। বিশ্বজুড়ে সাধারণ জনগণের অস্ত্র মালিকানায় শীর্ষে রয়েছে যুক্তরাষ্ট্র। সমীক্ষায় দেখা গেছে, দেশটির প্রতি ১০০ বাসিন্দার হাতে ১২০.৫টি অস্ত্র রয়েছে। হাতে হাতে এমন অস্ত্র দুশ্চিন্তায় ফেলেছে দেশটির নিরাপত্তা বিশ্লেষকদের।

আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনকে সামনে রেখে যুক্তরাষ্ট্রের বাজারে রেকর্ড হারে বেড়েছে অস্ত্র বিক্রি। দেশটির প্রত্যেক রাজ্যেই আশঙ্কাজনক হারে অস্ত্র কিনছে সাধারণ জনগণ। বিক্রি বাড়ায় ওয়ালমার্ট আমেরিকা নিজেদের স্টোর থেকে সব অস্ত্র ও অস্ত্রজাত সামগ্রী সরিয়ে রেখেছে। সর্বশেষ জনমত জরিপ মতে, বিরোধী ডেমোক্রেটিক প্রার্থী জো বাইডেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চেয়ে ৮ ভাগ এগিয়ে রয়েছেন।

ট্রাম্প যদি পরাজয় মানতে অস্বীকৃতি জানান, তবে ক্ষমতার লড়াই আদালতে পর্যন্ত গড়াতে পারে। সেই সঙ্গে রাজপথে সহিংসতাও ছড়াবে বলে মনে করা হচ্ছে। ট্রাম্প নিজের কট্টর ডানপন্থী ও চরমপন্থী সমর্থকদের যে কোনো মুহূর্তে তৈরি থাকার নির্দেশ দিয়ে রেখেছেন। করোনাভাইরাস, শাটডাউন, বর্ণবাদী সহিংসতা ও রাজনৈতিক উত্তেজনাকে কেন্দ্র করে পূর্ববর্তী যে কোনো বছরের তুলনায় এ বছর যুক্তরাষ্ট্রে রেকর্ড পরিমাণ অস্ত্র বিক্রি হয়েছে। ভাইরাসের প্রকোপে দেশজুড়ে যখন কড়া লকডাউন, জনমানবশূন্য রাস্তাঘাট তখন অস্ত্রের দোকানগুলোতে ছিল মানুষের লম্বা সারি। দোকান খোলার আগেই এসে উপস্থিত হতে দেখা যায় অনেককে। সেই ধারা এখনও অব্যাহত রয়েছে। এদিকে করোনাভাইরাসের কারণে দেশটিতে বেড়েছে বেকারের সংখ্যা। এতে দেখা দিয়েছে অপরাধ বৃদ্ধির শঙ্কা। এমন পরিস্থিতিতে নিরাপত্তার জন্য ব্যক্তিগত অস্ত্রের প্রয়োজন বলে মনে করছেন সাধারণ মার্কিনরা। নির্বাচন ঘিরে বড় ধরনের সহিংসতার আশঙ্কা করা হচ্ছে। সহিংসতার বিষয়ে বারবার সতর্ক করে আসছে বিভিন্ন মানবাধিকার সংগঠন। উদ্বেগ প্রকাশ করছেন বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিরাও। ট্রাম্প যদি নির্বাচনে হেরে যান তবে তিনি ওভাল অফিস (প্রেসিডেন্টের কার্যালয়) ছেড়ে যাবেন না। এটি তিনি এরই মধ্যে কয়েকবার গণমাধ্যমে দেয়া সাক্ষাৎকারে বলেছেন। কারণ তিনি বিশ্বাস করেন তাকে ভোটে কারচুপি ছাড়া হারানো সম্ভব নয়। এটি যদি সত্যিই হয় তাহলে গনতান্ত্রিক এই রাষ্ট্রে সাংবিধানিক সংকট দেখা দেবে। তখন সেনাবাহিনী হস্তক্ষেপ করতে পারে। যা দেশটিকে ভয়াবহ কোনো পরিণতির দিকে নিয়ে যাবে। এসব সংঘর্ষকে তীব্র রক্তক্ষয়ী করে তুলবে এসব ব্যক্তিগত অস্ত্র।

গত সপ্তাহে আর্মড কনফ্লিক্ট লোকেশন ও ইভেন্ট ডেটা প্রজেক্ট এবং মিলিশিয়া ওয়াচের যৌথভাবে প্রকাশিত গবেষণায় বলা হয়েছে, নির্বাচনকে কেন্দ্র করে ব্যাটেলগ্রাউন্ড স্টেট পেনসিলভানিয়া, জর্জিয়া, মিশিগান ও উইসকনসিনে সশস্ত্র সংঘাতের ঝুঁকি রয়েছে। তাদের প্রতিবেদনে ৯টি গোষ্ঠীকে শনাক্ত করে বলা হয়, 'প্রাউড বয়েজ, প্যাট্রিয়ট প্রেয়ার, ওথ কিপার, লাইট ফুট মিলিশিয়া, সিভিলিয়ান ডিফেন্স ফোর্স, আমেরিকান কনটিনগেন্সি, বোগালো বোয়েসের মতো সক্রিয় সশস্ত্র সংগঠনগুলো নির্বাচনের আগে-পরে দাঙ্গা ও সহিংসতা বাধাতে পারে। ইতোমধ্যে এসব গোষ্ঠী প্রকাশ্যে প্রেসিডেন্ট ট্রাম্পকে সমর্থনের কথা জানিয়েছে। ট্রাম্পও কিছু গোষ্ঠীর প্রকাশ্যে প্রশংসা করেছেন।

ফেসবুকের প্রধান মার্ক জাকারবার্গ উদ্বেগ প্রকাশ করে গত বৃহস্পতিবার বলেছেন, 'পুরো জাতি বিভক্ত হয়ে পড়েছে। নির্বাচনের ফলাফল বা এই দিনগুলোতে দেশজুড়ে নাগরিক সহিংসতা দেখা দিতে পারে।'

এশিয়ায় ট্রাম্পের পক্ষে কারা

(প্রথম পাতার পর)

বছর নানা চুক্তি থেকে যুক্তরাষ্ট্রকে সরিয়ে নিয়ে গেছেন তিনি। পারমাণবিক চুক্তি ও প্যারিস জলবায়ু চুক্তির মতো গুরুত্বপূর্ণ চুক্তি থেকে ট্রাম্প প্রশাসন সরে গেছে। অভিবাসীদের প্রতি বিরূপ মন্তব্য, মুসলিম দেশগুলোর প্রতি বিরূপ মনোভাবসহ বিভিন্ন ইস্যুতে সমালোচিত হয়েছেন ট্রাম্প। ইউরোপের নেতৃবৃন্দকে তিনি দুর্বল মনে করেন, ম্যাক্সিকানদের ধর্ষকদের বলে বর্ণনা করেছেন আর আফ্রিকানদের তেমন গুরুত্বই দেননি তিনি। তবে দক্ষিণ-পূর্ব এশিয়ার ট্রাম্পের পক্ষে রয়েছে কয়েকটি দেশ। আর এটার প্রধান কারণ প্রতিপক্ষ চীনকে বাগে রাখা। বিবিসি এক প্রতিবেদনে এসব তথ্য জানিয়েছে।

এশিয়ার সবচেয়ে বড় বাণিজ্য নগরী হংকংবাসী ট্রাম্পের বিজয় দেখতে চায়। নগরীটি চীনের অংশ হলেও এটি স্বায়ত্তশাসিত অঞ্চল। কিন্তু গত কয়েক বছরে চীনের সরকার হংকংয়ের ওপর জবরদস্তিমূলক নীতি চাপিয়ে দিয়েছে। এর বিরোধিতা করেছে ট্রাম্প প্রশাসন। হংকংয়ের আন্দোলনকারী এরিকা ইউয়েন বিবিসিকে বলেন, 'চার বছর আগে যখন ডোনাল্ড ট্রাম্প বিজয়ী হন, তখন আমি ভেবেছিলাম এবার যুক্তরাষ্ট্র পাগল হতে চলেছে। তবে এখন আমার মনে হচ্ছে, হংকংয়ের অন্য অনেক বিক্ষোভকারীর মতো আমিও ট্রাম্পকে সমর্থন করি। কারণ হংকংয়ের জন্য এখন এমন একজন প্রেসিডেন্ট প্রয়োজন, যিনি চীনের কমিউনিস্ট পার্টিকে পাল্টা আঘাত করতে পারবেন- তিনিই এখন হংকংয়ের গণতন্ত্রপন্থি আন্দোলনকারীদের একমাত্র আশা। চীনের জন্য আরেক মাথাব্যথা তাইওয়ানও চায় ট্রাম্পজয়ী হোক। কেননা চীন ও তাইওয়ানের মধ্যে উত্তেজনা দিন দিন বাড়ছে। ১৯৪০ সালের গৃহযুদ্ধে চীন থেকে বিচ্ছিন্ন হয় তাইওয়ান। তারা নিজেদের আলাদা রাষ্ট্র দাবি করলেও চীন স্বীকৃতি দেয়নি। বেইজিং তাইওয়ানকে নিজেদের বিচ্ছিন্ন হয়ে যাওয়া অংশ মনে করে; যেটি একদিন আবার একত্রিত হবে, প্রয়োজনে বলপ্রয়োগ করে। তাইওয়ানের ই-কমার্স কর্মী ভিক্টর লিন বিবিসি কে বলেন, 'আমাদের প্রতি ডোনাল্ড ট্রাম্পের আচরণ খুব ভালো। তার মতো একজন মিত্র পাওয়া সত্যিই দারুণ। তারা বাইডেনের প্রতি ভরসা পাচ্ছে না। একই অঞ্চলের আরেক দেশ ভিয়েতনামও ট্রাম্পের পক্ষে রয়েছে। গত ৫০ বছরে যুক্তরাষ্ট্র এবং চীন উভয়ই ভিয়েতনামের মাটিতে যুদ্ধ করেছে। অবশ্য দক্ষিণ-পূর্ব এশিয়ার দেশটি এতদিনে যুক্তরাষ্ট্রের সঙ্গে তাদের যুদ্ধের স্মৃতি হয়তো ভুলতে বসেছে। কিন্তু চীন এখনো তাদের জন্য 'হুমকি' হয়ে আছে। যদিও নির্বাচনী প্রতিশ্রুতিতে ট্রাম্প ভিয়েতনামকে নিয়ে কিছু বলেননি। এমনকি ডেমোক্র্যাটিক প্রার্থী জো বাইডেনও না। তবে গত চার বছরে ট্রাম্প একটা বিষয় বেশ পরিষ্কার করে বুঝিয়ে দিয়েছেন। তা হলো- তিনি অন্য দেশের সঙ্গে বিরোধে জড়াতে বা অভিযানের নামে যুদ্ধ শুরু করতে বিন্দুমাত্র আগ্রহী নন। যুক্তরাষ্ট্রের অন্যতম মিত্র জাপানও মনে করে ট্রাম্প তাদের জন্য প্রয়োজন। কিন্তু ট্রাম্প নির্বাচিত হওয়ার পর তার 'আমেরিকা প্রথম নীতি' কারণে অনেকেই টোকিও-ওয়াশিংটন সম্পর্ক নিয়ে চিন্তিত হয়ে পড়েছিলেন। তবে জাপানের জাতীয় নিরাপত্তার জন্য ট্রাম্পকেই প্রয়োজন বলে মনে করেন জাপানের বাসিন্দারা। জাপানি নাগরিক ইউকো ইশির বলেন, ডোনাল্ড ট্রাম্প আমাদের বন্ধু। জাপানের জন্য তাকে সমর্থন দেওয়ার সবচেয়ে বড় কারণ আমাদের জাতীয় নিরাপত্তা।

Sale ! Sale!! বিশেষ মূল্যহ্রাস Sale ! Sale!!



এয়ার লাইন্সের অভিজ্ঞ প্রাক্তন কর্মচারিদের ব্যবস্থাপনায় নিউইয়র্কের বাঙ্গালী অধ্যুষিত জ্যাকসন হাইটস-এ অবস্থিত

ইউনাইটেড ট্রাভেলস ইনক

Umra Hajj-এর টিকেট ও Vissa-এর জন্য যোগাযোগ করুন

ভ্রমন জগতে একটি বিশ্বস্ত নাম

UNITED TRAVELS INC.



37-22 73rd Street, Suit#1C, Jackson Heights, NY- 11372. Tel: 718-899-7799, 718-899-7796, Fax: 347-612-4030

নিউইয়র্কের বাইরের স্টেট থেকেও সহজে টিকিট পেতে হলে যোগাযোগ করুন

After office Please Con Abdul Latif Bhuiyan Cell: 646-

Biman, Emirate, Eithihad Kuwait, Qatar & Soudia সহ বিশ্বের সকল সকল এয়ার লাইন্সের টিকেট বিক্রয় হয়।

বিরাট মূল্যহ্রাস

নিউইয়র্কের সবচেয়ে পুরনো এবং বিশ্বস্ত ট্রাভেল এজেন্ট

Concorde Travels

কনকর্ড ট্রাভেল

২৬ বছর থেকে আপনাদের সেবায় নিয়োজিত

আসন সংখ্যা সীমিত

আজই আপনার আসন সংরক্ষণ করুণ







সউদিয়াতে উমরার জন্য বিশেষ সেল চলছে

সবচেয়ে কমদামে ঢাকা-নিউইয়র্ক আসার টিকেট সেল করা হয়

Emirates السعودية SAUDIA الاتحاد ETIHAD KUWAIT AIRWAYS TURKISH AIRLINES QATAR AIRWAYS القطرية

37-47 73rd St, Suite # 211 (King Plaza), Jackson Heights, NY 11372

Tel : 212-563-2800, 347-448-6175, Cell : 917-355-7374 | Email : concordtravel@aol.com

দীর্ঘ অভিজ্ঞতাসম্পন্ন সফল এটর্নী

Accident Cases, Medical Malpractice & Legal Malpractice



Sheikh Salim
Attorney at Law

এটর্নী আপনার বাসায় যাবেন, ইভিনিং এবং উইকএন্ডে এপয়েন্টমেন্টের সুযোগ

- কন্সট্রাকশন দুর্ঘটনা
- স্ক্যাফোল্ড বা মই থেকে পড়ে দুর্ঘটনা
- লেড বিষ সম্বন্ধীয়
- বার্থ রিলেটেড ইনজুরি
- ভুল চিকিৎসা
- মটর গাড়ি দুর্ঘটনা
- কাজের সময় দুর্ঘটনা
- পিছলে পড়া, হোঁচট খাওয়া
- ত্রুটিপূর্ণ পণ্য ক্রয়
- অ্যাসবেস্টস থেকে ক্ষতি
- মিনিমাম ওয়েজ বা ওভারটাইম না পাওয়া
- যে কোন ধরনের ইমিগ্রেশন কেস

এছাড়াও ১০০% নিশ্চয়তা সহকারে এসাইলাম কেস পরিচালনা করি

Sheikh Geroulakis & Ladyzhensky, PLLC

Attorneys at Law
225 Broadway, Suite 630, Manhattan, NY 10007
Phone: 212-564-1619 / 347-873-5428

বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ত এজেন্টের সহায়তা নিন

WIN ZONE Really Inc.

আমাদের সেবা সমূহঃ

- বাড়ি ক্রয়-বিক্রয়
- লোন মোডিফিকেশনে **(Loan Modification)** ফ্রি সহায়তা
- ফরক্লোজারে **(Foreclosure)** ফ্রি সহায়তা
- আরইও **(REO)** বা ব্যাংকের বাড়ি ক্রয়-বিক্রয়
- ট্যাক্সলিনের-এর **(Taxlien)** বাড়ি ক্রয়-বিক্রয়
- সট সেলের **(Short Sale)** বাড়ি ক্রয়-বিক্রয়
- বাণিজ্যিক, আবাসিক বা মিক্স ইউজ **(Mix Use)** বাড়ি ক্রয়-বিক্রয়ে বিশ্বস্ততার সাথে ১৬ বৎসর ধরে কমিউনিটিকে সহায়তা করছি।

বাড়ি ক্রয়-বিক্রয়ে আপনার সহযোগিতায় আমরা আছি আপনার পাশে



MOHAMMED ISLAM (SHAMSU)

81-15 Queens Blvd, Elmhurst, NY 11373
Cell: 917-586-2172, Phone: 718-899-7000, Email: mishamsu@gmail.com

---

Jumbo Travel, Inc.



Your agent for Air, Cruise, Tour, Vacation, Hajj & Umrah Package



WINTER টিকেটের আকর্ষণীয় মূল্য হ্রাস

সবচেয়ে কম মূল্যে গ্যারান্টিযুক্ত রিটার্ণ টিকেটের জন্য আজই যোগাযোগ করুন

Ali A. Chowdhury
Managing Director

Tell: 718-267-9651
Cell: 917-478-7131
Faz: 718-267-1922

30-10 35th Street
Astoria, NY 11103
jumbotravelusa@aol.com

Tax & Immigration Services

Tax
Immigration
Real Estate
Mortgage
Notary



Mohammad Pier
Lic. Realestate Asso. Broker
EA, IRS, RTRP & Notary Public
Cell: 917-678-8532

Income Tax
Income Tax Service & Direct Deposit
Quick Refund & Electronic Filling

Immigration Services
Citizenship & Family Application
Affidavit of Support & all forms available

IRS e file

Real Estate
For Buying & Selling Houses
Mortgage Services

PIER TAX AND EXECUTIVE SERVICES

37-18, 73 Street, Suite# 202, Jackson Heights, NY 11372
Tel: 718-533-6581 Cell: 917-678-8532 Fax: 718-533-6583
Email: piertax@gmail.com

মেঘনা ট্রাভেলস

ঝামেলামুক্ত ও সুলভ মূল্যে টিকেটের
একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

OUR SERVICES
International & Domestic Tickets
Hajj & Umrah Special Package
Visa Processing
Money Transfer

APPROVED IATA

KUWAIT AIRWAYS
ETIHAD AIRWAYS
BRITISH AIRWAYS
Emirates



ওমরা ও হজ্জের যাবতীয়
ব্যবস্থা করে থাকি

We Accept
VISA MasterCard AMERICAN EXPRESS DISCOVER

৩৭-৬৬ ৭৪ স্ট্রীট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক
ফোন: ৭১৮-৪৭৮-১৯২০,
৭১৮-৯৩০-১৪৯৪, ৭১৮-৪৭৮-১৮৩০
e-mail: meghnacorp@gmail.com



পারভেজ কাজী, EA
Enrolled Agent
(Admitted to Practice Before the IRS)
ENROLLED AGENT

OUR SERVICES ARE:
Income Tax
Accounting Service
Immigration Form Fill Out
Travel
Insurance

NEW ADDRESS
37-31 77th Street, # 2nd Fl. Jackson Heights, NY 11372
Tel: (718) 726-6900 | (718) 397-5004
Email: kakatua@aol.com | Web: www.kakatua.com

যোগাযোগ:
ক্যাপ্টেন লতিফ (মামা), শামসুল আলম, বিন্দু ভালাত
ফারহানা আমিয়ান, সিমি চৌধুরী, মিনারা কাজী

এস্টোরিয়ার প্রাণকেন্দ্রে বাংলাদেশী ফার্মেসী

আমিন ফার্মেসী

সর্বদা ১০% Off

আমরা মেডিকেইড (বেনিফিট), সিবিএস এন্ড
কেয়ারমার্ক, মেডিকেয়ার, বি এবং ডি, সহ
সব ধরনের ইন্স্যুরেন্স গ্রহণ করি।

MONSUR CHOWDHURY
Pharm D.R.Ph.
Supervising Pharmacist

29-03, 36th Ave, Astoria, NY 11106
Tel: (718) 786-6611
Fax: (718) 786-6613

ট্যাক্স রির্টান নিয়ে ঝামেলা এড়াতে চান?

তাহলে আজই অভিজ্ঞ সিপিএ প্রতিষ্ঠানের পরামর্শ নিন
আমরা আপনাদের সর্বোচ্চ সেবায় নিয়োজিত



EAKUB A KHAN CPA PC

Certified public accountant in Queens, New York
7535 31st Ave #206a, East Elmhurst, NY 11370

Hours:
Open · Closes 6PM
Phone: (718) 424-6300

AUTHORIZED IRS e-file PROVIDER

মহান আল্লাহ রাব্বুল আলামিনের দয়ায়
সাফল্যের ২৩ বছর উদযাপন করছে

Empire Accounting & Tax Co.



আপনাদের সুবিধার্থে আমরা এখন উডসাইডে
(জ্যাকসন হাইটসের সন্নিকটে)

- আমরা ট্যাক্স সংশোধনী বিশেষজ্ঞ। ইতিমধ্যেই আমরা আমাদের ক্লায়েন্টদের হাজার হাজার ডলার সাশ্রয় করেছি ট্যাক্স সংশোধনীর মাধ্যমে।
- আইআরএস, নিউইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট বা নিউইয়র্ক স্টেট সেলস ট্যাক্স কর্তৃক ইস্যুকৃত জরিমানা নোটিশের অত্যন্ত সন্তোষজনক সমাধান
- পূর্বে ফাইলকৃত ত্রুটিপূর্ণ ইনকাম ট্যাক্স রিটার্ণ সংশোধন
- পরিবারের ইমিগ্রান্ট ভিসার জন্য সঠিক ইনকাম ট্যাক্স রিটার্ণ ও এফিডেবিট অব সাপোর্ট সংক্রান্ত সহায়তা
- আমরা বছরব্যাপী অফিস খোলা রাখি।

ইমিগ্রেশনের যে কোনো ফরম পূরণে সহায়তা দিয়ে থাকি

- সিটিজেনশীপ - ফ্যামিলি পিটিশন - NVC Case প্রসেসিং
- স্ট্যাটাস এডজাস্টমেন্ট - এফিডেভিট অব সাপোর্ট
- এমপ্লয়মেন্ট অথরাইজেশন / গ্রীনকার্ড নবায়ন।
- Advanced Parole / Reentry Permit ইত্যাদি

37-03 61st Street, Woodside, NY 11377
Phone: 718-784-4158. Fax: 718-784-2678
Mon-Friday 10am-7pm, Saturday 10-5pm

President: Mohammed Rezaul Karim
M.Com. (Accounting), M.S.Ed.
23 years Experienced Tax Professional with IRS and 50 States
Permanent Certified Teacher by NYS Education Dept.
নিউইয়র্ক সিটি পাবলিক স্কুলে ১০ বছর শিক্ষকতার অভিজ্ঞতা
Razi Islamic School-এ দুই বছরের শিক্ষকতার অভিজ্ঞতা

শিল্পী কাদেরী কিবরিয়া



যোগাযোগ :
267-249-7687,
610-352-7123

ই-মেইল :
শধফবৎরশরনৎরধ@মসধরষ.পড়স

ঠিকানা :
ঝঁৎ ঙ ইধহবব ঝধহমববঃ অপধফবসু
১৪৬ গধৎষেনড়ৎড়ঁময় জড়ধফ
টঢ়ঢ়বৎ উধৎন্ু, চঅ ১৯০৮২

বাংলা পত্রিকা পড়তে ভিজিট করুন
banglapartikausa.com



যত দ্রুত সম্ভব ক্রেডিট লাইন রিপেয়ার করুন

আমরা দীর্ঘ অভিজ্ঞতা সম্পূন্য ব্যক্তিদের মাধ্যমে গ্যারান্টি সহকারে ক্রেডিট রিপেয়ার করি।

বাড়ি, গাড়ি কেনা থেকে নিজেকে কেন বঞ্চিত করছেন?

ক্রেডিট লাইনে যে কোন ঝামেলাই আমরা রিমুভ করি।



Southeast USA Group Inc.

74-09 37th Avenue, Suit # 206, Jackson Heights, NY 11372
Phone: 718-639-6207, 917-566-1612 Fax: 718-412-3249

নন ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য বিনামূল্যে প্রয়োজনীয় সহযোগিতা ও পরামর্শ প্রদান

B1 / B2 ভিসায় আমেরিকায় আগতদের স্থায়ীভাবে বসবাসের জন্য ফ্রি পরামর্শ এবং সোসাল সিকিউরিটি কার্ড, ওয়ার্ক পারমিট, ব্যাংক একাউন্ট, সিটি আইডি, চিকিৎসা বেনিফিট ও হেলথ ইন্সুরেন্স পেতে সার্বিক সহযোগিতা করা হয়।

- L1A / E2
- ASYLUM
- RE-ENTRY PERMIT
- AFFIDAVIT OF SUPPORT
- REMOVE CONCILIATION TO GREEN CARD

"আমেরিকায় অবস্থানরত বৈধ কাগজ-পত্রহীনদের যে কোন আইনী প্রক্রিয়ার মাধ্যমে নিজেকে আপডেট রাখা জরুরী"

যোগাযোগ ঃ
917-982-5682
Email: radninmahamood@yahoo.com

Hillside Accounting Services Inc.
Tax, Accounting, Immigration & Multi Services

Tax
Accounting
Immigration



*বিনা পরীক্ষায় ও বিনা ফিতে সিটিজেনশীপ
*Tax Amendment/ITIN
*সকল প্র কার ইমিগ্রে শন ফরম ফিলআপ

Shafi Chowdhury
Consultant

167-13 Hillside Ave 2nd Floor, Jamaica, NY 11432
Cell: 646-403-6500, Tele/Fax: 917-775-7357
e-mail: hillsideaccounting@gmail.com
F to 169 St, Station than close to Apnar Pharmacy

As Seen On TV

SPRING IS HERE: ARE YOU WORKING IN CONSTRUCTION?



Perry D. Silver
Attorney at Law
(917) 533-1033

Perry D. Silver
ATTORNEY LICENSED TO PRACTICE LAW
IN THE COURTS OF THE STATE OF NEW YORK

Nazmul Chowdhury
Assistant to Mr. Silver
(917) 533-0287

Office: 212.661.8400
60 East 42nd Street, Suite 2212, New York, NY 10165 • Fax: 212.661.1242

DEBT SOLUTIONS BANKRUPTCY

- আমরা গ্যারান্টি সহকারে আপনার কার্ড বিল কমিয়ে দিতে পারি।
- মাত্র ১২ থেকে ৩৬ মাসে আপনি সম্পূর্ণভাবে দেনামুক্ত হতে পারবেন।



BHUIYAN
917-832-7619

BT & T GROUP LLC
37-12, 75th Street, Suite #203, Jackson Heights, NY 11372
Phone: 917-832-7619 | Fax: 718-425-9293

তড়িৎ বাড়ী বিক্রি করে ফোরক্লোজার বন্ধ করুন এবং ক্রেডিট কার্ড রক্ষা করুন এই বিষয়ে আমরা সততার সাথে সাহায্য করি।

Omni Realty
The Realty People



118-18 101 Avenue
Richmond Hill,
NY 11419

Nurul Huda Harun
Real Estate
Associate Broker

Tel: 718-441-7000
Fax: 516-441-3548
Cell: 917-238-4161

nurul@omnirealty.com

Highland Medical Care, PLLC



Nazmul H. Khan, MD, FACP

Board Certified in Internal Medicine

Address

87-30, 167th St. Jamaica, NY 11432
Phone: 718-262-8991
Fax: 718-262-8992

BRONX OFFICE
1268 Whiteplains Road.
Bronx,
NY 10472
718-792-6991

JACKSON HEIGHTS OFFICE
37-33 77th St. # 1,
Jackson Heights
NY 11372
718-478-6100



* স্বল্পমূল্যে চিকিৎসার ব্যবস্থা
* জীবানুমুক্ত যন্ত্রপাতি
* সর্বাধুনিক প্রযুক্তি। অভিজ্ঞ ডাক্তার
* মেডিকেইড। ইন্সুরেন্স। ইউনিয়ন - কার্ড গ্রহণ
* Visa / Master Card / American Express / Discover সহ অন্যান্য ক্রেডিট কার্ড গ্রহণ
* সর্বাধুনিক প্রযুক্তি ব্যবহারে Implant / Braces চিকিৎসা

আপনাদের সেবায়



DR. WALI KHAN
D.D.S.



DR. M. M. ABDUR ROB D.D.S.

কম্বাইন্ড রিজিওনাল বোর্ড কর্তৃক স্বীকৃত বাঙ্গালি ডেন্টিস্ট বাংলাদেশ আর্মির প্রাক্তন ডেন্টাল সার্জন

আমরা সর্বনিম্ন মূল্যে সর্বাধুনিক প্রযুক্তিতে দাঁত ও মাড়ির সব ধরনের চিকিৎসা করে থাকি।

আমরা মেডিকেইড, ইন্সুরেন্স ও ইউনিয়ন প্লান গ্রহন করি



আপনাদের সেবায় আমাদের দুটি শাখা

QUEENS DENTAL CARE
28-55, 34St, 2Floor, Astoira
(at the corner of 30 AVE. & 34St)
718-204-0672
বিকেল ৫টা থেকে রাত ৯টা, রোববার এপয়েন্টমেন্ট নিতে হবে

BRONX OFFICE
780E. Tremont Ave. Bronx
718-731-6176
সকাল ৯:৩০ থেকে বিকেল ৪:৩০, রোববার বন্ধ।



WELCOME TO
Your Medical Home

SABOOR WAIZUN MEDICAL PC
Caring For Your Health
INAMULHAQUE M SABOOR,MD
Board Certified Internal Medicine
USCIS Designated Civil Surgeon

BROOKLYN
486 MCDONALD AVE
BROOKLYN, NY 11218
PH: (718) 247-7226
FAX: (914) 500-6570
Sat, Tues and Thursday:
1:00PM- 8:00PM

JAMAICA
167-10 HIGHLAND AVE
JAMAICA, NY 11432
PH: (718) 558-0280
FAX: (718) 558-0290
Mon, Wed & Friday:
11:00AM to 5:00PM

Office Hours
Sat, Tues and Thursday: 1:00PM- 8:00PM
Mon, Wed & Friday: 11:00AM to 5:00PM

Available on call 24 hours a day, 7 days a week 365 days a year

ড্রাইভিং লাইসেন্সের ১০০% গ্যারান্টি

ড্রাইভিং শিখতে ভয় পাচ্ছেন? বারবার ফেল করছেন? তাদেরকে চুক্তিতে থিয়োরি দিয়ে ও প্র্যাকটিক্যালি সরলভাবে শতভাগ নিশ্চয়তা সহকারে শেখানো হয়।



যোগাযোগ:
রাজীব খান
347-279-8327
nukdu345@gmail.com

Vital Accounting Inc.

File your Tax with experienced professional.

* Income tax:
* Individual/ Personal Tax (All states)
* Business Tax (Corporation, Partnership)
* Sales tax (Food Vendor, Corporation)
* Payroll Tax
* Business Incorporation
* Immigration Services



Atikur Rahman
Masters in Economics
MBA (Accounting), MAFM
Tel: 718-820-2212

37-22 73rd Street, 2nd Fl (Suite # 2D), Jackson Heights, NY 11372

Income Taxes & Immigration

আমরা অত্যন্ত সততা ও দক্ষতার সহিত নির্ভুল তথ্যের ভিত্তিতে ইনকাম ট্যাক্স রিটার্ণ করে থাকি। অধিক রিফান্ডের লোভে ভুল তথ্য দিয়ে ফেডারেল ও স্টেটের অডিটের ঝামেলায় না গিয়ে সঠিক তথ্যের ভিত্তিতে ট্যাক্স রিটার্ণ করে ঝামেলা মুক্ত থাকুন।



নিউইয়র্কে বাড়ি ক্রয় বিক্রয় আবাসিক ও কমার্শিয়াল, রিয়েল এস্টেট এজেন্ট, নোটারী পাবলিক।

Md. Harunur Rashid (Milon)
MSS.Pol.Science
ITP.CUNY, H&R Block
Cell: 718-341-3927
Email: harunur69@aol.com

RASHID ENTERPRISE
Bangladesh Plaza, 2nd Fl., #206, 37-15,73rd Street, Jacksone Heights, NY 11372
Tel: 718-458-0575, Fax: 347-642-3276

আমাদের নিকট নিম্নলিখিত সেবা পাবেনঃ

ইমিগ্রেশনঃ
ফ্যামিলি পিটিশন ও কে-ভিসা
রিমোভ কন্ডিশন
এফিডেভিট অব সাপোর্ট
বিনা পরীক্ষায় সিটিজেনশীপ
এমপ্লয়মেন্ট অথরাইজেশন
সিএসএস লুলাক
রিফিউজি, এসাইলম, গ্রীণকার্ড রিনিউ

AUTHORIZED IRS e-file PROVIDER
IRS authorised e-file provider

ইনকাম ট্যাক্সঃ
ব্যক্তিগত ও ব্যবসা
ট্যাক্সি ক্যাব ও ফুড ভেন্ডার
পার্টনারশীপ, কর্পোরেশন
পেরোল এন্ড সেলস ট্যাক্স
ব্যবসা সেটআপ
কর্পোরেশন ও এলএলসি গঠন

ক্রিকেট আম্পায়ার

(৩ পাতার পর)

অনুষ্ঠানে বক্তব্য রাখেন বাংলাদেশী প্রিমিয়ার লীগ অফ ইউএসএ-এর প্রেসিডেন্ট সুমন খান, বিপিএল কমিটির সাধারণ সম্পাদক তানভীর ভূইয়ান, কোষাধ্যক্ষ প্রীতিমান চৌধুরী (অমিত), পরিচালক মোহাম্মদ জাসেম, প্রনয় শুভ্র দাস, সদস্য ফয়সাল আহমেদ, মোহাম্মদ সাহাদী, পলাশ রয়, সোহরাব হোসেন মিঠু, রাশেদুল খান সোহাগ, মোহাম্মদ সাইদুর এবং বায়েজীদ। এছাড়াও আম্পায়ার মোজাম্মেল হকের সুস্বাস্থ্য কামনা করে টেলিফোনে স্মৃতিচারণ করেন বিপিএল অফ ইউএসএ'র উপদেষ্টা সৈয়দ আল-আমির রাসেল, উপদেষ্টা আরিফুল হক ভূঁইয়া, তানভীর চৌধুী বাবু, মাজরান আলম, সৈয়দ ইমতিয়াজ আসিফ, সাহাদাদ হোসেন।

অনুষ্ঠানে আম্পায়ার মোজাম্মেল হক তার বক্তব্যে জীবনের বিভিন্ন স্মৃতিচারণ করে বলেন, ক্রিকেট খেলায় তার এই দীর্ঘ পথ চলায় অনেকের সাথে খারাপ ব্যবহার করেছেন মূলত খেলার জন্যই। এতে কাউকে কষ্ট দিয়ে থাকলে তাকে মাফ করে দেওয়ার অনুরোধ করেন। তার বক্তব্য চলাকালীর সময় এক আবেগময় পরিবেশের সৃষ্টি হয়। তার কথায় উঠে আসে অনেক উল্লেখযোগ্য ঘটনা। তিনি জানান, তার পরিবার বাংলাদেশে থাকেন, জীবনের বাকী সময়টা দেশে তার পবিরারের সাথে থাকার জন্য মন:স্থির করেন। এই জন্য তাকে নিউইর্য়ক ছাড়তে হচ্ছে।

ক্রিকেটে তার অসাধারণ অবদানের জন্য বাংলাদেশী প্রিমিয়ার লীগ অফ ইউএসএ (বিপিএল) এর পক্ষ থেকে তাকে বি-পএল-এর হ্যাট ও ক্রেস্ট প্রদান করা হয়। নৈশভোজের মধ্যদিয়ে সংবর্ধনা অনুষ্ঠান শেষ হয়।

উল্লেখ্য, মোজাম্মেল হক ২০১৩ সাল থেকে নিউইর্য়কে বসবাস করে আসছিলেন। নিউইর্য়কে থাকাকালীন সময়ে তিনি বাংলাদেশী ক্রিকেট লীগের আম্পায়ার হিসেবে কাজ করে আসছিলেন। পাশাপাশি তিনি স্কুল ক্রিকেট এবং কমনওয়েলথ ক্রিকেট লীগের ও আম্পায়ারিং করছিলেন। তিনি বাংলাদেশের জাতীয় দলের সাবেক ক্রিকেটার এবং ইন্টারন্যাশানাল ক্রিকেট আম্পায়ার এনামুল হক মনির ভাই।

যুক্তরাষ্ট্র আ. লীগের

(৩ পাতার পর)

ঢাকার আদ-দ্বীন হাসপাতালে চিকিৎসাধীন অবস্থায় শেষ নি:শ্বাস ত্যাগ করেন। খবর ইউএনএ'র।

জানা গেছে, কানাডা আওয়ামী লীগের প্রতিষ্ঠাতা সভাপতি, দৈনিক শুভ প্রতিদিন পত্রিকার সম্পাদক ও প্রকাশক সরওয়ার হোসেনের মাতা গত ২৯ অক্টোবর বৃহস্পতিবার ভোর ৫টা ১৫ মিনিটে সিলেট নগরের শেখঘাটস্থ নিজ বাসায় শেষ নিশ্বাস ত্যাগ করেন। (ইন্না লিল্লাহি ওয়া ইন্না ইলাইহি রাজিউন)। তিনি দীর্ঘদিন ধরে বার্ধক্যজনিতরোগে ভুগছিলেন।

যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের পক্ষ থেকে সভাপতি ড. সিদ্দিকুর রহমান ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক সামাদ আজাদ পৃথক পৃথক বিবৃতিতে ব্যারিস্টার রফিক-উল হক ও কানাডা আওয়ামী লীগ নেতা সরওয়ার হোসেনের মাতার মৃত্যুতে গভীর শোক ও দুঃখ প্রকাশ করেন। শোক বার্তায় নেতৃদ্বয় তাঁদের বিদেহী আত্মার মাগফেরাত কামনা এবং শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা প্রকাশ করেন বলে সংগঠনের প্রচার সম্পাদক হাজী এনাম ইউএনএ প্রতিনিধি-কে জানান।

বিশ্বে করোনা শনাক্ত ৪

(শেষের পাতার পর)

আক্রান্তের সংখ্যা ৪ কোটি ৬০ লাখ ছাড়িয়ে গেছে। পরিসংখ্যানভিত্তিক ওয়েবসাইট ওয়ার্ল্ডোমিটারের তথ্য অনুযায়ী, রবিবার সকাল ৯টা পর্যন্ত বিশ্বে করোনায় সংক্রমিত শনাক্ত রোগীর সংখ্যা ৪ কোটি ৬৩ লাখ ৭৩ হাজার ৭৭৯। একই সময় নাগাদ বিশ্বে করোনায় মোট মারা গেছেন ১২ লাখ ১৯৩ জন। করোনা থেকে সেরে ওঠা মানুষের সংখ্যা ৩ কোটি ৩৪ লাখ ৮৩ হাজার ৫২০।

বিশ্বে করোনায় সবচেয়ে ক্ষতিগ্রস্ত দেশ যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্রে করোনায় সংক্রমিত শনাক্ত রোগীর সংখ্যা ৯৪ লাখ ২ হাজার ৫৯০। দেশটিতে করোনায় মারা গেছেন ২ লাখ ৩৬ হাজার ৭২ জন। ক্ষতিগ্রস্ত দেশের তালিকায় ভারতের অবস্থান দ্বিতীয়।

FREE CONSULTATION!!!
I am a tax specialist directly licensed by the IRS



ENROLLED AGENT
Authorized IRS e-file Provider
IRS To Represent Before the Internal Revenue Service

MIR KASHAM
IRS Enrolled Agent, CMA (INT), BBA (Accounting), Baruch CUNY

TAX - ACCOUNTING - NOTARY PUBLIC
IMPUESTOS - CONTABILIDAD - NOTARIO PÚBLICO
ট্যাক্স-একাউন্টিং-নোটারী

Tax Preparation, Tax Planning
& Solving Tax Problems
Business Tax & Accounting
Sales Tax
Payroll & Bookkeeping Services
Typing Services:
Contract Papers
Resumès, Fax, E-mail, Scan etc.



Moon
Multi Services
701 Church Avenue
Brooklyn, NY11218
Tel: 347-533-9030
Cell: 917-501-5750
Fax: 347-533-6703
Email: mirkasham@aol.com



Afzal Hossain MD
Ashwad Afzal MD, FACP
Sanjeev Palta MD, FACC
Board certified in Internal Medicine
87-81 169th street, Jamaica NY 11432
Tel: 718-297-4300, Fax: 718-297-4302
Board certified in Cardiology

We perform tests in the office:

ECG
We treat all heart patients and have tests performed in our office by our experienced Internist and Cardiologist.

- EKG/Electrocardiogram
- Echocardiogram
- Cardiac stress test
- Vascular studies
- Allergy Test
- Nerve Test/Sudoscan
- TB/PPD testing
- Spirometry/Lung Test
- Peak flow
- Test for Heartburn







Blood test done in the office

We provide Vaccines for:
- Hepatitis A
- Hepatitis B
- Influenza
- Meningitis
- Measles
- Mumps
- Pneumococcal
- Rubella
- Tetanus/Tdap
- Varicella

- Physical Exam
- Pre-employment Exam
- Physical for school
- CDL certification
- TLC Certification
- Home Health Aid/HHA Certification

We accept most insurance and have arrangement for treating uninsured patients at low costs.

Office Hours
Mon-Thurs 10am-6pm
Friday 11:30am-6pm
Saturday 10am-3pm

Call us today at 718-297-4300

* সম্পূর্ণ হালাল খাবার
* ক্যাটারিং
* লাঞ্চ ডিনার



Joy

পিকনিকসহ বিভিন্ন উৎসব আয়োজনে জয় রেস্টুরেন্টের বিশেষ ঘোষণা

জয় ক্যাটারিং মেন্যু

প্যাকেজ -১
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 7.00

প্যাকেজ-২
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$ 8.00

প্যাকেজ-৩
প্লেইন পোলাও
চিকেন রোস্ট
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$10.00

প্যাকেজ-৪
মটর পোলাও
চিকেন রোস্ট
সামি কাবাব
গোট অথবা বিফ কারি
মিক্সড ভেজিটেবল
সালাড
ডিজার্ট
$11.00

148 E 46th Streets, (Between Lexington & 3rd Avenue), New York, NY 10017
Tel: 212-490- 1277, (212) 490-1278, Fax: (212) 490-1977

32 West 39 Street (Between 5th and 6th Avenue),New York, NY- 10018.
Tel: 646-559-7527

বাইসাইকেল পাথ নেটওয়ার্ক

(১৫ পাতার পর)

কাজে সাইকেল ব্যবহার করেন। নিজের স্বাস্থ্যের উন্নতির জন্য প্রতিদিন এক থেকে দুই ঘণ্টা বাইসাইক্লিনিং করা খুব প্রয়োজন। বাইসাইক্লিং আঘাত জনিত ইনজুরি ও দুশ্চিন্তা মুক্ত হতে খুবই কার্যকরী একটি ব্যায়াম। যার সাথে অন্য কোন ব্যায়মের তুলনা হয়না। বাইসাইকেল প্যাডেল ঘোরানোর সময় আমাদের মাসুলের ব্যায়াম হয়। খুবই সহজ, অন্যান্য খেলাধুলার মত সাইক্লিং কোন উচ্চ মাফের শারীরিক যোগ্যতার প্রয়োজন হয়না। অধিকাংশ মানুষ বাইসাইকেল চালাতে পারে। হার্টের সুস্থতা বৃদ্ধি করে। শরীরের মাংস পেশির শক্তি বৃদ্ধি করে। শরীরের জয়েন্টের সামর্থ্য বাড়ায়, মানসিক চাপ নিয়ন্ত্রণ করে। হাড় শক্ত করে, শরীরের চর্বি কমায়, রোগ প্রতিরোধ করে এবং রোগ থেকে দূরে রাখে। সাইকেল হচ্ছে একমাত্র বাহন যার মাধ্যমে শরীরের ওজন ও স্থূলতা কমানো যায়, শরীরের মেটাবলিকের হার বৃদ্ধি করে মাসুল তৈরি করে এবং শরীরের চর্বি কমিয়ে দেয়। গবেষণায় দেখা গেছে যে প্রত্যেকের সপ্তাহে ২০০০ কেলরই চর্বি বার্ন করা প্রয়োজন। প্রতিদিন যদি আধা ঘণ্টা সাইক্লিং করা যায় তাহলে বছরে ৫ কেজি চর্বি বার্ন করা সম্ভব। হার্টের রোগ যেমন স্ট্রোক, হার্ট অ্যাটাক, উচ্চ রক্তচাপ, রীতিমত সাইক্লিং করলে হার্ট, ল্যাঙ এ রক্ত চলাচল উজ্জীবিত করে। যাহা হার্টের রোগীর ঝুঁকি কমাতে সাহায্য করে। সাইক্লিং হার্টের মাসুলকে (পেশি) শক্তিশালী করে এবং নিম্নগামী করে, রক্তে চর্বি কমায়। গবেষকগণ ক্যান্সার ও বাই-সাইক্লিং এর সাথে একটা সম্পর্ক আছে বলে মনে করেন। যদি কেউ সাইক্লিং করেন তাহলে তাহার কলন ক্যান্সারের ঝুঁকি খুব কম হবে। প্রমাণিত হয়েছে নিয়মিত সাইক্লিং করলে ব্রেষ্ট ক্যান্সার হওয়ার ঝুঁকি কমে যায়। বর্তমানে ডায়াবেটিক-২ এর আক্রান্তদের সংখ্যা দিন দিন বাড়ছে। তাই ইহা একটি পাবলিক হেলথ সমস্যা। শারীরিক পরিশ্রম না করার কারণে বেশীর ভাগ মানুষ ডায়াবেটিক-২ এ আক্রান্ত হয়। বহু গবেষণায় দেখা গেছে যে কেউ যদি প্রতিদিন ৩০ মিনিট বাইসাইক্লিং করেন তবে তার ঝুঁকি কমে যায়। সাইক্লিং শারীরিক সামর্থ্য বাড়ায়, শারীরিক ব্যালান্স এবং শরীরের বিভিন্ন অংশের মধ্যে সমন্বয় সাধন করতে সহায়তা করে ।ইহা পড়ে যাওয়া ও ফ্রাকচার প্রতিরোধ করে ।যাদের অষ্টিও আথারাইটিস হয় তাহা হলে আপনার জন্য সাইক্লিং হচ্ছে একটি উত্তম ব্যায়াম ।এই প্রকল্প হাতে নিলে যেমন একদিকে গ্রামের কিছু অবকাঠামো গত উন্নয়ন হবে, কিছু মানুষের কর্মসংস্থান হবে, মহিলাদের লিঙ্গ বৈষম্য কিছুটা হলে ও কমবে। সরকারের গ্রামকে শহরে রূপান্তর করার পরিকল্পনা অ্যারো একধাপ এগিয়ে যাবে। অন্যদিকে যানজট, সড়ক দুর্ঘটনা কমা শুরু করবে। যুব সমাজ স্বাস্থ্য সচেতন হবে। বাংলাদেশের আর্থসামাজিক অবস্থা ও জনগণের চাহিদার মধ্যে বিরাট ফাঁক তাই এতো ফাঁক কে কমাতে হলে দেশের গ্রামীণ জনগণকে রাষ্ট্রীয় সকল উন্নয়ন কর্মকান্ডে অংশ গ্রহণ করার প্রক্রিয়া শুরু করা প্রয়োজন। গ্রামের সমতল ভূমির কৃষক গন বছরের ৫ মাস কৃষি কাজে ব্যস্ত থাকেন তারপর বাকি ৭ মাস অলস চা এর দোকানে বসে আড্ডা দিয়ে সময় কাটান কারণ অধিকাংশ গ্রামে কোন কিছু করার সুবিধা নেই। এই প্রকল্প শুরু করলে গ্রামের রাস্তা ঘাট, নদীর কিনারা, মেরামত সহ আরো সকল কাজে তারা অংশগ্রহণ করার সুযোগ পাবে এবং অস্থায়ী কর্মসংস্থানে গ্রামীণ জনপদে প্রাণ চাঞ্চল্য ফিরে আসবে। (চলবে)

'ডোনাল্ড ট্রাম্প বিপজ্জনক ব্যক্তি'

(৪৬ পাতার পর)

প্রিভেনশনে হস্তক্ষেপের কথা বলা হয় সম্পাদকীয়তে।

এতে উল্লেখ করা হয়, ট্রাম্প সরকারের বিভিন্ন হঠকারী সিদ্ধান্তের কারণে করোনাভাইরাস মোকাবেলায় বিপর্যয় নেমে এসেছে। তাকে ভোট না দেয়ার জন্য আমেরিকান ভোটারদের প্রতি আহ্বান জানিয়েছে তারা। এর আগে আরও একাধিক বিজ্ঞান জার্নাল ট্রাম্পকে বর্জনের আহ্বান জানিয়ে বিশেষ নিবন্ধ ও সম্পাদকীয় প্রকাশ করেছে। দ্যা ল্যানচেটের আগে নিউ ইংল্যান্ড জার্নাল একই ধরনের আহ্বান জানায়। নিউ ইংল্যান্ড জার্নাল ট্রাম্পের পরিবর্তে ডেমোক্রেটিক দলের প্রার্থী জো বাইডেনকে ভোট দেয়ার অনুরোধ করেছিল ভোটারদের। এক্ষেত্রে ল্যানচেট পরিবর্তনের কথা বললেও সরাসরি বাইডেনের পক্ষে সমর্থনের কথা ঘোষণা করেনি। দেশটিতে দৈনিক নতুন সংক্রমণ লাখ ছাড়িয়ে গেছে। মোট আক্রান্তের সংখ্যা ছাড়িয়েছে ৯০ লাখের রেকর্ড। এছাড়া মৃত্যুর ক্ষেত্রে সবার উপরে দেশটির অবস্থান। এ পর্যন্ত দুই লাখ ২০ হাজারের বেশি মানুষ মারা গেছেন। খবর ফ্রান্স ২৪।



আমেরিকান বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ

Dr. Tahera Nasreen, MD

Board Certified in Internal Medicine
Affiliated with Brooklyn Hospital Center

Dr. Ataul Osmani, MD

Board Certified in Family Medicine
Affiliated with Interfaith & Kings County Hospital Center

জেনারেল চেক আপ, শারীরিক পরীক্ষা, ডায়াবেটিস, হাইপারটেনশন, হাই কোলেস্টরল এজমা, ইকেজি, বয়স্ক ভেক্সিনেশান, ব্লাড টেস্ট,
TLC/Motor Vehicle Exam,
মহিলা স্বাস্থ্য সহ সবধরনের রোগের চিকিৎসা করা হয়।

আমরা প্রায় সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

20 Arlington Pl.
Brooklyn NY 11216
Tel: 718-636-0100
718-636-0112

2668 Pitkin Avenue
Brooklyn. NY 11208
Tel: 718-484-3960
Fax: 718-484-3960

MAMUN'S TUTORIAL

: Directed by :
SHEIKH AL MAMUN, Certified School Teacher
MS Math Ed, MA Pure Math, Principal, Mamun's Tutorial



Our Programs:
Summer Program will start from July 5th

SAT	8 Weeks Course 4 Hours Each Class Total 32 Classes (4 days/week) Total Cost : $2000.00 Time : 2 pm to 6 pm	Get 25% Discount sign up by 4th July
SHSAT	8 Weeks Course 5 days/week Total Cost : $2000.00 Time : 2 pm to 6 pm	
COMMON CORE MATH & ENGLISH	1st Grade to 6th Grade 8 weeks course 3 Hrs./day, 4 days/week Cost : 600.00	

Admission going on
K-6 & Common Core Regents Classes

Bronx Branch:
1504 Olmstead Avenue, Bronx, NY 10462
Phone : 347-657-0530, 917-561-1090

Jackson Heights Branch:
37-21 72nd Street, Jackson Heights, NY 11372
Phone : 718-507-2113, 917-561-1090

Congratulations to all our Students who made into Specialized High School

Quality Education Is Our Priority!



Mohammed M. Alam
M.Com (Management). LL.B

জ্যামাইকা হিলসাইড ট্যাক্স অফিস
167-11 Hillside Ave. 2nd Floor Jamaica, NY 11432
Tel: 718-480-3313, Cell: 917-600-4937
Email: mahbubtax@yahoo.com

AUTHORIZED IRS e-file PROVIDER

ট্যাক্স • ইমিগ্রেশন ফরম পুরন • নোটারী

আমাদের সেবা সমূহ

- ফেডারেল এবং সকল স্টেট ট্যাক্স
- বিজনেস ট্যাক্স, করপোরেশন ট্যাক্স
- সেল্‌স ট্যাক্স, পে-রোল ট্যাক্স
- ওপেন নিউ বিজনেস
- ওপেন সেল্‌স ট্যাক্স আইডি
- ফ্যামিলী পিটিশন
- স্পন্সরশীপ ফরম পুরন
- সিটিজেনশীপ ও পার্সপোট
- ডুয়েল সিটিজেনশীপ প্রোসেস
- পাওয়ার অব এ্যাটর্নী ড্রাফট

সকল ষ্টেটের ট্যাক্স এবং ফরম পূরনে সহায়তা করা হয়।

এলাকা অনুযায়ী খ্রীষ্ট ধর্মাবলম্বী চার্চের নাম ও ফোন

উডসাইড-ইউনাইটেড বেঙ্গলী লূথারেন	৯১৭৬০৫৪৫৬৬
উডহ্যাভেন-ক্রাইস্ট বাংলা	৯১৭৬৮৩৩০৫৯
ওজনপার্ক-ফার্স্ট বাংলা	৯১৭২১৬৬৭৫০
করোনা-সহভাগিতা	৯১৭৩৯২৬৭৭৩
করোনা-ইভাঞ্জেলীক্যাল বাংলা	৬৪৬৩৯৯৩৮১২
জ্যাক্সন হাইটস-বাংলা বাইবেল	৩৪৭৭৪৪৫৯৯৩
জ্যাকসন হাইটস-বেথেল ব্যাপ্টিস্ট	৩৪৭৫৭৩৭৫৯৩
ব্রঙ্কস-শেলম ইভাঞ্জেলীক্যাল	৬০৩৮২০০৬৪৯
সানিসাইড-কুইন্স অব এঞ্জেলস	৭১৮৩৯২০০১১
হিলসাইড-ইমাকুলেট কন্সেপশন	৭১৮৭৩৯০৮৮০

রাজনৈতিক জীবন রক্ষায় মরিয়া ট্রাম্প

(২৮ পাতার পর)

বাইডেনও' এবার প্রেসিডেন্টের পুনর্নির্বাচনের জন্য একটা ফ্যাক্টর হয়ে দাঁড়িয়েছেন। গতবারের ডেমোক্রেটিক প্রার্থী হিলারি ক্লিনটন নানা কারণেই খোদ দলীয় ভোটারদের কাছে খুব একটা গ্রহণযোগ্য ছিলেন না। তাঁর ব্যাপারে বহু ভোটারের মধ্যেই অনীহা দেখা গেছে। ভোট দেয়নি তারা। ডেমোক্র্যাটদের বাইডেনের বিষয়ে ওই অপ্রীতি বা ঘৃণা নেই। বাইডেন ক্যারিশমাটিক নন, কিন্তু স্থিতধী। দীর্ঘদিনের রাজনৈতিক ক্যারিয়ার তাঁর। ব্যক্তিজীবনে তাঁর শোক যন্ত্রণাও ডেমেক্র্যাট ভোটারদের প্রভাবিত করে। সবচেয়ে বড় বিষয় তাঁর গ্রহণযোগ্যতা বা ভোটারদের মধ্যে অনুমোদনের হার অসাধারণ। এর সঙ্গে যুক্ত হয়েছে ট্রাম্পের অযোগ্যতা, বাগাড়ম্বড়, মিথ্যাচার- পরিস্থিতিটা এমন একটা আকার নিয়েছে যে বাইডেন খুব প্রচার না চালিয়েও শুধু ভুলভাল কথাবার্তা ও কাজকর্ম থেকে বিরত থাকলেই তাঁর সম্ভাবনা জিইয়ে থাকে। হয়েছেও তাই। বাইডেন শুধু টিকে নেই, প্রবলভাবে আছেন।

আর বাইডেনের এই প্রাবল্যকে রুখতেই দিন-রাত এক করে দোদুল্যমান রাজ্যগুলোতে চষে বেড়াচ্ছেন ট্রাম্প। দিনে গড়ে তিনটি, চারটি করে সমাবেশ করছেন তিনি। নির্বাচনের আর মাত্র দুই দিন বাকি। এর মধ্যে ১৩টি সমাবেশ করার পরিকল্পনা রয়েছে। মরিয়া হয়ে উঠেছেন তিনি নিজের রাজনৈতিক জীবনকে দীর্ঘায়িত করতে। তীব্র শীত বা উত্তাপ তার কোনো পরোয়া নেই। মাস্কের তো ধারই ধারেন না তিনি। একই সঙ্গে এমন ইঙ্গিতও দিয়েছেন, পরাজিত হয়ে ফলাফল মেনে নেবেন না তিনি। সে ক্ষেত্রে নির্বাচনের পর যুক্তরাষ্ট্রে রাজনৈতিক সংকট দীর্ঘায়িত হওয়ার আশঙ্কা তৈরি হয়েছে।

ব্রিটেনের সবচেয়ে মোটা ব্যক্তিকে হাসপাতালে

(শেষের পাতার পর)

বার্গার, স্যান্ডউইজ, পিজা খেতে খেতে এমন শরীর বানিয়েছেন যে, উঠতে-বসতে পারেন না। শুয়ে শুয়ে শুধু খান আর খান। অসুস্থ হয়ে পড়ায় হাসপাতালে আনার জো নেই। উপায়ন্তর না দেখে তাকে বাসা থেকে হাসপাতালে আনতে ক্রেন ব্যবহার করতে হয়েছে। খবর দ্য সানের।

হোলটনের বয়স ৩০ বছর। গত ছয় বছর ধরে ঘরে বসে শুধু খাচ্ছেন আর খাচ্ছেন। ছয় বছর ধরে তিনি ঘর থেকে বের হননি। হোলটনকে ঘর থেকে বের করে হাসপাতালে আনতে বিশাল ক্রেন ব্যবহার করা হয়েছে। ঘটনাস্থলে আসতে হয়েছে ইঞ্জিনিয়ার এবং ৩০ দমকলকর্মীকে।

জানা গেছে, হোলটন ২০১৪ সালে জাস্টইট অ্যাপের সঙ্গে চুক্তি করে রোজ ৩০ পাউন্ডের ফাস্টফুড নিতেন। তার খাবারের তালিকায় থাকে কাবাব, চিপস, চিকেন চাওমিন, ১.৫ লিটার জুস, পাঁচ ক্যান ডায়েট কোক। এ ছাড়া চকোলেট, ক্রিপস, স্যান্ডউইচ তার ভীষণ প্রিয়।

এসএনএস একাউন্টিং এন্ড জেনারেল সার্ভিসেস

একটি বিশ্বস্ত ও নির্ভরশীল প্রতিষ্ঠান

একাউন্টিং
ইনকাম ট্যাক্স-ব্যক্তিগত (Individual all State) কর্পোরেশন, পার্টনারশীপ, নটফর প্রফিট ট্যাক্স, সেলস ট্যাক্স, বুককিপিং এন্ড একাউন্টিং এবং আই.আর.এস-এর সাথে সমস্যা সমাধানে পরামর্শ।

ইমিগ্রেশন
সিটিজেনশীপ পিটিশন, নিকটাত্মীয়দের জন্য পিটিশন, এ্যাফিডেভিড অব সাপোর্ট, বার্থ সার্টিফিকেট এর এ্যাফিডেভিড এবং অন্যান্য ইমিগ্রেশন সংক্রান্ত বিষয়দি। ইলেকট্রনিক ফাইলিং করা হয় ২০১৩

* বিজনেস সার্টিফিকেট ও কর্পোরেট রেজিষ্ট্রেশন
* নোটারী পাবলিক রেজুমী
* দক্ষতার সাথে রেজুমী ও কভারিং লেটার প্রস্তুত করা হয়
* ট্রান্সলেশন সার্ভিসেস

SNS Authorized *IRS e file* Provider

Electronic Filling & Direct Deposite for Accurate Faster & Secure Refund

দ্রুততম উপায়ে আমেরিকার বিভিন্ন স্টেটের কাস্টমারদের ইনকাম ট্যাক্স ও ইমিগ্রেশন বিষয়ক সার্ভিস দেয়া হয়।



অফিস সময়: সপ্তাহে সাত দিন সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৮ টা।
আমাদের রয়েছে ১৮ বছরের বেশী বিধিসম্মত নির্ভুল ট্যাক্স ফাইলিং এর দক্ষতা ও অভিজ্ঞতা

EXPERIENCE COUNTS, TRUST, WE SERVE YOU BETTER

যোগাযোগ করুন: এম.এ. কাইয়ুম

৩৫-৪৬ ৩১ স্টিট, এস্টোরিয়া, নিউইয়র্ক-১১১০৬

ফোন: ৭১৮-৩৬১-৫৮৮৩, ৭১৮-৬৮৫-২০১০ ফ্যাক্স: ৭১৮-৩৬১-৬০৭১

email: snsmaq@aol.com (N এবং W ট্রেনে ৩৬ এভিনিউ সাবওয়ের নিকটে)

Law Firm of Attorney Najmul Alam





এটর্নী নাজমুল আলম, এটর্নী এট ল'
ইউ,এস, সুপ্রীম কোর্ট

ম্যানহাটন অফিসঃ (২১২) ৫৯৯-৭২৯৯
(২৬ ফেডারেল প্লাজার সামনে)
২৯৯ ব্রডওয়ে, সুইট # ১৭০০, নিউইয়র্ক, নিউইয়র্ক ১০০০৭

- Immigration
- Asylum Cases
- Divorce
- Title Insurance
- Real Estate Closing
- Investment Visa E2 EB5
- Deportation Defense
- Criminal Defense Cases
- Citizenship Tests

এসাইলাম, পাবলিক চার্জ, ওয়েভার, সিটিজেনশীপ, মোশন, আপীল সহ সব ধরনের ইমিগ্রেসন কেস।

JUSTICE law firm

Manhattan Office: (212) 599-7299
(In Fornt of 26 Fedarel Plaza)
299 Broadway, Suite # 1700, New York, New York 10007

Wasi Choudhury & Associates LLC

SERVICES

আপনি কি I.R.S./STATE নোটিশ নিয়ে চিন্তিত?

- **Represent Taxpayers for I.R.S./ State Audit**
- **Tax Preparation:** Individual, Corporation, Partnership, LLC, Not-for-Profit, etc.
- **Accounting:** Payroll, Sales Tax, etc.
- **Business Licenses**
- **ইমিগ্রেশন** সংক্রান্ত নিয়মাবলী প্রয়োজনে ফলো করা হয়।

ক্রেডিট কার্ড এর মাধ্যমে ও পেমেন্ট করতে পারেন

Wasi Choudhury, *EA*
Admitted to practice before the IRS
সদস্য, বোর্ড অব ট্রাস্টি, বাংলাদেশ সোসাইটি ইন্ক

Member : naea NYSSEA IRS e-file IRS AUTHORIZED E-FILE PROVIDER



প্রবাসে বাংলাদেশী কমিউনিটির কল্যাণের উদ্দেশ্যে বাংলাদেশ সোসাইটি ইন্ক এর সদস্য পদ গ্রহণ / নবায়ন করার এবং এর প্রতিটি কার্যক্রমে সক্রিয় অংশগ্রহণ করার অনুরোধ রইল।

37-22, 61st St., 1st Fl, Woodside, NY 11377 • Tel: 718-205-3460, 718-440-6712 • Fax: 718-205-3475 • Email: wasichoudhury@yahoo.com

ডা. এটিএম ইউছুফ (স্পপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার



স্থান পরিবর্তন

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরনের ইন্সুরেন্স গ্রহন করা সহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ইনকাম ট্যাক্স
INCOME TAX

ইনকাম ট্যাক্স, ইমিগ্রেশন ও জেনারেল সার্ভিসের জন্য একটি বিশ্বস্থ প্রতিষ্ঠান

দীর্ঘ ১৮ বৎসর ধরে আমরা আপনাদের সেবায় নিয়োজিত

AUTHORIZED e-file Provider

অতি যত্ন সহকারে আপনাদের নির্ভুল ট্যাক্স রিটার্ণ করে দেয়ার দায়িত্ব আমাদেরকে দিন

শুধু ট্যাক্স ফাইলের সময়েই নয় বরং সারা বৎসর ধরেই আমরা আছি আপনাদের পাশে

NOTARY PUBLIC

প্রাইম ব্রোকারেজ

যোগাযোগ: *আবুল কালাম*
T: **718-274-1908**, F: **718-728-2293**
email: **primebrokerage34@gmail.com**
৩৪-০৩ ৩০ এভিনিউ, এষ্টোরিয়া, নিউইয়র্ক ১১১০৩

ট্যাক্স ও ইমিগ্রেশনের কাজে প্রয়োজন বিশ্বস্থ প্রতিষ্ঠান,
কারণ আপনার ব্যক্তিগত সকল তথ্যাদি থাকছে প্রতিষ্ঠানটির কাছে।

অল্প পারিশ্রমিকে অভিজ্ঞ পুরুষ-মহিলা **Instructor** দ্বারা ড্রাইভিং শিখুন

পপুলার ড্রাইভিং স্কুল

Fully Insured & Licensed by NYS (DMV)



আব্দুর রহিম হাওলাদার
প্রেসিডেন্ট
917-301-2063

OPEN 7 DAYS

6 Hours DDC Class Good For TLC



বাসা থেকে ফ্রি পিকআপ এন্ড ড্রপ

বৈধ কাজপত্রহীন (আনডকুমেন্টেড) নিউইয়র্কবাসীদের ড্রাইভিং লাইসেন্স পেতে কি ধরনের কাগজপত্র বা ডকুমেন্টস লাগবে তা জানতে যোগাযোগ করুন: ৯১৭-৩০১-২০৬৩

- ২৬ বছরের অভিজ্ঞতা সম্পন্ন ধৈর্য্যশীল ইন্সট্রাক্টরের তত্বাবধানে ড্রাইভিং শিখুন।
- ইন্ডিভিজ্যুয়াল এবং ডিসকাউন্ট ৫, ১০ ও ১৫ লেসনের প্যাকেজ ডীল।
- প্রয়োজনে ৩ দিনের মধ্যে রোড টেষ্ট এর ব্যবস্থা (শনিবারসহ)

প্রথমবার রোড টেষ্ট দিয়ে যাতে পাশ করতে পারেন সেজন্য যত্নসহকারে স্পেশাল ট্রেনিং প্রদান

- 5 Hours Class Certificate
- Road Lesson Local & H.Way
- Road Test Appointment
- Car for Road Test

যাহারা বারবার রোড টেষ্ট দিয়ে ফেল করে ধৈয্য হারিয়েছেন তাদের ফেলের কারণগুলো অনুসন্ধান করে ট্রেনিং প্রদান

আমাদের কাছেই পাবেন ফ্রি বাংলায় অনুবাদিত লার্নাস পারমিট বই

Please Call
718-426-9453, 917-301-2063

Popular Driving School Inc.
72-26 Roosevelt Ave, 2nd Fl, Jackson Heights, NY 11372
(Corner of 73 St & Roosevelt Ave) ডিজিটাল ওয়ান এর উপরে



Apna Express Pharmacy Inc.

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি, ইন্স্যুরেন্স, অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি

TEL. 929-208-0602

DISCOUNT COSMETICS. FILM. COLOGNES.
PERFUMES. VITAMINS. NON-PRESCRIPTION DRUGS.
HOUSEHOLD GOODS. BABY NEEDS

74-12 37AVE, Jackson Heights, NY 11372,

যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকীর সমাবেশে গণতন্ত্র পুন: প্রতিষ্ঠায় ঐক্যের আহবান





বাংলা পত্রিকা ডেস্ক: বাংলাদেশে গণতন্ত্র পুন: প্রতিষ্ঠায় দেশ ও প্রবাসের দলীয় নেতা-কর্মীদের ঐক্যের আহবানের মধ্য নিয়ে ২৬ অক্টোবর সোমবার নিউইয়র্কে বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদল-এর ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী পালিত হলো। সংগঠনের প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে ধর্ষণ-গুম-খুনের কবল থেকে বাংলাদেশ ও জাতিকে রক্ষায় প্রবাস থেকে দুর্বার আন্দোলনের সংকল্প এবং বিএনপি চেয়ারাপর্সন বেগম খালেদা জিয়ার স্থায়ী মুক্তি ও তারেক রহমানের বিরুদ্ধে দায়েরকৃত সকল মামলা বিনাশর্তে প্রত্যাহারেরও দাবী জানানো হয়।

যুক্তরাষ্ট্র যুবদলের ব্যানারে আয়োজিত দু'পর্বের এ অনুষ্ঠানে করোনা পরিস্থিতেও স্বাস্থ্যবিধি মেনে প্রাকৃতিক দুর্যোগ উপেক্ষা করে বিপুলসংখ্যক নেতা-কর্মী অংশ নেন। জ্যাকসন হাইটসের ডাইভার্সিটি প্লাজায় আয়োজিত অনুষ্ঠানে বেলুন উড়িয়ে কর্মসূচির উদ্বোধন ঘোষণা করেন কেন্দ্রীয় যুবদলের নেতা এম এ বাতিন। এ সময় বিএনপির কেন্দ্রীয় কমিটির সদস্য ও জাসাসের কেন্দ্রীয় সাধারণ সম্পাদক চিত্রনায়ক হেলাল খান, জাসাসের আন্তর্জাতিক সম্পাদক আলহাজ্ব আবু তাহের, যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মোস্তফা কামাল পাশা বাবুল, যুক্তরাষ্ট্র মুক্তিযোদ্ধা দলের সভাপতি আলহাজ্ব বাবরউদ্দিন, যুক্তরাষ্ট্র বিএনপির নেতা আলহাজ্ব মাহফুজুল মাওলা নান্নু, মোশারফ হোসেন সবুজ ও এম এ সবুর, ছাত্রদলের সাধারণ সম্পাদক মাজহারুল ইসলাম জনি প্রমুখ উপস্থিত ছিলেন। এই পর্বে সভাপতিত্ব করেন প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন কমিটির আহবায়ক যুবনেতা আতিকুল হক আহাদ এবং যৌথভাবে পরিচালনা করেন সদস্য-সচিব সোহরাব হোসেন ও প্রধান সমন্বয়কারি বদিউল আলম।

বৃষ্টির কারণে দ্বিতীয় পর্বের 'আন্দোলন-সংগ্রাম আর গৌরবের ৪২ বছর' শীর্ষক আলোচনা সভা জ্যাকসন হাইটসে ইটজি চায়নিজ রেস্টুরেন্টে অনুষ্ঠিত হয়। এ সময় সমবেত নেতা-কর্মীরা দেড় দশক আগে গঠিত যুক্তরাষ্ট্র যুবদলের কমিটি ভেঙ্গে দিয়ে সময়ের পরিক্ষীত নেতা-কর্মীর সমন্বয়ে নয়া কমিটি গঠনের দাবি জানান। সভার শুরুতে পবিত্র কোরআন থেকে তেলাওয়াত করেন যুক্তরাষ্ট্র যুবদলের সাংগঠনিক সম্পাদক ওয়েছ আহমেদ। আলোচনায় আরো অংশ নেন ইঞ্জিনিয়ার সায়েম রহমান, হুমায়ূন কবীর পলাশ, জাহাঙ্গির সোহরাওয়ার্দি, আনোয়ার হোসেন, নাসির উদ্দিন, সিদ্দিক হোসেন রুবেল, সুমন রহমান, মোহাম্মদ মান্নান, মঞ্জুর মোর্শেদ, মেহরাব রাজা চৌধুরী, মনসুর আহমেদ শাওন, রুহেলুজ্জামান চৌধুরী, ফারহান আহমেদ, ইকবাল খান গোফরান বাহার প্রমুখ। সার্বিক তত্বাবধানে ছিলেন যুক্তরাষ্ট্র যুবদলের জ্যেষ্ঠ সহ-সভাপতি আশরাফউদ্দিন ঠাকুর।

অনুষ্ঠানে হেলাল খান বলেন, বাংলাদেশের গণতন্ত্র আজ বিপন্ন, মানুষের নিরাপত্তা নেই, ধর্ষণ-খুন-রাহাজানি নিত্য-নৈমিত্তিক ব্যাপারে পরিণত হয়েছে। অবৈধভাবে ক্ষমতায় বসা সরকারী দলের লোকজনের কাছে গোটা বাংলাদেশ আজ জিম্মি। এহেন অবস্থার অবসানে সুশৃঙ্খল আন্দোলনের বিকল্প নেই। নব্বইয়ের স্বৈরাচারি হটাও আন্দোলনের ন্যায় যুবসমাজকে ঐক্যবদ্ধ হতে হবে। সে আহবানেই জাতীয়তাবাদী যুবদল তার প্রতিষ্ঠাবার্ষিকী পালন করছে।

প্রধান বক্তা যুবনেতা এম এ বাতিন বলেন, যুক্তরাষ্ট্র যুবদলের নতুন কমিটি হলেই প্রবাস থেকে আন্দোলন সূচনা করা সহজ হবে।

বিশেষ অতিথি মোস্তফা কামাল পাশা বাবুল বলেন, এখন দলাদলির সময় নয়। গণতন্ত্রের মা বেগম খালেদা জিয়াকে স্থায়ীভাবে মুক্তি ব্যতিত বাংলাদেশ স্বৈরাচার মুক্ত হবে না। সেজন্যে সকলকে ঐক্যবদ্ধ হয়ে আন্দোলনে ঝাঁপিয়ে পড়তে হবে।

সভায় বিশেষ অতিথি হিসেবে আরো বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র মুক্তিযোদ্ধা দলের সভাপতি আলহাজ্ব বাবরউদ্দিন, যুক্তরাষ্ট্র জাসাসের সভাপতি ও কেন্দ্রীয় জাসাসের আন্তর্জাতিক সম্পাদক আলহাজ্ব আবু তাহের ও সাধারণ সম্পাদক কাওসার আহমেদ, যুক্তরাষ্ট্র বিএনপি নেতা আলহাজ্ব মাহফুজুল মাওলা নান্নু, মোশারফ হোসেন সবুজ, মাকসুদ এইচ চৌধুরী, মাজহারুল ইসলাম জনি, শাহাদৎ হোসেন রাজু। বক্তারা তাদের বক্তব্যে বাংলাদেশ থেকে ভোট ডাকাত, ভোটার বিহিনী সরকার হটাতে সকল গণতান্ত্রিক শক্তির ঐক্য কামনা করেন।

তৈয়বুর রহমান টনি স্মরণে মোড়লগঞ্জ উপজেলা সোসাইটি আলোচনা ও দোয়া



নিউইয়র্ক: মোড়লগঞ্জ উপজেলা সোসাইটি ইউএসএ'র সাধারণ সম্পাদক তৈয়বুর রহমান টনি স্মরণে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়েছে। গত ৩০ অক্টোবর শনিবার রাতে সংগঠনের উদ্যোগে জ্যামাইকার একটি মিলনায়তনে এই অনুষ্ঠানের আয়োজন করা হয়।

মোড়লগঞ্জ উপজেলা সোসাইটি'র সভাপতি ফারুক হোসেন তালুকদারের সভাপতিত্বে এবং স্বপন তালুকদারের সহযোগিতায় অনুষ্ঠিত আলোচনা সভা উপস্থাপনা করেন মাইদুল মহিত। সভায় বক্তারা তৈয়বুর রহমান টনির জীবনের বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। তুলে ধরেন বাংলাদেশী কমিউনিটিতে তার নানা অবদানের কথাও। পরে তৈয়বুর রহমান টনির বিদেহী আত্মার রূহের মাগফেরাত কামনায় দোয়া ও মোনাজাত পরিচালনা করেন আইটিভি ইউএসএ'র সিইও মাওলানা মুহাম্মদ শহীদুল্লাহ।

অনুষ্ঠানে মোড়লগঞ্জ উপজেলা সোসাইটির সহ-সভাপতি বাবুল হাওলাদার, নিউইয়র্ক সিটি কাউন্সিলম্যান প্রার্থী ও কমিউনিটি লিডার ফখরুল ইসলাম দেলোয়ার সহ সৈয়দ আল আমীন, মা-মুনুর রশিদ, সৈয়দ আনসার আলী, খন্দকার মুরাদ, চয়ন হাওলাদার, কামরুজ্জামান বাবু, আ. সাত্তার, স্বপন তালুকদার, খান মোহাম্মদ মহসিন, শেখ আনসার আলী, মোহাম্মদ ফারুক শেখ, মামুন ইসলাম, জাকির হোসেন, সৈয়দ আল আমীন রাসেল, মোহাম্মদ মোরাদ প্রমুখ উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, তৈয়বুর রহমান টনি যুক্তরাষ্ট্র আওয়ামী লীগের উপ প্রচার সম্পাদক ছাড়াও বিশিষ্ট ক্রীড়া সংগঠক, সাংস্কৃতিক কর্মী, নাট্য অভিনেতা ও সমাজ কর্মী হিসেবেও সবার কাছে পরিচিতি ছিলেন। -প্রেস বিজ্ঞপ্তি।

Law Office of Md Golam Mostofa, Esq.

OUR SERVICES:

- Personal Injury all kinds
- Medical Mal Practice
- Accident in Construction Work and Car Accidents
- Lead Poisoning
- Slip and Fall
- All Civil Matters
- Immigration all kinds & investments
- Real Estate, Business
- Bankruptcy
- Criminal Case
- Landlord-Tenant
- Family Matter-Divorce
- Employment Matter, Etc.





Attorny M. Mostofa, Esq.

LL.B Honors (1st Class) & LL.M (1st Class), Bangladesh, Advocate, Bangladesh Supreme Court.
LL.B Honors, UK. Barrister-At-Law, London.,
LL.M, USA. Attorney-At-Law, NY

7226 Broadway, 3rd Floor, Jackson Heights, NY 11372, Phone: 718-565-2661

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD



Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু , হজ্ব ভ্যাকসিন দেয়া হয়
আমরা প্রায় সব ধরনের ইন্সু রেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:
30-04, 36th Avenue
LIC, NY 11106
Tel: 718-383-4500

JAMAICA OFFICE:
170-12 Highland Avenue
Jamaica Estates, NY- 11432
www.drmrahman.com





নিউইয়র্কে যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

(শেষের পাতার পর)

জ্যাকসন হাইটসে দিনব্যাপি বিভিন্ন কর্মসূচীর মাধ্যমে প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করা হয়। বৈরী আবহাওয়া উপেক্ষা করে নেতাকর্মীদের সরব উপস্থিতিতে উৎসবমুখর পবিবেশে বেলুন, পায়রা ও পতাকা উত্তোলনের মাধ্যমে কর্মসূচীর আনুষ্ঠানিক ভাবে শুরু হয়।

বৃহস্পতিবার বেলা ১২টায় শুরু হয় ভার্চুয়াল আলোচনা সভা। এতে সভাপতিত্ব করেন যুক্তরাষ্ট্র যুবদলের সভাপতি জাকির এইচ চৌধুরী। সভা পরিচালনা করেন যুক্তরাষ্ট্র যুবদলের সাধারণ সম্পাদক আবু সাইদ আহমদ। এতে প্রধান অতিথি হিসেবে ভর্চুয়াল বক্তব্য রাখেন যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির সভাপতি সাইফুল আলম নীরব। প্রধান বক্তা ছিলেন যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির সাধারণ সম্পাদক সুলতান সালাহউদ্দীন টুকু। ভার্চুয়াল সভায় উপস্থিত ছিলেন যুবদল কেন্দ্রীয় নির্বাহী কমিটির দপ্তর সম্পাদক কামরুজ্জামান দুলাল, যুবদল ঢাকা মহানগর দক্ষিণের সিনিয়র সহ সভাপতি এমডি শরীফ হোসেন। বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র যুবদল ও নিউইয়র্ক ষ্টেট যুবদলের নেতৃবৃন্দ।

সভায় সাইফুল আলম নীরব বলেন, দেশে শাসনের নামে চলছে স্বৈরচারী দু:শাসন। প্রতিবাদ করতে গেলে হামলা মামলা আর গুম। এক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালন করবে জাতী-য়তাবাদী যুবদলের কর্মীরা। তিনি দেশ ও প্রবাসের যুব সমাজকে ঐক্যবদ্ধ ফ্যাসিষ্ট হাসিনা সরকার বিরোধী আন্দোলন আরো শক্তিশালী করার আহবান জানান।

সুলতান সালাহউদ্দীন টুকু বলেন, যুবদল শহীদ রাষ্ট্র জিয়াউর রহমানের দল। বাংলাদেশে বর্তমানে সবচেয়ে জনপ্রিয় নেত্রী বেগম খালেদা জিয়া এবং জনপ্রিয় নেতা তারেক রহমান। আর সবচেয়ে বেশী ঘৃনিত নেত্রী স্বৈরাচারী শেখ হাসিনা। তিনি বলেন, প্রতিষ্ঠার পর থেকে যুবদল নেতাকর্মীদেরকে বিভিন্ন ভাবে মুল্যায়ন করা হয়েছে। এখন আমাদের প্রয়োজন দেশ গড়ার কাজে ঐক্যবদ্ধভাবে কাজ করা। যুবদল দেশনেত্রী বেগম খালেদা জিয়া এবং ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নেতৃত্বে ঐক্যবদ্ধ। যুক্তরাষ্ট্র যুবদলের সভাপতি ও সাধারণ সম্পাদকের নেতৃত্ব দলকে শক্তিশালী করতে সকল সহযোগিতার প্রতিশ্রুতি দেন তিনি।

এছাড়া সভার অন্যান্য বক্তারা বলেন, বিএনপির চেয়ারপারসন খালেদা জিয়া ও ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমানের নির্দেশে অবৈধ আওয়ামী লীগ সরকারের পতন ঘটিয়ে দেশে গণতান্ত্রিক সরকার প্রতিষ্ঠা করা হবে এবং জনগণকে তাদের ভোটের অধিকার ফিরিয়ে আনতে যুবদল অতন্দ্র প্রহরী হিসেবে কাজ করবে।

দ্বিতীয় পর্ব প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভা শুরু হয় বেলা ২টায় জ্যাকসন হাইটসের পালকি পার্টি হলে। এতে সভাপতিত্ব করেন উদযাপন কমি-টির আহবায়ক ও যুক্তরাষ্ট্র যুবদলের যুগ্ম সম্পাদক মিজানুর রহমান মিজান। পরিচালনা করেন উদযাপন কমিটির সদস্য সচিব ও নিউ-ইয়র্ক ষ্টেট যুবদলের সাধারণ সম্পাদক মোহাম্মদ রেজাউল আজাদ ভূইঁয়া। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সাধারণ সম্পাদক জিল্লুর রহমান জিল্লু, প্রধান বক্তা ছিলেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক সহ সভাপতি গিয়াস আহমেদ। আরো বক্তব্য রাখেন যুক্তরাষ্ট্র বিএনপির সাবেক যুগ্ম সম্পাদক হেলাল উদ্দিন, সাবেক কোষাধ্যক্ষ আবুল হাশেম শাহাদাৎ, ইন্টার স্টেট বিএনপি'র সভাপতি কাজী আজম ও সাধারণ সম্পাদক ফিরোজ আহমেদ, বিএনপি নেতা এবাদুর রহমান চৌধুরী, ফয়েজ আহমেদ চৌধুরী, যুক্তরাষ্ট্র যুবদলের সহ সভাপতি আহবাব চৌধুরী খোকন, যুক্তরাষ্ট্র স্বেচ্ছাসেবক দলের নেতা সাইফুর খান হারুন, তারেক রহমান আন্তর্জাতিক মুক্তি পরিষদের সভাপতি পারভেজ সাজ্জাদ, ব্রঙ্কস বিএনপির সভাপতি আব্দুর রহিম, বিএনপি নেতা শরীফ খালিশদার, ঢাকা মহানগর (দক্ষিণ) সাবেক সহ সভাপতি এজিএম হাসান জাহাঙ্গীর, উদযাপন কমিটির যুগ্ম আহবায়ক ও যুবনেতা মোহাম্মদ আবুল কাশেম, প্রধান সমন্বয়কারী আমানত হোসেন আমান, সমন্বয়কারী খলকুর রহমান, উত্তম বনিক, বিএম বাদশাহ, আহসান উল্যাহ মামুন, ইঞ্জিনিয়ার মাইন উদ্দীন, হাসান আহমেদ, আবু চৌধুরী, মনিরুল ইসলাম মনির, আশরাফ হোসেন, মিজানুর রহমান, শামীম তালুকদার, অহিদুজ্জামান নিলু, মাসুদ রানা, জাহাঙ্গীর জয়, চৌধুরী মুমিত তানিম, মো: মহসিন মিয়া লাল, ফাহিম শাকিল অপু, শাহবাজ আহমেদ, সুমন আহমেদ, সিদ্দিক আহমেদ, ফাহিম রহমান, মো: আল আমিন, সারওয়ার আহমদ, জাকারিয়া আলম, এবিএম ফারুক আহমেদ, সাইকুল আলম, মনির আহমেদ, লায়েক ইসলাম, মো: সেলিম আহমেদ, টিটু চৌধুরী, মোস্তফা মিয়া, আনোয়ার হোসেন, হাবিবুল্লাহ, সোহেল আহমেদ, হাজী ইকবাল হক, মো: শাহজাহান সাজু, সারোয়ার জাহান জীবন, মফিজুল ইসলাম, সালেক সানি, জুয়েল আহমদ, নূরে আলম, আহমেদ সালমান প্রমুখ।

-প্রেস বিজ্ঞপ্তি।

মঙ্গলবারের নির্বাচনে অংশ নিচ্ছেন ৫ বাংলাদেশী

(শেষের পাতার পর)

খান ও পেনসিলভেনিয়া অঙ্গরাজ্যের অডিটর জেনারেল পদপ্রার্থী ও সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার উপদেষ্টা ড. নীনা আহমেদ। এই প্রার্থীরা ইতিপূর্বে প্রাইমারী নির্বাচনে জয়ী হন। এ ছাড়া ড. এমডি রাব্বি আলম মিশিগান স্টেট থেকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে হাউস অব রিপ্রেজেন্টেটিভ পদে নির্বাচনে অংশগ্রহণ করছেন।

যুক্তরাষ্ট্রের মূলধারার রাজনীতিতে শীর্ষ দুই দল ডেমোক্র্যাটিক পার্টি ও রিপাবলিকান পার্টির টিকেটে জনপ্রতিনিধি হিসেবে উল্লেখিত প্রথম চারজনের জয়ের সম্ভাবনাই বেশি। তাদেরকে নিয়ে গর্বিত যুক্তরাষ্ট্রের অভিবাসী বাংলাদেশী কমিউনিটি। এর আগে ইউএস কংগ্রেসে প্রথম বাংলাদেশী বংশোদ্ভূত আমেরিকান হিসেবে মিশিগানের একটি আসন থেকে জয়ী হয়েছিলেন হেনসেন ক্লার্ক। তিনি এক মেয়াদের বেশি টিকতে পারেননি।

ডোনা ইমাম: এ যেন হঠাৎ ঝলসে ওঠার মতো ঘটনার জন্ম দিলেন বাংলাদেশী বংশোদ্ভূত আমেরিকান ডোনা ইমাম। ডেমোক্র্যাটিক পার্টির প্রার্থী বাছাইয়ের নির্বাচনে ৫৬ শতাংশ (২০ হাজার ৮৮৪) ভোট পেয়ে টেক্সাসের কংগ্রেসনাল ডিস্ট্রিক্ট-৩১ এর চূড়ান্ত প্রার্থী হিসেবে আবির্ভূত হয়েছেন তিনি। অস্টিনের উই-লিয়ামসন কাউন্টি এবং সেনা ছাউনি অধ্যুষিত ফোর্ট হুড নিয়ে গঠিত এই নির্বাচনী এলাকার ৮ লাখ ৩০ হাজার মানুষের ৫৯.১৯ শতাংশ শ্বেতাঙ্গ। এশিয়ানের সংখ্যা মাত্র ৫.২ শতাংশ। হিসপ্যানিক হচ্ছে ২৩.৯৩ শতাংশ এবং কৃষ্ণাঙ্গের সংখ্যা ১১.২৪ শতাংশ। এই আসনে কখনোই ডেমোকক্র্যাটরা জয়ী হতে পারেনি। এবারই প্রথম বাঙালীর রক্ত প্রবাহিত ডোনা রিপাবলিকানদের একটি ধাক্কা দিতে চাচ্ছেন। ইতিমধ্যেই তিনি অভিবাসী সমাজে আলোড়ন সৃষ্টির পাশাপাশি মধ্যম আয়ের শ্বেতাঙ্গদেরকেও পাশে টানার চেষ্টা করেছেন বলে স্থানীয় গণমাধ্যমে মন্তব্য করা হয়েছে।

ডোনা ইমাম প্রাথমিক পর্ব অতিক্রম করেছেন অত্যন্ত সাফল্যের সঙ্গে। টেক্সাসে জন্মগ্রহণকারী ও ইলেক্ট্রিক্যাল এবং কম্পিউটার ইঞ্জিনিয়ারিংয়ে মাস্টার্স ডিগ্রিধারী ডোনা নিজেই একটি ফার্ম দিয়েছেন। সেখানে কাজের পাশাপাশি আমেরিকান রাজনীতির সঙ্গে জড়িয়ে পড়েন।

শেখ রহমান: জর্জিয়া অঙ্গরাজ্যের স্টেট সিনেটর পদে বিনা প্রতিদ্বন্দ্বীতায় দ্বিতীয় মেয়াদে নির্বাচিত হতে যাচ্ছেন বাংলাদেশী বংশোদ্ভূত শেখ রহমান চন্দন। গত ৯ জুন ডেমোক্র্যাটিক পার্টির মনোনয়ন পেতে দলীয় প্রার্থী বাছাইয়ের এ নির্বাচনে সিনেট ডিস্ট্রিক্ট-৫ এ তার বিরুদ্ধে কেউ মাঠে নামেননি। এমনকি রিপাবলিকান পার্টি থেকেও কেউ প্রার্থী হননি এ আসনে। এর ফলে আসছে ৩ নভেম্বর অনুষ্ঠেয় মূল নির্বাচনে তাকে ভোট চাওয়ার প্রয়োজন হবে না।

শুধু ওই দিনটি অতিবাহিত হলেই দ্বিতীয় মেয়াদে সিনেটর হিসেবে শপথ নেবেন কিশোরগঞ্জ জেলার বাজিতপুরের শরারচর গ্রামের সন্তান শেখ রহমান চন্দন। ১৯৮১ সালে উচ্চশিক্ষার জন্য যুক্তরাষ্ট্রে আসেন চন্দন। বাংলাদেশে তার ছোটভাই শেখ মু-জিবর রহমান ইকবাল একাদশ জাতীয় সংসদের সদস্য হয়েছিলেন কিশোরগঞ্জ থেকে।

আবুল বি খান: নিউ হ্যাম্পশায়ার অঙ্গরাজ্যে হাউস অব রিপ্রেজেন্টেটিভ পদে রিপাবলিকান দলের প্রাইমারী নির্বাচনে বিজয়ী হয়েছেন বাংলাদেশী বংশোদ্ভূত আমেরিকা আবুল বি খান। অর্থাৎ নিউ হ্যাম্পশায়ারে রিপাবলিকান দলের টিকিট পেয়েছেন তিনি। যুক্তরাষ্ট্রের রাজনীতিতে দলীয় মনোনয়ন পেতে ভোটারদের সমর্থন প্রয়োজন হয়। এ জন্য মূল নির্বাচনের আগে প্রত্যেক দলের প্রাইমারী নির্বাচন অনুষ্ঠিত হয়। এতে সাধারণ ভোটাররা তাদের ভোট প্রয়োগ করেন।

নিউ হ্যাম্পশায়ারে রিপাবলিকান দলের প্রাইমারি নির্বাচনে ষ্টেটের ডিস্ট্রিক্ট রকিংহাম ২০-এ রিপাবলিকান দলের স্টেট হাউস অব রিপ্রেজেন্টেটিভ প্রার্থী হিসেবে ভোটে নির্বাচিত হন আবুল বি খান। ডিস্ট্রিক্ট ২০-এ স্টেট রিপ্রেজেন্টেটিভের তিনটি পদে রিপাবলিকান দলে ছয় প্রার্থী ছিলেন। এদের মধ্যে তিনজন নির্বাচনে জয়লাভ করে দলের মনোনয়ন পেয়েছেন। নির্বাচনে সাধারণ ভোটাররা এই পদের জন্য আবুল বি খানকে (তিনজনের মধ্যে) নির্বাচিত করেছেন।

আমেরিকান রাজনীতিতে নিউ হ্যাম্পশায়ার অঙ্গরাজ্যর ডিস্ট্রিক্ট রকিংহাম বরাবরই রিপাবলিকান পার্টির দখলে। আবুল বি খান টানা তিনবার সেখানকার স্টেট হাউস অব রিপ্রেজেন্টেটিভ। দলীয় মনোনয়নে বিজয়ী হওয়ায় রিপাবলিকান সমর্থিত এলাকা হিসেবে এবারের মূল নির্বাচনেও তিনি জয়ী হবেন বলে ধারণা করছেন সবাই।

আটলান্টিক মহাসাগরের তীরে নিউ হ্যাম্পশায়ারের অঙ্গরাজ্যের সিক্রক সিটির সিলেক্টম্যান (মেয়র) হিসেবেও ১২ বছর ধরে দায়িত্ব পালন করছেন আবুল বি খান। আরও তিন বছর তিনি এ পদে দায়িত্বে থাকবেন। এবার নির্বাচিত হলে তিনি চারবার অঙ্গরাজ্যটির আইনপ্রণেতা হিসেবে জয় লাভ করবেন। আবুল বি খানের জন্ম বাংলাদেশের পিরোজপুরের ভান্ডারিয়ায়। ১৯৮১ সালে তিনি যুক্তরাষ্ট্রে পাড়ি দেন। তার স্ত্রী মর্জিয়া খান একজন গৃহিণী এবং এই দম্পতির এক কন্যা ও এক পুত্র।

নীনা আহমেদ: আমেরিকান রাজনীতিতে বাংলাদেশী বংশোদ্ভূত আমেরিকানদের উত্থানের ক্ষেত্রে ড. নীনা আহমেদ একটি উজ্জ্বল নাম। এর আগে তিনি সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার উপদেষ্টা ছিলেন। এ ছাড়া তিনি ফিলাডেলফিয়ার ডেপুটি মেয়র নির্বাচিত হন। এবার পেনসিলভেনিয়া স্টেট অডিটর জেনারেল পদে ডেমক্র্যাটিক পার্টির প্রার্থী মনোনয়নের নির্বাচনে (প্রাইমারি) নিকটতম প্রতিদ্বন্দ্বীকে ৮০ হাজার ১৩৭ ভোটের ব্যবধানে ধরাশায়ী করেছেন ড. নীনা। গত ২ জুন অনুষ্ঠিত এ নির্বাচনে ৯৯ শতাংশ ভোট গণনার তথ্য অনুযায়ী নীনা আহমেদ পেয়েছেন ৪ লাখ ৭৭ হাজার ৫২৬ ভোট। ৬ প্রার্থীর মধ্যে তার নিকটতম প্রতিদ্বন্দ্বী পিটসবার্গ সিটি কম্পট্রোলার মাইকেল ল্যাম্ব পেয়েছেন ৩ লাখ ৯৭ হাজার ৩৮৯ ভোট।

ডেমেক্র্যাট অধ্যুষিত পেনসিলভেনিয়া ষ্টেটে নীনা আহমেদের জয়ের সম্ভাবনা প্রবল। তার বিপরীতে রিপাবলিকান দলের একজন প্রতিদ্বন্দ্বী রয়েছেন। ড. নীনা জয়ী হলে তিনি হবেন এই ষ্টটের সর্বোচ্চ পর্যায়ে যে কজন নির্বাচিত প্রতিনিধি রয়েছেন, তাদের মধ্যে অন্যতম। পেনসিলভেনিয়ার ২৩৩ বছরের ইতিহাসে এই প্রথম একজন অশ্বেতাঙ্গ মুসলিম নারী এবং বাদামী রংয়ের বাংলাদেশী-আমেরিকার বিপুল ভোটে প্রাইমারিতে জয়লাভ করলেন। উল্লেখ্য, ইউজিন ডিপ্যাস্কুয়ালে দুই টার্মে ৮ বছর দায়িত্ব পালনের পর আর নির্বাচনের সুযোগ না থাকায় অডিটর জেনারেলের পদটি শূন্য হয়।

বাংলাদেশের সন্তান ড. নীনা আহমেদ ২১ বছর বয়সে যুক্তরাষ্ট্রে আসার পর ইউনিভার্সিটি অব পেনসিলভেনিয়া থেকে পিএইচডি করেন রসায়নে এবং মেডিকেল ফেলোশিপ করেছেন থমাস জেফ-ারসন ইউনিভার্সিটি থেকে। সেই থেকেই তিনি পেনসিলভেনিয়া স্টেটের ফিলাডেলফিয়া সিটি সংলগ্ন মাউন্ট এয়ারিতে স্বামী আহসান নসরতউল্লাহ এবং দুই কন্যা প্রিয়া ও জয়াকে নিয়ে বসবাস করছেন। অভিবাসীদের অধিকার ও মর্যাদা নিয়ে মাঠে রয়েছেন ৩২ বছরেরও অধিক সময়। এর ফলে তৃণমূলে জোরদার একটি সম্পর্ক তৈরি হয়েছে ড. নীনার। এর আগে তিনি প্রেসিডেন্ট বারাক ওবামার এশিয়া আমেরিকান বিষয়ক উপদেষ্টা পরিষদের সদস্য ছিলেন। ফিলাডেলফিয়া সিটির ডেপুটি মেয়র হিসেবেও দায়িত্ব পালন করেছেন। ২০১৮ নির্বাচনে এই স্টেটের লে. গভর্নর নির্বাচনে অবতীর্ণ হয়ে এক লাখ ৮৪ হাজার ভোট পেয়ে দ্বিতীয় হয়েছিলেন। সেই জনপ্রিয়তাকে পুঁজি করেই এবার অডিটর জেনারেল পদে দলীয় মনোনয়নের পথ সুগম হলো তার।

ড. এমডি রাব্বি আলম: মিশিগান স্টেট থেকে স্বতন্ত্র প্রার্থী হিসেবে হাউস অব রিপ্রেজেন্টেটিভ পদে নির্বাচনে অংশগ্রহণ করছেন বাংলাদেশে জন্মগ্রহণকারী ড. এমডি রাব্বি আলম। তিনি যুক্তরাষ্ট্রের সেনাবাহি-নীর অবসরপ্রাপ্ত সাবেক সার্জেন্ট এবং যুক্তরাষ্ট্রের ডেমেক্র্যাটিক ন্যাশনাল কমিটির ককাসের প্রাক্তন সভাপতি এবং মিসোরি ডেমোক্র্যাটিক পার্টির এশিয়ান ককাসের প্রতিষ্ঠাতা।

এমডি রাব্বি আলম ২০০৮ সালে সাবেক প্রেসিডেন্ট বারাক ওবামার স্যাটেলাইট ক্যাম্পেইন ম্যানেজার হিসাবে দায়িত্ব পালন করেছেন। ২০১৬ সালের নির্বাচনে ডেমোক্র্যাটিক প্রার্থী বার্নী সানডারশের ক্যাম্পেইনের 'মুসলিম আমেরিকান ফর বার্নী সান-ডারশ' উইং এর চেয়ারম্যান হিসেবে কাজ করেছেন।

শেষমেশ ডেমোক্র্যাটিক ন্যাশনাল কমিটির (ডিএনসি) ন্যাশনাল কনভেনশনে যখন হিলারি ক্লিনটন এর প্রেসিডেন্ট পদ প্রার্থীতা চূড়ান্ত ঘোষণা করলো, ঠিক তখন এমডি রাব্বি আলম 'মুসলিম ডেমোক্র্যাট ফর হিলারি ক্লিনটন' ক্যাম্পেইনের সভাপতি নিযুক্ত হন। নিউইয়র্ক, মিসোরি, মিশিগান, ওয়াশিংটন ডি সি, এবং শিকাগো সহ অনেক সফল 'হিলারি র‍্যালি'র নেতৃত্ব দেন তিনি।

২০১৬ এর নির্বাচনে ডেমোক্র্যাটিক দলের পরাজয়ের পরে যখন রক্ষণশীল, কট্টরপন্থী ডোনাল্ড ট্রাম্প ক্ষমতায় এসে মুসলমানসহ লাতিনো, হিস্পানিক, কালোসহ সকল সংখ্যালঘুদের ওপর কট্টরপন্থী নিয়মনীতি চালু করেন, তখন থেকে এমডি রাব্বি আলমের লিডারসিপের অগ্রযাত্রা শুরু হয়। ট্রাম্প বিরোধী এই আন্দোলনে সাড়া দেয় লক্ষ লক্ষ জনগণ। জাতি, ধর্ম, বর্ণ, গোত্র, ভুলে কাঁধে কাঁধ মিলিয়ে কাজ করার ফলে এমডি রাব্বি আলম ট্রাম্পকে হটানোর জন্য তিন লক্ষাধিক স্বাক্ষর সংগ্রহ করেন।

মিশিগানের ৪ নম্বর আসনের নির্বাচনী এলাকাতে হ্যামট্রামিক শহরের ২০ হাজার এবং ডেট্রয়েটে ৮০ হাজার লোকের বসবাস। এদের মধ্যে বাংলাদেশী রেজিস্টার ভোটারের সংখ্যা হবে প্রায় ৫০০০। এমডি আলম উভয় শহরের বসবাসকারী বাংলাদেশিসহ সাদা, কালো, হিস্পানিক, আরব কমিউনিটির সঙ্গে কাজ করছেন।

এমডি আলমের জয়র মধ্য দিয়ে প্রথম কোনো বাংলাদেশী-আমেরিকান মিশিগান অঙ্গরাজ্যের সংসদে নির্বাচিত হবেন। এমডি আলম হ্যামট্রামিক ও ডেট্রয়েট শহরে বসবাসরত সমগ্র বাংলাদেশী-আমেরিকান ভোটারদের কাছে ভোটের আশা করছেন এবং ভোট চেয়েছেন।

এলোমেলো ভাবনা

(শেষের পাতার পর)

এলাম শেষ পর্যন্ত। কি লম্বা লাইন! অনেক সময় লাগলো। তবে ভোট দিয়ে ভাল লাগছে।

-তা কাকে দিলে, নিশ্চই তোমার প্রিয় পাত্র প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প তোমার ভোট পেলেন তাইনা ?

কেন ।ট্রাম্পকে দিলে খুশি হবে বুঝি। শোন, অনেক ভেবে চিন্তে শেষমেষ বাইডেনকেই দিয়ে এলাম।

-কেন,ট্রাম্পে হঠাৎ এই অরুচির কারণ?

জানিনা, তাঁকে এবার ভোট দেবার কোন যুক্তি খুঁজে পাইনি। তা ছাড়া বাইডেন আসলে একটা পরিবর্তন আসবে নিশ্চই। এই যে বিভাজন, হানাহানি তা বন্ধ হবে। সেদিন দেখলাম নিউইয়র্কে দু'পক্ষের মধ্যে মারামারি। তাও আবার ইলেকশনে নিয়ে, চিন্তা করা যায়। তারপর শ্বেতাঙ্গ শ্রেষ্ঠত্ববাদী গোষ্ঠী মিলিশিয়া, প্রাউড বয় আরো কত কি। আমিতো এদের নামই শুনিনি আগে। সিকি শতাব্দির বেশী এদেশে আছি এমনটা শুনিনি এবং দেখিওনি কখনও। যেন তৃতীয় বিশ্বের কাজ কারবার শুরু হয়েছে আরকি! এসবের এখনই সুরাহা প্রয়োজন কি বলো? ডালিয়া থামাল।

-উগ্রবাদকে উসকে দেয়ার জন্য ট্রাম্পকেই দায়ী করছে সকলে।

কে দায়ী তা জানিনা। তবে এগুলোর শীঘ্র লাগাম টেনে না ধরলে কি হবে আলাহ মালুম। আচ্ছা এবার ভোটের খবর বলো, কি অবস্থা শুনছি আবার ট্রাম্প দ্বিতীয় বারের মতো জিতে আসতে পারেন।

-তা পারেন। নির্বাচনতো শেষ হয়ে যায়নি।

তা কি ভাবে, কেমনে একটু বুঝিয়ে বলবে।

-ধরো ট্রাম্প যদি ফ্লোরিডা, জর্জিয়া, ওহাইয়ো, নর্থ ক্যারোলিনা জিতে নেন, তাহলে তাকে কেবল পেনসেলভেনিয়া জিতলেই হল ব্যস। কেল্লা ফতেহ।

ধুর, তুমি যতোটা সহজে বললে তা কি অতোটা সহজ কাজ।

-কেন নয়। তিনি খুবই ক্যারেশমাটিক লীডার। একটি কাগজে দেখলাম, এক ভদ্রলোক বললেন প্রেসিডেন্ট ট্রাম্প ইলেক্টোরাল ভোট টাকা দিয়ে কিনে রেখেছেন। আর ঐ ভদ্রলোক এই বিশ্বাসে বেশ বড় অংকের অর্থ জুয়ায় লাগিয়ে জেতার আশায় বসে আছেন!

তাই নাকি। ভদ্রলোক তাহলে নির্ঘাত ধরা খেলেন। কি বলো ? দেখা যাক, মাত্র দুটিই দিনতো মাঝে। পরিস্কার হয়ে যাবে সব।

আচ্ছা ফ্রান্সের প্রেসিডেন্ট ইমানুয়ল ম্যাক্রন এসব কি করছেন। মত প্রকাশের

স্বাধীনতা মানে কি অন্য জাতি-গোষ্ঠীর ধর্ম বিশ্বাসে আঘাত করার নাম!

-শোন, ফরাসীরা জেনে বুঝে বহু দিন ধরেই এই জঘন্য কাজটি করে আসছে! শার্লি এ্যবদো আর কোন ট্রপিক খুঁজে পায়না? পৃথিবীতে কত বিষয়ই তো রয়েছে। মুসলমানরা তাদের টার্গেটই বা কেন নিশ্চয় এর পেছনে গভীর ষড়যন্ত্র কাজ করছে। কানাডার প্রধানমন্ত্রী জাষ্টিন টুডো একটি প্রনিধানযোগ্য মন্তব্য করেছেন এবিষয়ে। বলেছেন, মত প্রকাশেরও একটি মাত্রা রয়েছে।

তাহলে মত প্রকাশের স্বাধীনতার মাত্রা সম্পর্কে ম্যাক্রনের টুডোর কাছে শেখা উচিত। ধন্যবাদ দিতে হয় এরদোয়ানকে। আসলেই তিনি এখন মুসলিম নেতা। নেতৃত্বের গুণাবলী আছে তাঁর।

কি বলো ?

-আসলে মোক্ষম জায়গায় হাত দিলে সর্বক্ষেত্রে ফল আসে ।যেমোন ম্যাক্রন এখন বলছেন, মুসলিম সম্প্রদায়ের দুঃখ তিনি বুঝতে পারছেন। তাঁর কথার নাকি অপব্যাখ্যা করা হয়েছে।

তাই, যেই মুসলিম বিশ্ব ফরাসি পণ্য বর্জনের ডাক দিয়েছে তখনই সুর নরম! তা ভোটের দিন কোন সহিংসতা হবেনা তো ?

-এখনও কিছু বলা যাচ্ছেনা। তবে আশা করা যায় সে রকম কিছু ঘটবেনা। কিছু না হলেই স্বস্তি। সবাইতো বিষণ উদ্বিগ্ন দেখছি কি হয় না হয় এনিয়ে। তা শেষ পর্যন্ত কে জিতবেন।

বাইডেন দেখছি সব জরিপেই এগিয়ে আছেন।

-শোন, জরিপের হিসেবে বাইডেন জেতার সম্ভাবনা চার বনাম তিন আর ট্রাম্পের চার বনাম এক!

তারপরও জরিপতো জরিপই। দেখা যাক কি হয়। তার মানে বাইডেন বিজয়ী হওয়ার সম্ভাবনা বেশী। কিন্তু আমার একটি কথাই ঘুরে ফিরে মনে আসছে। হারলে ট্রাম্প কি ক্ষমতা ছাড়ছেন,যদি ছাড়তে না চান তবে ?

-তবে আর কি। সিক্রেট সার্ভিসের লোকজন তাঁকে পাজাকোলা করে হোয়াইট হাউসের বাইরে বের করে দেবে। এক্ষেত্রে ঈসপের গল্প আরেকবার স্মরণ করা যেতে পারে।

সেই রাখালের গল্প। যে বাঘ বাঘ বলে রোজ চিৎকার চেচামেচি করে মানুষ জড়ো করতো ।কিন্তু বাঘ নেই। হায় মিথ্যেবাদী রাখাল! তবে সত্যি সত্যি যে দিন বাঘ এলো,সেদিন তার শত চিৎকার আহাজারি শুনেও কেউ এগিয়ে এলোনা! (চলবে)

তিজারাহ গ্রোসারী এন্ড

(শেষের পাতার পর)

করা হয়। এসময় ব্যবসার উন্নতি কামনা করে বিশেষ মোনাজাত করা হয়। মোনাজাত পরিচালনা করেন আল ইনসান মসজিদের ইমাম মাওলানা শাকিল। গ্রোসারী, হালাল মিট, ফ্লাওয়ার-এর বাংলাদেশী এই প্রতিষ্ঠান-টির অবস্থান ১১০-২৪ ম্যারিক ব্লুভার্ড এলাকায়। এই গ্রোসারীতে পাওয়া যাবে তাজা দেশী মাছ সহ হালাল মাংস, টাটকা শাক সবজী, নিত্যপণ্যের সমাহার। এছাড়া কমিউনিটির ঘরে ঘরে সেবা পৌছে দেয়ার জন্য হোম ডেলীভারির ব্যস্থা থাকবে বলে জানিয়েছেন প্রতিষ্ঠানের পরিচালক আব্দুল খালিক তাপাদার।

উদ্বোধন অনুষ্ঠানে বাংলা পত্রিকার সম্পাদক আবু তাহের, জকিগঞ্জ সমিতি ইউএসএ ইনক এর সভাপতি আবিদুর রহমান, বিশিষ্ট চিকিৎসক ডা. আব্দুল জলিল, তিজারাহ গ্রোসারীর পরিচালকগনসহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন।

বাসা ভাড়া

এস্টোরিয়া পার্ক সংলগ্ন ২১ স্ট্রীট-এস্টোরিয়া বুলেভার্ডে ২ বেড রুমের বড় এপার্টমেন্ট বাসা ভাড়া হবে। ২য় তলায়।
যোগাযোগঃ মিঃ চৌধুরী
৯১৭-৬৫৮-৫৫৮৪

বাসা ভাড়া

নতুন রেনোভেটেড বাসার সেকেন্ড ফ্লোর তিনটি বড় বেডরুম, দুটি ফুল বাথরুম, ব্র্যান্ড নিউ বড় কিচেন (হার্ডউড কেবিনেট) ও বড় লিভিং রুম এর বাসা (প্রাইভেট এনট্রেন্স) ভাড়া দেওয়া হবে। সবকিছুই কাছাকাছি। জ্যামাইকার সাতফিন বুলেভার্ড ই/এফ ট্রেন সাবওয়ে ৩/৫ মিনিট আর এলআইআর-আর/এয়ার ট্রেন ষ্টেশন ৭ মিনিটের দূরত্বে। ভাড়া মাসিক ২,৬০০ ইউএস ডলার। যোগাযোগ: ৬৪৬-২৩৯-২৩৬৯ (সন্ধ্যা ৬টার পর)।
ন-০২/০৯/১৬/২৩

বাসা ভাড়া

সাউথ জ্যামাইকায় ২ বেডরুম, ২ ফুল বাথরুম, লিভিং রুম এবং কিচেন-এর প্রাইভেট বাসা (দুই ব্যালকনি সহ) ভাড়া হবে। বিদ্যুৎ গ্যাস বিল পৃথক। ভাড়া ২০০০ ডলার। যোগাযোগ: ইশতিয়াক। ফোন: ৭১৮-৫৬৯-২৩০০
অ-২৬/ন-০২/০৯/১৬

বাসা ভাড়া

এস্টেরিয়ার ২৩-০২ ৩০ ড্রাইভ-এ সেকেন্ড ফ্লোরে তিন বেডরুম, দুই বাথরুম, ডাইনিং, লিভিং রুম ১৫০০ স্কয়ার ফুট ১ নভেম্বর থেকে ভাড়া হবে। যোগাযোগ: নাজমুল। ফোন: ৯১৭-২৯৯-৯৪৭৮
অ-১৯/২৬

ব্যবসা বিক্রয়

ক্যাপিটাল ডিষ্ট্রিক্ট আলবেনীর ক্রসগেট মল-এ চালু অবস্থায় কনভিনিয়েন্ট স্টোর বিক্রয় হবে। আগ্রহী ক্রেতাগণ যোগাযোগ করুন। যোগাযোগ: মাসুদুর রহমান।
ফোন: ৫১৮-৫৩৩-৮৫৩২
অ-২৬/ন-০২

স্টুডিও রুম ভাড়া

নিউইয়র্কের রোজডেলে জেএফকে এয়ারপোর্টের কাছে) একটি বড় স্টুডিও রুম (ফুল বাথ, ইট এন্ড কিচেন সাথে) ভাড়া হবে। ভাড়া প্রতি মাস ১৩০০ ডলার।
যোগাযোগ: ৯১৭-৭৪৯-৪১৪৩
অ-২৬/ন-০২

বাড়ী ভাড়া

এলমহার্স্টের ৪৪ স্ট্রীট ও ৪০ রোডে তিন বেডরুমের বাসা ভাড়া হবে। সাবওয়ে, মার্কেট, হসপিাতাল, কাছাকাছি। ভাড়া ২২৫০ ডলার (হিট ও বিদ্যুৎ সহ)। যোগাযোগ: ৯১৭-৭৪৯-৪১৪৩
অ-২৬/ন-০২

বাসা ভাড়া

রিচমন্ড হিলের হিলসাইড এভিনিউ এবং সাবওয়ে/বাস স্টপেজ কাছে (ই, জে, জি ট্রেন এবং কিউ ১০ বাস কিউ ৫৬ বাস) সুপরিসর একটি এক বেড রুমের বাসা ভাড়া হবে।
যোগাযোগ: ৬৪৬-৫০৮-২৬১০
অ-২৬/ন-০২

হাউজ কিপিং জব

হাউজ কিপিং জব (যেমন- সুইপ ও মপ করা, রান্নায় সাহায্য করা) করতে ইচ্ছুক। বেতন আলোচনা সাপেক্ষ। যোগাযোগ: গডফ্রে রোজারিও (অবসরপ্রাপ্ত অফিস সহকারী, বাংলাদেশ সুপ্রীমকোর্ট)। ফোন: ৩৪৭-৮৪৯-৭৫৪৯

রুম ভাড়া

এলমার্স্ট-এর রুজভেল্ড এভিনিউতে ৮২ স্ট্রীট সাবওয়ে থেকে এক ব্লকের মধ্যে একটি রুম ছোট পরিবারের কাছে ভাড়া দেওয়া হবে।
যোগাযোগ: ৯১৭-৯১২-৭৬৪
অ-১৯/২৬

পাত্র চাই

নিউইয়র্কে পিতা-মাতার সাথে বসবাসকারী আমেরিকান সিটিজেন পাত্রীর জন্য ২৩ বছর ৯ মাস বয়স যোগ্য নামাজী পাত্র চাই। পাত্রী দি সিটি কলেজ অব নিউইয়র্ক ব্যাচেলর অব সাইন্স, চাইল্ডহুড এডুকেশন এবং ব্যাচেলর অব আর্টস, সাইকোলজী এবং মাস্টার্স অধ্যয়নরত। বর্তমানে কর্মরত (শিক্ষিকা ব্রঙ্কস)।
যোগাযোগ: ৩৪৭-২৬১-৪৭৩৯ (সেল) অথবা ৭১৮-৮২৪-২৯৪৯ (বাসা) অ-২৬/ন-০২

আবশ্যক

একজন কর্মজীবী মার (বাসা থেকে কাজ করে) চার বছরের বাচ্চাকে সঙ্গ দেবার জন্য সাহায্যকারী প্রয়োজন। সাহায্যকারীকে পরিবারের সদস্যের মত থাকতে হবে। অতিরিক্ত কিছু সাহায্য পরিবারে করতে হবে। কাজের ধরন, হাত খরচ ইত্যাদি নিয়ে আলোচনায় আগ্রহী হলে যোগাযোগ করুন।
৯১৭-৪৩৬-৬১৬৮
White Plains,
Westchester Country
(Next to Bronx)

বাসা ভাড়া

এস্টেরিয়ার ২৩-০২ ৩০ ড্রাইভ-এ সেকেন্ড ফ্লোরে তিন বেডরুম, দুই বাথরুম, ডাইনিং, লিভিং রুম ১৫০০ স্কয়ার ফুট ১ নভেম্বর থেকে ভাড়া হবে। ভাড়া ৩০০০ ডলার। যোগাযোগ: নাজমুল। ফোন: ৯১৭-২৯৯-৯৪৭৮
অ-১৯/২৬

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকায় ইয়র্ক কলেজের কাছে ১৬০ স্ট্রীট ও ১১০ এভিনিউতে শুধুমাত্র সিঙ্গেল মহিলার কাছে বেসমেন্ট একটি রুম ভাড়া হবে। যোগাযোগ: শাফী।
ফোন: ৯১৭-৬২৩-৭২৪৫
অ-১২/১৯/২৬

রুম ভাড়া

কুইন্সের ওজনপার্কের ৯৫ এভিনিউ এবং ৮৭ স্ট্রীট-এ এ/জে ট্রেন সাবওয়ে থেকে ৫/৬ ব্লক দূরত্বে একটি প্রাইভেট হাউজের ১টি মাষ্টার বেড রুম (আলাদা বাথরুম, আলাদা ফ্রীজ)- মুসলিম স্বামী-স্ত্রী, মা-মেয়ে, অথবা ২জন কর্মজীবি মহিলার কাছে ভাড়া দেয়া হবে। যোগাযোগ: ৬৪৬-৬৮৪-৫৯৬৬
অ-১২/১৯/২৬

বাসা ভাড়া

জ্যামাইকার ১৭৯ প্লেসে (হিলসাইড এভিনিউ ও জ্যামাইকা এভিনিউর মাঝে) দুই বেড রুম, লিভিং, কিচেন ও বাথরুম-এর বাসা (সেকেন্ড ফ্লোর) ছোট পরিবার অথবা ব্যাচেললের কাছে ভাড়া দেওয়া হবে। এফ ট্রেন সাবওয়ে কাছে।
যোগাযোগ: ৩৪৭-৮৫৭-৫৯২৭
অ-১২/১৯

এক বেডরুমের বাসা ভাড়া

ইষ্ট এলমহার্স্টের নর্দান বুলেভার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউর মাঝে ৮১ স্ট্রীটের উপর দ্বিতীয় তলায় একটি এক বেডরুমের বাসা ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩
সে-২১/২৮

বেসমেন্ট ভাড়া

জ্যাকসন হাইটসের ৮১ স্ট্রীট ও ২৫ এভিনিউতে এক বেডরুমের বেসমেন্ট ভাড়া হবে। যোগাযোগ: ৯১৭-৪৭৮-৭১৩১ অথবা ৭১৮-২০৫-০৪৫৪
সে-২৮/অ-০৫

রুম ভাড়া

জ্যামাইকায় নিরিবিলি চমৎকার পরিবেশে মুসলিম ফ্যামিলীর সাথে থাকার জন্য একজন অধুমপায়ী ছাত্রের কাছে ফার্নিসড রুম (ইউটিলিটি সহ) ভাড়া দেওয়া হবে। বাসা জ্যামাইকা এস্টেটে, তিন তলা ফ্ল্যাটের একটি সম্পূর্ণ পৃথক রুম। এক ব্লকের মধ্যে এফ ট্রেন সাবওয়ে এবং অন্তত ৫টি বাস স্টপ। ভাড়া আলোচনা সাপেক্ষ।
যোগাযোগ: ৩৪৭-৮৫৮-৪২৯০
সে-২১/২৮

বেসমেন্ট ভাড়া

কুইন্স ভিলেজে এক বেডরুমের সেমি বেসমেন্ট ভাড়া হবে। লিভিং কাম কিচেন, ফুল বাথ শুধুমাত্র স্বামী-স্ত্রী অগ্রাধিকার, ধুমপান নিষেধ।
যোগাযোগ: ৭১৮-৫৪১-৬১২৬
সে-২১/২৮

বেসমেন্ট ভাড়া

জ্যামাইকার ১৭৯ স্ট্রীট এফ ট্রেন সাবওয়ের কাছে এক বেডরুমের বাসা ভাড়া হবে। স্বামী-স্ত্রী অগ্রাধিকার।
ফোন: ৩৪৭-২৩৫-৯৩৭০
সে-২১/২৮

হিলসাইড এভিনিউতে বাসা ভাড়া

অক্টোবর থেকে হিলসাইড এভিনিউতে কারওয়ান সংলগ্ন সাবওয়ের সঙ্গে নতুন রেনোভেশন করা ৩ বেডরুম ও ২ বাথরুমের বাসা ভাড়া হবে।
যোগাযোগ: ৯২৯-৪৫০-১৭৮৬ অথবা ৯১৭-২৮৫-৫৩৭০ অথবা ৩৪৭-৭২০-৬৭২৮
সে-১৪/২১

একবেড রুমের বাসা ভাড়া

ইস্ট এলমহার্স্ট এর নর্দান ব্লুবার্ড এলাকায় ৩১ এবং ৩২ এভিনিউ এর মাঝে ৮১ স্ট্রিট এর উপরে দুই তলায় একটি এক বেডরুম এর বাসা দেওয়া হবে।
যোগাযোগ: ৯১৭-৩০১-২০৬৩

রুমমেট আবশ্যক

ইস্ট এলহার্স্টের ৮৪ স্ট্রীট ও ৩০ এভিনিউতে একটি বেসমেন্টের জন্য রুমমেট আবশ্যক। যোগাযোগ: ৯১৭-৪৭৮-৭১৩১
সে-১৪/২১

বেসমেন্ট ভাড়া

নিরিবিলি পরিবেশে কুইন্স ভিলেজে ১১১-১৫, ২০১২ স্ট্রীট, কিউ-২, কিউ-৮৩ বাস এর অতি সন্নিকটে প্রাইভেট হাউজের বেসমেন্ট ভাড়া হবে। ভাড়া সবকিছুসহ ১২০০ ডলার।
যোগাযোগঃ ৩৪৭-৭৪৪-৭৩৩৯।
অ-২৬/২

পাত্র চাই

নিউইয়র্কে পিতামাতার সাথে বসবাসকারী আমেরিকান সিটিজেন পাত্রীর জন্য ৩২+ বয়স যোগ্য পাত্র চাই। পাত্রী কিউনি থেকে ব্যাচেলর (বায়োমেডিক্যাল ইঞ্জিনিয়ার) এবং পেন ইউনিভার্সিটি থেকে মাস্টার্স ডিগ্রিধারী (বায়োমেডিক্যাল ইঞ্জি-নয়ার)। বর্তমানে কর্মরত।
যোগাযোগ: ৬৪৬-৫৯১-৪৬৯৬ (সেল) অথবা ৭১৮-৯৩১-২৫০৯ (বাসা)।
e-mail:
moondhs@gmail.com
সে-১৪/২১/২৮/অ-৫

সেমিবেসমেন্ট ভাড়া

ব্রঙ্কসের ক্যাসেল হীল এবং ক্রুনবল এলাকায় এক বেডরুম, লিভিং রুম, ডাইনিং, কিচেন, ফুল বাথ সহ সেমি বেসমেন্ট ভাড়া হবে। ইউটিলিটি ভাড়ার সাথে সম্পৃক্ত। যাতায়াতের জন্য পৃথক এনট্রেন্স। যোগাযোগ অপু। **ফোন: ৯১৭-২৯১-৮০৯৫ অথবা ৯১৭-২৯১-৩২৭২** সে-০৭/১৪

সিকিউরিটি ক্যামেরা

আপনার বাসা, অফিস বা কর্মস্থল সিকিউরিটি ক্যামেরা লাগিয়ে নিরাপদ করুন।
ঘরে-বাইরে, কাছে-দূরে যেখানেই থাকুন আপনার সম্পদ ফোনের পর্দায় দেখুন।
আমরা সবচেয়ে কম খরচে অল্প সময়ে সিকিরিটি ক্যামেরা লাগাই। আজই যোগাযোগ করুন।
ফোন : 917-455-5308
ইমেইল: techlifeusa@gmail.com
Tech Life USA : 179-51 Hillside AV, Jamaica, NY-11432

কাজী অফিস

(সিটি কর্তৃক রেজিষ্ট্রিকৃত)

কাজী মোঃ বেলাল হোসেন
ইউএস এয়ারফোর্সের অধীনে কুয়েতস্থ আমেরিকান এ্যাম্বাসির প্রাক্তন দোভাষী অফিসার
বর্তমান ইমাম : বাইতুন নূর মসজিদ, ওজপনপার্ক।
ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল' মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। ইংরেজী, আরবী এবং বাংলায় বিবাহ অনুষ্ঠান পরিচালনা করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা। নিউইয়র্ক সিটির প্রতিটি এলাকায় সেবা প্রদান করা হয়।
যোগাযোগ: 201-839-7579
৮৮-১৯ লিবার্টি এভিনিউ, ওজনপার্ক, নিউইয়র্ক-১১৪১৭

বাসা ভাড়া

বাংলাদেশী অধ্যুষিত এস্টোরিয়ায় (৩৩-০৯, ৩১ এভিনিউ এবং ৩০-৫২, ৩৪ স্ট্রীট) এর দুটি এপার্টমেন্ট বিল্ডিংয়ে ১বেড রুম (ভাড়া: ১৭০০ ডলার), দুই বেড রুম (ভাড়া: ২২০০ ডলার) এর বেশ কয়েকটি এপার্টমেন্ট ভাড়া হবে।
যোগাযোগ: হাবিব রহমান
লাইসেন্সড রিয়েল এস্টেট সেলস পার্সন
পার্কচেস্টার ব্রঙ্কস রিয়েলিটি
ফোন: ৩৪৭ ২৮০ ৭২৬৯ (সেল)
৭১৮-৫১৪-৯০৩০ (অফিস)

পাত্র চাই

কলেজ শিক্ষক বাবা মা'র একমাত্র কন্যা, সদ্য মাস্টার্স সমাপ্ত, ইউএস সিটিজেন, হিজাবি পাত্রীর জন্য (বয়স- ২৬ বছর ২মাস), আমেরিকান গ্রীনকার্ডধারী অথবা সিটিজেন পাত্র আবশ্যক।
যোগাযোগ: ৩৪৭-২৮০-৭২৬৯

আবশ্যক

নিউইয়র্কের একটি মিডিয়া হাউজে বিজ্ঞাপন/মার্কেটিং বিভাগে কাজ করার জন্য পুরুষ/মহিলা আবশ্যক। আগ্রহী প্রার্থীরা যোগাযোগ করুন।
যোগাযোগ: ৭১৮-৪৮২-৯৯২৩

بسم الله الرحمن الرحيم

পাত্র চাই

New York- এ পিতা-মাতার সঙ্গে বসবাস করেন। (U.S.A. Citizen) পাত্রী Bachelor in Biomedical Engineer, From City College, CUNY, and Master in Biomedical Engineer, From Penn Univercity, Philadelphia বর্তমানে পেশাগত কাজে কর্মরত। পাত্রীর জন্য ৩২+ বয়সের যোগ্য পাত্র যোগাযোগ করুন।
Mobile Tel. No 646-591-4696
Res: 718-931-2509
e-mail: moondhs@gmail.com

সাড়ে ৬ বছরে গণপিটুনিতে নিহত ৪৮৬

(প্রথম পাতার পর)

ঘটনাটি হতবাক করেছে দেশের সাধারণ মানুষকে। গত বৃহস্পতিবার রাতে লালমনিরহাট জেলার পাটগ্রাম উপজেলার বুড়িমারী ইউনিয়ন পরিষদের সামনে এ ঘটনা ঘটে। শুধু জুয়েল নয়, ছেলে ধরা গুজব এবং তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে প্রায় প্রতিদিনই পিটিয়ে হত্যা করা হচ্ছে মানুষকে। চোর, ডাকাত, পকেটমার কিংবা ছিনতাইকারী সন্দেহে ধরা পড়লে গণপিটুনি দেয়াটা বিধানে পরিণত হয়েছে। ধীরে ধীরে মানুষ পাশবিক হয়ে উঠছে। আইন নিজের হাতে তুলে নেয়ার প্রবণতা বাড়ছে মানুষের।

পুলিশ ও মানবাধিকার সংগঠনের তথ্যমতে, গত সাড়ে ছয় বছরে গণপিটুনিতে ৪৮৬ জনের মৃত্যু হয়েছে। চলতি বছরের গত ৯ মাসে নিহত হয়েছে ৩০ জন। পূর্বশত্রুতার জেরে চোর কিংবা ছিনতাইকারী অপবাদ দিয়ে সাধারণ মানুষকে গণপিটুনি দিয়ে হত্যা করার ঘটনাও ঘটছে। অপরাধ বিশেষজ্ঞ ও মানবাধিকার কর্মীরা বলছেন, রাষ্ট্রের কার্যকলাপের প্রতি আস্থাহীনতা বৃদ্ধি, আইনের শাসনের অভাব এবং বিচারহীনতার সংস্কৃতি এসব ঘটনার অন্যতম কারণ।

এ ছাড়া মূল্যবোধের অবক্ষয়ও এর জন্য অনেকখানি দায়ী। মানুষের সম্পর্কগুলো ঠুনকো হয়ে যাচ্ছে। স্বার্থের দ্বন্দ্বে প্রতিবেশী বা স্বজনের হাতে নির্মমভাবে খুন হচ্ছে মানুষ। অপরাধ করেও ঘুষ আর রাজনৈতিক প্রভাব খাটিয়ে অপরাধীরা পার পেয়ে যাওয়ায় গণপিটুনির মতো বিচারবহির্ভূত হত্যাকাণ্ডের ঘটনা বাড়ছে। বাংলাদেশ দণ্ডবিধির ৩০৪ ধারায় বলা হয়েছে, কাউকে গণপিটুনি দিয়ে মেরে ফেলা হলে তা খুন হিসেবে গণ্য হবে; যার শাস্তি হবে যাবজ্জীবন কারাদণ্ড। তবে গণপিটুনি দিয়ে হত্যাকাণ্ডের ঘটনায় বেশির ভাগ ক্ষেত্রেই কোনো বিচার হয়নি। গণপিটুনির ঘটনায় অজ্ঞাত আসামি করে পুলিশের বাণিজ্যের অভিযোগ রয়েছে। আইনের শাসনের কঠোর প্রয়োগ এবং সর্বস্তরে জবাবদিহিতা চালু ছাড়া গণপিটুনি বন্ধ হবে না। আর রাজনৈতিক সহিংসতা দূর না হলেও গণপিটুনি বন্ধ হবে না বলে মনে করেন বিশেষজ্ঞরা।

আইনশৃঙ্খলা রক্ষাবাহিনী কিংবা মানবাধিকার সংস্থার কাছে গণপিটুনিতে নিহতের সঠিক পরিসংখ্যান নেই। তবে মানবাধিকার সংস্থা আইন ও সালিশ কেন্দ্রের (আসক) এক পরিসংখ্যানে দেখা গেছে, গত সাড়ে ছয় বছরে গণপিটুনিতে নিহত হয়েছেন ৪৮৬ জন। চলতি বছরের গত জানুয়ারি থেকে সেপ্টেম্বর পর্যন্ত গণপিটুনিতে নিহত হয়েছেন ৩০ জন। এর মধ্যে ঢাকা বিভাগে ৯ জন, খুলনায় ১০, রাজশাহীতে তিন, রংপুরে এক, চট্টগ্রামে পাঁচ এবং ময়মনসিংহ বিভাগে দুইজন নিহত হয়েছেন গণপিটুনিতে। ২০১৯ সালে গণপিটুনিতে নিহত হয়েছেন ৬৫ জন। এর মধ্যে ঢাকা বিভাগে ২২ জন, খুলনায় সাত, রাজশাহীতে তিন, সিলেটে তিন, চট্টগ্রামে ২৫, বরিশালে চার ও ময়মনসিংহে একজন। ২০১৮ সালে গণপিটুনিতে নিহত হয়েছেন ৩৯ জন। ২০১৭ সালে ৫০ জন। ২০১৬ সালে গণপিটুনিতে নিহত হয়েছেন ৫১ জন। ২০১৫ সালে ১৩৫ জন ও ২০১৪ সালে ১১৬ জন গণপিটুনিতে নিহত হন।

পুলিশ বলছে, গণপিটুনির এসব ঘটনার তদন্ত হলেও বেশির ভাগ মামলায় সাক্ষী পাওয়া যায় না। এ কারণে অপরাধীদেরও কাঠগড়ায় দাঁড় করানো যায় না। গণপিটুনির ঘটনায় সাধারণত দণ্ডবিধির ৩০৪ ধারায় মামলা নেয়া হচ্ছে। তবে পূর্বশত্রুতার জের ধরে পিটিয়ে হত্যাকাণ্ডের ঘটনায় মামলা হয় ৩০২/৩৪ ধারায়।

সংবিধান বিশেষজ্ঞ ও বিশিষ্ট আইনজীবী ড. শাহদীন মালিক এ প্রসঙ্গে বলেন, প্রথমত, রাষ্ট্রের কার্যকলাপের প্রতি আস্থাহীনতা বৃদ্ধির বহিঃপ্রকাশ হিসেবে জনগণের মধ্যে আইন হাতে তুলে নেয়ার প্রবণতা বাড়ছে। দ্বিতীয়ত, আমার কাছে যেটা বেশি গুরুত্বপূর্ণ মনে হয় তা হলো- আমাদের রাজনীতিতে বিরাজমান চরম অসহিষ্ণুতা। সব রাজনৈতিক দলই একে অপরকে খুনি হিংস্র বলে আখ্যায়িত করছে। রাজনৈতিক দলগুলোর একে অপরের প্রতি শ্রদ্ধার যে বিরাট অভাব এটা ক্রমেই প্রতিফলন ঘটছে জনগণের আচরণে। জনগণও আস্তে আস্তে অসহিষ্ণু হচ্ছে। সহিংস হচ্ছে। তিন বছর আগে অপরাধ হলে লোকজন বলত, বিচার চাই। এখন সোজাসুজি বলে ফাঁসি চাই। যে সমাজ যত বেশি অসভ্য ও বর্বর সেই সমাজ তত বেশি ফাঁসি চায়। মৃত্যুদণ্ডের মাধ্যমে তারা সব সমাধান করতে চায়। আমাদের সহিংসতা সবক্ষেত্রে ফুটে উঠছে তার মূল কারণ হলো রাজনৈতিক দলগুলোর অসহিষ্ণুতা, ঘৃণা এবং সহিংস ভাষায় একে অপরের বিরুদ্ধে কথা বলছে। রাজনীতিতে চরম হিংসা-বিদ্বেষ জনগণের মধ্যে সংক্রমিত হচ্ছে ফলে জনগণও আস্তে আস্তে অসহিষ্ণু এবং সহিংস হয়ে উঠছে। এর ফলে গণপিটুনিসহ বিভিন্ন ধরনের অপরাধ বাড়ছে।

আসক নির্বাহী কমিটির মহাসচিব মো: নূর খান বলেন, এ ধরনের ঘটনার বিস্তৃতিতে বিচারহীনতার সংস্কৃতি অন্যতম কারণ। আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ওপর আস্থা হারানোর কারণে গণপিটুনির মতো ঘটনা ঘটছে। তবে অন্যান্য গণপিটুনির সাথে লালমনিরহাটের গণপিটুনির সাদৃশ্য নেই বলে মন্তব্য করেছেন নূর খান। তিনি বলেন, মসজিদের ভেতরে একেবারে সাদামাটা একটা ছোট ঘটনাকে কেন্দ্র করে মানুষকে উসকে দিয়ে একজন মুসল্লিকে পিটিয়ে এবং পুড়িয়ে হত্যা করে যারা ধর্মান্ধতার পরিচয় দিয়েছেন, তাদেরকে আর যাই হোক সভ্য সমাজের সদস্য বিবেচনা করার সুযোগ নেই।

তিনি বলেন, এই ধরনের ধর্মান্ধ ব্যক্তি বা ব্যক্তিবর্গ এই পৃথিবীটাকে অস্থির অবস্থায় নিয়েছে। এদের বিরুদ্ধে নিরপেক্ষ তদন্তের মধ্য দিয়ে এদের চিহ্নিত করা এবং বিচারের আওতায় আনা জরুরি। কারণ ধর্মের নামে যে ধর্মান্ধতার পরিচয় দেয়া হয়েছে তা ক্ষমার অযোগ্য। ধর্মকে তারা উসকানিতে ব্যবহার করছে। ধর্মকে উসকানির হাতিয়ার হিসেবে যারা ব্যবহার করছে তাদের এ অপরাধ ক্ষমার অযোগ্য।

লালমনিরহাটের ঘটনার বিষয়ে বলতে গিয়ে তিনি বলেন, আমি যতটুকু খবর পেয়েছি তারা দু'জন ওই মসজিদে আছরের নামাজ পড়েছেন। তাদের মোটরসাইকেল বাহিরে ছিল। মসজিদের ভেতরে সম্ভবত কুরআন-হাদিসের বই দেখে সে নাড়াচাড়া করছিল এবং মুয়াজ্জিনের সাথে কিছু কথাবার্তাও হচ্ছিল। এই কথাবার্তা হওয়ার সময় তাকটা ভেঙে পড়ে যায়। আমি যতটুকু জেনেছি, অসতর্কতার কারণে কুরআন শরিফ পড়ে যায়। সেটিকে কেন্দ্র করে পরবর্তীতে যে অবস্থা তৈরি হয়েছে তা কোনোমতেই কাম্য নয়।

তিনি আরো বলেন, অনেক সময় গণপিটুনির শিকার হয়ে নির্দোষ মানুষও নিহত হচ্ছে। পূর্বশত্রুতার জেরে উদ্দেশ্যমূলকভাবে অপরাধী সাজিয়ে পরিকল্পিত হত্যাকাণ্ডের ঘটনা ঘটছে। গণপিটুনিতে থানায় মামলা হলেও বেশির ভাগ ক্ষেত্রে বিচার হয় না। এসব ঘটনায় অপরাধীদের গ্রেফতার না করে মামলায় অজ্ঞাত অসংখ্য আসামি করে বাণিজ্য করা হয়।

গত বৃহস্পতিবার লালমনিরহাটের বুড়িমারী কেন্দ্রীয় জামে মসজিদে আসরের জামাত শেষে মুসল্লিরা মসজিদ থেকে বের হয়ে যান। পেছনে পড়া অল্প কিছু লোকজনের চিৎকারে মুসল্লিরা ফিরে আসেন মসজিদে। পরে বাজারের ব্যবসায়ী ও বাজারে আসা লোকজন জড়ো হয়। উপস্থিত জনতার মধ্যে শোরগোল ওঠে। গুজব ছড়িয়ে পড়ে, গোয়েন্দা সংস্থার লোক পরিচয়ে দুই ব্যক্তি মসজিদে বোমা ও জঙ্গি আছে বলে তল্লাশি করার সময় কুরআন শরিফ অবমাননা করেছে। জড়ো হওয়া লোকজনের মধ্য থেকে কয়েকজন এ সময় দুইজনকে মারধর শুরু করে। খবর পেয়ে স্থানীয় ইউনিয়ন পরিষদের সদস্য হাফিজুল ইসলাম মসজিদে গিয়ে নানাভাবে মুসল্লিদের অনুরোধ করেন ওই দু'জনকে পাশের ইউপি কার্যালয়ে এনে একটি কক্ষে রাখেন। এ দিকে আরো শত শত মানুষ জড়ো হতে থাকে।

খবর পেয়ে ইউপি চেয়ারম্যান আবু সাইদ নেওয়াজ নিশাদ পুলিশে খবর দেন। পুলিশ যেতে যেতে লোকারণ্য হয়ে পড়ে আশপাশের এলাকা। থানার ওসি, ইউএনও, উপজেলা চেয়ারম্যান কোনোরকমে ইউপি কার্যালয়ের ভেতর ঢুকতে পারলেও অভিযুক্ত দুই ব্যক্তিকে নিয়ে বের হতে পারেনি। বাইরে লোকজন কুরআন অবমাননাকারী আখ্যা দিয়ে প্রকাশ্যে হত্যার জন্য ওই দুইজনকে তাদের হাতে ছেড়ে দেয়ার দাবি জানায়। একপর্যায়ে কলাপসিবল গেট ভেঙে ভেতরে ঢোকার চেষ্টা করে তারা। পুরো দেড় ঘণ্টা ভাঙচুর ও তাণ্ডব চালায়। সংখ্যায় কম হওয়ায় পুলিশসহ ভেতরে থাকা লোকজন কুলিয়ে উঠতে পারেননি। সন্ধ্যার আগে আগে হাজার হাজার লোক আসে ইউপি কার্যালয়ে। একপর্যায়ে বারান্দার একপাশের গ্রিল ভেঙে ভেতরে ঢুকে দু'জনের একজনকে ছিনিয়ে মাঠের মধ্যে নিয়ে গলায় দড়ি বেঁধে রাস্তা দিয়ে টানতে টানতে ২০০ মিটার দূরে নিয়ে যায়। রাস্তার ওপর ফেলে পিটিয়ে আগুন ধরিয়ে দেয়া হয়।

পুলিশ অপরজনকে নিয়ে কৌশলে ইউপি কার্যালয়ের দোতলা থেকে লাফিয়ে পড়ে পালিয়ে একটি ব্যাংকে আশ্রয় নেয়। কিন্তু সেখানেও ব্যাপক হামলা ও ভাঙচুর চালানো হয়। জানা গেছে, নিহত জুয়েলের বাড়ি রংপুরের শালবনে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে লাইব্রেরি সায়েন্সে পড়ালেখা করেছেন। সুলতান জোবায়ের আব্বাস নামে একজন দলিল লেখককে নিয়ে একটি মোটরসাইকেলে করে বৃহস্পতিবার জুয়েল পাটগ্রামে এক আত্মীয়ের বাড়িতে গিয়েছিলেন। সেখান থেকে ১০ কিলোমিটার দূরে ভারতীয় সীমান্ত এলাকার বুড়িমারী স্থলবন্দর লাগোয়া বাজারে ওই মসজিদটির অবস্থান। নিহত ব্যক্তির ভাই তৌহিদুন্নবী জানান, ঘটনার দিন অর্থাৎ বৃহস্পতিবার সকালে তার ভাই মোটরসাইকেলে এক স্কুলের বন্ধুর বাড়িতে যান। সেখান থেকে তারা বেরিয়ে গেলেও কখন কী উদ্দেশ্যে পাটগ্রামে গিয়েছিলেন, সেটা কেউ জানাতে পারেননি। পরে সন্ধ্যার দিকেও তিনি বাড়িতে না ফেরায় এবং মোবাইলে কোনো সাড়া না দেয়ায় খোঁজ-খবর শুরু করা হয়। এ সময় ওই বন্ধুর কাছে খবর নেয়া হলে তিনি পাটগ্রামের সেই সহিংস পরিস্থিতির কথা জানান। এরই মধ্যে সামাজিক যোগাযোগমাধ্যমে ভাইরাল হওয়া গণপিটুনির ভিডিওটি দেখে তৌহিদুন্নবী নিশ্চিত হন হামলার শিকার ওই ব্যক্তি আর কেউ নন, তারই আপন ভাই জুয়েল। পাঁচ ভাইবোনের মধ্যে তিনি ছিলেন চতুর্থ এবং তার বয়স পঞ্চাশের কিছু বেশি বলে জানা গেছে। এ দিকে স্বামীর এমন আকস্মিক মৃত্যুতে মানসিকভাবে বিপর্যস্ত হয়ে পড়েছেন নিহতের স্ত্রী এবং তার দুই সন্তান।

গণপিটুনির বেশ কয়েকটি ঘটনা: চলতি বছরের ১১ সেপ্টেম্বর বগুড়ার নন্দীগ্রাম উপজেলায় গরুচোর সন্দেহে এলাকাবাসীর গণপিটুনিতে কাজী উজ্জ্বল হোসেন (৩৫) নামে এক ব্যক্তি নিহত হন। তিনি নন্দীগ্রাম উপজেলার ভরতেঁতুলিয়া রায়পাড়া গ্রামের বাসিন্দা। গত ২৩ এপ্রিল নারায়ণগঞ্জের আড়াইহাজারে গণপিটুনিতে জুয়েল মিয়া (৩৮) নামে এক ব্যক্তি নিহত হন। রাত দেড়টার দিকে উপজেলার ব্রাহ্মক্ষান্দী ইউনিয়নের লস্করদী গ্রামে এ ঘটনা ঘটে।

Room for Rent

An empty beautiful furnished room with 59" tv mounted on the wall, dresser with mirror, wooden Almirah - including gas & electricity for rent as of 1st October/20; beginning, middle or end of the coming month; it's on second floor of a private three floor building on the Steinway Street in between 28-25th Avenue, right in front of Fatima Pediatric Medical Care & almost next to the Dominos Pizza. Monthly rent is **$800/00** with one month's advance security money — NO NEGOTIATIONS. If interested — Please call :

516-603-5223 or on land phone: **718-545-0706**

ask for ***Khokan, Anwaruddin.***

"House For Sale, As-is"

ON CLOSE BITS

39 Ashley St. Buffalo, NY 14212

6 Rooms, 3 Bath Rooms, Kitchen, New Re-Roof. Water, Gas & Electric is Available. **Duplex House.**

Need : **716-544-3646**

Marriage Media

পাত্র-পাত্রী

খুজছেন সন্ধান দাতা

আপনি বিয়ে করে আমেরিকাতে স্থায়ী ভাবে বসবাস করতে চান?

সকল ধর্ম, সকল বর্ণের ইমিগ্রান্ট/ননইমিগ্রান্ট, ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক, ফার্মাসিষ্ট, নার্স, ফেডারেল জব, সিটিজব, প্রাইভেট জব, ব্যবসায়ী, ট্যাক্সিড্রাইভার, ছাত্র/ছাত্রী, ডিভোর্স, বিধবা ও (বয়স্ক) পাত্র-পাত্রী।

৫০টি স্টেটের বাঙ্গালি পরিবারের সাথে যোগাযোগ।

সাফল্যতার সাথে অগ্রগতি।

আল্লাহর হুকুম ছাড়া কিছু হয় না আমি উছিলা মাত্র।

খান ভাই

646-637-7590

E-mail: khanma663@gmail.com

মুসলিম কাজী অফিস



নিউইয়র্ক সিটি কর্তৃক রেজিস্ট্রিকৃত

কাজী মাওলানা ওবায়দুল হক

ইমাম ও খতিব পার্কচেষ্টার ইসলামিক সেন্টার

ইসলামী শরীয়ত অনুযায়ী বিবাহ পড়ানো এবং নিউইয়র্ক সিটির ল মোতাবেক ম্যারেজ সার্টিফিকেট ও মুসলিম কাবিননামা প্রদান করা হয়। সপ্তাহে ৭ দিন খোলা।

পরামর্শের জন্য যোগাযোগ করুন ৩৪৭-৩২০-৭২১৮

13-75 Virginia Avenue, Bronx, New York 10462

দালাল দ্বারা প্রতারিত হবেন কেন?

বাফেলোতে বাড়ি কেনা-বেচায়



নতুন প্রজন্মের বিশ্বস্ত লাইসেন্সড সেলস পার্সন

রাফি সাফওয়ান

ঝামেলামুক্ত সহযোগিতা দিচ্ছে

সিদ্ধান্ত নেয়ার পূর্বে যোগাযোগ করুন :

267-992-3201

Park Realty

of Western New York

155 Summer St
Buffalo, NY 14222

মুসলিম কাজী অফিস

Imam & Khatib

Bangla Bazar Jame Masjid

1351 Odell St, Bronx, NY 10462

ইসলামী শরীয়ত মোতাবেক বিয়ে পড়ানো হয় এবং নিউইর্ক সিটি ল অনুযায়ী ম্যারিজ সার্টিফিকেট ও কাবিন নামা দেয়া হয়।



Quazi Moulana Abul Kashem Eahea

Ba (Hons), MA (Bangla)- Kamil-Hadith, Tafsir, Fiqh

Marriage Registrar New York State

(Muslim Nikah & Marriage Solemnization NYC)

Tel: 347-208-9055

Email:abuleahea@gmail.com

MAHFUZ HASAN

Web Application Developer

যে কোন ধরনের ওয়েবসাইড তৈরির জন্য যোগাযোগ করুন

I will create high quality web application for you

Do you want to make a dynamic responsive, user friendly and fast web application to attract your clients?

Feel Free to Contact

sdmahfuz@gmail.com

+880 1770 472 939



MATRIMONIAL SERVICE

কাজী অফিস (NYC Registered)

GET MARRIED ISLAMIC WAY BY

KAZI MOWLANA MD. ABUL KHAIR

IMAM & KHATUB

MASJID AL-ABRAR CULTURAL CENTER USA INC.

70-50, Broadway (Basement), Jackson Heights, NY 11372.

Phone: 646-732-7125, 929-277-7444

বাড়িতে থেকেই পরিবারের সদস্যদের স্বাস্থ্য সেবা দিন
বছরে আয় করুন সর্বোচ্চ $50,000

Hiring HHA & PCA

আমরা দীর্ঘদিন ধরে বাংলাদেশী কম্যুনিটিকে সেবা দিয়ে আসছি।

প্রশিক্ষণ ক্লাসের জন্য যোগাযোগ করুন

সম্পূর্ণ বিনামূল্যে



HouseCalls HOME CARE
Being home never felt better

718-731-9750

আমাদের অফিসে রয়েছে বাংলাদেশী স্টাফ

আপনাদের সুবিধার্থে চারটি অফিস

Jackson Heights:
72-16 Roosevelt Ave, NY 11372



Bronx:
1878 Cross Bronx Expwy, NY 10472



Jamaica:
90-50 Sutphin Blvd, NY 11435



Brooklyn:
2440 Fulton Street, NY 11233




বাংলাদেশী কম্যুনিটিতে একমাত্র 'লাইসেন্সধারী' হোম কেয়ার এজেন্সি

বাংলা পত্রিকা

প্রান্তিক পৃষ্ঠা

The Weekly Bangla Patrika

‘ডোনাল্ডট্রাম্প বিপজ্জনক ব্যক্তি’



বাংলা পত্রিকা ডেস্ক: প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে বিপজ্জনক ব্যক্তি বলে আখ্যায়িত করেছে বিজ্ঞানভিত্তিক বিশ্ববিখ্যাত জার্নাল দ্যা ল্যানচেট ।ট্রাম্প যেভাবে করোনাভাইরাস মোকাবেলা করেছেন তাকে একটি বিপর্যয় উলেখ করেছে ওই জার্নাল। ল্যানচেটের বিশেষ সম্পাদকীয়তে সরকারের বিভিন্ন কাজের সমালোচনা তুলে ধরা হয়। এর মধ্যে অন্যতম হচ্ছে জনস্বস্থ্যবিষয়ক প্রতিষ্ঠানে রাজনৈতিক, হস্তক্ষেপের মতো বিষয়ও। বিশেষত যুক্তরাষ্ট্রের সেন্টার ফর ডিজিস কন্ট্রোল অ্যান্ড (বাকি অংশ ৩৮ পাতায়)

ডিইউজের বিক্ষোভ সমাবেশ

মিডিয়া কণ্ঠরোধ কখনো শুভ সংবাদ বয়ে আনে আনেনা ঃ আলমগীর মহিউদ্দিন



ঢাকা: দৈনিক নয়া দিগন্তের সম্পাদক আলমগীর মহিউদ্দিন বলেছেন, গণতন্ত্রের মানে হচ্ছে সংবাদপত্রের স্বাধীনতা। আপনি যখন কোনো সাংবাদিককে ধরে নিচ্ছেন, গ্রেফতার করছেন, তার মানেই হচ্ছে আপনি গণতন্ত্র চান না। আপনি অত্যাচার, অনাচার করতে চান। এটা দেশের জন্য কখনো শুভ নয়। বুধবার (২৮ অক্টোবর) ঢাকা সাংবাদিক ইউনিয়ন (ডিইউজে) কর্তৃক আয়োজিত বিএফইউজে সভাপতি রুহুল আমিন গাজীর নিঃশর্ত মুক্তির দাবিতে জাতীয় প্রেসক্লাবের সামনে বিক্ষোভ সমাবেশ ও মানববন্ধনে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন।

নয়া দিগন্ত সম্পাদক বলেন, আপনারা জানেন আমরা সবাই গণতন্ত্রের জন্য সংগ্রাম করছি। এদেশের মানুষ স্বৈরাচারের বিরুদ্ধে বারবার নেমেছে এবং জিতেছে। তাই আমি অনুরোধ করবো আপনারা যদি গণতন্ত্রে বিশ্বাস করেন তবে সাংবাদিকদের নির্যাতন ও গ্রেফতার বন্ধ করুন এবং রুহুল আমিন গাজীকে মুক্তি দেন।

ঢাকা সাংবাদিক ইউনিয়ন ডিইউজের সভাপতি কাদের গনি চৌধুরীর সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক শহিদুল ইসলামের সঞ্চালনায় বিক্ষোভ সমাবেশ ও মানববন্ধনে বাংলাদেশ ফেডারেল সাংবাদিক ইউনিয়নের ভারপ্রাপ্ত সভাপতি নুরুল আমিন রোকন, মহাসচিব এম আব্দুল্লাহ, জাতীয় প্রেসক্লাবের সাবেক সভাপতি কামাল উদ্দিন সবুজ, ডিইউজে সাধারণ সম্পাদক মো. শহিদুল ইসলাম, সাবেক সাধারণ সম্পাদক বাকের হোসাইন, ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাবেক সভাপতি ইলিয়াস হোসেন, সাবেক সাধারণ সম্পাদক মোরসালিন নোমানী, ফটোজার্নালিস্ট এসোসিয়েশনের সাবেক সভাপতি একেএম মহসিন, ডিইউজের সাবেক সহসভাপতি খুরশিদ আলম ও সৈয়দ আলী আসফার, আহমেদ মতিউর রহমান, আবু ইউসুফ, দিদারুল আলম, সাখাওয়াত ইবনে মঈন চৌধুরী, সাদ বিন রাবি, খন্দকার আলমগীর হোসাইন, আমিরুল ইসলাম অমর, আব্দুস সেলিম, জাকির হোসেন, জেসমিন জুঁই, আবু হানিফ, আসাদুজ্জামান আসাদসহ অন্যান্য সাংবাদিক নেতারা বক্তব্য দেন।

বিক্ষোভ সমাবেশে বিএফইউজের ভারপ্রাপ্ত সভাপতি নুরুল আমিন রোকন বলেন, ‘আমরা রুহুল আমিন গাজী-আবুল আসাদসহ সকল বন্দি সাংবাদিকদের মুক্তি দাবি করছি। বাংলাদেশে যে জাতীয় মুক্তির সংগ্রাম চলছে গণতন্ত্র পুনরুদ্ধারের জন্য, সেই জাতীয় মুক্তির সংগ্রামে ঝাঁপিয়ে পড়ে আমাদের গণমাধ্যমের স্বাধীনতা, নির্ভয়ে সাংবাদিকদের করার গ্যারান্টি ফিরিয়ে আনেত হবে।’

বিএফইউজে মহাসচিব এম আবদুল্লাহ বলেন, বাংলাদেশের গণমাধ্যমকে কণ্ঠ রুদ্ধ করা হচ্ছে এবং আওয়ামী লীগ সরকার ভিন্নমতের প্রকাশকে কোনভাবেই মেনে নিতে পারছে না। সে জন্যই এই সরকার আতঙ্কিত। তিনি বলেন যারা দিনের ভোট আগের রাতে ব্যালটে পুরে ক্ষমতা দখল করেছে, তারাই রাষ্ট্রদ্রোহী। রুহুল আমিন গাজী দেশ স্বাধীন করেছে। জনগনের ভোটাধিকার, গণতন্ত্র ও মিডিয়ার স্বাধীনতার জন্য লড়াই করছেন।

কামাল উদ্দিন সবুজ বলেন, কথায় কথায় বিরুদ্ধ মতাবলম্বীদের বিরুদ্ধে রাষ্ট্রদ্রোহের মামলা দিয়ে সরকার দেশে প্রতিহিংসার রাজনীতিকে চরম পর্যায়ে নিয়ে গেছে। রুহুল আমিন গাজীকে গ্রেপ্তারের মধ্য দিয়ে সরকার মত প্রকাশের স্বাধীনতাকে স্তব্ধ করতে একটি ঘৃন্য দৃষ্টান্ত স্থাপন করল।

কাদের গনি চৌধুরী বলেন, সাংবাদিকরা চরম সংকটকাল অতিক্রম করছে। কথায় কথায় সাংবাদিক নির্যাতন, সংবাদমাধ্যম বন্ধ এমনকি সাংবাদিকদের হত্যা করা হচ্ছে। সাংবাদিক হত্যার কোনো বিচার হচ্ছেনা। সাগর-রুনি হত্যার তদন্ত রিপোর্ট ৭৫ বার পেছানো হয়েছে। এতে এটিই প্রমান হয়, এ হত্যাকান্ডের সাথে প্রভাবশালী কেউ জড়িত।

তিনি বলেন, রুহুল আমিন গাজীকে রাষ্ট্রদ্রোহের বানোয়াট মামলায় গ্রেপ্তারের মাধ্যমে সরকারের সমালোচক, প্রতিবাদী কলামিস্ট, বিবেকবান লেখক- বুদ্ধিজীবীদেরকে বর্তমান ফ্যাসিষ্ট সরকার এক অশুভ বার্তা জানান দিল। তিনি বলেন, রুহুল আমিন গাজীকে মুক্তি দেয়া না হলে সাংবাদিকরা প্রধানমন্ত্রী কার্যালয় ঘেরাও করবে। শহিদুল ইসলাম বলেন, সাংবাদিকদের গ্রেফতার, বাকস্বাধীনতা হরণ এবং গণমাধ্যম বন্ধ করে গণতন্ত্রের মানসকন্যা হওয়া যায় না। গণতন্ত্রের মানসকন্যা হতে হলে গণমাধ্যমকে শৃঙ্খলমুক্ত রাখতে হয়। তিনি অবিলম্বে সকল বন্ধ গণমাধ্যম খুলে দেয়া এবং সাংবাদিকদের শীর্ষ নেতা রুহুল আমিন গাজীর মুক্তি দাবি করেন। -প্রেস বিজ্ঞপ্তি।

ব্যাপক সহিংসতার আশংকা

নির্বাচনের আগে নতুন আগ্নেয়াস্ত্র কিনেছেন ৫০ লাখ আমেরিকান



বাংলা পত্রিকা ডেস্ক: এই প্রথমবারের মতো রেকর্ড পরিমাণে প্রায় ৫০ লাখ আমেরিকা আগ্নেয়াস্ত্র কিনেছেন। এ বছর শুধু মার্চেই বিক্রি হয়েছে অন্তত ২০ লাখ ব্যক্তিগত অস্ত্র। ২০১২ সালের পর দেশটিতে এক মাসে সবচেয়ে বেশি অস্ত্র বিক্রির রেকর্ড এটি। বিশ্বজুড়ে সাধারণ জনগণের অস্ত্র মালিকানায় শীর্ষে রয়েছে যুক্তরাষ্ট্র। সমীক্ষায় দেখা গেছে, দেশটির প্রতি ১০০ বাসিন্দার হাতে ১২০.৫টি অস্ত্র রয়েছে। হাতে হাতে এমন অস্ত্র দুশ্চিন্তায় ফেলেছে দেশটির নিরাপত্তা বিশ্লেষকদের। আসন্ন প্রেসিডেন্ট নির্বাচনকে সামনে রেখে যুক্তরাষ্ট্রের বাজারে রেকর্ড হারে বেড়েছে অস্ত্র বিক্রি। দেশটির পপ্রত্যক রাজ্যেই আশঙ্কাজনক হারে অস্ত্র কিনছে সাধারণ জনগণ। বিক্রি বাড়ায় ওয়ালমার্ট আমেরিকা নিজেদের স্টোর থেকে সব অস্ত্র ও অস্ত্রজাত সামগ্রী সরিয়ে রেখেছে। সর্বশেষ জনমত জরিপ মতে, বিরোধী ডেমোক্রেটিক প্রার্থী জো বাইডেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের চেয়ে ৮ ভাগ এগিয়ে রয়েছেন।

ট্রাম্প যদি পরাজয় মানতে অস্বীকৃতি জানান, তবে ক্ষমতার লড়াই আদালতে পর্যন্ত গড়াতে পারে। সেই সঙ্গে রাজপথে সহিংসতাও ছড়াবে বলে মনে করা হচ্ছে। ট্রাম্প নিজের কট্টর ডানপন্থী ও চরমপন্থী সমর্থকদের যে কোনো মুহূর্তে তৈরি থাকার নির্দেশ দিয়ে রেখেছেন। খবর রয়টার্স ও টাইমস অব ইন্ডিয়ার।

করোনাভাইরাস, শাটডাউন, বর্ণবাদী সহিংসতা ও রাজনৈতিক উত্তেজনাকে কেন্দ্র করে পূর্ববর্তী যে কোনো বছরের তুলনায় এ বছর যুক্তরাষ্ট্রে রেকর্ড পরিমাণ অস্ত্র বিক্রি হয়েছে। ভাইরাসের প্রকোপে দেশজুড়ে যখন কড়া লকডাউন, জনমানবশূন্য রাস্তাঘাট তখন অস্ত্রের দোকানগুলোতে ছিল মানুষের লম্বা সারি। দোকান খোলার আগেই এসে উপস্থিত হতে দেখা যায় অনেককে। সেই ধারা এখনও অব্যাহত রয়েছে। এদিকে করোনাভাইরাসের কারণে দেশটিতে বেড়েছে বেকারের সংখ্যা। এতে দেখা দিয়েছে অপরাধ বৃদ্ধির শঙ্কা। এমন পরিস্থিতিতে নিরাপত্তার জন্য ব্যক্তিগত অস্ত্রের প্রয়োজন বলে মনে করছেন সাধারণ আমেরিকানরা। নির্বাচন ঘিরে বড় ধরনের সহিংসতার আশঙ্কা করা হচ্ছে। সহিংসতার বিষয়ে বারবার সতর্ক করে আসছে বিভিন্ন মানবাধিকার সংগঠন। উদ্বেগ প্রকাশ করছেন বিভিন্ন দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিরাও।

ট্রাম্প যদি নির্বাচনে হেরে যান তবে তিনি ওভাল অফিস (প্রেসিডেন্টের কার্যালয়) ছেড়ে যাবেন না। এটি তিনি এরই মধ্যে কয়েকবার গণমাধ্যমে দেয়া সাক্ষাৎকারে বলেছেন। কারণ তিনি বিশ্বাস করেন তাকে ভোটে কারচুপি ছাড়া হারানো সম্ভব নয়। এটি যদি সত্যিই হয় তাহলে বিশ্বের সবচেয়ে দেশটিতে সাংবিধানিক সংকট দেখা দেবে। তখন সেনাবাহিনী হস্তক্ষেপ করতে পারে। যেটি দেশটিকে ভয়াবহ কোনো পরিণতির দিকে নিয়ে যাবে। এসব সংঘর্ষকে তীব্র রক্তক্ষয়ী করে তুলবে এসব ব্যক্তিগত অস্ত্র।

গত সপ্তাহে আর্মড কনফ্লিক্ট লোকেশন ও ইভেন্ট ডেটা প্রজেক্ট এবং মিলিশিয়া ওয়াচের যৌথভাবে প্রকাশিত গবেষণায় বলা হয়েছে, নির্বাচনকে কেন্দ্র করে ব্যাটেলগ্রাউন্ড স্টেট পেনসিলভানিয়া, জর্জিয়া, মিশিগান ও উইসকনসিনে সশস্ত্র সংঘাতের ঝুঁকি রয়েছে।

তাদের প্রতিবেদনে ৯টি গোষ্ঠীকে শনাক্ত করে বলা হয়, ‘প্রাউড বয়েজ, প্যাট্রিয়ট প্রেয়ার, ওথ কিপার, লাইট ফুট মিলিশিয়া, সিভিলিয়ান ডিফেন্স ফোর্স, আমেরিকান কনটিনগেন্সি, বোগালো বোয়েসের মতো সক্রিয় সশস্ত্র সংগঠনগুলো নির্বাচনের আগে-পরে দাঙ্গা ও সহিংসতা বাধাতে পারে। ইতোমধ্যে এসব গোষ্ঠী প্রকাশ্যে প্রেসিডেন্ট ট্রাম্পকে সমর্থনের কথা জানিয়েছে। ট্রাম্পও কিছু গোষ্ঠীর প্রকাশ্যে প্রশংসা করেছেন। ফেসবুকের প্রধান মার্ক জাকারবার্গ উদ্বেগ প্রকাশ করে গত ২৯ অক্টোবর বৃহস্পতিবার বলেছেন, ‘পুরো জাতি বিভক্ত হয়ে পড়েছে। নির্বাচনের ফলাফল বা এই দিনগুলোতে দেশজুড়ে নাগরিক সহিংসতা দেখা দিতে পারে।’



সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
Safwan Travel & Multi Services Corp.



Mohammed Abdul Khaleque
MLT A.D. (CUNY Bronx Community College)

IATA Accredited Approved Travel Agent

AUTHORIZED e-file PROVIDER

২০ বছরের বেশি ইনকাম ট্যাক্স ফাইলের অভিজ্ঞতা সম্পন্ন

Design, Printing, Flyer, Business Card, Banner, Poster & more!

We Provide
- Individual Tax
- Corporation Tax
- Partnership Tax
- Non-profit Tax
- Gift Tax
- Sale & Payroll Tax
- IRS & State Tax audit Representation
- Immigration
- Accounting
- Bookkeeping
- Business License
- Business Incorporation

লিগ্যাল মাধ্যমে সর্বোচ্চ ট্যাক্স রিটার্নের নিশ্চয়তা এবং বিনামূল্যে পরামর্শ দেওয়া হয়

দেশে যাওয়ার পথে ওমরাহ্ পালনের সুযোগ

এয়ার লাইন্স টিকেট সেল সর্বনিম্ন মূল্যে! ৬৪৯+

নাক্টার শাড়ী ঘর

Special Eid-Sale

ঈদ উপলক্ষে ৫০% পর্যন্ত ছাড়



শাড়ী, সালোয়ার,কামিজ, বোরকা, পানজাবী, বেড সিট, হেজাব, লুঙ্গী এবং অন্যান কাপড়ের বিশাল সমাহার

এয়ার লাইন্স টিকেট ও নির্ভূল ট্যাক্স ফাইলিং এর জন্য একটি নির্ভরযোগ্য বিশ্বস্ত প্রতিষ্ঠান।

Phone: 347- 621- 4940,718-300-7429

1217 White Plains Road , Bronx , NY 10472

খলিলুর রহমানের নতুন গৃহে প্রবেশ উপলক্ষ্যে মিলাদ ও দোয়া



বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্কের বিশিষ্ট ব্যবসায়ী, খলিল বিরিয়ানী হাউজ এবং খলিল গ্রুপ অব বিজনেসের স্বত্বাধিকারী মো: খলিলুর রহমানের সদ্য ক্রয়করা ভবনে প্রবেশ উপলক্ষে মিলাদ ও দোয়া মাহফিল আয়োজন করা হয়। গত ২৯ অক্টোবর বাদ মাগরিব পার্কচেস্টারের ১৯৫০ ইস্ট ট্রিমন্ট রোডে অনুষ্ঠিত মিলাদ ও দোয়া পরিচালনা করেন রাউদাহ ইন্সটিটিউটের প্রতিষ্ঠাতা এবং সভাপতি ইমাম জাকির আহমেদ এবং বাংলা বাজার জামে মসজিদের ইমাম ও খতিব মাওলানা আবুল কাসেম ইয়াহইয়া। অনুষ্ঠানে এডভোকেট এন মজুমদার, কামরুজ্জামান বাবু, মামুনুর রশীদ, এ ইসলাম মামুন, হাবিব রহমান, দিদার চৌধুরী, সাখাওয়াত সেলিম, মুজাফফর হোসাইন, স্বপন তালুকদার, বিলাল ইসলাম, বেলাল হোছাইন, আবুল কালাম আজাদ, আবু জাফর সামসুদ্দিন সহ আরো অনেকে উপস্থিত ছিলেন। প্রাকৃতিক দুর্যোগ উপেক্ষা করে অনুষ্ঠানে আসার জন্য খলিলুর রহমান সকলকে ধন্যবাদ জানান। সবাইকে ডিনারে আপ্যায়িত করা হয়।



বাংলাদেশী আমেরিকান সোসাইটির উদ্যোগে ফুড বিতরণ

নউইয়র্ক: এস্টোরিয়ায় বাংলাদেশী আমেরিকান সোসাইটির উদ্যোগে ফুড বিতরণ করা হয়েছে। গত ২৮ অক্টোবর দুপুরে স্থানীয় ১০০ পরিবারের মধ্যে এই ফুড বিতরণ করা হয়। এসময় এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাইটির কর্মকর্তারা সার্বিক সহযোগিতা করেন।

ফুড বিতরণকালে আরো উপস্থিত ছিলেন বাংলাদেশী আমেরিকান সোসাইটির সভাপতি মোহাম্মদ আলী। শুভেচ্ছা বক্তব্য রাখেন মৌলভিবাজার ডিষ্ট্রিক্ট সোসাইটির সভাপতি তজমুল হোসেন, সাধারণ সম্পাদক জাবেদ উদ্দিন, সৈয়দ রুহুল, এস্টোরিয়া ওয়েলফেয়ার সোসাই-টির সভাপতি সোহেল আহমেদ, দেওয়ান সাহেদ চৌধুরী, ইমাদ চৌধুরী, মেরী জোবায়দা, ফকু চৌধুরী, মির্জা উদ্দিন, মাহবুহ ও সোলেমান প্রমুখ। এই পর্ব পরিচালনা করেন আয়োজক সংগঠনের সাধারণ সম্পাদক আমিন মেহেদি বাবু।-প্রেস বিজ্ঞপ্তি।

BOMBAY
TRAVELS & GRAPHICS INC.

Grand Opening Special Grand Opening Special Grand Opening Special

সব থেকে সস্তায় টিকেট গ্যারান্টি

টার্কিস এয়ারলাইন্সে সেল সাথে ৩টি লাগেজ ফ্রি

Domestic & International





Bahalul Syed (uzzal)
President

স্পেশাল সেল: সাউদিয়া এয়ারলাইন্স

Emirates | ETIHAD AIRWAYS | SAUDIA | QATAR AIRWAYS | KUWAIT AIRWAYS | TURKISH AIRLINES | SINGAPORE AIRLINES | AA American Airlines

DESIGN & PRINTING
- BANNER
- FLYER
- MAGAZINE
- POSTER
- CALENDAR
- BUSINESS CARD

PASSPORT PHOTO

168-25A Hillside Avenue, Jamaica NY 11432
Phone: 718-725-1332, Cell: 347-586-7124, Email: bombaytg@gmail.com

TiME television
টাইম টেলিভিশন দেখুন, বিজ্ঞাপন দিন
Tel: 718-753-0086

বাংলা পত্রিকা

The Weekly Bangla Patrika

MEADOWBROOK
FINANCIAL MORTGAGE BANKERS
Direct Lender
□ Low Closing Cost □ Good Rate
Call 718-507-LOAN for Approval
70-17, 37th Ave. Suite# 2F, Jackson Heights, NY 11372
Licensed Mortgage Banker of New York
M. Kamal, MLO
CPA

হেলাল উদ্দীন রানার কলাম



এলোমেলো ভাবনা

ক্রিং...ক্রি...ক্রি... হ্যালো ? কি ব্যাপার,ব্যস্ত নাকি ? -না, এইতো আছি। তা মোট-মুটি ভাল বলতে পার। তোমার কি খবর, ভোট দিয়েছো হ্যাঁ, দিয়ে (বাকি অংশ ৪২পাতায়)

নিউইয়র্কে যুবদলের প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন

নিউইয়র্ক: বাংলাদেশ জাতীয়তাবাদী যুবদলের ৪২তম প্রতিষ্ঠাবার্ষিকী উদযাপন করেছে 'যুক্তরাষ্ট্র যুবদল'। গত ২৯ অক্টোবর বৃহস্পতিবার সিটির (বাকি অংশ ৪২ পাতায়)

সাঈদ তারেক-এর কলাম

সিন্ডিকেটদের দৌড়াত্ম ভাঙার উপায় কি!



নানা কারন এবং উৎপাতে টিভি টক শো' এখন প্রায় দেখাই হয় না। এর মধ্যে বড় উৎপাতটা হচ্ছে ভার্চুয়াল এ্যাটেনডেন্স। করোনার অজুহাতে এখন টকাররা নাকি স্টুডিওতে যেতে (বাকি অংশ ১২ পাতায়)

রিয়েল এস্টেট টিপস

বাড়ী ক্রয়ে ৩০ বছরের মর্টগেজ



এম কামাল: বাড়ি ক্রেতা এবং রিফাইন্যান্সকারীদের জন্য ৩০ বছরের মর্টগেজ গ্রহণ অতীতের মতো এখনো জনপ্রিয় আছে। (বাকি অংশ ১২ পাতায়)

নিউইয়র্কে করোনা সংক্রমণ আবার বৃদ্ধি

ঘরোয়া অনুষ্ঠান আয়োজনে সাবধান!

বিশেষ প্রতিনিধি: নিউইয়র্ক সহ যুক্তরাষ্ট্রে আবার করোনাভাইরাসের প্রকোপ বাড়ছে। পাশাপাশি বিশ্বের বিভিন্ন দেশেও নতুন করে করোনার প্রকোপ বাড়ছে বলে খবর প্রকাশিত হয়েছে। সংশ্লিষ্টরা বলছেন এটা করোনাভাইরাসের দ্বিতীয় ধাপ এবং এতে আরো ব্যাপক প্রাণহানীর আশংকাও করা হচ্চে। ফলে সর্বত্রই সতর্কতা জরুরী। নিউইয়র্কের জন হপকিন্স ইউনিভার্সিটির সেন্টার ফর সিস্টেমস সায়েন্স এন্ড ইঞ্জিনিয়ারিং (সিএসএসই) সূত্রে জানা যায়, যুক্তরাষ্ট্রে করোনা আক্রান্তের সংখ্যা ৯০ লাখ ছাড়িয়েছে। সূত্র মতে, গত শুক্রবার স্থানীয় সময় ৩টা ২৪ মিনিটে মোট আক্রান্তের সংখ্যা দাঁড়িয়েছে ৯০ লাখ সাত হাজার ২৯৮ জনে। মোট মৃতের সংখ্যা দুই লাখ ২৯ হাজার ২৯৩ জন। ক্যালিফোর্নিয়া অঙ্গরাজ্যে সবচেয়ে বেশি লোক করোনায় আক্রান্ত হয়েছে। এ সংখ্যা নয় লাখ ২৫ হাজার ৫০৯ জন। এর পরের অবস্থানে টেক্সাস অঙ্গরাজ্য। এখানে মোট আক্রান্তের সংখ্যা নয় লাখ ১৯ হাজার ৬৬১ জন। ফ্লোরিডায় আক্রান্তের সংখ্যা সাত (বাকি অংশ ১২ পাতায়)



বঙ্গবন্ধুর সহচর মোস্তফা আল্লামা মারা গেছেন

হেলাল উদ্দীন রানা: বঙ্গবন্ধুর অন্যতম সহচর, বীর মুক্তিযোদ্ধা, মুক্তিযোদ্ধের প্রধান সেনাপতি (বাকি অংশ ১২ পাতায়)

শরীরচর্চা ও ইসলাম

মাওলানা সাখাওয়াত উল্লাহ

শারীরিক শক্তি বর্ধনের জন্য পুষ্টিকর খাবার গ্রহণ জরুরি। এর পাশাপাশি ব্যায়াম ও শরীরচর্চারও বিশেষ প্রয়োজনীয়তা (বাকি অংশ ১২ পাতায়)

মঙ্গলবারের নির্বাচনে অংশ নিচ্ছেন ৫ বাংলাদেশী

বাংলা পত্রিকা ডেস্ক: যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট নির্বাচন নিয়ে গোটা বিশ্ব এখন সরগরম। আলোচিত এই নির্বাচন কাল মঙ্গলবার (৩ নভেম্বর)। যুক্তরাষ্ট্রের এ নির্বাচনের পাশাপাশি আরো অন্যান্য পদে অনুষ্ঠিতব্য নির্বাচনে বাংলাদেশী বংশোদ্ভূত পাঁচ আমেরিকান নাগরিককে নিয়ে চলছে আলোচনা। এবারের



নির্বাচনে অংশ নেওয়া এই পাঁচজন হলেন-টেক্সাসের অস্টিন থেকে ইউএস কংগ্রেসে একমাত্র বাংলাদেশী প্রতিদ্বন্দ্বী ডেমোক্র্যাটিক দলের প্রার্থী ডোনা ইমাম, জর্জিয়া অঙ্গরাজ্যের স্টেট সিনেটর শেখ রহমান, নিউ হ্যাম্পশায়ার অঙ্গরাজ্যের হাউজ অব রিপ্রেজেনটেটিভ আবুল বি. (বাকি অংশ ৪২ পাতায়)

ব্রিটেনের সবচেয়ে মোটা ব্যক্তিকে হাসপাতালে আনা হলো ক্রেনে

বাংলা পত্রিকা ডেস্ক: জেসন হোলটন ব্রিটেনের সবচেয়ে মোটা ব্যক্তি। ওজন ৩১৭ কেজি। ফাস্টফুড তার ভীষণ পছন্দ। কাবাব, (বাকি অংশ ৩৯ পাতায়)

ফোবানা ষ্টেয়ারিং কমিটির সংবাদ সম্মেলন

ক্ষতিপূরণ মামলা খারিজ

নিউইয়র্ক (ইউএনএ): ফেডারেশন অব বাংলাদেশীজ এসোসিয়েশন ইন নর্থ আমেরিকা-ফোবানা'র একাংশের বিরুদ্ধে অপরাংশের দায়ের করা মামলা মাননীয় অদালত খারিজ করে দিয়েছেন। ফলে বিভক্ত ফোবানা ঐক্যবদ্ধ করার সময় এসেছে। এজন্য উভয় মহলের আন্তরিক উদ্যোগ আর সহযোগিতা প্রয়োজন। ফোবানা ষ্টিয়ারিং কমিটির (বাকি অংশ ১৮ পাতায়)

ফিরে দেখা আমেরিকার প্রেসিডেন্ট নির্বাচন

ডেমক্র্যাটদের ৯২ বছর রিপাবলিকানদের ৯১ বছর



এমদাদ চৌধুরী দীপু: নানা কারনে বিশ্বের সব দেশের মধ্যে শীর্ষ দেশ হচ্ছে আমেরিকা। এই দেশের নির্বাচনের ইতিহাস (বাকি অংশ ৬ পাতায়)

বিশ্বে করোনা শনাক্ত ৪ কোটি ৬০ লাখ ছাড়াল

বাংলা পত্রিকা ডেস্ক: প্রাণঘাতী করোনাভাইরাসে আক্রান্তের সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে মৃতের সংখ্যাও। এখন পর্যন্ত বিশ্বে করোনায় (বাকি অংশ ৩৭ পাতায়

মিসবা আবদীন ফর সিটি কাউন্সিল-২০২১

নির্বাচন প্রস্তুতি তহবিল সংগ্রহ



নিউইয়র্ক: সিটির পরিচিত মুখ, সজ্জন ও ব্যাকডিস-এর প্রতিষ্ঠাতা মিসবা আবদীনকে ২০২১ সালের কাউন্সিল নির্বাচনে জয়ী করবার লক্ষ্যে ফান্ডরেইজিং-নেটওয়ার্কিং অনুষ্ঠানের আয়োজন করা হয়। গত ২৩ অক্টোবর শুক্রবার সন্ধ্যায় ওজোন (বাকি অংশ ১২ পাতায়)

বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল ফুটবল লীগ-২০২০

যুবসংঘ চ্যাম্পিয়ন ব্রঙ্কস স্টার রানার্স আপ

বাংলা পত্রিকা রিপোর্ট: বাংলাদেশ স্পোর্টস কাউন্সিল অব আমেরিকা আয়োজিত এবারের ফুটবল লীগে যুবসংঘ (এ) চ্যাম্পিয়ন ও ব্রঙ্কস স্টার রানার্স আপ হওয়ার গৌরব অর্জন করেছে। (বাকি অংশ ১৮ পাতায়)

তিজারাহ গ্রোসারী এন্ড হালাল মিট'র উদ্বোধন

বাংলা পত্রিকা রিপোর্ট: নিউইয়র্ক সিটির জামাইকার ম্যারিক ব্লুভার্ডে তিজারাহ গ্রোসারী এন্ড হালাল মিট এর উদ্বোধন করা হয়েছে। শুক্রবার বাদ জুম্মাহ ফিতা কেটে নতুন এই ব্যবসা প্রতিষ্ঠানের উদ্বোধন (বাকি অংশ ৪২ পাতায়)

ঘরে বসে দেশে টাকা পাঠান কোন ধরনের ফি ছাড়া
আকর্ষণীয় এক্সচেঞ্জ রেইটে
বিকাশ একাউন্ট
sendwave bKash
SIGN UP TODAY GET $5 CREDIT PROMO CODE: POTRIKA
sendwave App Store Google Play sendwave
২৪ ঘন্টা দেশে টাকা পাঠান যখন প্রয়োজন তখন

J.K. GAIN MULTISERVICES
A company you can trust ....
• Tax Services • Life Insurance • Health Insurance • Auto Insurance • Home Insurance • Business Insurance • TLC Insurance • DDC. (6 hrs.)
MassMutual LOW COST GUARANTEE Authorized e-file Provider Notary Public
Jaydeb Gain
ছয় ঘন্টার ডিফেন্সিভ ড্রাইভিং কোর্স
10% Insurance Cost Deduction
Up to 4 points Removal
Tel: 347-536-5107
41-15 75th Street, Suite 2
Elmhurst, NY 11373
Email: gain_jaydeb@yahoo.com
www.JKGainMulti.com

সাফওয়ান ট্রাভেল
এন্ড মাল্টি সার্ভিসেস কর্পোরেশন
IATA Approved Travel Agent
সেল সর্বনিম্ন মূল্যে! নিউইয়র্ক-ঢাকা নিউইয়র্ক ৬৪৯+Tax
Tel: 347 - 621- 4940, Cell: 718-300 -7429
1217 White Plains Road,Bronx,NY 10472. E-Mail: Safwantravel@gmail.com

এস্টোরিয়ায় ডিজিটাল ট্রাভেলস
ফোন: 718-721-2012
বিস্তারিত ৭ পৃ ষ্ঠায় দেখু ন

জ্যাকসন হাইটসে
মেঘনা ট্রাভেলস
718-478-1920
718-930-1494
বিস্তারিত ৩০ পাতায়

Largest & Most Reliable Travel Agent
CONCORDE
Travel Inc
Jackson Heights: 347-448-6175
Manhattan: 212-563-2800
Call: 917-355-7374
(বিস্তারিত ৫১ পাতায়)

ট্রাভেল ব্যবসায় দীর্ঘদিনের অভিজ্ঞতার আলোকে ওজনপার্কের প্রাণকেন্দ্রের অবস্থিত গ্লোবাল এয়ার সার্ভিস আপনাকে দিচ্ছে নিরাপদ এবং ঝামেলামুক্ত আকাশ ভ্রমণের সুযোগ।
গ্লোবাল এয়ার সার্ভিস
GAS GLOBAL AIR SERVICE
Your Trusted Travel Guide...
Call Now
718-296-8996
718-296-8787
718-296-5875
গ্লোবাল এয়ার
WALL STREET FINANCE LLC
76-01, 101 AVE, OZONE PARK, NY 1141
FAX: 718-296-8259, EMAIL: GLBL001@YAHOO.COM

Editor : Abu Taher Published By Bangla Patrika Inc. 36-50, 38 Street (2nd Floor), LIC, NY 11101, USA. Tel: 718-482-9923, 718-482-1169. Fax: 718-482-9935. Email: banglapatrikausa@gmail.com